সংস্কৃত সাহিত্য সম্ভার

উ

সংস্কৃত সাহিত্যসম্ভার

নির্বাহী সম্পাদক / প্রসন্ন বসু

প্রথম প্রকাশ : ২২ শে জুন, ১৯৫১
দ্বিতীয় মুদ্রণ : ১৭ই মে, ১৯৫২

প্রকাশক : প্রসূন বসু

SANSKRITA SAHITYASAMBHAR
VOL, VI

প্রধান উপদেষ্টার কথা

বিশ্বের বিখ্যাত ক্লাসিক সাহিত্যের ভাষান্তরীকরণ বর্তমান যুগের একটি উল্লেখযোগ্য দাবী। সেই কারণেই রাশিয়া, জাপান, ফ্রান্স, আমেরিকা প্রভৃতি দেশগুলি একে অন্যের শ্রেষ্ঠ সাহিত্য নিজের ভাষায় রূপান্তরিত করিয়া স্বদেশের সাহিত্যকে সমৃদ্ধ করিবার ব্রত গ্রহণ করিয়াছেন।

সংস্কৃত আধুনিক বহু ভারতীয় ভাষারই উৎস—যে বিস্ময়কর সম্পদ সংস্কৃত সাহিত্যে সঞ্চিত রহিয়াছে তাহা মাতৃভাষায় প্রতিফলিত দেখিতে কাহার না সাধ হয়! কেবল আত্মতৃপ্তির কথা বলিতেছি না, আমার মনে হয়, 'নবপত্র প্রকাশন'-এর এই ব্রতপালন বাঙলা ভাষাকেই সমৃদ্ধ ও শ্রীমণ্ডিত করিয়া তুলিবে। আশা ও আনন্দের কথা, হাজার বছরের সংস্কৃত সাহিত্যের ভাষান্তরীকরণের এই ব্যাপক উদ্যম ভারতে এই প্রথম। আমি মনে করি, ইহা এক সুমহৎ জাতীয় কর্তব্যপালন। এ কথাও আমার মনে হইয়াছে, সম্প্রতি সংস্কৃত ভাষাকে বিলুপ্ত করিবার জন্য যে হাস্যকর অপচেষ্টা চলিয়াছে, 'নবপত্রে'র সংস্কৃত-সাহিত্য প্রকাশনা তাহার বিরুদ্ধে এক প্রদীপ্ত প্রতিবাদ।

যে গভীর আগ্রহে গ্রাহক-গ্রাহিকাগণ আমাদের এই প্রচেষ্টাকে অভ্যর্থনা জানাইয়াছেন, তাহাতে উৎসাহিত হইয়া আমরা সিদ্ধান্ত গ্রহণ করিয়াছি—বিপুল সংস্কৃত-সাহিত্যের যে সকল কবিকর্ম সুধীজনকর্তৃক অভিনন্দিত অথচ স্থানাভাবে পরিকল্পিত আটটি খণ্ডের অন্তর্ভুক্ত করা সম্ভব হয় নাই, সেই সব কাব্য ও নাটক আরও দশটি খণ্ডে আমরা প্রকাশ করিব।

সূচীপত্র

প্রকাশকের নিবেদন

৬ষ্ঠ খণ্ডের দ্বিতীয় মুদ্রণ বেশ বিলম্বে প্রকাশিত হল।

আমাদের সামনে তীরভূমি—চারদিকে এখনও তরঙ্গের বিস্তার—যা আমরা অতিক্রম করে এলাম। অগণিত গ্রাহকদল এই অভিযানের যাত্রী—এঁদের উৎসাহ বা সহযোগিতা না পেলে এই উত্তরণ সম্ভব হত না।

যে বিচিত্র অভিজ্ঞতার মধ্য দিয়ে আমরা এগিয়ে এসেছি তাতে একটি বৃহৎ সত্যের সঙ্গে আমাদের পরিচয় ঘটেছে; সে সত্য এই যে সংস্কৃত ভাষা মৃত—এ অপবাদ মিথ্যে! সংস্কৃত চিরঞ্জীব, চিরভাস্বর! অসংখ্য গ্রাহক-গ্রাহিকার প্রতি-স্পন্দন এই সত্যের অকুণ্ঠ স্বীকৃতি।

কিন্তু আমাদের স্বপ্ন আরও বিরাট—আরও দশটি খণ্ড আমাদের পরিকল্পনায় আছে। গুণিজনের অভিনন্দিত বহু কাব্য ও নাটক সাহিত্যের ভাণ্ডারে ছড়ানো রয়েছে—এই ক্ষুদ্র তরীতে যাদের ঠাঁই হয় নি। এবার আমাদের লক্ষ্য হবে সেই সব গ্রন্থের প্রকাশ। আশা করব, এতকাল যাঁরা আমাদের সহযাত্রী ছিলেন তাঁরা এবারও আমাদের সঙ্গেই থাকবেন। এই মর্মে ইতিমধ্যেই আমরা আমাদের সঙ্কল্পিত ঘোষণা প্রচার করেছি।

এই প্রকাশনার ব্যাপারে পরিচিত বা অপরিচিত সকলের কাছেই আমি ঋণী—শুধু কৃতজ্ঞতা প্রকাশেই সে ঋণ শোধ হয় না। এই অভিযানের কর্ণধার পণ্ডিত গৌরীনাথ শাস্ত্রী—তাঁর সস্নেহ ও জাগ্রত দৃষ্টি অক্ষয় কবচের মতো আমাদের ঘিরে রয়েছে, তাঁর উদ্দেশ্যে জানাই আমাদের সশ্রদ্ধ নমস্কার। অনুবাদ-কর্মে ও অন্যান্য রূপ-পরিকল্পনায় ঘনিষ্ঠ সহায়করূপে যাঁদের পেয়েছি তাঁদের মধ্যে আছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের অধ্যাপক ডক্টর রবিশঙ্কর বন্দ্যোপাধ্যায়, জগবন্ধু ইন্‌স্টিটিউশনের ভাষা-শিক্ষক জ্যোতিভূষণ চাকী, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের ও চারুচন্দ্র কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপক তারাপদ ভট্টাচার্য, উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত রীডার, সংস্কৃত ও বাংলার অধ্যাপক ডক্টর মুরারিমোহন সেন, লেডি ব্রাবোর্ন কলেজের সংস্কৃত বিভাগের অধ্যাপিকা শ্রীমতী গৌরী ধর্মপাল, এঁরা আমার কৃতজ্ঞতাভাজন। এই খণ্ড প্রকাশনায় আমাদের নানাভাবে সাহায্য করেছেন শ্রীজগদীশ তর্কতীর্থ, অধ্যাপিকা রত্না বসু, শ্রীমতী লক্ষ্মী সাহা, শ্রীমতী মল্লিকা ঘোষ ও শ্রীমতী কৃষ্ণকলি ভট্টাচার্য। এঁদের কাছেও আমি কৃতজ্ঞ।

অনুবাদক

ভবভূতি	ঃ	উত্তররামচরিতম্	ঃ	ডঃ মুরারিমোহন সেন
জয়দেব	ঃ	গীতগোবিন্দম্	ঃ	জ্যোতিভূষণ চাকী
কৃষ্ণ মিশ্র	ঃ	প্রবোধচন্দ্রোদয়ম্	ঃ	ডঃ মুরারিমোহন সেন

ভবভূতি

উত্তররামচরিতম্

ভূমিকা

নাট্যকার

সংস্কৃত সাহিত্যে ভবভূতি নাট্যকার হিসেবেই প্রতিষ্ঠিত কিন্তু এঁর ব্যক্তি-পরিচয় সম্পর্কে কোনো বিশেষ তথ্য আমাদের জানা নেই ; যা-কিছু তথ্য সব এঁর রচিত নাটকগুলি থেকেই অনুমান করে নিতে হয়।

ভবভূতি তিনটি নাটকের রচয়িতা। নাটক তিনটির নাম—মহাবীরচরিত, মাধব এবং উত্তররামচরিত। আত্মপরিচয় প্রসঙ্গে 'মহাবীরচরিত' নাটকে তিনি লিখেছেন—'অস্তি দক্ষিণাপথে পদ্মপুরং নাম নগরম্। তত্র কেচিৎ তৈত্তিরীয়িনঃ উদুম্বরনামানো ব্রহ্মবাদিনঃ কাশ্যপাশ্চরণগুরবঃ পতিতপাবনাঃ পঞ্চাগ্নয়ো ধৃতব্রতাঃ সোম-পীথিনঃ উদুম্বরনামানো ব্রহ্মবাদিনঃ প্রতিবসন্তি। তদামুষ্যায়ণস্য তত্রভবতো বাজপেয়-যাজিনো মহাকবেঃ পঞ্চমঃ সুগৃহীতনাম্নো ভট্টগোপালস্য পৌত্রঃ পবিত্রকীর্তের্নীলকণ্ঠস্য আত্মসম্ভবঃ শ্রীকণ্ঠপদলাঞ্ছনো ভবভূতির্নাম জাতুকর্ণীপুত্রঃ কবির্মিত্রধেয়মস্মাকমিত্যত্র-ভবন্তো বিদাংকুর্বন্তু।'—এই বিবরণ থেকে মোটামুটি এইটুকু জানা যাচ্ছে—ভবভূতির পূর্বপুরুষেরা দক্ষিণাপথের পদ্মপুর নামক নগরে বাস করতেন। তাঁরা ছিলেন কাশ্যপগোত্রীয়—তাঁদের সম্প্রদায়গত নাম ছিল 'উদুম্বর'। ভবভূতি থেকে পঞ্চম পূর্বপুরুষের নাম 'মহাকবি'। ভবভূতির পিতামহের নাম 'ভট্টগোপাল', পিতার নাম 'নীলকণ্ঠ', মাতা 'জাতুকর্ণী'।

নাট্যকারের নাম সম্পর্কে বিতর্ক রয়েছে। তিনটি নাটকেই তিনি ঘোষণা করেছেন—'শ্রীকণ্ঠপদলাঞ্ছনঃ ভবভূতির্নাম।' নাম যে 'ভবভূতি'ই ছিল তাতে সন্দেহ থাকতে পারে না; 'শ্রীকণ্ঠ' ছিল তাঁর উপাধি। কিন্তু কোনো কোনো ভাষ্যকার এই মতের বিরোধিতা করেছেন। তাঁদের অভিমত—নাট্যকারের পিতৃদত্ত নাম শ্রীকণ্ঠ—পরে ভবভূতি নামে তিনি পরিচিত হয়েছিলেন। এই মতের সমর্থনে বীর রাঘব তাঁর 'মহাবীর চরিত' নাটকের টীকায় ভবভূতিরচিত একটি মন্তব্য উদ্ধৃত করেছেন—'শ্রীকণ্ঠপদ-লাঞ্ছনঃ' পিতৃকৃতনামেদং···ভবভূতি নাম 'সাম্বা পুনাতু ভবভূতিপবিত্রমূর্তিঃ' ইতি শ্লোকরচনাসন্তুষ্টেন রাজ্ঞা ভবভূতিরিতি স্থাপিতঃ।' 'মালতীমাধব' নাটকের টীকায় জগদ্ধর বলেছেন—'নাম্না শ্রীকণ্ঠঃ, প্রসিদ্ধ্যা ভবভূতিরিত্যর্থঃ' ; একই নাটকের ভাষ্যে ত্রিপুরারি বলেছেন—'ভবভূতিরিতি ব্যবহারে তস্যৈব নামান্তরম্'। টীকাকার ঘনশ্যামও একই কথার পুনরাবৃত্তি করেছেন।

নাম নিয়ে এই বিতর্কসভায় শুধু একটি মাত্র বিষয় উল্লেখ করা যেতে পারে—নাট্যকাররচিত অজস্র শ্লোক পরবর্তীকালের শ্লোকসংগ্রহে কিংবা অলংকার গ্রন্থে উদ্ধৃত হয়েছে সেখানে কোথাও 'শ্রীকণ্ঠ' নাম নেই, সর্বত্র রয়েছে 'ভবভূতি'।

নাট্যকার ভবভূতি শিবের উপাসক ছিলেন, না বিষ্ণুর ভক্ত ছিলেন, তা নিঃসংশয়ে বলা কঠিন। কালিদাসরচিত তিনটি নাটকেই শিবের বন্দনা রয়েছে। খুব সম্ভবত ভবভূতি ছিলেন অদ্বৈত ব্রহ্মের উপাসক—হয়তো শৈবধর্মের প্রতিও তাঁর আনুকূল্য ছিল। 'মহাবীরচরিতে'র নান্দীশ্লোকে আছে ব্রহ্মবন্দনা, 'মালতী-মাধবে'র নান্দী-

শ্লোকে আছে শিব সূর্য ও গণেশের স্তুতি, 'উত্তররামচরিতে' ভবভূতি করেছেন বাগ্-দেবতার প্রশস্তি।

এখানে উল্লেখ করা যেতে পারে, ভবভূতির তিনটি নাটকই কালপ্রিয়নাথের যাত্রা-উৎসব উপলক্ষে মঞ্চে উপস্থাপিত হয়েছিল। প্রথম নাটক 'মহাবীরচরিত'—সুতরাং এই নাটকেই নাট্যকার নিজের বংশপরিচয়ের বিবরণ রেখে গেছেন। এই নাটকের প্রস্তাবনায় নটের সংলাপে আছে—'অপূর্বত্বাৎ প্রবন্ধস্য'। প্রথম নাটক বলেই নানাকারণে এর বিরূপ সমালোচনা হয়েছিল—প্রথমতঃ নাটকে রামায়ণকাহিনীর পরিবর্তন, দ্বিতীয়তঃ সংলাপে এমনকি শ্লোকেও দীর্ঘ সমাসের প্রয়োগ, তৃতীয়তঃ রচনারীতি—সবকিছুই ছিল এই বিরূপতার মূলে। এই বিরূপ সমালোচনার প্রত্যুত্তর দেবার জন্যেই ভবভূতি তাঁর দ্বিতীয় নাটক 'মালতী-মাধব' রচনা করেছিলেন। এই নাটকের আখ্যান-ভাগের জন্যে তিনি গুণাঢ্যের বৃহৎ-কথার কাছে কিছু পরিমাণে ঋণী থাকলেও মোটা-মুটিভাবে কাহিনী তাঁরই কল্পিত। শুধু তাই নয়, নাটকের প্রথম অংকের ষষ্ঠ শ্লোকে তিনি তাঁর স্পর্ধিত ঘোষণা করেছিলেন—'যেনাম কেচিদিহ' ইত্যাদি। এই শ্লোকটিতেই আভাস রয়েছে পূর্ববর্তী রচনার—সেই রচনা 'মহাবীর চরিত'। ভবভূতি যখন 'উত্তর-রামচরিত' রচনা করেছিলেন তখন তিনি কবি ও নাট্যকার হিসেবে সংস্কৃত সাহিত্যে সুপ্রতিষ্ঠিত।

ভবভূতির রচনা

ভবভূতিরচিত তিনটি নাটকের কথাই আমরা জানি—'মহাবীরচরিত', 'মালতী-মাধব' ও 'উত্তররামচরিত'। কিন্তু একটি বিষয় এখানে উল্লেখ করা প্রয়োজন। শ্রীধর-দাসের শ্লোকসংগ্রহ-'শার্ঙ্গধরপদ্ধতি' ও 'সদুক্তিকর্ণামৃতে', জল্হণের শ্লোকসংগ্রহ 'সূক্তিমুক্তাবলী'তে এবং গদাধরের 'রসিকজীবন' গ্রন্থে ভবভূতি রচিত বহু শ্লোক উদ্ধৃত হয়েছে—কিন্তু কিছু-সংখ্যক (বারোটারও বেশি) শ্লোক তাঁর তিনটি নাটকে দুর্লভ। এতে এই অনুমানই স্বাভাবিক যে ভবভূতি হয়তো আরও কোনো কাব্য বা নাটক রচনা করেছিলেন যদিও সেই কল্পিত কীর্তির কোনো সন্ধান আজ পর্যন্ত মেলে নি।

ভবভূতির কাল

নাট্যকার ভবভূতি কোন্ সময়ে আবির্ভূত হয়েছিলেন? এই প্রশ্নের সমাধানে কয়েকটি পরোক্ষ প্রমাণের উপরেই আমাদের নির্ভর করতে হবে।

(ক) কল্হণের 'রাজতরঙ্গিণী' রচিত হয়েছিল ১১৫৮-৫৯ খ্রীষ্টাব্দে। এই গ্রন্থে বলা হয়েছে কান্যকুব্জের রাজা যশোবর্মা বাক্পতিরাজ, ভবভূতি প্রভৃতি কবিদের পৃষ্ঠপোষকতা করতেন। (কবিবাক্পতিরাজ—শ্রীভবভূত্যাদিসেবিতঃ। জিতো যযৌ যশোবর্মা তদ্গুণস্তুতিবন্দিতাম্—রাজতরঙ্গিণী।) রাজতরঙ্গিণীতে উল্লেখ করা হয়েছে, যশোবর্মাকে পরাজিত করেছিলেন কাশ্মীরের রাজা ললিতাদিত্য। এই ঘটনা ৭৩৫ খ্রীষ্টাব্দের আগেকার নয়। বাক্পতিরাজ যশোবর্মার প্রধান সভাকবি ছিলেন—তিনি রচনা করেছিলেন 'গৌড়বহো' নামে এক প্রাকৃত কাব্য। তিনি বলেছেন যে, তাঁর বিপুল রচনার মধ্যে মাঝে-মাঝে এমন প্রতিভাদীপ্তির স্ফুরণ ঘটেছে যে মনে হয় সেগুলি যেন ভবভূতির রচনাসমুদ্র থেকে উত্থিত অমৃতের কণা! (ভবভূইজলহি নিগ্গঅ কব্বামঅ-

রসকণা ইব ফুরন্তি !) সুতরাং বাক্‌পাতিরাজ ভবভূতির সঙ্গে তাঁর সংস্পর্শের পরে কাব্য রচনা করেছিলেন। কল্‌হণ লিখেছেন, যশোবর্মা ছিলেন ভবভূতির পৃষ্ঠপোষক। বাক্‌পাতিরাজ তাঁর রচনায় ৭৩৩ খ্রীষ্টাব্দের একটি গ্রহণের কথা উল্লেখ করেছেন ; তাহলে অনুমান ক'রে নিতে হয়, ভবভূতির প্রতিভার বিকাশ ঘটেছিল অষ্টম শতকের প্রথম-পাদের মধ্যে এবং দ্বিতীয়-পাদেও তা অব্যাহত ছিল।

(খ) বামনরচিত 'কাব্যালংকারসূত্র বৃত্তি'তে ভবভূতির 'উত্তররামচরিত' ও 'মহাবীর চরিত' থেকে উদ্‌ধৃতি দেওয়া হয়েছে। বামনের আবির্ভাবকাল অষ্টম শতক ; সপ্তম শতকের প্রথমার্ধের কবি বাণভট্ট—ভাস, কালিদাস বৃহৎ কথা, সেতুবন্ধ প্রভৃতির উল্লেখ করেছেন কিন্তু ভবভূতির বিষয়ে নীরব। সুতরাং ভবভূতি আবির্ভূত হয়েছিলেন সপ্তম শতকের প্রথমার্ধের পরে ও অষ্টম শতকের মধ্যে, অর্থাৎ সপ্তম শতকের দ্বিতীয়ার্ধ ভবভূতির আবির্ভাব কাল।

যশ ও প্রতিষ্ঠা

ভবভূতি জীবৎকালে সাধারণের কাছে যোগ্য অভ্যর্থনা লাভ করতে পারেন নি। কিন্তু তাঁর তিরোভাবের পর পাঠক-সম্প্রদায় তাঁর রচনায় আকৃষ্ট হয়েছিলেন। ভবভূতির গুণমুগ্ধ ভক্তের দল তখন বলতেন—'কবয়ঃ কালিদাসাদ্যাঃ ভবভূতির্মহাকবিঃ'—অর্থাৎ কালিদাস প্রভৃতিরা তো কবি, ভবভূতি ছিলেন মহাকবি। সমসাময়িক কালে না হোক, পরবর্তীকালের বহু মনস্বী লেখকও কবি ভবভূতির গুণগ্রাহী হয়েছিলেন ; তখন হয়তো সার্থক হয়েছিল ক্ষুব্ধ এবং অভিমানী কবির ভবিষ্যৎ বাণী—

'উৎপৎস্যতেঽস্তি মম কোঽপি সমানধর্মা
কালো হ্যয়ং নিরবধি বিপুলা চ পৃথ্বী।' (মালতী-মাধব)

কাল অনন্ত, বিপুলা এই পৃথিবী—এই বিশাল পৃথিবীতে কোনো-না-কোনো সময়ে আমার সমান প্রতিভাবিশিষ্ট কোন ব্যক্তির অভ্যুদয় নিশ্চয়ই ঘটবে !

কবির আশা ব্যর্থ হয় নি—প্রতিষ্ঠা ও প্রতিভার বিচারে সংস্কৃত সাহিত্যে কালি-দাসের পরেই ভবভূতির স্থান।

কিন্তু প্রশ্নটা থেকেই যায় যে, সমসাময়িক কালে ভবভূতির প্রতিভাবিচার আশানুরূপ হল না কেন ? (দ্রষ্টব্য—'দর্শকের দৃষ্টিতে')

নাটকের উৎস

সাধারণভাবে বলতে গেলে 'উত্তররামচরিতে'র কাহিনী বাল্মীকির রামায়ণ থেকেই গৃহীত রামায়ণের শেষ কাণ্ড এই নাটকের ভিত্তি। নাটক বিশ্লেষণে দেখা যাবে—কোনো-কোনো অংশের জন্যে তিনি কালিদাসের কাছে, এমন-কি ভাসের কাছেও ঋণী। দুই-একটি বিষয় উল্লেখ করা যেতে পারে।

(ক) সীতা ও শকুন্তলা দু'জনেই অন্তঃসত্ত্বা অবস্থায় পতিপরিত্যক্তা হয়েছিলেন। পরিত্যাগের সময়ে কালিদাসের রাম বলছেন—

রাজর্ষিবংশস্য রবিপ্রসূতেরুপস্থিতঃ পশ্যত কীদৃশোঽহম্।
মত্তঃ সদাচারশুচেঃ কলঙ্কঃ পয়োদবাতাদিব দর্পণস্য ॥

অর্থাৎ বিখ্যাত বংশ আমার সংস্পর্শেই কলঙ্কিত হয়েছে। উত্তরচরিতে ভবভূতির

রামচন্দ্রও একই কথা বলেছেন—মৎসম্বন্ধাৎ কশ্মলা কিংবদন্তী স্যাচ্চেদস্মিন্ হন্ত ধিঙ্ মামধন্যম্ - আমার পূর্বপুরুষগণ এই বংশ পবিত্র করে গেছেন আমার হাতে তা কলঙ্কিত হল।

(খ) সীতা ও শকুন্তলা কেউ যাবার সময় কোনো চিহ্ন রেখে যান নি—দীর্ঘকাল পরে অপ্রত্যাশিতভাবে এক আশ্রমে স্বামীর সঙ্গে তাদের সাক্ষাৎকার ঘটেছে।

(গ) দুই কবিই মিলনের পর্বে সন্তানের সঙ্গে পিতার রূপসাদৃশ্য বর্ণনা করেছেন ;

(i) 'বালকস্য রূপসংবাদিনী তে আকৃতিঃ' (শকুন্তলা, সপ্তম অংক)

(ii) 'অয়ে ন কেবলমস্মৎসংবাদিনী আকৃতিঃ' (উত্তরচরিত, ষষ্ঠ অংক)

(ঘ) ভাসরচিত 'স্বপ্নবাসদত্তা' নাটকে উদয়নের স্বপ্নদর্শন বৃত্তান্ত (পঞ্চম অংক), উত্তরচরিতের তৃতীয় অংক পরিকল্পনার প্রেরণা।

বিশ্লেষণ ঃ কাহিনী-সূত্র

জনক চলে গেছেন, অন্তঃসত্ত্বা সীতা বিষণ্ণা—রামচন্দ্র তাঁকে সান্ত্বনা দিচ্ছেন। বশিষ্ঠের কাছ থেকে বার্তা এল—রামচন্দ্র যেন সীতার প্রত্যেকটি প্রার্থনাই পূর্ণ করেন কিন্তু এ-কথাও তাঁকে স্মরণ রাখতে হবে – প্রজাদের প্রতি তাঁর কর্তব্য সকলের উপরে। লক্ষ্মণ এসে জানালেন, যে-চিত্রকরকে তাঁদের অরণ্যবাসের চিত্রগুলি আঁকতে বলা হয়েছিল তিনি তা সমাপ্ত করেছেন।

এরপর তারা এলেন চিত্রগৃহে—চিত্রগুলি দেখে-দেখে তাঁদের মনে অরণ্যবাসের সুখদুঃখময় স্মৃতিগুলি জেগে উঠতে লাগল। সেই রামবিরহিত জীবনের গভীর বেদনামূলক চিত্রদর্শনে সীতা অভিভূত হয়ে পড়লেন।

তারপর সীতা ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েছেন। দুর্মুখকে রামচন্দ্র পাঠিয়েছিলেন প্রজাদের মনোভাব জানতে—সে এসে সংবাদ দিল—প্রজাগণ সীতাচরিত্রের শুচিতায় সন্দিহান। রামচন্দ্র ইতিমধ্যেই সীতাকে আশ্বাস দিয়েছেন—স্মৃতিময় অরণ্যদর্শনে তিনি আবার যাতে যেতে পারেন, সেই ব্যবস্থা তিনি করবেন।

দুর্মুখের কাছে সংবাদ পেয়ে রামচন্দ্র স্থির করলেন সীতার বনভূমি দর্শনের ব্যবস্থা তিনি করে দেবেন আর এই বনবাস থেকে সীতা আর ফিরবেন না। রামচন্দ্রের আদেশ পালিত হল। (প্রথম অংক)

সীতা-নির্বাসনের পরে বারো বৎসর অতিক্রান্ত হয়েছে।

দ্বিতীয় অংকের শুরুতেই আছে তপস্বিনী আত্রেয়ী এবং বনদেবতা বাসন্তীর মধ্যে একটি সংলাপ। এঁদের কথাবার্তা থেকে আমরা জানতে পারি, রামচন্দ্র অশ্বমেধ-যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়েছেন। আর-একটি কথাও তাঁরা বলেছেন, বাল্মীকির আশ্রমে দুটি বালক প্রতিপালিত হচ্ছে, কোনো এক দেবতা নাকি বালকদুটিকে মুনির কাছে গচ্ছিত রেখে গেছেন। সশস্ত্র রাম এসে তপস্বী শূদ্র শম্বুককে বধ করলেন—রামচন্দ্রের হাতে নিহত হয়ে মুক্ত শম্বুক দিব্যরূপ ধারণ করে তাঁর মুক্তিদাতাকে নিয়ে এলেন ঋষি অগস্ত্যের আশ্রমে। (দ্বিতীয় অংক)

তৃতীয় অংকে দুই নদীচরিত্র তমসা ও মুরলার কথাবার্তা থেকে আমরা জানতে পারি, পতিপরিত্যক্তা সীতা আত্মহত্যায় উদ্যত হলে গঙ্গা তাঁকে রক্ষা করেন এবং তাঁর নব-

জাত দুই শিশু-সন্তানকে পালন ও শিক্ষার জন্যে বাল্মীকির আশ্রমে রেখে আসেন। গঙ্গার অনুমতি নিয়ে অদৃশ্যরূপে সীতা এলেন তাঁর পরিচিত বনভূমিদর্শনে। রামচন্দ্রও এলেন; বিভিন্ন স্মৃতি-মণ্ডিত বনদৃশ্য দেখতে দেখতে ভাবে অভিভূত হয়ে দুজনেই মূর্ছিত হলেন। চৈতন্যলাভ করে অদৃশ্য সীতা রামচন্দ্রকে স্পর্শ করলেন। রামচন্দ্রের জ্ঞান ফিরে এল—তাঁর বিভিন্ন উক্তি থেকে বোঝা গেল তাঁর সীতা-প্রেমের গভীরতা। অশ্বমেধ যজ্ঞে রামচন্দ্রের সহধর্মচারিণী সীতার কনক-প্রতিমা—সীতা তা-ও শুনলেন। সীতার ক্ষোভ ও অভিমান দূর হল।

চতুর্থ অঙ্কে নূতন দৃশ্য—রাজর্ষি জনকের আশ্রম। রামচন্দ্রের মাতা কৌশল্যা এসেছেন জনককে সান্ত্বনা দিতে। আশ্রম-শিশুদের আনন্দ-কলরব শোনা গেল। প্রশ্ন করে ওঁরা জানলেন তাদের একটির নাম লব, তার ভাই-এর নাম কুশ; ওরা শুধু বাল্মীকির কাব্য থেকেই রামচন্দ্রের কথা জেনেছে।

এদিকে শ্রীরামের যজ্ঞের অশ্ব এগিয়ে আসছে—অসংখ্য সৈন্যের দ্বারা সেই অশ্ব সুরক্ষিত। লব তার সঙ্গীদের কাছে চলে এল; কিন্তু সে অন্যান্যদের মতো কাপুরুষ নয়—সে স্থির করেছে অশ্বরক্ষক সৈন্যদের সে বাধা দেবে। (চতুর্থ অঙ্ক)

লক্ষ্মণতনয় চন্দ্রকেতু রাজার সেনাবাহিনীর পরিচালক—তার সঙ্গে লবের শৌর্যময় সংলাপ শোনা গেল; কিন্তু সংলাপ থেকে বোঝা গেল ওরা পরস্পরের গুণে মুগ্ধ।

(পঞ্চম অঙ্ক)

ষষ্ঠ অঙ্কে আমরা পেলাম এই দুই বীরের যুদ্ধের বর্ণনা—এক বিদ্যাধর এবং তার স্ত্রী আকাশ থেকে যুদ্ধ দেখে বর্ণনা করে যাচ্ছেন। লব ও চন্দ্রকেতু কোন্ কোন্ অলৌকিক অস্ত্র প্রয়োগ করছে তারও একটা বর্ণনা পাওয়া গেল। কিন্তু যুদ্ধ বাধা পেল শ্রীরামের আবির্ভাবে। রামচন্দ্র লবের সাহস ও শৌর্যের প্রশংসা করলেন। কুশ এল—ওর হাতে বাল্মীকির কাব্য, তার নাট্যরূপ দিতে হবে। রামচন্দ্র দুজনকে দেখে মুগ্ধ হলেন—তিনি তখনও জানেন না—লব কুশ তাঁরই ছেলে।

শেষ অঙ্কে অভিনীত হচ্ছে ভরতমুনি-পরিকল্পিত একটি নাট্যাভিনয়। অভিনয়ে যোগ দিয়েছেন অপ্সর ও অপ্সরার দল। দৃশ্যে দেখানো হল সীতার অমিত ঐশ্বর্য; দেখানো হল ক্রন্দনরতা সীতা আত্মহত্যার কামনায় ভাগীরথীতে ঝাঁপ দিলেন; জল থেকে উঠে এলেন সীতাকে নিয়ে পৃথিবী এবং গঙ্গা—দুজনের ক্রোড়ে দুই শিশু। গঙ্গা শ্রীরামের কাজ সমর্থন করলেন—তাঁর কঠোরতার নিন্দা করলেন পৃথিবী। তাঁরা দুজনেই সীতাকে নির্দেশ দিলেন—শিশু দুটি পালন করো, একটু বড়ো হলেই ওদের নেওয়া হবে বাল্মীকির আশ্রমে, ওখানেই হবে ওদের শিক্ষা।

এই দৃশ্য শ্রীরামের কাছে সম্পূর্ণ সত্য বলে মনে হল। তিনি কখনও সংলাপে বাধা দিতে গেলেন, কখনও বা মূর্ছিত হয়ে পড়ে গেলেন। তখন অরুন্ধতীর সঙ্গে এলেন সীতা; সীতা তাঁর সেবায় স্বামীকে সুস্থ করে তুললেন।

প্রজারা সীতাকে সাগ্রহে গ্রহণ করল। বাল্মীকি দুই পুত্রকে নিয়ে এলেন পিতার কাছে। (সপ্তম অংক)

রামায়ণ : উত্তরচরিত

নাটকের সাতটি অংকে যেভাবে শ্রীরামকাহিনী অগ্রসর হয়েছে তাতে রামায়ণ পাঠকের

দৃষ্টিতে কয়েকটি অভিনবত্ব ধরা পড়বে। ভবভূতি যেসব স্থানে রামায়ণকাহিনী থেকে ভ্রষ্ট হয়েছেন—এমন কয়েকটি ক্ষেত্র নির্দেশ করা যেতে পারে—

১. বাল্মীকির রামায়ণে কাহিনী বিয়োগান্ত। রামায়ণের রাম শেষে সরযূর জলে আত্মবিসর্জন করলেন—। কালিদাসের 'রঘুবংশ' কাব্যেও তাই আছে (পঞ্চদশ সর্গ)। ভবভূতির 'উত্তরচরিত' নাটক মিলনান্ত।
২. বনদেবতা বাসন্তীর সঙ্গে রামচন্দ্রের সাক্ষাৎকার। (তৃতীয় অঙ্ক)
৩. দণ্ডকারণ্যে রামচন্দ্রের অবস্থানকালে অদৃশ্যরূপা সীতার উপস্থিতি। (তৃতীয় অঙ্ক)
৪. বাল্মীকির আশ্রমে রামের মাতৃগণ, বশিষ্ঠ এবং অরুন্ধতীর অবস্থান।
৫. লব ও চন্দ্রকেতুর যুদ্ধ। (ষষ্ঠ অঙ্ক)

চরিত্রলিপি

উত্তররামচরিত নাটকে রাম ও সীতা চরিত্রেরই প্রাধান্য ; অন্যান্য গৌণ চরিত্রও নাটকের প্রয়োজনে আনা হয়েছে. যেমন : লক্ষ্মণ, সুমন্ত্র, জনক, চন্দ্রকেতু, লব, কুশ, শম্বুক বাল্মীকি, কৌশল্যা, অরুন্ধতী, আত্রেয়ী, গঙ্গা, পৃথিবী প্রভৃতি। এখানে কেবল রাম ও সীতার চরিত্র আলোচিত হয়েছে।

রাম

শৌর্যগুণাশ্রিত রামচন্দ্রের মহিমান্বিত মূর্তি নাটকের সর্বত্র অন্যের শ্রদ্ধা আকর্ষণ করেছে। ষষ্ঠ অঙ্কে কুশের একটি কথা এই প্রসঙ্গে স্মরণ করা যেতে পারে। লবের কাছে সে বলেছে—'স রামায়ণকথানায়কো ব্রহ্মকোশস্য গোপায়িতা'। এই কি সেই রামায়ণ-কাহিনীর নায়ক, বেদসম্পদের রক্ষক রঘুপতি? তখন কুশ রামকে রঘুপতি বলেই জানে, পিতা বলে জানে না। দৈহিক ও নৈতিকগুণে রামচন্দ্র বলীয়ান ; অমিত বাহুবলের কথা শুনেছি দ্বিতীয় অঙ্কে শম্বুকের কণ্ঠে—

চতুর্দশ সহস্রাণি চতুর্দশ চ রাক্ষসাঃ
ত্রয়শ্চ দূষণখরত্রিমূর্ধানো রণে হতাঃ।

তাঁর অমিত নৈতিকশক্তির পরিচয় একটি মাত্র কথাতেই ব্যক্ত হয়েছে—তার আদর্শ ছিল—'ইদং বিশ্বং পাল্যং বিধিবদভিযুক্তেন মনসা' অর্থাৎ নীতিকে আশ্রয় করেই বিশ্বপালন করতে হবে। এই মহৎ লক্ষ্য তাঁর ছিল বলেই তিনি অনায়াসে বলতে পেরেছিলেন—

স্নেহং দয়াঞ্চ সৌখ্যঞ্চ যদি বা জানকীমপি
আরাধনায় লোকানাং মুঞ্চতো নাস্তি মে ব্যথা!

প্রজাপুঞ্জের মনস্তুষ্টির জন্যে স্নেহ, দয়া, সুখ এমনকি সীতাকেও যদি ত্যাগ করতে হয় তা আমাকে ব্যথিত করবে না।

নাটকে দেখতে পাই কর্তব্যপালনের জন্যে যিনি সীতাকে নির্বাসিত করলেন তিনিই আবার অশ্বমেধ যজ্ঞে সীতার স্বর্ণময়ী প্রতিকৃতি সামনে রেখে অনুষ্ঠানে প্রবৃত্ত হয়েছেন। বনদেবতা বাসন্তী যথার্থ বলেছেন—

বজ্রাদপি কঠোরাণি মৃদূণি কুসুমাদপি
লোকোত্তরাণাং চেতাংসি কো নু বিজ্ঞাতুমর্হতি? (দ্বিতীয় অঙ্ক)

অসাধারণ মহাপুরুষদের মন কে বুঝতে পারে? তাঁদের মন বজ্রের চেয়ে কঠোর আবার

কুসুমের চেয়েও কোমল। সীতা-বিসর্জনের পর রামচন্দ্র যে কত ব্যাকুল হয়েছিলেন—নাটকের তৃতীয় অংকেই তার পরিচয় রয়েছে।

কিন্তু তবু একটি কথা বলা প্রয়োজন। রামচন্দ্রের পত্নীপ্রেম অতি গভীর ছিল সন্দেহ নেই, তবে দুঃখের ভাবাবেগে তিনি যেন স্থানে-স্থানে একটু বেশি বিচলিত হয়েছেন মনে হয়। এই চরিত্রে আরও অধিক ধীরতা প্রত্যাশিত, ভাববিহ্বলতা তাঁকে কোথাও-কোথাও সাধারণ প্রেমিকের পর্যায়ে নিয়ে গেছে।

সীতা

রামচন্দ্র এই নাটকে যদি আদর্শ স্বামীরূপে চিত্রিত হয়ে থাকেন—তবে সীতাকে বলতে হয় আদর্শ পত্নী। তাঁর জননীরূপ বা কন্যারূপ এই নাটকে তেমনি বিবেচিত হবার অবকাশ পায় নি—যতটা পেয়েছে তাঁর পতিব্রতা-সত্তা।

এই সত্তার মহিমা উপলব্ধি করতে হলে প্রধানত নাটকের তৃতীয় অংককেই আশ্রয় করতে হবে। তিনি সব রকম দুঃখের জন্যে নিজের ভাগ্যকেই দায়ী করেছেন, স্বামীকে অভিশপ্ত করেন নি। লব-কুশের জন্মের পরেও সন্তানের চিন্তা অপেক্ষা স্বামীর চিন্তাই তাঁর কাছে প্রধান হয়ে উঠেছিল। এই অতুলনীয় পতিপ্রেমের প্রতিদান তিনি পেয়েছিলেন যখন রামচন্দ্র তাঁর হিরণ্ময়ী প্রতিকৃতি সামনে রেখে অশ্বমেধ-যজ্ঞানুষ্ঠানে ব্রতী হয়েছিলেন।

নাটকে সীতার চরিত্র সব সময়েই করুণ এবং গম্ভীর, তবে একটিবার মাত্র তাঁর মুখে একটি পরিহাসতরল মন্তব্য শুনেছি। প্রথম অংকে—চিত্রদর্শন হচ্ছে ; লক্ষ্মণ চিত্র দেখিয়ে পরিচয় দিয়ে যাচ্ছেন—ইয়মপি আর্যা, ইয়মপি মাণ্ডবী, ইয়মপি বধূঃ শ্রুতকীর্তিঃ। লক্ষ্মণ লজ্জায় ঊর্মিলার চিত্র বাদ দিয়ে গেছেন। সীতা সকৌতুকে প্রশ্ন করলেন - ইয়মপি অপরা কা ? (ইনি কে ?) অমনি সলজ্জকণ্ঠে লক্ষ্মণ বলে উঠলেন—ওহো, আপনি ঊর্মিলার কথা বলছেন !

ভবভূতির রচনারীতি

নাটকের প্রস্তাবনা অংশের একটি মন্তব্য উল্লেখযোগ্য। নাট্যকার আত্মপরিচয়ে বলছেন—অস্তি তত্রভবান্‌···পদবাক্যপ্রমাণতত্ত্বজ্ঞো ভবভূতির্নাম জাতূকর্ণীপুত্রঃ—'যং ব্রহ্মাণমিয়ং দেবী বাগ্‌ বশ্যেবানুবর্ততে'। এতে মনে হয় নাট্যকার নিজের কাব্য-প্রতিভা সম্পর্কে সম্পূর্ণ সচেতন ছিলেন। একথা সত্য যে কবি ও নাট্যকারের আসরে কালিদাসের পরেই ভবভূতির নাম করতে হয়। অবশ্য কালিদাসের বিনয় অথবা কালিদাসীয় রচনারীতির সূক্ষ্মতা ভবভূতির ছিল না।

করুণরসের রূপায়ণে ভবভূতি বিশেষ নৈপুণ্যের অধিকারী ছিলেন। প্রচলিত উক্তি—'কারুণ্যং ভবভূতিরেব তনুতে'। তাছাড়া উত্তরচরিত নাটক ভবভূতির পরিণত প্রতিভার সৃষ্টি—'উত্তরে রামচরিতে ভবভূতির্বিশিষ্যতে'। সুতরাং উত্তরচরিত অবলম্বনেই তাঁর রচনারীতির কয়েকটি উল্লেখযোগ্য বৈশিষ্ট্যের কথা আলোচনা করা যেতে পারে।

ভবভূতি গৌড়ীয় রীতির পক্ষপাতী বলেই সমাস-প্রিয়তা তাঁর রচনার একটি প্রধান লক্ষণ হবে, এতে বিস্ময়ের কিছু নেই। কিন্তু আসল কথা, ভাষার উপর অসামান্য

দক্ষতা ছিল বলেই তিনি প্রয়োজন অনুযায়ী ভাষা প্রয়োগ করতে পারতেন। এই প্রয়োজন বুঝে অনেক ক্ষেত্রেই তাঁকে সমাস বা শব্দের আড়ম্বর ত্যাগ করতে হয়েছে। উত্তরচরিত নাটকের দ্বিতীয় অঙ্কের ২৭ সংখ্যক শ্লোক, তৃতীয় অঙ্কের ৩১, ৩৭ ও ৪৫ সংখ্যক শ্লোক, চতুর্থ অঙ্কের ১৩ সংখ্যক শ্লোক, পঞ্চম অঙ্কের ৩০ সংখ্যক শ্লোক, ষষ্ঠ অঙ্কের ১১, ১২, ১৪ সংখ্যক শ্লোক এবং সপ্তম অঙ্কের ৬ সংখ্যক শ্লোক প্রভৃতি অনুশীলন করা যেতে পারে। দেখা যাবে কবি এই শ্লোকগুলির রচনায় ভাষায় শক্তি সঞ্চার করেছেন কিন্তু দীর্ঘ সমাস উপেক্ষা করেছেন। গোড়ীয় রীতির পক্ষপাতী হলেও তাঁর শিল্পি-সত্তাই তাঁকে পরিচালিত করেছে।

ভবভূতির রচনারীতির আর একটি বৈশিষ্ট্য—সংস্কৃত কবিদের কতকগুলো প্রথাগত গতানুগতিকতা থেকে মুক্তি। অর্থাৎ, কোকিলের কুহুধ্বনি, চক্রবাক দম্পতী, আম্রকলিকা, অশোক, পারিজাত, তমাল প্রভৃতি তরু বা আকাশের চাঁদ প্রভৃতিকে রচনায় আমদানি করতেই হবে এমন বাধ্যবাধকতা তাঁর ছিল না। স্বয়ং কালিদাসও এই প্রথার অনুগামী ছিলেন। ভবভূতির রচনায় কুহুধ্বনি তো প্রায় শোনা-ই যায় না।

উত্তররামচরিতের যিনি শ্রদ্ধাবান পাঠক, তাঁর দৃষ্টিতে ভবভূতির আর একটি রচনা-লক্ষণ পরিস্ফুট হবে। এটি হচ্ছে শব্দবিন্যাসের মধ্যেই অর্থদ্যোতনার আভাস—The sound echoing the sense ! বোঝাবার জন্যে একটিমাত্র শ্লোক উদ্ধৃত করছি ঃ

এতে তে কুহরেষু গদ্গদনদদ্গোদাবরীবারয়ো
মেঘালম্বিতমৌলিনীলশিখরাঃ ক্ষৌণীভৃতো দক্ষিণাঃ।
অন্যোন্যপ্রতিঘাতসংকুলচলৎকল্লোলকোলাহলৈ
রুত্তালাস্ত ইমে গভীরপয়সঃ পুণ্যাঃ সরিৎসঙ্গমাঃ।

দ্বিতীয় অঙ্কের ৩০-সংখ্যক এই শ্লোকে দক্ষিণ পর্বতশিখরের বর্ণনা—যাদের নিম্নস্থ গুহাসমূহ গর্জনরত গোদাবরীর বারিরাশিতে মুখরিত ! শুধু গুহা নয়—আশ্চর্য বিন্যাসের গুণে শব্দও যেন মুখর হয়েছে।

আর একটি বিষয়ও উল্লেখযোগ্য। প্রকৃতি বা মানবজীবনের ভয়াল ও গম্ভীর দিকের সঙ্গে-সঙ্গে কোমল, মধুর ও সুন্দরকেও শিল্পীর দৃষ্টিতে দেখতে তিনি অভ্যস্ত ছিলেন অনুপম ভাষায় তাকে প্রকাশও করতে পারতেন। এই বিষয়ে ভবভূতি বোধহয় কালিদাসকেও অতিক্রম করেছেন।

উত্তরচরিত নাটকের প্রথম ও দ্বিতীয় অঙ্কের মধ্যে বারো বৎসরের ব্যবধান। যে-কোনো নাট্যকারের পক্ষে নাটকীয় ঐক্যপ্রতিষ্ঠা অত্যন্ত কঠিন কাজ ; এই দিকে ভবভূতি তেমন কোনো বিশেষ চেষ্টাও করেন নি ; মহাবীরচরিতেও এই কালগত ব্যবধান ছিল চৌদ্দ বৎসরের। এই কালোচিত ঐক্যের অভাবে তিনি খুব বিচলিত ছিলেন বলে মনে হয় না।

চিন্তাজগতে ভবভূতি ছিলেন একা। মালতী-মাধব নাটকে তিনি বলেছেন—

যে নাম কিঞ্চিদিহ নঃ প্রথয়ন্তি অবজ্ঞানম্
জানন্তি কিমপি তান্ প্রতি নৈষ প্রযত্নঃ
উৎপৎস্যতেঽস্তি মম কোঽপি সমানধর্মা
কালো হ্যয়ং নিরবধি বিপুলা চ পৃথ্বী।

যারা আমার নিন্দায় মুখর তারা খুব কমই জানে। তাদের জন্যে আমার এই প্রয়াস নয়।

আমার মতো প্রতিভা-বিশিষ্ট কোনো ব্যক্তির আবির্ভাব নিশ্চয়ই হবে, কেননা কাল অনন্ত এবং পৃথিবীও বিপুল। তাঁর পরিণত প্রকাশশক্তির মহিমা সম্পর্কে তিনি সম্পূর্ণ সচেতন ছিলেন—'প্রৌঢ়ত্বম্ উদারতা চ বচসাম্' কবির এই দাবি আমরা বিনা দ্বিধায় মেনে নিতে পারি। এই অনুপম প্রকাশ-শক্তির পরিচয় তিনি তাঁর তিনটি নাটকেই দিয়েছেন। তবে এই প্রকাশ ব্যাপারে তিনি শুধু 'সরলতা'কে নিয়ে সন্তুষ্ট হন নি, বিস্তৃতি এবং আড়ম্বরকেই প্রশ্রয় দিয়েছেন। কিন্তু রচনারীতির এই ত্রুটি উত্তররাম-চরিতে অপেক্ষাকৃত কম।

হয়তো বাণভট্টের খ্যাতির প্রভাবে তিনি গৌড়ীয় রচনারীতি অবলম্বন করেছিলেন—কিন্তু এই রীতি নাটকের সংলাপে অচল।

কালিদাস ও ভবভূতি

কালিদাস বৈদর্ভী রীতির কবি আর ভবভূতি গৌড়ীয় রীতির পক্ষপাতী—এইখানে দুই কবির প্রধান পার্থক্য। বৈদর্ভী রীতির অদ্বিতীয় শিল্পী কালিদাস। বৈদর্ভী রীতি বলতে বোঝায়—এতে সমাসের ভ্রূকুটি থাকবে না, সুষম শব্দপ্রয়োগে মাধুর্য ও স্পষ্টতা থাকবে আর থাকবে প্রসাদগুণ। নাট্যকার ভাস ও শূদ্রকও বৈদর্ভীরীতির অনুগামী কিন্তু কালিদাসীয় রচনার আভিজাত্য ও সুষমা এই দুই লেখকের রচনায় দুর্লভ।

ভবভূতির রচনা-প্রকৃতি স্বতন্ত্র। তিনি গৌড়ীয় রীতির লেখক—এই রীতির প্রধান লক্ষণ ওজোগুণযুক্ত সমাসবাহুল্য। কালিদাসের রচনা বিস্ময়করভাবে স্বচ্ছ, সংযত ও ইঙ্গিতবহ। যে-ভাব প্রকাশ করতে ভবভূতিকে বাক্যের জাল বুনতে হয়, কালিদাস তা সামান্য আভাসে ব্যক্ত করেন। তাই দেখা যায় কালিদাসের নারীচরিত্রগুলির প্রাকৃত-সংলাপে জটিল গঠন বা দীর্ঘ সমাস পরিত্যক্ত হয়েছে, ভবভূতি সেখানে নির্বিচারে এদের সংলাপে অসঙ্গতভাবে দীর্ঘসমাসবদ্ধ পদ যুগিয়ে গেছেন। সাহিত্য-দর্পণের সূত্র—'মাধুর্যব্যঞ্জকৈর্বর্ণৈঃ রচনা ললিতাত্মিকা'—কালিদাসের ক্ষেত্রে সার্থক-ভাবে প্রযোজ্য।

কালিদাস ও ভবভূতি—দুইজনেই নিসর্গের কবি ; কিন্তু কালিদাস তাঁর কাব্যে প্রকৃতির সুকুমার ও স্নিগ্ধ রূপটিই ফুটিয়ে তুলেছেন—ভবভূতির রচনায় ফুটে উঠেছে তার গম্ভীর ও মহিমাময় রূপ। রচনার রসাত্মতা, ধর্মাত্মতা ও ঐক্য—এই তিন বিষয়ে ভবভূতি কালিদাসের যোগ্য শিষ্য। কিন্তু ভবভূতির অঙ্কিত চরিত্র ভাবাবেগে উদ্বেল কালিদাসের চরিত্র প্রশান্ত ও সংযত।

সসংকোচে আর একটি বিষয়ের উল্লেখ করা যেতে পারে। কালিদাস আপন প্রতিভা সম্পর্কে সচেতন থেকেও নম্র—কিন্তু ভবভূতি অতিমাত্রায় আত্মসচেতন এবং উদ্ধত। উত্তরচরিতে তিনি বলেছেন—'যং ব্রহ্মাণমিয়ং দেবী বাগ্‌বশ্যেবানুবর্ততে'। কালিদাস সেখানে বলেন—'আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্'।

বঙ্কিমচন্দ্র তাঁর 'বিবিধ প্রবন্ধে' (১ম ভাগ) কালিদাস ও ভবভূতির প্রতিভার তুলনা-মূলক বিচার করেছেন—পুনরাবৃত্তির প্রয়োজন নেই। নিসর্গজগতে বা মানব-জীবনে যা-কিছু মহিমান্বিত বিরাট বা উদ্দীপক তার দিকে ভবভূতির একটি সহজ আকর্ষণ ছিল, একথা অস্বীকার করবার উপায় নেই। উত্তররামচরিতের প্রথম তিনটি অঙ্কে নাট্যকার তাঁর এই আকর্ষণ তৃপ্ত করার যথেষ্ট অবকাশ পেয়েছিলেন—বিস্ময়কর দক্ষতার সঙ্গেই তিনি এঁকেছেন রামচন্দ্রের বীরত্বগর্ব এবং পরবর্তী অঙ্কে তাঁর বীরপুত্র

লবের শৌর্যচিত্র ; অরণ্য, পর্বত ও নদী তাদের মহিমা নিয়ে দর্শকের সামনে এসে দাঁড়িয়েছে—সঙ্গে রয়েছে দুর্গতা সীতার ম্লানমূর্তি—করুণ ও বীর রসের এক আশ্চর্য মিশ্রণ। কালিদাসের সসীম প্রেমজগতে মাধুর্যের আস্বাদ যথেষ্ট থাকলেও ভবভূতির প্রেম চিত্রের এই মহিমা নেই। শকুন্তলা-নাটকের শেষ অংকে নায়ক-নায়িকার মিলনের দৃশ্যে তেমন কোনো দীপ্তির পরিচয় নেই যা আছে উত্তরচরিতের সপ্তম অঙ্কে। এখানে আমরা পাই এক অলৌকিক নাটকের অবতারণা। সেখানে দেবদেবীরাও অভিনয়ে অবতীর্ণ এবং সেই নাটকের সমাপ্তি রাম-সীতার মিলনে। আমরা মুখে হয়তো বলব, ভবভূতি রামায়ণের ঐতিহ্যকে অস্বীকার করেছেন কিন্তু অন্তরে স্বীকার করব, কবি-প্রতিভার কল্পনার স্বকীয়তায় তিনি আপন স্বাতন্ত্র্যে প্রতিষ্ঠিত।

কিন্তু এভাবে কালিদাসের সংগে ভবভূতির তুলনামূলক আলোচনা চলে না। এই দুই কবি-নাট্যকারের মধ্যে পার্থক্য অন্য ধরনের। কালিদাস গুপ্তযুগের কবি, ঐ যুগের সমৃদ্ধি ও সুখের চিত্রই তিনি জীবনে প্রত্যক্ষ করেছিলেন সুতরাং তাঁর জীবনদর্শন নির্মিত হয়েছিল অন্য উপকরণে। ভবভূতির পরিবেশ নূতন, তিনি জীবনে অবজ্ঞাত হয়েছিলেন, নিশ্চয়ই দুঃখও ভোগ করেছিলেন, যথেষ্ট রাজকীয় অনুগ্রহ লাভ করতে পারেন নি। তাই তাঁর নাটকের নায়ক মৃগয়ালোভী দুষ্মন্ত নয়, মানুষ রামচন্দ্রের বিরহকাহিনী। তাঁর নাটকে রাজা রামচন্দ্রের কথা নেই, আছে সংসারধর্মী গৃহী রামচন্দ্রের বাস্তব জীবনের আলেখ্য।

দর্শকের দৃষ্টিতে

গঠনে ও পরিকল্পনায় উত্তররামচরিতের প্রথম অঙ্ক এক-কথায় অপূর্ব! চিত্রদর্শনের কল্পনা নাটকীয়—অতীত অরণ্যবাসের চিত্র দেখতে-দেখতে সীতার মনে জাগল বনভূমি দর্শনের আকাঙ্ক্ষা। রামচন্দ্র তার ব্যবস্থা করবেন—কিন্তু এ-যেন নিয়তির ব্যবস্থা। কেননা দুর্মুখ এসে জানাল, প্রজাগণ সীতা-চরিত্রে সন্দিহান—তাঁকে বনে নির্বাসিত করতে হবে। অন্তঃসত্ত্বা সীতার বনভূমি দর্শনের কামনার সঙ্গে এক আশ্চর্য যোগাযোগ। সীতা বনে পরিত্যক্তা হলেন।

দ্বিতীয় অংকের যখন শুরু—তখন সীতার দুই পুত্র বাল্মীকির আশ্রমে প্রতিপালিত হচ্ছে। ইতিমধ্যে বারো বৎসর কেটে গেছে—সময়ের এই ব্যবধান কোথাও ব্যাখ্যাত হয় নি, ফলে নাটকীয় ঐক্য ক্ষুণ্ণ হয়েছে মনে হয়।

তাহোক, সমস্ত নাটকে যেন এক সমুন্নত সুর বেজে চলেছে—এটা লক্ষ্য করা কঠিন নয় ; প্রত্যেকটি চরিত্র, এমন-কি দুর্মুখ পর্যন্ত নিজের নাটকীয় কৃত্য সুষ্ঠুভাবেই সম্পাদন করেছে। দাম্পত্য-প্রেমের এক অনুপম চিত্র দর্শকের সামনে তুলে ধরেছে উত্তরচরিত।

করুণ-রস কোথাও ব্যাহত হয় নি, ক্ষুদ্র অথচ সুন্দর মানবীয় অনুভূতিগুলিও আবেগে স্পন্দিত হয়ে উঠেছে। ভাষার কথাও বিশেষভাবে উল্লেখযোগ্য—ভবভূতির ভাষা সর্বত্র ভাবকেই অনুসরণ করেছে, কোথাও-কোথাও তাঁর ভাষা ভাবেরই প্রতিধ্বনি!

কিন্তু কয়েকটি ত্রুটি যা চোখে পড়ল তার কথাও বলতে হয়।

প্রথমতঃ—বিদূষক চরিত্রের অভাব। শুধু উত্তররামচরিত নাটকে নয়, ভবভূতির কোনো নাটকেই বিদূষক নেই। অন্য নাটকের কথা থাক—উত্তররামচরিতে অবশ্য বিদূষকের রসিকতার কোনো অবকাশও নেই। এই নাটকে করুণরসই প্রাধান্য পেয়েছে।

দ্বিতীয়তঃ—এই নাটকের সংলাপে বহুস্থানে দীর্ঘ ও জটিল বাক্য রয়েছে ; সাধারণের পক্ষে অর্থবোধ সব সময় সহজ হবে না বলেই আশঙ্কা হয়। এছাড়া প্রাকৃত সংলাপগুলিও কম বাধার সৃষ্টি করে না।

আর-একটি কথাও উল্লেখ করা যেতে পারে—এটি ভবভূতির রচনার ত্রুটি কিনা জানি না, তাঁর সৃষ্ট নায়ক-নায়িকা ঘন-ঘন মূছিত হন ; এমন-কি এমন যে ধীরোদাত্ত নায়ক রামচন্দ্র—তিনিও মূর্ছিত হয়েছেন অথবা অশ্রুমোচন করেছেন। এই প্রসঙ্গে নিম্নোক্ত শ্লোকগুলো দেখা যেতে পারে ঃ

১ ২৬, ১·৪৯, ৩·৩৮, ৩·৩১, ৩ ৩৫, ২·১৮, ৬·২৮, ৬.৩১-৩২ ; মূর্ছিত হবার শক্তিতে সীতাও রামের যোগ্য অনুগামিনী।

তৃতীয়তঃ—উত্তরচরিত নাটকের কিছু-কিছু শ্লোক বা শ্লোকাংশ পুনরাবৃত্ত ; আলোচ্য নাটকে মহাবীর চরিত এবং মালতী-মাধব থেকেও শ্লোক নেওয়া হয়েছে।

সর্বশেষে বলা প্রয়োজন—অজস্র সুন্দর ও গভীর উক্তি রয়েছে এই নাটকে যেগুলো প্রবাদবাক্যের সম্মান পেতে পারে। নাট্যকার এই নাটককে মিলনান্তক করেছেন—কিন্তু সে কি শুধু অলঙ্কারশাস্ত্রের বিধি রক্ষার জন্যে, না মিলন এই নাটকে প্রত্যাশিত বলে ? ভবভূতি জানতেন, রাম-সীতারএই মিলন রামায়ণ-বিরোধী হলেও দর্শকচিন্তার অনুকূল।

ভবভূতির ভাষা

ভবভূতির পাঠক নিশ্চয়ই এ-কথা বিনা দ্বিধায় স্বীকার করবেন যে কোনো ভাবপ্রকাশে ভাষাকে নিয়ে তিনি জাদু সৃষ্টি করতে পারতেন। 'উত্তররামচরিত' নাটকে রাম বা লব-কুশের শৌর্য—নির্বাসিতা সীতার বা বিরহী রামের করুণ বিলাপের সঙ্গে ভাষা এক সুরে বাঁধা। প্রথম তিনটি অঙ্কে অরণ্য, পর্বত, নদী কবিকে প্রেরণা দিয়েছিল একই সঙ্গে কঠোর ও কোমলের রখী বাঁধতে। একথা সত্য যে প্রকৃতির বিশাল, গম্ভীর ও মহিমময় রূপটিই কবিকে অধিক আকর্ষণ করত। ভাষার রূপও ভাবকেই অনুসরণ করেছে ; তাই বলে তিনি যে সহজ হতে পারতেন না এ-কথা যুক্তিসহ নয়।

তবে সহজকে নিয়ে তিনি তৃপ্ত হতে পারেন নি—এইটেই আক্ষেপের কথা। স্থানে-স্থানে তিনি ভাবপ্রকাশের তাগিদেই শব্দের ধ্বনি সৃষ্টি করেছেন কিন্তু অর্থগত স্বচ্ছতা তাঁকে বিসর্জন দিতে হয়েছে।

আরও একটি কথা। ভবভূতি সংস্কৃত ভাষার কাঠামোতে সংলাপ রচনা করেছেন। ফলে সংস্কৃতের বাহুল্য প্রাকৃতভাষী সাধারণ চরিত্রকেও অনুসরণ করতে হয়েছে। কিন্তু প্রাকৃতে যারা কথা বলত—দীর্ঘ প্রাকৃত সংলাপ (সংস্কৃতের আদর্শে) তাদের ক্ষেত্রে অশোভন এবং কৃত্রিম। মনে হবে তারা সংস্কৃতেই বলেছিল, পরে নাট্যকার তাদের সংলাপ প্রাকৃতে তর্জমা করে দিয়েছেন।

ভবভূতির ভাষা সম্পর্কে একটি বিশেষ অভিযোগ তোলা যেতে পারে। তাঁর নাটকে প্রাকৃতভাষী পাত্রপাত্রীগণ সংস্কৃত রীতিতে কথা বলেছেন। ফলে প্রাকৃতভাষায় যে দীর্ঘ সমাস বা দুরূহ শব্দের প্রবেশাধিকার নেই তা অনায়াসে তাঁর সংলাপে স্থান পেয়েছে—এবং সেই কারণে তা অনেকাংশে কৃত্রিম হয়ে উঠেছে। স্বভাবধর্ম অনুযায়ী তিনি ভাষায় আড়ম্বরের পক্ষপাতী ছিলেন। কিন্তু প্রাকৃত চলতিভাষা—তাকে সরল হতে হবে। কোথাও তিনি সরল হতে পারেননি একথা বলা ভুল হবে। ভবভূতির

নাটকে অধিকাংশ ক্ষেত্রেই মনে হবে পাত্রপাত্রীরা যেন বলেছেন সংস্কৃতে—পরে সেই সংলাপ প্রাকৃতে অনূদিত হয়েছে। দুটি উদাহরণ দিচ্ছি ঃ

সরল ও কথ্য প্রাকৃতের নিদর্শন ঃ (সীতার বচন লক্ষণীয়)

লক্ষ্মণঃ—ইয়মার্যা, ইয়মপ্যার্যা মাণ্ডবী ; ইয়মপি বধূঃশ্রুতকীর্তিঃ।

সীতা—বচ্ছ, ইঅং বি অবরা কা ? (বৎস, ইয়মপি অপরা কা ?)

লক্ষ্মণঃ—(সলজ্জস্মিতম্। অপবার্য) অয়ে উর্মিলাং পৃচ্ছত্যার্যা। ভবতু, অন্যতঃ সঞ্চারয়ামি। (প্রকাশম্) আর্যে, দৃশ্যতাম দ্রষ্টব্যতেতৎ। অয়ং চ ভগবান্ ভার্গবঃ।

সীতা—(সসম্ভ্রমম্) কম্পিদম্হি। (কম্পিতাস্মি।) (প্রথম অঙ্ক)

জটিল ও সমাসবন্ধ প্রাকৃত ঃ

বিদ্যাধরী– দিট্ঠিআ এদেণ বিমলমুক্তাফলঅসীদলসিণিদ্ধমসিণমংসলেণ নাথদেহ-পফংসেণ আণন্দমংদমউলিদ ঘুণ্ণন্ত লোঅণাএ লোঅণাএ অন্ধোদিদো জেব্ব সংদাবো। (দিষ্ট্যা এতেন বিমলমুক্তাফলকশীতলস্নিগ্ধমসৃণমাংসলেন নাথদেহ-স্পর্শেন আনন্দমুকুলিতঘূর্ণমানলোচনায়া অর্ধোদিত এব অন্তরিতো মে সন্তাপঃ।) (ষষ্ঠ অঙ্ক)

নিশ্চয়ই এই জাতীয় বৃহৎ সমাস কথাবার্তার ভাষায় অচল। ভবভূতি এই সমাস তাঁর নাটকের গদ্য অংশে ব্যবহার করেছেন, পদ্যেও প্রয়োগ করতে দ্বিধা করেন নি। এতে মনে হতে পারে ভবভূতি এমন যুগেই আবিভূর্ত হয়েছিলেন যখন দণ্ডীর ন্যায় আলঙ্কারিক নির্দেশ দিয়েছিলেন—'গদ্যং সমাসভূয়স্ত্বম্', অর্থাৎ গদ্যের মূল ভিত্তিই হল সমাস-বাহুল্য ;

কিন্তু প্রশ্ন জাগতে পারে, এই জাতীয় সমাসজটিল সংলাপের তাৎপর্য সেই যুগের দর্শক সম্প্রদায় কতটুকু গ্রহণ করতে পারতেন ? ভবভূতির সব নাটকই কালপ্রিয়নাথের যাত্রা উপলক্ষে অভিনীত হত—হয়তো বা ধর্মীয় শোভনতার খাতিরেই দর্শকদল না বুঝেই নীরবে থাকতেন—প্রতিবাদ জানাতেন না।

ভবভূতির ভাষ্যকার

উত্তরচরিত নাটকের কয়েকজন বিশিষ্ট ভাষ্যকারের পরিচয় ঃ

১. ঘনশ্যাম ঃ ইনি এঁর টীকায় আত্মপরিচয় দিয়েছেন। ইনি মহারাষ্ট্রীয় ব্রাহ্মণ—এঁর পিতামহের নাম বালাজি, পিতা মহাদেব এবং মাতা কাশী। অগাধ পাণ্ডিত্যের অধিকারী ছিলেন ঘনশ্যাম কিন্তু কোনো ঐতিহাসিক বোধ তাঁর ছিল না বলেই মনে হয়। তাঁর মতে কালিদাস ও ভবভূতি সমসাময়িক। ইনি শকুন্তলা, বিদ্ধশালভঞ্জিকা, ভোজচম্পূ এবং ভারতচম্পূ প্রভৃতির ভাষ্য রচনা করেছিলেন। ১৭০০ খ্রীষ্টাব্দে এঁর জন্ম। এঁর ভাষ্য বেদ স্মৃতি ও কাব্যের উদ্ধৃতিতে পূর্ণ। ইনি প্রত্যেকটি শ্লোকই ব্যাখ্যা করেছেন কিন্তু সেই ব্যাখ্যা অসম্পূর্ণ, কখনও বা ভ্রান্ত।

২. বীর রাঘব ঃ এঁর ভাষ্য ঘনশ্যামের তুলনায় সম্পূর্ণতর এবং শিক্ষার্থীর পক্ষে অধিক সহায়ক। ইনি ঘনশ্যামের পরবর্তী—এবং বহুক্ষেত্রে নাম উল্লেখ না করে ঘনশ্যামের সমালোচনাও করেছেন। ইনি ভবভূতির 'মহাবীর চরিত' নাটকের উপরেও টীকা রচনা করেছিলেন।

৩. রামচন্দ্র বুধেন্দ্র : এঁর রচিত টীকার নাম—'ভাববোধিনী'। ইনি ছিলেন বারাণসীর অধিবাসী।

৪. নারায়ণ ভট্ট : এঁর টীকা ১৬২৯ খ্রীষ্টাব্দে প্রকাশিত। বিদ্যাসাগর তাঁর বাংলা ভূমিকায় এঁর নাম উল্লেখ করেছেন।

৫. ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর : এঁর রচিত সংস্কৃত টীকা ১৮৭২ খ্রীষ্টাব্দে প্রকাশিত হয়েছিল।

নাটকের গঠনরীতি

নাটকের গঠন শিল্প সম্পর্কেও কয়েকটি কথা বলা দরকার :

১. প্রস্তাবনায় সূত্রধার বলছেন—'এষোঽহং কার্যবশাদাযোধ্যাকস্তদানীন্তনশ্চ সংবৃত্তঃ (সমন্তাদবলোক্য) ভো ভো···কিমিতি বিশ্রান্তচারণানি চত্বরস্থানানি ?' (প্রস্তাবনা দ্রষ্টব্য) তাহলে সূত্রধার অযোধ্যাবাসীর রূপ গ্রহণ করার সংগে-সংগেই নাটকের কাজ শুরু হয়ে যাচ্ছে। এখানে সূত্রধারের মঞ্চ ত্যাগ করা উচিত ছিল। ধরে নিতে হবে, এর আগেই প্রস্তাবনা শেষ হয়ে গেছে। অলঙ্কারশাস্ত্রের বিধান আছে—'প্রস্তাবনান্তে নির্গচ্ছেৎ ততো বস্তু প্রযোজয়েৎ'—অর্থাৎ প্রস্তাবনার পরে সূত্রধার মঞ্চ ত্যাগ করবেন তারপর নাটকীয় বস্তু আরম্ভ হবে। নাট্যকার কার্যত প্রস্তাবনা শেষ করেছেন তবু সূত্রধারকে সম্বোধন করেছেন 'ভাব' আর সূত্রধার নাটকে সম্বোধন করেছেন 'মারিষ' ব'লে। কিন্তু 'ভাব, মারিষ' এই সম্বোধনগুলো কেবল প্রস্তাবনাতেই চলতে পারে।

২. আর-একটি ত্রুটির কথাও চিন্তনীয়। অষ্টাবক্রের কথায় জানা গেল—সীতা পূর্ণগর্ভা বলেই তাকে আশ্রমে নেওয়া হয় নি (কঠোরগর্ভেতি নানীতাসি)। বিষয়টি দুর্বোধ্য। 'কঠোরগর্ভা' শব্দটির অর্থ কী? অতিথিগণ চলে গেলেন প্রভাতে, অষ্টাবক্র এলেন মধ্যাহ্নের কাছাকাছি কোন সময়ে, মধ্যাহ্নের পরেই সীতা-নির্বাসন—অপরাহ্ণে সীতা প্রসব করলেন যমজ সন্তান। 'কঠোরগর্ভা শব্দের অর্থ কি 'আসন্নপ্রসবা'?

৩. যদি সেই অর্থই গ্রহণ করতে হয় তবে অরুন্ধতী ও শান্তা রামচন্দ্রকে যে 'গর্ভদোহদ' পালনের নির্দেশ দিয়েছেন তা অর্থহীন হয়ে পড়ে। গর্ভকালের অবসানে একেবারে প্রসবের দিনে দোহদপূরণের নির্দেশ হাস্যকর।

৪. উত্তররামচরিতের তৃতীয় অঙ্কটির নাম 'ছায়া'। রামচন্দ্রের ছায়ারূপে সীতাদেবী এই অংকে বিরাজিতা—যদিও রামচন্দ্রের চোখে তিনি অদৃশ্যা। সীতাকে রামচন্দ্র দেখছেন না কিন্তু দর্শকগণ নিশ্চয়ই দেখছেন। কোনো পাত্র বা পাত্রীর 'স্বাগত-সম্ভাষণ যেমন সব দর্শকই শুনবেন কিন্তু পার্শ্ববর্তী চরিত্রটি শুনতে পাবেন না—এও ঠিক তেমনি। কিন্তু এই-জাতীয় বাস্তবতা-বিরোধী নাট্যরীতি সেই যুগের দর্শকগণ সহজেই মেনে নিয়েছিলেন। কালিদাসের শকুন্তলা নাটকের ষষ্ঠ অংকে 'সানুমতী' চরিত্রটিও অদৃশ্যা—তথাপি দুষ্যন্ত-শকুন্তলার ভাবী মিলন সহজে ঘটাবার জন্যে 'সানুমতীর' প্রয়োজন ছিল—আলোচ্য নাটকে 'ছায়া' নামক অংকটিও রামসীতার মিলনের পক্ষে অপরিহার্য।

৫. সপ্তম অঙ্কের পরিকল্পনা অভিনব—সংস্কৃত সাহিত্যে দ্বিতীয়হীন। একটি নাটকের মধ্যেই আর-একটি নাটক (গর্ভনাটক)—বাল্মীকি এই নাটকের রচয়িতা —অভিনয়স্থান তাঁরই আশ্রমের সন্নিহিত অঞ্চল। দর্শকের আসনে আছেন রামচন্দ্র, অযোধ্যার প্রজাপুঞ্জ ও ত্রিলোকবাসিগণ। এই নাটকের সূত্রধারও অবশ্য মূল নাটকের সূত্রধার নন। দর্শক জানেন, সমগ্র নাটকটিই ভবভূতির রচনা , এই গর্ভাঙ্কটির রচয়িতা বাল্মীকি—এই নির্দেশ করে ভবভূতি কি বোঝাতে চেয়েছেন তিনি বাল্মীকির মতোই প্রতিভাবান ?

ভবভূতির কল্পনা সুন্দর। তিনি জানতেন রাম-সীতার মিলন ঘটিয়ে তিনি রামায়ণের বিরোধিতা করতে যাচ্ছেন, তাই তিনি মিলনকে স্বাভাবিক করেছেন অস্বাভাবিক ঘটনার সাহায্যে। সপ্তম অঙ্কে সীতার অন্তর্ধানের পর লক্ষ্মণের উক্তি স্মরণীয়—ভগবান্ বাল্মীকে পরিত্রায়স্ব, এষ তে কাব্যার্থঃ ?

অর্থাৎ, এই কি আপনার কাব্যের উদ্দেশ্য ? তখন নেপথ্যবাণী শোনা গেল—পশ্যত ইদানীং ভগবতা বাল্মীকিনা অভ্যনুজ্ঞাতং পবিত্রমাশ্চর্যম্।—সঙ্গে-সঙ্গে দেখা গেল গঙ্গা উদ্বেলিত হয়ে উঠলেন—আকাশে দেবদেবীগণ ছুটে এলেন দেবী ভাগীরথী ও পৃথিবীর সঙ্গে সীতা উঠে এলেন জলরাশির মধ্য থেকে।

প্রকৃতপক্ষে অলঙ্কারশাস্ত্রের বিধানও ভবভূতি লঙ্ঘন করেননি। অলঙ্কারশাস্ত্রেরই বিধান—'কুর্যাৎ নিবর্হণেঽদ্ভুতম্'। সমাপ্তিতে অদ্ভুত রস সৃষ্টি করা যেতে পারে। অদ্ভুত রসেরই স্থায়িভাব বিস্ময়। লক্ষ্মণ যে বলেছিলেন 'এষ তে কাব্যার্থঃ'—তার তাৎপর্যই এই যে, তোমার কাব্যের লক্ষ্য তাই হোক কিন্তু নাটকের লক্ষ্য তা হবে না। সামাজিক মনের কাছেও এই মিলনই প্রত্যাশিত—বিচ্ছেদ নয়।

স্মরণ করা যেতে পারে, নাট্যকার ভাসও তাঁর 'পঞ্চরাত্র' নাটকের পরিণামে কুরুক্ষেত্রের যুদ্ধ হতে দেন নি, সন্ধির মিলনে নাটক সমাপ্ত করেছেন।

তবে এ-কথাও নিশ্চয়ই স্বীকার করতে হবে—নাটকের সামগ্রিক বিচারে এইসব ত্রুটি উপেক্ষার যোগ্য। এই প্রসঙ্গেই হয়তো দর্শকের মনে পড়বে সীতার 'দোহদে'র কথা। গর্ভবতী সীতার সাধ কী ছিল ? সীতা রামকে বলেছিলেন, 'প্রসন্নগম্ভীরাসু বনরাজিষু বিহরিষ্যামি···ভগবতীং ভাগীরথীমবগাহিষ্যে।' রাম জানতেন প্রসবের দিন সমাসন্ন—দেখা যাচ্ছে প্রসবের দিনেই তিনি সীতার প্রস্তাবে সম্মত হচ্ছেন। কিন্তু রামের আচরণ আরও অদ্ভুত—তিনি লক্ষ্মণকে নির্দেশ দিলেন সীতাকে বাল্মীকির আশ্রমে নিয়ে যেতে। কিন্তু সীতার অনুরোধ সত্ত্বেও সীতা-বিসর্জনকালে তিনি উপস্থিত থাকলেন না।

সমালোচক-মক্ষিকা ইচ্ছে করলে হয়তো আরও অধিক 'ব্রণের' সন্ধান পাবেন। কিন্তু নাটকের তৃতীয় বা সপ্তম অঙ্কের অভিনয়কালে তার আর কোনো ত্রুটির কথা মনে থাকবে না। একটি কথাই তার মনে জাগবে—সংস্কৃত-সাহিত্যে ভাষার কারুকার্যে, কল্পনার বিস্তারে, চরিত্রাঙ্কনের দক্ষতায় কিংবা কাব্যপ্রতিভার মানদণ্ডে কালিদাসের পরেই ভবভূতির স্থান। কিন্তু যে কোনো কারণেই হোক দীর্ঘকাল কবি তাঁর প্রাপ্য মর্যাদা থেকে বঞ্চিত ছিলেন।

সূক্তিরত্নাবলী

১. নৈসর্গিকী সুরভিণঃ কুসুমস্য সিদ্ধা
মূর্ধ্নি স্থিতি র্ন চরণৈরবতাড়নানি ॥

সুগন্ধি কুসুম মাথায় থাকবে এটাই স্বাভাবিক ; তাকে চরণে দলিত করা অযৌক্তিক।

২. সতাং কেনাপি কার্যেণ লোকস্যারাধনং ব্রতম্।
যে কোনো উপায়ে বিশ্বের কল্যাণ করাই সাধুজনের ব্রত।

৩. সতাং সদ্ভিঃ সঙ্গঃ কথমপি হি পুণ্যেন ভবতি।
অতি কষ্টে এবং পুণ্যবলেই সদ্ব্যক্তির সঙ্গে সজ্জনের মিলন হয়ে থাকে।

৪ প্রভবতি শুচির্বিম্বগ্রাহে মণি র্ন মৃদাং চয়ঃ।
নির্মল রত্নেই প্রতিফলন সম্ভব, মাটি বা অন্য কিছুতে তা সম্ভব নয়।

৫. বজ্রাদপি কঠোরাণি মৃদূনি কুসুমাদপি।
লোকোত্তরাণাং চেতাংসি কো নু বিজ্ঞাতুমর্হতি ॥
অসাধারণ ব্যক্তিগণের মন বজ্রের চেয়ে কঠোর, কুসুমের চেয়ে কোমল ; কে তার পরিমাপ করতে পারে।

৬ তত্তস্য কিমপি দ্রব্যং যো হি যস্য প্রিয়ো জনঃ।
যে যার প্রিয়জন সে তার কাছে অমূল্য সম্পদ !

৭. লতায়াং পূর্বলূনায়াং প্রসবস্যোদ্ভবঃ কুতঃ ?
লতাকেই যদি আগে কেটে ফেলা হয় তবে ফুল ফুটবে কীভাবে ?

৮. বিকশতি হি পতঙ্গস্যোদয়ে পুণ্ডরীকং দ্রবতি হি হিমরশ্মাবুদ্গতে চন্দ্রকান্তঃ।
অন্তর্গত কোনো কারণে পদার্থগুলির মধ্যে সম্পর্ক স্থাপিত হয়। সূর্যের উদয়ে পদ্মের বিকাশ ঘটে, চন্দ্রকান্তমণি বিগলিত হয় চন্দ্রের উদয়ে।

৯. ন তেজ স্তেজস্বী প্রসৃতমপরেষাং প্রসহতে।
যিনি তেজস্বী, তিনি চান না, অন্যের শৌর্যের প্রশংসা প্রসারিত হোক।

১০ কো নাম পাকাভিমুখস্য জন্তো-
র্দ্বারাণি দৈবস্য পিধাতুমিষ্টে।

দৈব যখন কারো ক্ষেত্রে বিশেষ কোনো পরিণতির দিকে যাচ্ছে তখন কে তার পথ রোধ করতে পারে ?

কুশীলব

পুরুষ-চরিত্র

সূত্রধার	নাট্যপরিচালক
রাম	নায়ক, কৌশল্যাগর্ভজাত, দশরথের জ্যেষ্ঠপুত্র
লক্ষ্মণ	দশরথের অন্যতম পুত্র, সুমিত্রা গর্ভজাত
চন্দ্রকেতু	লক্ষ্মণের বীর পুত্র
কুশ ও লব	রামের পুত্রদ্বয়, বাল্মীকির আশ্রমে প্রতিপালিত
জনক	সীতার পিতা, রাজর্ষি
বাল্মীকি	মুনিশ্রেষ্ঠ, রামায়ণরচয়িতা
অষ্টাবক্র	জনৈক ঋষি
শম্বুক	শূদ্র তাপস
দুর্মুখ	গুপ্তচর
কাঞ্চুকী	অন্তঃপুরবাসী বৃদ্ধ
সৌধাতকি, ভাণ্ডায়ন	তাপসদ্বয়
বিদ্যাধর	

স্ত্রী-চরিত্র

সীতা	নায়িকা, রামচন্দ্রের নির্বাসিতা পত্নী, জনকদুহিতা
বাসন্তী	অরণ্যবাসে সীতার সখী, বনদেবতা
কৌশল্যা	রাজমাতা
অরুন্ধতী	ঋষি বশিষ্ঠের পত্নী
ভাগীরথী	
পৃথিবী	
আত্রেয়ী	
তমসা, মুরলা	নদীদ্বয়
বিদ্যাধরী	

উত্তররামচরিত

প্রথম অংক

পূর্ববর্তী কবিদের উদ্দেশে প্রণতি জানিয়ে প্রার্থনা করি আমরা যেন পরমাত্মার রূপে অমর বাগ্‌দেবতার অনুগ্রহ লাভ করতে পারি। ১॥

(নান্দীপাঠের পরে)

সূত্রধার—অধিক বাগ্‌বিস্তারে প্রয়োজন নেই। আজ ভগবান কালপ্রিয়ানাথের উৎসব উপলক্ষে (সমাগত) ভদ্রমহোদয়গণকে জানাচ্ছি—আপনারা জেনে রাখুন কাশ্যপ-বংশীয় 'শ্রীকণ্ঠ' উপাধিধারী, ব্যাকরণ, তর্ক ও মীমাংসা শাস্ত্রে সুনিপুণ এক ব্রাহ্মণ আছেন—ইনি ভবভূতি। জাতুকর্ণীর পুত্র। সেই ব্রাহ্মণকে বাগ্‌দেবতা অনুগতা ভার্যার মতোই[১] অনুসরণ করে থাকেন, তাঁরই লেখা 'উত্তররামচরিত' নাটকখানি আজ অভিনীত হবে। ২॥

কার্যবশে এই আমি[২] অযোধ্যায় এলাম—আমি এখন সেই সময়কার লোক, (রামচন্দ্র যখন রাজা ছিলেন)। (চারদিকে তাকিয়ে) এ কী! ওহে, এই যদি পৌলস্ত্যবংশের ধূমকেতুস্বরূপ শ্রীরামচন্দ্রের অভিষেক সময়—তখন তো দিনরাত্রি সকল সময়েই আনন্দ-সঙ্গীতের প্রবাহ চলবে, তবে কেন রাজাঙ্গনে চারণসঙ্গীত শোনা যাচ্ছে না?

(নটের প্রবেশ)

নট - ভদ্র, যে-সব মহামতি বানর ও রাক্ষসের দল লঙ্কাসমরে রামচন্দ্রের সঙ্গী ছিলেন আর যে-সব ব্রহ্মর্ষি ও রাজর্ষি বিভিন্ন স্থান থেকে মহারাজকে সংবর্ধনা করার জন্যে এসেছিলেন এবং যাদের সম্মানে এতদিন উৎসব চলেছিল—সকলকেই অযোধ্যা থেকে স্বস্থানে পাঠানো হয়েছে।

সূত্রধার—হ্যাঁ, এটাই কারণ হতে পারে বটে।

নট—তাছাড়া, রামচন্দ্রের মাতা রাজ্ঞীগণ বশিষ্ঠের সঙ্গে অরুন্ধতীকে সামনে রেখে যজ্ঞে উপস্থিত থাকার জন্যে জামাতার[৩] আশ্রমে গেছেন। ৩॥

সূত্রধার—আমি বিদেশ থেকে এসেছি, তাই প্রশ্ন করি, এই জামাতাটি কে?

নট - শান্তা নামে দশরথের এক কন্যা জন্মেছিল, সন্তানরূপে পালনের জন্যে তিনি তাকে রাজা রোমপাদের কাছে রেখেছিলেন ॥৪॥ বিভাণ্ডকমুনির পুত্র ঋষ্যশৃঙ্গ[৪] তাকে বিবাহ করেছিলেন। তিনি সম্প্রতি দ্বাদশবর্ষব্যাপী এক যজ্ঞের অনুষ্ঠান করেছেন পূর্ণগর্ভা জানকীকে রেখে গুরুজন সকলেই সেখানে গেছেন।

সূত্রধার—এসব কথা থাক। এসো, স্বজাতির আচার অনুযায়ী[৫] রাজদ্বারে অপেক্ষা করি।

নট—তাহলে আপনি মহারাজের যোগ্য এক নির্দোষ স্তুতিপদাবলী ভেবে স্থির করুন।

সূত্রধার—ভদ্র, যেভাবেই হোক আমাদের কাজ করে যেতে হবে। সমালোচনা থেকে মুক্তি কোথায়? বাক্যের শুদ্ধি বা নারীর শুদ্ধি—এই দুই বিষয়েই সাধারণ লোককে বলা যায় দুর্জন। ৫॥

নট—বলা উচিত—'অতি দুর্জন'! কেননা, দেবী বৈদেহীসম্পর্কেও ওদের মুখে

নিন্দা শোনা যাচ্ছে, এর মূলে হল 'রাক্ষসগৃহে অবস্থান'—অগ্নিপরীক্ষায় যে বিশুদ্ধি ঘোষিত হয়েছিল – সে বিষয়েও সন্দেহ জেগেছে। ৬ ॥

সূত্রধার—যদি এই জনরবের কথা মহারাজ শুনতে পান তবে ব্যাপারটা খুবই কষ্টকর হবে।

নট—ঋষিগণ এবং দেবগণ সর্বপ্রকারে মঙ্গলবিধান করবেন। (পরিক্রমণ করে) ওহে, মহারাজ এখন কোথায় আছেন ? (শুনে) ওরা বলছে—স্নেহবশত অভ্যর্থনা জানাতে এসে জনক এই ক'দিন উৎসবের মধ্যে কাটিয়ে বিদেহনগরে ফিরে গেছেন, বিমনা সীতাদেবীকে সান্ত্বনা দেবার জন্যে রামচন্দ্র রাজাসন ত্যাগ করে শয্যাগৃহে প্রবেশ করেছেন ॥ ৭ ॥ (উভয়ের প্রস্থান)

প্রস্তাবনা

(তারপর উপবিষ্ট অবস্থায় রাম ও সীতার প্রবেশ)

রাম—বৈদেহি, তুমি আশ্বস্ত হও। এইসব গুরুজন আমাদের কখনও ত্যাগ করতে পারেন না। কিন্তু যাঁদের নিত্যই অনুষ্ঠান করতে হয়[৬] তাঁদের স্বাধীনতা থাকে না। সাগ্নিক পুরুষদের গার্হস্থ্যধর্ম বিঘ্ন-সঙ্কুল বটে ॥ ৮ ॥

সীতা—জানি আর্যপুত্র, আমি তা জানি, কিন্তু প্রিয়জনের বিচ্ছেদ সন্তাপের কারণ হয়ে থাকে !

রাম—সত্যিই তাই। সংসারের এই সকল রূপই মর্মভেদী—এই রূপে বিরূপ হয়েই প্রাজ্ঞ ব্যক্তিগণ সমস্ত কামনা বিসর্জন দিয়ে অরণ্যে এসে বিশ্রাম করেন।

(কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী—রামভদ্র—(অর্ধেক বলে সভয়ে) মহারাজ।

রাম—(মৃদু হেসে) আর্য। আমার পিতার যিনি পরিজন তার পক্ষে আমার প্রতি 'রামভদ্র' এই সম্বোধনই শোভা পায়, তাই আপনি যেভাবে অভ্যস্ত সেই ভাবেই বলুন।

কঞ্চুকী—ঋষ্যশৃঙ্গের আশ্রম থেকে অষ্টাবক্র মুনি এসেছেন।

সীতা—আর্য, বিলম্ব করছেন কেন ?

রাম—শীঘ্র সঙ্গে নিয়ে এসো। (কঞ্চুকীর প্রস্থান)

(অষ্টাবক্রের[৭] প্রবেশ)

অষ্টাবক্র—দু'জনকেই আশীর্বাদ করি।

রাম—ভগবন্, আপনাকে প্রণাম জানাই ! এইখানে উপবেশন করুন।

সীতা—প্রণাম ভগবন্। জামাতা সহ সকল গুরুজন এবং আর্যা শান্তার কুশল তো ?

রাম—আমার ভগিনীপতি সোমপায়ী ভগবন্ ঋষ্যশৃঙ্গ এবং আর্যা শান্তা ভালো আছেন তো ?

সীতা—আমাদের কথা মনে আছে তো ?

অষ্টাবক্র—(উপবেশন করে) হ্যাঁ, সকলেরই কুশল। দেবি, ভগবান বশিষ্ঠ আপনাকে উদ্দেশ করে বলেছেন—বিশ্ববিধাত্রী পৃথিবী তোমার জন্মদাত্রী, প্রজাপতিতুল্য জনক তোমার পিতা, তুমি সেই রাজগণেরই বধূ যাদের গৃহে গৃহে রয়েছেন সবিতা এবং আমি ॥ ৯ ॥ আপনার আর কী শুভকামনা করব বলুন ? আপনি বীরমাতা হোন।

রাম—অনুগৃহীত হলাম। লৌকিক মুনিগণের বাক্য যা ঘটেছে বা ঘটবে সেই অনুযায়ী হয় আর প্রাচীন (বশিষ্ঠপ্রমুখ) ঋষিদের বাক্য অনুযায়ী ঘটনা ঘটে থাকে। ১০ ॥

অষ্টাবক্র—ভগবতী অরুন্ধতী· রাজমাতা এবং শান্তা সকলেই এই নির্দেশ জানিয়েছেন—সীতাদেবীর যা-কিছু গর্ভকালীন কামনা, তা অবিলম্বে পূরণ করতে হবে।

রাম—যদি ইনি প্রকাশ করে বলেন, নিশ্চয়ই তা পালিত হবে।

অষ্টাবক্র—সীতাদেবীর ননন্দাপতি ঋষ্যশৃঙ্গ জানিয়েছেন—বৎসে· তুমি পূর্ণগর্ভা বলেই তোমাকে আনা হয় নি ; বৎস রামচন্দ্রকে তোমার আনন্দের জন্যেই রেখে আসা হয়েছে। যখন তোমার পুত্র তোমার ক্রোড়দেশ অধিকার করবে, তখন তোমাকে দেখব।

রাম—(আনন্দে লজ্জাস্মিত মুখে) তথাস্তু। ভগবান বশিষ্ঠ কি আমাকে কোনো আদেশ করেন নি ?

অষ্টাবক্র - শনুন (তিনি বলেছেন) জামাতা ঋষ্যশৃঙ্গের অনুষ্ঠিত যজ্ঞে আমরা আটকে পড়েছি ; তুমি বালকমাত্র, এই রাজ্যও নতুন। তুমি প্রজানুরঞ্জনে তৎপর হও, তোমাদের বংশের পরম সম্পদ যে যশ সেই যশের তুমি অধিকারী হবে। ১১ ॥

রাম—ভগবান বশিষ্ঠের[৮] আদেশ পালিত হবে। প্রজানুরঞ্জনে আমি স্নেহ; দয়া, সৌখ্য—এমন কি জানকীকে পর্যন্ত ত্যাগ করতে দুঃখবোধ করব না। ১২ ॥

সীতা—এই জন্যেই আর্যপুত্র রঘুশ্রেষ্ঠ !

রাম—এখানে কে আছ ? ভগবান অষ্টাবক্রের বিশ্রামের ব্যবস্থা করো।

অষ্টাবক্র—(উঠলেন, তারপর পরিক্রমা করে) এই যে কুমার লক্ষ্মণ এসেছেন। (প্রস্থান)

(লক্ষ্মণের প্রবেশ)

লক্ষ্মণ—জ্যেষ্ঠ ভ্রাতার জয় হোক ! আপনার অভিজ্ঞতার কাহিনী আমারই উপদেশক্রমে সেই চিত্রকর এই বীথিপটে অঙ্কিত করেছে। আপনি একবার সেই চিত্র দেখুন।

রাম—বৎস ! বিষণ্ণা দেবীর আনন্দবিধানের উপায় তুমি জান। তা কোন্ পর্যন্ত চিত্রে অঙ্কিত হয়েছে ?

লক্ষ্মণ—অগ্নিপরীক্ষায় দেবীর বিশুদ্ধি পর্যন্ত।

রাম—থাক থাক আর বোলো না। (সান্ত্বনাবাক্য সহকারে) জন্ম থেকেই যিনি পবিত্র, অন্য কিছু তাঁকে পবিত্র করতে পারে কি ? তীর্থের পবিত্র জল এবং অগ্নির বিশুদ্ধিসাধনের জন্যে অন্য বস্তুর প্রয়োজন হয় না। ১৩ ॥ দেবি ! তোমার জন্ম দেবতার যজ্ঞভূমিতে, আমার প্রতি প্রসন্ন হও, অগ্নিতে তোমার শুদ্ধি হয়েছিল আমার জন্যেই চিরকাল এই নিন্দা থাকবে। আক্ষেপের কথা এই—যারা বংশের গৌরবকে বড়ো মনে করে, প্রজাদের মন বুঝে তাদের চলতে হয়। আমি আগে যে দুঃখজনক অমঙ্গল বাক্য উচ্চারণ করেছি সবই তোমার অযোগ্য ; সুগন্ধি ফুল মাথায় থাকবে এইটেই স্বাভাবিক, তাকে চরণে দলিত করার যুক্তি নেই ! ১৪ ॥

সীতা—তা হোক আর্যপুত্র, তা হোক। এখন এসো, তোমার অভিজ্ঞতার চিত্ররূপ দেখব।

(সকলেই উঠে পরিক্রমণ করলেন)

লক্ষ্মণ—এই সেই চিত্রাবলী !

সীতা—(লক্ষ্য করে) এরা কারা, অন্তরীক্ষে ভিড় করে এসে যেন আর্যপুত্রের ,বন্দনা করছে ?

লক্ষ্মণ—এগুলি গোপন মন্ত্রপূত জৃম্ভকাস্ত্র[৯]। এগুলি ভগবান কৃশাশ্বের কাছ থেকে পেয়েছিলেন কৌশিক বিশ্বামিত্র—তিনি আবার তাড়কাবধের সময় প্রসন্ন হয়ে আর্যকে দান করেছিলেন।

রাম—দেবি! এই দিব্যাস্ত্রগণের বন্দনা করো। ব্রহ্মা প্রভৃতি গুরুগণ বেদের মঙ্গলের জন্যে সহস্রাধিক বৎসর তপস্যা করে এই অস্ত্র দর্শন করেছিলেন—তাদের দীর্ঘ ও দীপ্ত তপস্যাই যেন এই উজ্জ্বল অস্ত্ররূপে পরিণত হয়েছিল। ১৫॥

সীতা—ওঁদের প্রণাম জানাই।

রাম—এখন তোমার সন্তানকেই এরা সেবা করবে।

সীতা—আমি অনুগৃহীত হলাম।

লক্ষ্মণ—এখানে মিথিলার দৃশ্য!

সীতা—তাই তো, এখানে যে আর্যপুত্রকে চিত্রিত করা হয়েছে! শক্তিমান পরিপুষ্ট দেহ প্রস্ফুটিত নীলপদ্মের মতো কোমলোজ্জ্বল, বালোচিত কেশগুচ্ছের শোভায় সুন্দর মুখমণ্ডল—অবলীলায় হরধনু ভঙ্গ করছেন—বিস্ময়স্তিমিত নয়নে পিতা সেই সুন্দর শোভা দেখছেন!

লক্ষ্মণ—আর্যে, দেখুন দেখুন। এখানে আপনার পিতা জনকবংশের নতুন আত্মীয়দের এবং পুরোহিত গৌতমপুত্র শতানন্দ, বশিষ্ঠ প্রভৃতির অর্চনা করছেন। ১৬॥

রাম—এ দৃশ্য দর্শনীয়। জনকবংশ এবং রঘুবংশের এমন মিলন কার কাছে না প্রিয়? বিশেষত যেখানে স্বয়ং কুশিকনন্দন দাতা এবং গ্রহীতা। ১৭॥

সীতা—এই এখানে তোমরা চার ভাই বিবাহকর্মের জন্যে দীক্ষিত—গোদান মঙ্গল-অনুষ্ঠান মাত্র সমাপ্ত হয়েছে—আমার মনে হচ্ছে আমি যেন সেই স্থানে সেই কালে চলে এসেছি।

রাম—তাই বটে! আমিও যেন সেই কালে উপস্থিত হয়েছি যখন সুন্দর কঙ্কণ-পরা তোমার এই হাত পুরোহিত গৌতম আমার হাতে অর্পণ করেছিলেন, সেই হাত আমাকে আনন্দ দিয়েছিল এক মূর্তিমান মহোৎসবের মতো! ১৮॥

লক্ষ্মণ—এই ইনি আর্যা, ইনি আর্যা মাণ্ডবী আর ইনি বধূ শ্রুতকীর্তি।

সীতা—বৎস, আর এই অন্যটি কে?[১০]

লক্ষ্মণ—(সলজ্জ হাস্যে স্বগত) ও! আর্যা, ঊর্মিলার কথা বলছেন। যা হোক, অন্যদিকে এঁর মন আকর্ষণ করি। (প্রকাশ্যে) আর্যে, এইদিকে দেখুন দৃশ্যটি দেখবার মতো! এই ইনি ভগবান ভার্গব!

সীতা—(সভয়ে) আমি ভয়ে কাঁপছি।

রাম—ঋষি! আপনাকে প্রণাম।

লক্ষ্মণ—এই দেখুন—ঋষিকে আর্য—(অর্ধেক বলেই থেমে গেলেন)।

রাম—(তিরস্কারের সুরে) বৎস, আরও অনেক দ্রষ্টব্য আছে, অন্যদিকে নিয়ে চলো।

সীতা—(সপ্রেম ও সশ্রদ্ধ কণ্ঠে) স্বামিন্‌, এই অসামান্য বিনয় তোমাকে সুন্দর মানায়।

লক্ষ্মণ—এই আমরা অযোধ্যায় এলাম।

রাম—(সাশ্রু নয়নে) আমার মনে পড়ছে, সবই মনে পড়ছে। তখন পিতা জীবিত ছিলেন, আমাদের বিবাহ মাত্র সম্পন্ন হয়েছে! মাতৃগণ আমাদের জন্যে চিন্তা করতেন। হায়, সেই দিনগুলি চলে গেছে। ১৯॥

এই জানকীও তখন শিশু—যার মুখের সৌন্দর্যে, ফুলের কলির মতো দাঁতের শোভায় মাতৃগণ মুগ্ধ ছিলেন—সেই দাঁতও মাঝে মাঝে নেই ; সুন্দর কেশগুচ্ছ মুখের দুইপাশে এসে পড়েছে। তার কোমল অঙ্গের স্বাভাবিক লাবণ্য তাঁদের কাছে ছিল চাঁদের আলোর মতো স্নিগ্ধ ও মধুর। ২০ ॥

লক্ষ্মণ—ইনি মন্থরা।

রাম—(দ্রুত অন্যদিকে দেখিয়ে) দেবি বৈদেহি, এই সেই ইঙ্গুদীতরু যেখানে আমাদের সঙ্গে নিষাদপতির সাক্ষাৎ হয়েছিল। ২১ ॥

লক্ষ্মণ—দেখছি, মধ্যম মাতার (বিমাতা) বৃত্তান্ত আর্য এড়িয়ে গেলেন।

সীতা—এই তো ! এখানে দেখতে পাচ্ছি জটাবন্ধনবৃত্তান্ত !

লক্ষ্মণ—আরণ্যকজীবনের যে পবিত্র ব্রত ইক্ষ্বাকুবংশীয় নৃপতিগণ রাজলক্ষ্মীর ভার পুত্রের হাতে সমর্পণ করে বার্ধক্যে গ্রহণ করেছেন সেই ব্রতই আর্য গ্রহণ করেছিলেন যৌবনে। ২২ ॥

সীতা—এখানে স্বচ্ছ ও পবিত্রসলিলা ভগবতী ভাগীরথী।

রাম—রঘুকুলের অধিষ্ঠাত্রি দেবি ভাগীরথি, তোমাকে প্রণাম। দৈহিক ক্লেশ উপেক্ষা করে ভগীরথ তপস্যা করেছিলেন এবং তোমারই পবিত্র জলরাশির স্পর্শে ক্রুদ্ধ কপিলমুনির তেজে ভস্মীভূত তার পিতার পিতামহদের উদ্ধার করেছিলেন।
—সগররাজার যজ্ঞে যখন তারা অশ্বের সন্ধানে পৃথিবী খনন করেছিলেন সেই সময়ে। ২৩ ॥ সেই তুমি পুত্রবধূর প্রতি অরুন্ধতীর মতোই সীতার মঙ্গলচিন্তা করো।

লক্ষ্মণ—ভরদ্বাজমুনি চিত্রকূটে যাবার যে-পথ নির্দেশ করেছিলেন—সেই পথে কালিন্দীতীরে এই সেই 'শ্যাম' নামক বটবৃক্ষ !

(রাম আগ্রহ সহকারে বৃক্ষের দিকে তাকালেন)

সীতা—এই স্থান কি আর্যপুত্রের মনে পড়ে ?

রাম—কেমন করে ভুলব ? এইখানে তুমি আমার বক্ষে পথশ্রমে ক্লান্ত তোমার শিথিল অঙ্গ রেখে ঘুমিয়ে পড়তে—আমি সেই অঙ্গ সংবাহন করতাম—ঘন আলিঙ্গনে দলিত মৃণালের মতো সেই অঙ্গ ছিল দুর্বল। ২৪ ॥

লক্ষ্মণ—এইখানে চিত্রিত হয়েছে বিন্ধ্যারণ্যপ্রবেশের মুখে বিরাধের বাধার দৃশ্য।

সীতা—আর দরকার নেই। আমার প্রথম দক্ষিণারণ্য প্রবেশের চিত্র আমি দেখব—যেখানে সূর্যতপ থেকে আমাকে রক্ষা করার জন্যে আর্যপুত্র স্বহস্তে আমার মাথায় একটি তালবৃন্তের ছত্র ধারণ করেছিলেন।

রাম—গিরিনির্ঝরিণীতীরে এই সেই সব তপোবন ; এখানে মুনিগণ তরুতল আশ্রয় করে থাকেন এবং এখানে আতিথ্যধর্মকেই শ্রেষ্ঠধর্ম হিসাবে গ্রহণ করেছেন—এমন সব নীবারধানপাক-করা ঋষিরা এখানে কুটির নির্মাণ করে বাস করেন। ২৫ ॥

লক্ষ্মণ—এখানে জনস্থানের মধ্যবর্তী সেই প্রস্রবণগিরি, সতত সঞ্চরমাণ মেঘের সান্নিধ্যে এর অন্ধকার আরও নিবিড় ; এর গুহাগুলি চারদিকে বেষ্টিত গোদাবরীর জলে মুখরিত ; সেই গোদাবরীও বনের সংস্পর্শে নীল, স্নিগ্ধ এবং ঘননিবদ্ধ তরুর বেষ্টনে গভীর।

রাম—সুতনু, তোমার কি মনে পড়ে সেই সব দিন—লক্ষ্মণের সেবায় সুস্থ আমরা দু'জন

যে দিনগুলি এই পর্বতে কাটিয়েছিলাম ? স্নিগ্ধসলিলা গোদাবরীকে কি তোমার মনে পড়ে ? কিংবা এর তীরস্থ অঞ্চলগুলিতে আমাদের বিচরণ ? ২৬ ॥ তাছাড়া এখানে আমরা কত কথা দুজনে অবিরল বলে যেতাম, কথার মধ্যে কোনো সঙ্গতি থাকতো না, কানে কানে মৃদুকণ্ঠে কথা বলতে গিয়ে আমাদের কপোল পরস্পর-লগ্ন হতো, প্রত্যেকেরই একটি বাহু অন্যকে জড়িয়ে থাকতো—সেই আলিঙ্গনে কোনো শিথিলতা থাকতো না। এইভাবে রাত্রি প্রভাত হতো—প্রহরগুলি যে কীভাবে চলে যেত আমরা বুঝতে পারতাম না। ২৭ ॥

লক্ষ্মণ—এই যে পঞ্চবটীতে শূর্পণখা !

সীতা—হায় আর্যপুত্র ! এই বুঝি তোমাকে আমার শেষ দর্শন ?

রাম—তুমি বিরহের আশঙ্কায় অধীর হলে, এ তো চিত্র !

সীতা—যাই হোক না কেন—দুর্জন দুঃখ ডেকে আনে।

রাম—হায়, অতীত জনস্থানের কাহিনী মনে হচ্ছে বর্তমানের মতো !

লক্ষ্মণ—তখন দুর্বৃত্ত রাক্ষসগণ স্বর্ণমৃগের ছলনায় এমন কাজ করেছিল যে তার প্রতিশোধ নেবার পরেও আমাদের দুঃখ দিচ্ছে। সেই জনহীন জনস্থানে সেই-দিনকার ইন্দ্রিয়শক্তিহীন আর্যের আচরণ দেখলে পাথরও কাঁদে, বজ্রের হৃদয়ও বিদীর্ণ হয়। ২৮ ॥

সীতা—(অশ্রুপূর্ণ চোখে, আত্মগত) রাজন্, রঘুকুলানন্দ, আমার জন্যে তুমি এত দুঃখ ভোগ করেছিলে ?

লক্ষ্মণ—(লক্ষ্য করে, কাতরকণ্ঠে) আর্য, কী হল ? আপনার এই অশ্রুবিন্দুগুলি ছিন্ন মুক্তাহারের মতো মাটিতে পড়ে ধারায় প্রবাহিত হচ্ছে, আবেগনিরুদ্ধ হলেও আপনার হৃদয় পূর্ণ করেছে—এটা আপনার ওষ্ঠ ও নাসিকার কম্পন থেকেই অন্যে অনুমান করে নিতে পারে। ২৯ ॥

রাম—বৎস, সেই সময়ে প্রিয়ার বিচ্ছেদে যে দুঃখাগ্নি জ্বলে উঠেছিল—তা প্রখর হলেও প্রতিশোধের কামনায় সহ্য করতে পেরেছিলাম। কিন্তু এখন সেই অগ্নি আবার জ্বলে উঠে মর্মক্ষয়ী ক্ষতের মতো আমার হৃদয় পীড়িত করছে। ৩০ ॥

সীতা—হায় হায়, অত্যধিক উৎকণ্ঠায় আমাকে আর্যপুত্র থেকে বিচ্ছিন্ন ভাবছি।

লক্ষ্মণ—(স্বগত) তাহলে অন্যদিকে দৃষ্টি আকর্ষণ করি। (চিত্র দেখে প্রকাশ্যে) এখানে মনুতুল্য প্রাচীন গৃধ্ররাজ তাত জটায়ুর শৌর্য ও কীর্তি অঙ্কিত হয়েছে।

সীতা—হায় তাত, তোমার অপত্যস্নেহ মৃত্যু পর্যন্ত রক্ষিত হয়েছে।

রাম—হায় পিতঃ, তুমি ছিলে কশ্যপবংশীয় গৃধ্ররাজ। আবার কোথায় তোমার মতো পবিত্র ঋষির আবির্ভাব হবে ?

লক্ষ্মণ—জনস্থানের পশ্চিমে এইখানে দণ্ডকারণ্যের এক অংশ—নাম 'চিত্রকুঞ্জবন'; এইখানে দানব কবন্ধ বাস করত। এইখানে ঋষ্যমূখ পর্বতে মতঙ্গ মুনির আশ্রম। এইখানে শবরজাতির সিদ্ধা তপস্বিনী শ্রমণার আশ্রম—আর এই হল পম্পা নামক পদ্ম সরোবর।

সীতা—এইখানেই আর্যপুত্র শত্রুর প্রতি কোপ এবং স্বাভাবিক ধৈর্য ত্যাগ করে মুক্তকণ্ঠে ক্রন্দন করেছিলেন।

রাম—দেবি, এই সরোবর সুন্দর ! এই সরোবরে অশ্রুবিন্দুর পতন ও উদ্গমের অবকাশে

আমি নীলপদ্মশোভিত স্থানগুলি দেখতাম; শ্বেতপদ্মগুলির দীর্ঘ দণ্ড মল্লিকাখ্য হাঁসেরা ডানার ঝাপট কাঁপাতে কাঁপাতে আনন্দে অস্ফুট কণ্ঠে গাইতে থাকত। আমার মনে হত সেই স্থান নীলপদ্মে শোভিত[১২]। ৩১॥

লক্ষ্মণ—এই যে আর্য হনুমান।

সীতা—ইনি সেই মহানুভব মারুতি, ইনি পৃথিবীর মহোপকারী – জীবলোকে ইনিই দুঃখ থেকে উদ্ধার করেছিলেন—এই উদ্ধারকার্য অনেক কাল ধরে সম্পন্ন হয়েছিল।

রাম—সুখের কথা, এই মহাবাহু, অঞ্জনার আনন্দবর্ধন হনুমানের পরাক্রমেই আমরা এবং সমগ্র পৃথিবী কৃতার্থ হয়েছি। ৩২॥

সীতা—বৎস, কী এই পর্বতের নাম? এখানে কুসুমিত কদম্বতরুতে ময়ূরীরা নৃত্যরত; একটি গাছের নিচে আর্যপুত্র চিত্রিত—তাঁর গৌরব যেন নিষ্প্রভ, শুধু দেহের সৌন্দর্য ও মহিমামাত্র অবশিষ্ট—ক্ষণিক মূর্ছার পরে তুমি তাকে অবলম্বন করে আছ, তোমার চোখেও জল?

লক্ষ্মণ—এই সেই বিখ্যাত মাল্যবান পর্বত, এই পর্বত অর্জুনফুলে সুরভিত, এর শিখরে নীল ও স্নিগ্ধ এক মেঘখণ্ড বিশ্রাম নিচ্ছে। এই পর্বতের শিখরে আর্য—

রাম—থাক, আর দরকার নেই। আমি আর সহ্য করতে পারছি না, যেন জানকী-বিচ্ছেদ-দুঃখ আবার আমার কাছে ফিরে এসেছে! ৩৩॥

লক্ষ্মণ—এর পরে চিত্রিত হয়েছে আর্যের, বানর ও রাক্ষসদের অসংখ্য কীর্তিকথা—এদের প্রত্যেকটিই অন্যটি অপেক্ষা বিস্ময়কর! কিন্তু দেবী পরিশ্রান্তা হয়েছেন। আমার অনুরোধ, এবার বিশ্রাম নেওয়া যাক।

সীতা—আর্যপুত্র! এই চিত্রদর্শন করে আমার একটি সাধ জেগেছে[১৩]। আমি একটি অনুরোধ করব।

রাম—অনুরোধ নয়, আদেশ করো।

সীতা—আমার ইচ্ছে হয়—আবার সেই সুন্দর ও গভীর অরণ্যে বিচরণ করি—আর ভগবতী ভাগীরথীর সেই স্নিগ্ধ পবিত্র ও শীতল জলে অবগাহন করি!

রাম—লক্ষ্মণ!

লক্ষ্মণ—এই যে আমি!

রাম—গুরুজন সম্প্রতি এই নির্দেশ পাঠিয়েছেন যে এর সাধ অবিলম্বে পূরণ করতে হবে। সুতরাং এমন রথ প্রস্তুত করো যার গতি স্খলিত হবে না—যার গতি হবে সহজ!

সীতা – আর্যপুত্র, তুমিও আমার সঙ্গে সেখানে যাবে!

রাম—কঠিন হৃদয়ে! এ-ও কি বলে দিতে হবে নাকি?[১৪]

সীতা—আমি খুবই প্রীত হলাম!

লক্ষ্মণ – আর্যপুত্রের যেমন আদেশ। (প্রস্থান)

রাম—প্রিয়ে, এসো এই জানালার কাছে একটু বসি।

সীতা—তাই হোক, পরিশ্রমের ফলে আমার খুব ঘুম পাচ্ছে।

রাম—তাহলে আমাকে ভর দিয়ে থাকো—যতক্ষণ আমি (রথ এলে) তোমার অনুগমন করতে পারি। উত্তেজনায় ও পরিশ্রমে তোমার বাহু ঘর্মাক্ত হয়েছে, সেই বাহু

আমার কণ্ঠে জড়িয়ে দাও, সেই বাহু আমাকে উজ্জীবিত করে তুলবে—সেই বাহুকে দেখাবে চন্দ্রকিরণ-চুম্বনে শিশিরস্রাবী চন্দ্রমণিহারের মতো দীপ্তিময়। ৩৪॥
(সেইভাবে ব্যবস্থা করে সহর্ষে) প্রিয়ে, এ কী? এ কী সুখ না দুঃখ, না মোহ, নিদ্রা, না বিষক্রিয়া, না মত্ততা—আমি কিছুই বুঝতে পারছি না। তোমাকে যখনই স্পর্শ করি আমার সমস্ত ইন্দ্রিয় অভিভূত হয়ে আমার চেতনাকে উদ্ভ্রান্ত করে লুপ্ত করে দেয়। ৩৫॥

সীতা—এই হল আমার প্রতি তোমার স্থির প্রেম—এ ছাড়া আর কী হতে পারে?

রাম—ওগো কমলাক্ষি, তোমার এইসব মধুর উক্তি আমার ম্লান জীবনকুসুমকে বিকশিত করে তুলছে, আমাকে তৃপ্ত করছে—আমার সকল ইন্দ্রিয়কে মুগ্ধ করছে; এই কথা আমার কানে অমৃততুল্য, আমার মনের রসায়ন! ৩৬॥

সীতা—ওগো প্রিয়ংবদ, এসো বিশ্রামের জন্যে শয়ন করি।

(শয়নদ্রব্যের জন্যে চারদিকে তাকালেন)

রাম—প্রিয়ে, কী খুঁজছ তুমি? আমার বিবাহের পর থেকে গৃহে বা অরণ্যে হোক, শৈশবে বা যৌবনে হোক—এই রামের বাহুই তোমার উপাধান হয়েছে, এইখানে তুমি ঘুমিয়ে পড়েছ—অন্য কোনো রমণী যা আশ্রয় করতে পায় নি। ৩৭॥

সীতা—(নিদ্রার অভিনয় করে) তাই সত্য আর্যপুত্র, তাই সত্য। (ঘুমিয়ে পড়লেন)

রাম—এ কী, মধুরবচনা সীতা আমার বক্ষেই ঘুমিয়ে পড়ল? (ভালো করে দেখে) এই সীতা আমার গৃহে লক্ষ্মীস্বরূপা, আমার চক্ষে অমৃতকাজলের বর্তিকা এর স্পর্শ দেহে চন্দনরস-নিষেকের তুল্য, আমার কণ্ঠ ঘিরে এর বাহু স্নিগ্ধ ও মসৃণ মুক্তার মালার মতো শীতল—তার সম্পর্কে কোন্ বস্তুটি প্রিয় নয়? একমাত্র অসহ্য হল তার বিচ্ছেদ। ৩৮॥

(প্রতিহারীর প্রবেশ)

প্রতিহারী—প্রভু, এসেছে![১৫]

রাম—কে এসেছে?

প্রতিহারী—আপনার বিশ্বস্ত পরিচারক দুর্মুখ।

রাম—(স্বগত) অন্তঃপুরচারী দুর্মুখ? তাকে আমি গুপ্তচর হিসেবে নগরে ও গ্রামবাসীর মধ্যে পাঠিয়েছিলাম। (প্রকাশ্যে) প্রবেশ করতে বলো।

(প্রতিহারীর প্রস্থান)

(দুর্মুখের প্রবেশ)

দুর্মুখ—(স্বগত) হায়, আমি কী করে দেবীর বিরুদ্ধে প্রজাদের এই অকল্পনীয় কলঙ্ক-প্রচার মহারাজের কাছে নিবেদন করব? অথবা হতভাগ্য আমার এইটিই কর্তব্য।

সীতা—(স্বপ্নে কথা বলছেন) হায় প্রিয় আর্যপুত্র, তুমি কোথায়?

রাম—হায়, চিত্রদর্শনে এর মনে যে উৎকণ্ঠাদায়ক বিচ্ছেদের ভাবনা জেগে উঠেছিল সেটাই স্বপ্নের উদ্বেগ করেছে। (সস্নেহে অঙ্গ স্পর্শ করে) সেই ভাগ্যবান ব্যক্তিই সুখী যিনি অতি কষ্টে সেই অপূর্ব প্রেমবস্তু লাভ করেছেন যা সুখে দুঃখে একই রূপ, সমস্ত অবস্থায় যা অনুকূল, যেখানে হৃদয় শান্তি লাভ করে, জরা যার আনন্দাস্বাদ নষ্ট করতে পারে না। কালবশে মোহাবরণ দূর হয়ে যা পরিণত স্নেহসার হয়ে যায়। ৩৯॥

দুর্মুখ—(কাছে এসে) মহারাজের জয় হোক।

রাম—যা জানতে পেরেছ, বলো।

দুর্মুখ—নগরবাসী ও পল্লীবাসীরা এই বলে মহারাজের প্রশংসা করে যে মহান্ রাজা রামচন্দ্র রাজা দশরথের কথা ভুলিয়ে রেখেছেন।

রাম—এ তো কেবল প্রশংসা। দোষের কথা কিছু বলো যাতে প্রতিকার করা যায়।

দুর্মুখ—(সাশ্রুকণ্ঠে) শুনুন মহারাজ ! (কানে মুখ রেখে বললেন) এই ধরনের কথা।

রাম—হায়, এ কথা বজ্রতুল্য ! (মূর্ছিত হলেন)

দুর্মুখ—আশ্বস্ত হোন মহারাজ !

রাম—(জ্ঞানলাভ ক'রে) হায় পরগৃহবাসের কলঙ্ককে ধিক্ ! সীতার সম্পর্কে সেই কলঙ্ক অদ্ভুত উপায়ে প্রশমিত হয়েছিল কিন্তু দুর্ভাগ্যবশত সেই কলঙ্ক আবার মত্ত কুকুরের বিষের মতো সর্বত্র ছড়াচ্ছে। ৪০॥ ভাগ্যহীন আমি এ বিষয়ে কী করতে পারি ? (একটু চিন্তা করে, করুণ কণ্ঠে) আর কী-ই বা করব ? যে-কোনো উপায়ে লোকের আরাধনাই সজ্জনের ব্রত ; পিতা আমাকে এবং নিজের প্রাণ ত্যাগ করে সেই ব্রতই পালন করে গিয়েছেন। ৪১॥ পূজ্য বশিষ্ঠও কিছু আগে আমাকে এই নির্দেশই পাঠিয়েছেন।

তাছাড়া, যে শুদ্ধ চরিত্রনীতি সূর্যবংশীয় লোকশ্রেষ্ঠ নরপতিগণ সুপ্রতিষ্ঠিত করে গিয়েছেন তা—ধিক্ আমাকে—আমার স্পর্শে কলঙ্কিত হবে ? ৪২॥ হায় দেবি, তুমি পবিত্র যজ্ঞভূমিতে জন্মগ্রহণ করেছিলে, তোমার জন্মের অনুগ্রহে পৃথিবী পবিত্র হয়েছিল. তুমি নিমিজনকনন্দিনী, তুমি অগ্নি, বশিষ্ঠ ও অরুন্ধতীর স্তুত চরিত্রের অধিকারিণী ! তোমার জীবন রামময়, মহারণ্যে তুমি ছিলে আমার প্রিয় সঙ্গিনী ! তুমি আমার পিতার প্রিয় ছিলে, কত অল্পভাষিণী তুমি। সেই তোমার কী করে এই দশা হল ? তোমার দ্বারাই জগৎ পবিত্র, তোমার সম্পর্কে লোকের উক্তিই অপবিত্র। তুমি জগতের আশ্রয় কিন্তু তুমিই আজ নিরাশ্রয় হয়ে সঙ্কটের সম্মুখীন। ৪৩॥

(দুর্মুখের প্রতি) দুর্মুখ, লক্ষ্মণকে বলো। তোমাদের নূতন রাজা রাম এই আদেশ করছেন (কানে কানে) এই রকম।

দুর্মুখ—হায় ! যিনি অগ্নিতে পরিশুদ্ধা, যিনি গর্ভে রঘুকুলের সন্তান বহন করছেন—কুলোকের কথায় আপনি সেই রাজ্ঞীর প্রতি এই নিষ্ঠুর ব্যবহারের সিদ্ধান্ত কী করে নিলেন ?

রাম—শান্ত হও ! নগর ও গ্রামের অধিবাসী প্রজাগণ দুর্জন কেন হবে ? প্রজাগণ ইক্ষ্বাকুবংশকে ভালোবাসে, আজ দৈবাৎ সেই বংশে কলঙ্কের বীজ দেখা দিয়েছে ; অগ্নিবিশুদ্ধিকালে যে অদ্ভুত ব্যাপার ঘটেছিল, দূরবর্তী স্থানে ঘটেছে বলে কে তাতে বিশ্বাস করবে ? ৪৪॥ সুতরাং তুমি যাও।

দুর্মুখ—হায় দেবি !

রাম—হায় কী কষ্ট ! আমি নৃশংস, অত্যন্ত বীভৎস কাজের অনুষ্ঠান আমাকে করতে হচ্ছে ! যাকে শৈশব থেকে পালন করেছি, সে যেসব জিনিস ভালোবাসে তাই-ই তাকে দিয়েছি, প্রেমের বশেই আমাকে ছেড়ে কখনও সে অন্য কোথাও থাকে নি—তাকেই আমি মৃত্যুর হাতে তুলে দিচ্ছি, কসাই যেমন গৃহপালিত

পাখিকে মৃত্যুর মুখে ঠেলে দেয়। ৪৫॥ আমি অস্পৃশ্য পাতকী, আমি কেন স্পর্শ করে দেবীকে অপবিত্র করি? (ধীরে ধীরে সীতার মাথা তুলে বাহু সরিয়ে নিলেন) তুমি নিরপরাধা, নিষ্ঠুর কর্মের ফলে আমি চণ্ডালতুল্য, আমাকে তুমি ত্যাগ করো। তুমি চম্পকতরুভ্রমে বিষবৃক্ষকে আশ্রয় করে আছ, এর পরিণাম অশুভ। ৪৬॥ (উঠে) হায়, সমস্ত জীবলোক আমার কাছে বিপর্যস্ত বলে মনে হচ্ছে। আজ রামের জীবনের প্রয়োজন নিঃশেষিত; উষর বনভূমির মতো এই জগৎ শূন্য; অসার এই সংসার; অনন্ত এই দেহের দুঃখ। কোনো আশ্রয় আমার নেই! কোন্ পথ আমি অবলম্বন করব?

হায় মাতঃ, রামের জীবনে চৈতন্য সঞ্চার করেছিলে কেবল সে দুঃখ ভোগ করবে বলেই। আমার হৃদয়ে প্রাণ বজ্রনির্মিত কীলকের মতো মর্মভেদ করেছে। ৪৭॥ হায় মাতঃ অরুন্ধতী, ভগবন্ বশিষ্ঠ-বিশ্বামিত্র, দিব্য অগ্নি, হায় দেবি পৃথিবী, হায় তাত জনক, হায় মাতঃ, হায় পিতঃ, প্রিয় সখা সুগ্রীব, ভদ্র হনুমান, হায় পরমোপকারী লঙ্কাধিপতি বিভীষণ, হায় সখি ত্রিজটা, তোমরা সকলে অভিশপ্ত রামকর্তৃক অপমানিত। অথবা, আজ এদের আহ্বান করার অধিকার আমার কোথায়? এরা সকলেই মহাত্মা, আমি অকৃতজ্ঞ পামর, আমি এদের নাম উচ্চারণ করলেই এদের পাপ স্পর্শ করবে। ৪৮॥

গৃহের শোভারূপে আমার এই প্রিয়া আশ্বস্ত চিত্তে, কোনো সংশয় না করে আমার বক্ষে ভর দিয়ে সুখে প্রসুপ্ত হয়েছিল। পূর্ণ গর্ভের ভারে সে ছিল আশঙ্কায় কম্পমান। আমি তাকে তুলে নিয়ে হিংস্র পশুর মুখে উপহার স্বরূপ নিক্ষেপ করেছি। ৪৯॥ (সীতার চরণে মস্তক স্পর্শ করে) রাজ্ঞি! এই শেষবার রামের মস্তক তোমার চরণকমল স্পর্শ করল! রোদন করতে লাগলেন

(নেপথ্যে) অমঙ্গল! ঘোর অমঙ্গল!

রাম—কে আছ, জেনে এসো কী হয়েছে!

(আবার নেপথ্যে)

যমুনাতীরবাসী উগ্রতপা মুনিগণ লবণদানব কর্তৃক উৎপীড়িত হয়ে, আপনি শরণ্য বলে আপনার কাছে উপস্থিত হয়েছেন। ৫০॥

রাম—আঃ, আজও দানবভীতি? আমি অবিলম্বে শত্রুঘ্নকে পাঠাচ্ছি মধুরারাজ, কুম্ভীনসীপুত্র[১৬] এই দানবের উচ্ছেদের জন্যে। কয়েক পা অগ্রসর হয়ে ফিরে এলেন) হায় রাজ্ঞি, এমন অবস্থায় তোমার কী হবে? মাতঃ ধরিত্রী, গৌরবময়ী তোমার এই কন্যাকে রক্ষা করো—সেই জানকী, যিনি জনকবংশ ও রঘুবংশের আশীর্বাদস্বরূপ, যিনি শুদ্ধচরিত্রা পবিত্র যজ্ঞভূমিতে যাঁকে জন্ম দিয়েছিলে। ৫১॥ (ক্রন্দন করতে করতে প্রস্থান)

সীতা—আমার প্রিয় পতি! তুমি কোথায়? (দ্রুত উঠলেন) হায় ধিক্! ধিক্! দুঃস্বপ্নের দ্বারা ভ্রান্ত হয়ে আমি ভাবছিলাম যেন প্রভুর সঙ্গে আমার বিচ্ছেদ ঘটেছে! (চারদিক দেখে) হায়, হায় গভীর ঘুমে আমি যখন আচ্ছন্ন ছিলাম তখন আমাকে একা ফেলে আমার স্বামী চলে গেছেন! এটা কি হতে পারে? বেশ ওঁকে দেখে যদি আমার মনের জোর থাকে তবে আমি ওঁর উপর রাগ করব। কে ওখানে?

(দুর্মুখের প্রবেশ)

দুর্মুখ—দেবি, কুমার লক্ষ্মণ জানাচ্ছেন রথ প্রস্তুত। আপনি আরোহণ করুন।

সীতা—এই তো উঠছি। (উঠে পরিক্রমণ করে) গর্ভভারে আমি চলতে পারছি না। একটু ধীরে ধীরে যাই।[১৭]

দুর্মুখ—এই পথে এই পথে আসুন দেবি!

সীতা—প্রণাম জানাই তপোবন-ঋষিদের, রঘুকুলের দেবতাদের উদ্দেশেও প্রণাম জানাই, আর্যপুত্রের চরণকমলে প্রণাম— সকল গুরুজনদের প্রণাম!

(সকলের প্রস্থান)

॥ মহাকবি ভবভূতি বিরচিত 'উত্তররামচরিত' নাটকে চিত্রদর্শন' নামক প্রথম অঙ্ক ॥

× × × × × × × × × × × × **দ্বিতীয় অংক**[১] × × × × × × × × × × × ×

(নেপথ্যে)

স্বাগত হে তপস্বিনী!

(তারপর পথিকবেশে তাপসী প্রবেশ করলেন)

তাপসী—তাই তো! দূরে বনদেবতা পল্লবে ফল ও পুষ্প চয়ন করে আমাকে অভ্যর্থনা করছেন।

(বনদেবতা প্রবেশ করে পল্লবার্ঘ্য ছড়িয়ে দিলেন)

বনদেবতা—এই বন আপনি যথেচ্ছ ভোগ করুন। আজ আমার শুভদিন। সৎলোকের সঙ্গে সত্বর সাক্ষাৎ অনেক কষ্টে এবং পুণ্যফলেই হয়ে থাকে। বৃক্ষের ছায়া এবং জল, ফল বা মূল যা-কিছু তপস্যার উপযুক্ত খাদ্য সবই সম্পূর্ণ আপনার অধিকারে। ১ ॥

তাপসী—এ বিষয়ে আমি আর কী বলব? প্রিয় ব্যবহার, বাক্যে বিনয়মধুর সংযম, কল্যাণী মতি, সহজ পরিচয়—এই হল সাধু ব্যক্তিদের নীতিরহস্য যার গুণ প্রথমে বা শেষে সকল সময়েই অপরিবর্তিত থাকে, যে-নীতি পবিত্র এবং ছলনা-হীন, সে-নীতিই সর্বত্র বিজয়ী হয়ে থাকে। ২ ॥

(দু'জনে উপবেশন করলেন)

বনদেবতা—আপনার পরিচয় কী জানতে পারি?

তাপসী—আমি আত্রেয়ী।

বনদেবতা—আর্যে আত্রেয়ী, আপনি কোথা থেকে আসছেন? দণ্ডকারণ্যেই বা এলেন কেন?

আত্রেয়ী—এই বনাঞ্চলে অনেক ঋষি আছেন, 'ওঙ্কার' সম্পর্কে যাঁরা জানেন—এঁদের মধ্যে অগস্ত্যই প্রধান। তাঁদের কাছ থেকে বেদান্তজ্ঞান লাভের জন্যে আমি বাল্মীকির আশ্রম থেকে এখানে এসেছি। ৩ ॥

বনদেবতা—যখন অন্য ঋষিগণ পূর্ণ ব্রহ্মবিদ্যালাভের নিমিত্ত ব্রহ্মজ্ঞানের প্রাচীন প্রবক্তা বাল্মীকির শরণাপন্ন হন তখন আর্যে আত্রেয়ী আপনি কেন এই দীর্ঘ প্রবাস-যাত্রার কষ্ট স্বীকার করে নিলেন?

আত্রেয়ী—সেখানে অধ্যয়নের বড়ো বাধা—এইজন্যে দীর্ঘ যাত্রা করতে হয়েছে।

বনদেবতা—কী ধরনের বাধা ?

আত্রেয়ী—কোনো একজন বিশিষ্ট দেবতা এই ঋষির কাছে দুই শিশুকে নিয়ে এসেছেন—তারা মাত্র মাতৃস্তন ত্যাগ করেছে, এমনিই তাদের বয়স। তারা কেবল ঋষিদের নয়, চরাচর সকলেরই অন্তর আকর্ষণ করেছে।

বনদেবতা—আপনি তাদের নাম জানেন কি ?

আত্রেয়ী—সেই দেবতা-ই-তাদের নাম বলেছেন কুশ ও লব—তিনি তাদের প্রভাবও ব্যাখ্যা করেছেন।

বনদেবতা—কী সেই প্রভাব ?

আত্রেয়ী – জন্ম থেকেই ওরা জৃম্ভকাস্ত্র ও তাদের গুপ্ত প্রয়োগকৌশল আয়ত্ত করেছে।

বনদেবতা—এ তো সত্যি বিস্ময়কর !

আত্রেয়ী—তারপর মহর্ষি বাল্মীকি ধাত্রীকর্ম থেকে শুরু করে তাদের লালনপালনের ভার নিলেন। যখন তাদের চূড়াকর্ম অনুষ্ঠিত হল তখন ঋষি ঋক্, সাম, যজুঃ—তিন বিদ্যা বাদ দিয়ে অন্য তিন বিদ্যায় সাবধানে দীক্ষিত করলেন। তারপর গর্ভসঞ্চারের একাদশ বর্ষে তিনি তাদের এবং উপনয়নের ব্যবস্থা করলেন, গুরু দিয়ে তিন বেদ পড়ালেন। কিন্তু এই দুই তীক্ষ্ণধী এবং অসাধারণ স্মৃতিশক্তিসম্পন্ন বালকের সঙ্গে বেদপাঠ করা আমার মতো শিক্ষার্থীর পক্ষে সম্ভব নয়। কেননা, গুরু প্রাজ্ঞ ছাত্রকে যেমন ও নির্বোধকেও তেমন জ্ঞানদান করেন। বিদ্যাশিক্ষার মেধা তিনি বাড়ানোও না কমানোও না। ফলে, এই দুইটি ক্ষেত্রে ফলের দিক থেকে অনেক পার্থক্য দেখা যায়। পবিত্র রত্নেই প্রতিফলন সম্ভব - মৃত্তিকাপিণ্ড বা অন্য কিছুতে তা সম্ভব নয়। ৪ ॥

বনদেবতা—এই কি অধ্যয়নের বাধা ?

আত্রেয়ী—না, আরও আছে।

বনদেবতা—সেটি কী জানতে পারি ?

আত্রেয়ী—তারপর একদিন সেই ব্রহ্মর্ষি মধ্যাহ্নস্নানের[২] জন্যে তমসার তীরে উপস্থিত হলেন। সেখানে তিনি দেখতে পেলেন যুগলচারী ক্রৌঞ্চমিথুনের একটি ব্যাধের শরে বিদ্ধ। তখন আকস্মিকভাবে দৈবী বাক্ তাঁর কণ্ঠে আবির্ভূত হল—সুনিয়মিত অনুষ্টুপ ছন্দে পরিণতা তাঁকে তিনি উচ্চারণ করলেন—হে নিষাদ, তুমি কামমুগ্ধ ক্রৌঞ্চমিথুনের একটিকে হত্যা করেছ,[৩] অনন্তকালেও তুমি প্রতিষ্ঠা লাভ করতে পারবে না। ৫ ॥

বনদেবতা—কী বিচিত্র ! এ যে বেদ থেকেও স্বতন্ত্র এক নতুন ছন্দের[৪] সৃষ্টি !

আত্রেয়ী—তারপর ঠিক সেই সময়ে সৃষ্টিকর্তা পদ্মযোনি ব্রহ্মা, 'বাক্'রূপে যার মধ্যে ব্রহ্মার জ্যোতির স্ফুরণ হয়েছিল সেই ঋষি বাল্মীকির নিকটে এসে বললেন—ঋষিবর ! আপনাতে শব্দাত্মক ব্রহ্মের আবির্ভাব ঘটেছে, আপনি রামচরিত বর্ণনা করুন। আপনার প্রতিভান্বিত দৃষ্টি হবে সর্বদর্শী, কোথাও তা ব্যাহত হবে না। আপনি প্রথম কবি। এই কথা বলার সঙ্গে সঙ্গে তিনি অদৃশ্য হলেন ! তখন প্রচেতার মহনীয় পুত্র (বাল্মীকি) রামায়ণ-ইতিহাস রচনা করলেন—সেই রামায়ণ মর্তে শব্দব্রহ্মের প্রথম প্রকাশ।

বনদেবতা—মর্ত্যভূমি নিশ্চয়ই তাতে অলংকৃত ![৫]

আত্রেয়ী—এই জন্যেই আমি বলেছিলাম, অধ্যয়নে বাধা সৃষ্টি হচ্ছে।
বনদেবতা—সত্যিই তাই।
আত্রেয়ী—আমি বিশ্রাম নিয়েছি ; এখন বলুন কোন্ পথে অগস্ত্যের আশ্রমে যাব ?
বনদেবতা—এই স্থান ছেড়ে পঞ্চবটীতে প্রবেশ করুন—তারপর আপনাকে যেতে হবে গোদাবরীর তীর ধরে।
আত্রেয়ী—(অশ্রুসজল) তাহলে এই কি তপোবন ! এই কি পঞ্চবটী—এই নদীর নাম তবে গোদাবরী—এই সেই প্রস্রবর্ণগিরি ? আপনি কি জনস্থানবনদেবতা বাসন্তী ?
বনদেবতা—আপনি যা বলছেন সবই ঠিক তাই।
আত্রেয়ী—হায় বৎসে জানকি ! আজ তোমার নামমাত্র অবশিষ্ট থাকলেও প্রাসঙ্গিক কথার বিষয় তোমার প্রিয় এই তরুদল দেখে মনে হচ্ছে—তুমি আমাদের দৃষ্টির সামনে দাঁড়িয়ে আছ। ৬ ॥
বাসন্তী—(সভয়ে, স্বগত) নামমাত্র অবশিষ্ট বললেন না ? (প্রকাশ্যে) আর্যে, আর্যে সীতার কি অমঙ্গল ঘটেছে ?
আত্রেয়ী—কেবল অমঙ্গল নয়, কলঙ্কও (কানে কানে) এই রকম ! এই ব্যাপার ! (মূর্ছিত হলেন)
বাসন্তী—হায় ! কী দারুণ দৈববিপর্যয় !
আত্রেয়ী—ভদ্রে, আশ্বস্ত হোন, আশ্বস্ত হোন !
বাসন্তী—হায় প্রিয়সখি ! মহাভাগিনি ! এই অদৃষ্টের জন্যেই কি তোমার সৃষ্টি হয়েছিল ? হায় রামচন্দ্র ! থাক্, তোমাকে আর প্রয়োজন নেই। আর্যে আত্রেয়ি, লক্ষ্মণ বনে ত্যাগ করে চলে যাবার পর রাজ্ঞী সীতাদেবীর কী হল সেই সম্পর্কে কোনো সংবাদ রাখেন কি ?
আত্রেয়ী—না, কিছু না।
বাসন্তী—কী দুর্ভাগ্য ! রঘুবংশের পালক যেখানে বশিষ্ঠ ও অরুন্ধতী, যেখানে বৃদ্ধ রাজ্ঞীরা জীবিত সেখানে এমন অবস্থা কী করে হতে পারে ?
আত্রেয়ী—গুরুজনেরা সেই সময় ঋষ্যশৃঙ্গের আশ্রমে ছিলেন। সম্প্রতি দ্বাদশবার্ষিক যজ্ঞ সমাপ্ত হয়েছে। ঋষ্যশৃঙ্গ তাঁদের সম্মাননা করে বিদায় দিয়েছেন। তখন ভগবতী অরুন্ধতী বললেন, বধূহীন অযোধ্যায় আমি ফিরে যাব না। তাঁর সেই কথা রামচন্দ্রের মাতৃগণ অনুমোদন করেছিলেন। সেই প্রস্তাবের অনুমোদন-ক্রমেই ভগবান বশিষ্ঠ এই পরিশুদ্ধ বাক্য উচ্চারণ করেছিলেন—তাঁরা বাল্মীকির আশ্রমে গিয়ে সেইখানেই বাস করবেন।
বাসন্তী—এখন সেই রাজা কী করছেন ?[৬]
আত্রেয়ী—তিনি অশ্বমেধ যজ্ঞের অনুষ্ঠানে প্রবৃত্ত হয়েছেন।
বাসন্তী—হায় ধিক্, তিনি বিবাহ পর্যন্ত করেছেন ?
আত্রেয়ী—ছি ছি ! না, না।
বাসন্তী—তবে এই যজ্ঞে তাঁর সহধর্মচারিণী কে ?
আত্রেয়ী—সীতার স্বর্ণময়ী প্রতিকৃতি।
বাসন্তী—অহো, মহামানবের মন বজ্রের চেয়ে কঠোর, আবার কুসুমের চেয়ে কোমল—কে তার পরিমাপ করতে পারে ? ৭ ॥
আত্রেয়ী—বামদেব কর্তৃক মন্ত্রপূত যজ্ঞীয় অশ্ব ছেড়ে দেওয়া হয়েছে—যথাশাস্ত্র অশ্ব-

রক্ষকের ব্যবস্থা করা হয়েছে। দিব্য অস্ত্রের প্রয়োগকৌশলে অভিজ্ঞ লক্ষ্মণের পুত্র চন্দ্রকেতু তাদের পরিচালক হিসেবে প্রেরিত হয়েছেন, তাদের পিছনে আছে চতুরঙ্গ সেনা।

বাসন্তী—(চক্ষে কৌতুক ও স্নেহাশ্রু) কুমার লক্ষ্মণেরও পুত্র! যাক বাঁচা গেল।৭

আত্রেয়ী—ইতিমধ্যে এক ব্রাহ্মণ তার পুত্রের মৃতদেহ রাজপ্রাসাদের বাইরে রেখে বক্ষে আঘাত করে কেঁদে উঠল—অমঙ্গল! রাজা ভেবে দেখে স্থির করলেন, তিনিই অপরাধী. রাজার অপরাধ বিনা প্রজাদের মধ্যে অকালমৃত্যু সম্ভব নয়। তখন সহসা এক আকাশবাণী শোনা গেল—'শম্বুক নামে এক শূদ্র পৃথিবীতে তপস্যা শুরু করেছে ; তার শীর্ষছেদ তোমাকে করতে হবে—তাকে বধ করে ব্রাহ্মণপুত্রের জীবন ফিরিয়ে দাও।' ৮॥ এই বাণী শোনামাত্র সেই মহীপতি উম্মোচিত অসি হাতে নিয়ে পুষ্পকরথে আরোহণ করলেন এবং দিক-বিদিকে সেই শূদ্র তপস্বীর সন্ধানে ঘুরে বেড়াতে লাগলেন।

বাসন্তী—শম্বুক নামে এক ধূম্রপায়ী তপস্বী জনস্থানে তপস্যায় রত, আশা করছি রামভদ্র আবার এই অরণ্য অলংকৃত করবেন!

আত্রেয়ী—ভদ্রে, এখন তবে আসি।

বাসন্তী—আর্যে অত্রেয়ি, তাই হোক ; অনেক বেলা হয়ে গিয়েছে ? তীরস্থ বৃক্ষগুলিতে পাখির নীড় নির্মিত ; কণ্ডূয়ন নিবৃত্ত করতে গিয়ে হস্তিগণ গাছের গায়ে যে আঘাত করছে তার নাড়ায় গ্রীষ্মের তাপে শিথিলবৃন্ত ফুলগুলি ঝরে পড়ছে, মনে হচ্ছে গাছগুলি যেন সেই ফুল দিয়ে গোদাবরীর অর্চনা করছে। তাদের ছায়ায় থেকে যে-সব পাখি চঞ্চু দিয়ে খাদ্যের জন্যে গাছের ফুল ঠোকরায় তারা কীটগুলি বার করে নিয়েছে। তাদের শাখায় ক্লান্ত কপোত এবং বন্য মুরগীর কূজন শোনা যাচ্ছে। ৯॥ (পরিক্রমণ এবং প্রস্থান)

শূদ্রবধ বিষ্কম্ভক[৮]

(অসি হস্তে পুষ্পকরথে সদয়চিত্ত রামের প্রবেশ)

রাম—রে দক্ষিণ হস্ত, এই অসি সেই শূদ্র তপস্বীর মস্তকে পাতিত করো. যাতে সেই ব্রাহ্মণের পুত্র পুনর্জীবন লাভ করতে পারে ; তুমি রামদেহের একটি অঙ্গ—যে রাম গর্ভভারজর্জরিতা সীতার নির্বাসনে পটু। তোমার করুণা কোথায় ? ১০॥ (কোনো প্রকারে আঘাত করে) রামের যোগ্য কর্ম করা হয়েছে—কিন্তু সেই ব্রাহ্মণপুত্র কি জীবন ফিরে পাবে ?

(দিব্যপুরুষের প্রবেশ)

দিব্যপুরুষ—দেবের জয় হোক। আপনি মৃত্যুদেবতার বিরুদ্ধেও রক্ষার আশ্বাস দিতে সমর্থ, আপনি যখন আমায় উপর দণ্ডবিধান করেছেন—তখন ব্রাহ্মণ পুত্রের জীবন ফিরে পেয়েছে—আমিও বর্তমান গৌরবের অধিকারী হয়েছি, অর্থাৎ শূদ্রত্ব থেকে দিব্যস্বরূপ লাভ করেছি। আমি শম্বুক—মস্তক অবনত করে চরণে প্রণত হচ্ছি। সজ্জনের সংস্পর্শে যদি মৃত্যুও ঘটে তাতেও মুক্তিলাভ হয়। ১১॥

রাম—এই দু'টি ঘটনাতেই আমি আনন্দিত। সুতরাং তুমি তোমার কঠিন তপস্যার সুফল ভোগ কর। যেখানে সুখ ও আনন্দ, পুণ্য ও সমৃদ্ধি বিরাজিত বৈরাজ নামক সেই সকল উজ্জ্বল ও প্রশান্ত লোকের তুমি অধিকারী হও। ১২॥

শম্বুক—এই সব গৌরব আপনার অনুগ্রহের জন্যেই। এখানে তপস্যার প্রয়োজন কী ?

অথবা আমার তপস্যার কাছেই আমি গভীরভাবে ঋণী। আপনি ভূতনাথ এবং সকলের শরণ্য, এ জগতে সকলে আপনাকেই সন্ধান করে বেড়ায়—আপনি যে আমার মতো এক হতভাগ্য শূদ্রের সন্ধানে শত শত যোজন পথ অতিক্রম করে এসেছেন—এই তো আমার তপস্যার ফল। তা না হলে আপনি অযোধ্যা থেকে আর দণ্ডকারণ্যে আসবেন কেন ? ১৩ ॥

রাম—কী ! এই কি দণ্ডকারণ্য ? (সব দিক থেকে চেয়ে দেখে) তাই তো—কোথাও মসৃণ এবং শ্যামবর্ণ, অন্যদিক ভীষণ বিস্তারের জন্যে রুক্ষ. কোথাও দিকসমূহ নির্ঝরের ঝঙ্কারে মুখর, দণ্ডকারণ্যের এই সকল ভূমিভাগ আমার পরিচিত। আমি আবার এই সব অঞ্চল দেখতে পেলাম—এই স্থান পবিত্র তীর্থ, আশ্রম, পর্বত, নদী, গহ্বর ও কান্তারে পূর্ণ। ১৪ ॥

শম্বুক—এই হল দণ্ডকারণ্য ! যখন এখানে আপনি ছিলেন তখন আপনি চোদ্দ হাজার চোদ্দজন রাক্ষসী এবং খর দূষণ ও ত্রিমূর্ধা—এই তিন রাক্ষসকে বধ করেছিলেন। ১৫ ॥ তার ফলে আমার মতো পল্লীবাসীর পক্ষেও ঋষিদের বাসভূমি এই জনস্থানে নির্ভয়ে বিচরণ সম্ভব হয়েছে।

রাম—শুধু দণ্ডকারণ্য নয়, জনস্থানও ?

শম্বুক—নিশ্চয়। জনস্থানের পার্শ্ববর্তী এই সব বিশাল অরণ্য দক্ষিণ দিকে প্রসারিত। পর্বতে গুহাগুলি বন্য ও ভয়ঙ্কর প্রাণিসমূহে পূর্ণ—এই সব অরণ্য সকলেরই ত্রাস সৃষ্টি করে থাকে। দেখুন—বনের প্রান্তভূমি কোথাও নিশ্চল ও নীরব, কোথাও আবার বন্য জন্তুর ভীষণ গর্জনে প্রতিধ্বনিত, সেখানে স্বেচ্ছাসুপ্ত বিস্তীর্ণ ফণা বিশিষ্ট সর্পের নিঃশ্বাসে আগুন জ্বলে ওঠে ; সেখানে গহ্বরের মধ্যে সামান্য স্বচ্ছ জল অবশিষ্ট এবং সেখানে অজগরের ঘর্মরস তৃষ্ণার্ত কৃকলাসেরা পান করে থাকে। ১৬ ॥

রাম—একদিন যেখানে খরের আবাসভূমি ছিল সেই জনস্থানকে আমি আবার দেখতে পাচ্ছি। অতীতের ঘটনাগুলি প্রত্যক্ষের মতোই অনুভব করছি। ১৭ ॥ (চারদিকে দৃষ্টিপাত করে) বৈদেহীর নিকটে উপবন বড়ো প্রিয় ছিল—এইগুলিই উপবন। এর চেয়ে আর কী ভয়ানক হতে পারে ? (অশ্রুরুদ্ধ নয়নে) 'তোমার সঙ্গে আমি সুগন্ধি উপবনে বাস করব'—সে তাই বলেছিল—এবং এইগুলিতেই ছিল তার আনন্দ। এমনই ছিল তার প্রেম। ১৮ ॥ প্রিয় ব্যক্তি নিজে কিছু না করেও আনন্দের দ্বারা দুঃখ দূর করে দেয় ; যার প্রিয়জন আছে সে অমূল্য সম্পদের অধিকারী। ১৯ ॥

শম্বুক তাহলে এই (জনস্থানের প্রান্তবর্তী) অসহ দুঃখজনক বনের দৃশ্যে দরকার নেই। হে মহানুভব ! তাহলে আপনি চেয়ে দেখুন শান্ত ও গম্ভীর এই মধ্যভাগে স্থিত অরণ্যের দিকে। এই অরণ্য পর্বতপূর্ণ ; এই সব পর্বতের শোভা কেকামুখর ময়ূরের কণ্ঠের মতো কোমল সৌন্দর্যে মণ্ডিত, ঘননিবন্ধ এবং ঘনান্ধকারসমন্বিত তরুণ বৃক্ষসমূহে সজ্জিত, এখানে বিচিত্র মৃগদল নির্ভয়ে ঘুরে বেড়ায়। এখানে বয়ে যাচ্ছে কত স্রোতস্বিনী, জম্বুবনের কুঞ্জপথে যখন ওরা অতি কষ্টে প্রবাহিত হতে থাকে তখন জলধারা কলরবে মুখর হয়ে ওঠে—সেই জম্বুবন পরিপক্ব ফল-সম্পদে শ্যামবর্ণ। মদমত্ত পাখিদের আশ্রয় বানীর-লতা, সেই লতার ফুল ঝরে পড়েছে স্রোতস্বিনীর জলে, ফলে সেই জল হয়ে

উঠেছে স্বচ্ছ, শীতল ও সুগন্ধ! ২০॥ তাছাড়া, এখানে গুহাবাসী তরুণ ভল্লুকের গর্জন প্রতিধ্বনিত হয়ে বিপুলতা লাভ করে। হস্তীদ্বারা বিচ্ছিন্ন শল্লকীবৃক্ষের গ্রন্থি থেকে নিঃসৃত রসের শীতল, কটু ও সুগন্ধ চারদিকে ব্যাপ্ত হয়। ২১॥

রাম—(অশ্রু সংযত ক'রে) সখে তোমার দেবযানের পথ নিরাপদ হোক, তুমি পবিত্র ধামে যাত্রা করো।

শম্বুক—ব্রহ্মজ্ঞানের প্রাচীন উদ্গাতা অগস্ত্য মুনিকে প্রথমে প্রণাম করব—তারপর যাব অনন্তধামে। (প্রস্থান)

রাম—যে-বনে আমরা পূর্বে দীর্ঘকাল তপস্বীবেশে ও গৃহীরূপে কর্তব্যরত হয়ে বাস করেছিলাম, পার্থিব সুখ আস্বাদন করেছিলাম সেই বনই আবার দেখতে পাচ্ছি। ২২॥ এটি কী করে সম্ভব হল? এই তো সেই পর্বতমালা, যেখানে ময়ূরের কেকাধ্বনি—সেই বনস্থলী, প্রমত্ত হরিণেরা যেখানে বিচরণ করছে; এই তো সেই সব নদীতট—সুন্দর বঞ্জুল লতায় এবং ঘনসন্নিবিষ্ট কদম্ব ও নিচুলবৃক্ষে শোভিত। ২৩॥ মেঘমালার মতো ঐ প্রস্রবণগিরি-দূরবর্তী হয়েও নিকটস্থ বলে মনে হচ্ছে—পাশে গোদাবরী নদী প্রবাহিত। ২৪॥

এই পর্বতেরই শিখরে গৃধ্ররাজ জটায়ু বাস করতেন। তার নিচে ঐসব পর্ণকুটিরে আমরা আনন্দ ভোগ করতাম, গোদাবরীর জলে বৃক্ষের শ্যামলশ্রী প্রসারিত আর সুন্দর বনান্তভূমি পাখির কলরবে মুখরিত। ২৫॥ এখানে নিশ্চয়ই সেই পঞ্চবটী বিরাজিত—যেখানে কত সুন্দর স্থান দীর্ঘপ্রবাসে থাকার জন্যে আমাদের অনিয়মিত বিশ্রম্ভালাপের সাক্ষী হয়ে আছে এবং এইখানেই প্রিয়ার সখী বনদেবতা বাসন্তী ছিলেন! রামের আজ এ কী হল?

আমার ঘনীভূত শোক যেন নতুন শোকের মতোই আমাকে বিচলিত করে তুলেছে—যেন তীব্র বিষরস দীর্ঘকাল পরে বেগে উদ্গত হয়ে দেহের সর্বত্র সংক্রামিত হচ্ছে; যেন কোনো দিক থেকে সবলে নিক্ষিপ্ত এক শর আমাকে বিদ্ধ করেছে, যেন একটি ব্রণমুখ বহুকাল রুদ্ধ ছিল, আবার নতুন করে মর্মস্থলে তার মুখ খুলেছে। ২৬॥ যাই হোক, আমার অতীতের বন্ধু এই সকল স্থান আমি দেখব। (লক্ষ্য করে) হায়, সেই বস্তুসমূহের অবস্থান এখন অন্যরূপ ধারণ করেছে—যেমন, আগে যেখানে ছিল নদীর জলধারা, এখন সেখানে বালুকাতট, বৃক্ষের ঘনত্ব বা বিরলভাবও পরিবর্তিত হয়েছে। দীর্ঘকাল পরে দেখে আমার মনে হয় এই বন পৃথক, কিন্তু পর্বতের অবস্থান থেকে বুঝতে পারছি, সেই বনই বটে! ২৭॥ হায় আমি যখন এই স্থান ছেড়ে যেতে চাচ্ছি তখন পঞ্চবটীর প্রতি আমার প্রীতি আমাকে সবেগে আকর্ষণ করছে।

হায়, কীভাবে এই অভিশপ্ত রাম তাঁর প্রিয়াকে মৃত্যুর মুখে ঠেলে দিয়ে এখন একা এই পঞ্চবটী দর্শন করবে কিংবা একে সম্মান না দেখিয়েই ফিরে যাবে? এই পঞ্চবটীতে স্বগৃহবাসের মতোই সে সেই সব দিনগুলি প্রিয়ার সাহচর্যে কাটিয়েছে এবং এই পঞ্চবটীর সম্পর্কেই (অযোধ্যায় ফিরে যাবার পর) তাদের মধ্যে কত দীর্ঘ কথাবার্তা হয়েছে। ২৮॥

(শম্বুকের প্রবেশ)[10]

শম্বুক—মহারাজের জয় হোক। ভগবন্! পূজ্যপাদ অগস্ত্য আমার কাছে আপনার

এই স্থানে উপস্থিতির কথা জানতে পেরে এই বার্তা পাঠিয়েছেন—বিমান থেকে আপনার অবতরণকালে করণীয় মঙ্গলকর্মের আয়োজন করে স্নেহময়ী লোপামুদ্রা আপনার জন্যে প্রতীক্ষা করছেন ; অন্যান্য মুনিরাও আপনার অপেক্ষায় আছেন। আপনি অনুগ্রহপূর্বক এসে আপনার উপস্থিতি দিয়ে আমাদের সম্মানিত করুন। তারপর দ্রুতগামী পুষ্পক-বিমানে অযোধ্যায় ফিরে গিয়ে আপনি অশ্বমেধ যজ্ঞের জন্যে প্রস্তুত হবেন।

রাম পূজনীয় ঋষি যেমন আদেশ করছেন।

শম্বুক—আপনার পুষ্পকরথ তাহলে এইদিকে পরিচালিত করুন।

রাম—(রথের গতি প্রবর্তিত ক'রে) ভগবতি পঞ্চবটি ! রামচন্দ্র গুরুজনের উপরোধে সাময়িকভাবে কর্তব্যে অবহেলা করবে—তাকে ক্ষমা করুন।

শম্বুক—দেব ! দেখুন, দেখুন, এখানে ক্রৌঞ্চাবত পর্বত ; এখানে সুবিস্তৃত বাঁশঝাড়ের মধ্যে বায়ু প্রবাহিত হওয়ায় অবিরাম শন্‌শন্‌ শব্দ হচ্ছে—তার মধ্যে বিচিত্র কাকের দল নীরব হয়ে আছে—সেই সব বাঁশঝাড় নিজ নিজ কুঞ্জনিবাসী অসংখ্য পেচকের শব্দে প্রতিধ্বনিত। এই ক্রৌঞ্চাবতে ময়ূরের শব্দে ভীত সর্পদল এখানে ওখানে ছুটতে ছুটতে প্রাচীন চন্দনশাখায় আশ্রয় নিয়েছে। ২৯ ॥ তাছাড়া, এইখানে সেইসব দক্ষিণদেশীয় পর্বত—এদের শিখর আশ্রিত-মেঘের সংস্পর্শে নীলিমায় অলঙ্কৃত ; এদের গুহাগুলি গোদাবরীর গম্ভীর গর্জনে মুখরিত ; এখানে সেইসব গভীরজলগর্ভ পবিত্র নদীসঙ্গম দ্রুতধাবিত তরঙ্গের গর্জনে এবং পরস্পরের প্রতিঘাতে ভয়ঙ্কর ! ৩০ ॥ (উভয়ের প্রস্থান)

॥ ভবভূতিরচিত 'উত্তররামচরিত' নাটকে 'পঞ্চবটী প্রবেশ' নামক দ্বিতীয় অঙ্ক ॥

× × × × × × × × × × × × × তৃতীয় অংক × × × × × × × × × × × × ×

(তারপর নদীদ্বয়ের প্রবেশ—তমসা ও মুরলা)

তমসা সখি মুরলে ! এত ব্যস্ত হয়ে কোথায় ছুটেছ ?

মুরলা—ভগবতি তমসে ! ভগবান অগস্ত্যের পত্নী লোপামুদ্রা আমাকে নদীশ্রেষ্ঠা গোদাবরীর কাছে এই সংবাদ বলতে পাঠিয়েছেন—'তুমি নিশ্চয়ই জান, স্ত্রী-পরিত্যাগের পর থেকে রামের করুণ শোকানুভূতি গাম্ভীর্যহেতু বাইরে প্রকাশিত হচ্ছে না—তবু তীব্র যন্ত্রণা অন্তরে প্রচ্ছন্ন,—এ যেন রুদ্ধমুখ পাত্রে কোনো বস্তুর অগ্নিতে পাক ! ১ ॥ এমন প্রিয়জনের এই সঙ্কটের পরে দীর্ঘকাল শোক-সন্তাপ অক্ষুণ্ণ থাকায় রামচন্দ্র এখন শীর্ণ হয়ে পড়েছেন। ওঁকে দেখে আমার মর্মমূল কেঁপে উঠেছে ; তাছাড়া রামভদ্র যখন ফিরে যাচ্ছেন তখন তিনি নিশ্চয়ই পঞ্চবটীতে সে সকল স্থল দেখবেন যেখানে স্ত্রীর সঙ্গে তিনি একত্র বাস করেছিলেন বলে তাঁদের স্নেহস্মৃতি জড়িয়ে আছে। এই পরিবেশে নিসর্গবীর হলেও তাঁর যে গভীর ও তীব্র শোকের উদয় হবে তাতে প্রতিপদে তাঁর সঙ্কটের আশঙ্কা রয়েছে। সুতরাং ভগবতি গোদাবরি ! তোমাকে সতর্ক হয়ে থাকতে হবে। রামের মোহ উপস্থিত হলে প্রত্যেক বারই তাঁকে উজ্জীবিত করবার জন্যে তুমি তোমার তরঙ্গস্পর্শী শীতল বায়ু ধীরে ধীরে পাঠিয়ে দিও—

তাতে থাকবে শীতল জল-কণা, সেই বায়ু বহন করবে পদ্মকেশরের গন্ধ ! ২ ॥

তমসা—রামের জন্যে লোপামুদ্রার যে স্নেহ—এই দাক্ষিণ্য তারই যোগ্য। রামচন্দ্রের উজ্জীবনের এক মৌলিক উপায় তো আজ কাছেই আছে।

মুরলা—কী রকম ?

তমসা—শোনো। দীর্ঘকাল পূর্বে যখন লক্ষ্মণ বাল্মীকির আশ্রমের নিকটে সীতাদেবীকে ত্যাগ ক'রে চলে গেলেন তখন সীতাদেবী প্রসবদেবনা উপস্থিত দেখে গভীর দুঃখের আবেগে গঙ্গার স্রোতে ঝাঁপিয়ে পড়লেন। সেই মুহূর্তে দুটি শিশুর জন্ম হল ; ভগবতী পৃথিবী ও গঙ্গাদেবী শিশুদুটিকে পাতালে নিয়ে গেলেন। স্তন ত্যাগের পরে গঙ্গাদেবী স্বয়ং সেই শিশুদুটিকে মহামুনি বাল্মীকির তত্ত্বাবধানে রেখে গেলেন।

মুরলা—(সবিস্ময়ে) এই-জাতীয় চরিত্রের দুর্ভাগ্যও বিস্ময়জনক, কেননা এইসব মহাপ্রাণ ব্যক্তিরাও তাতে সহায়ক হয়ে থাকেন। ৩ ॥

তমসা—কিন্তু এখন ভগবতী গঙ্গা সরযূর মুখে শম্বুকের ব্যাপারে জনস্থানে রামের সংঘটিত উপস্থিতির কথা শুনতে পেয়ে ভগবতী লোপামুদ্রা স্নেহবশত যেমন আশঙ্কা করেছিলেন তেমনি আশঙ্কা করে সীতার সঙ্গে গৃহকার্যের ছলে গোদাবরী দর্শনে এসেছেন।

মুরলা—ভগবতী ভাগীরথী ঠিকই ভেবেছেন, কারণ যখন রাম রাজধানীতে ছিলেন নিশ্চয়ই তাঁর মনোযোগ আকৃষ্ট হত জগতের মঙ্গলজনক কাজে, তাই তাঁর চিত্তবিক্ষেপও থাকত সংযত। কিন্তু এখন তাঁর কোনো কাজ নেই, শোক ভিন্ন অন্যকোনো সঙ্গীও নেই—তাই পঞ্চবটীপ্রবেশ তাঁর পক্ষে সঙ্কটজনক হয়ে উঠবে। কিন্তু সীতা রামকে সান্ত্বনা দেবে কীভাবে ?

তমসা—ভগবতী ভাগীরথী বলেছেন,'সীতা', তুমি যজ্ঞভূমিজাতা, আমাদের প্রিয়। আজ চিরায়ুষ্মান লব ও কুশের জন্ম থেকে দ্বাদশ বৎসরের সংখ্যা গণনার মঙ্গলগ্রন্থি বন্ধনের উৎসব। সুতরাং তুমি নিজ হাতে পুষ্প চয়ন করে তোমার প্রাচীনশ্বশুর[১] সূর্যদেবতার অর্চনা করো। ইনি সমস্ত পাপ দূর করেন, বিশাল মানব রাজর্ষিবংশের ইনিই স্রষ্টা। আমার শক্তির প্রভাবে তোমার মর্ত্যভূমিতে বিচরণকালে বনদেবীরাও তোমাকে দেখতে পাবেন না, মানুষদের তো কথাই নেই। আমাকেও এই নির্দেশ দেওয়া হয়েছে. তমসা, আমার পুত্রবধূ সীতা তোমাকে ভালোবাসে, সুতরাং তার সঙ্গিনী হও।' এখন আমি কর্তব্য পালন করতে যাচ্ছি।

মুরলা—আমিও এই বৃত্তান্ত ভগবতী লোপামুদ্রাকে জানাব। আমার মনে হয় রামভদ্রও এসে গেছেন।

তমসা—ঐ তো গোদাবরীর জল থেকে উঠে এসে জানকী বনের দিকে আসছেন। তার মুখ সুন্দর, কিন্তু গণ্ডস্থল বিবর্ণ ও শীর্ণ ; দুই পাশে কেশপাশ ইতস্ততঃ আন্দোলিত হচ্ছে। মনে হচ্ছে, তিনি যেন শোকের প্রতীক অথবা বিচ্ছেদদুঃখের মূর্তি ! ৪ ॥

মুরলা—এই যে ইনি—হৃদয়কুসুমশোষী দারুণ দীর্ঘশোক এঁর পাণ্ডুবর্ণ ক্ষীণ শরীরকে ক্লিষ্ট করছে যেমন শরতের উত্তাপ কেতকীপুষ্পের কোমল গর্ভপত্রটিকে ক্লিষ্ট করে। এঁর শরীরটাকে মনে হয় বোঁটাছেঁড়া সুন্দর কিশলয়। ৫ ॥

(পরিক্রমার পর উভয়ের প্রস্থান)

শুদ্ধ বিষ্কম্ভক

(নেপথ্যে)

বিপদ ! দারুণ বিপদ !

(সীতার প্রবেশ ; সীতা পুষ্পচয়নে ব্যস্ত—বিষাদ ও উৎকণ্ঠার সঙ্গে তিনি শুনছেন)

সীতা—হায় ! আমার মনে হয় প্রিয়সখী বাসন্তী কথা বলছে।

(পুনরায় নেপথ্যে)

যে-তরুণ হস্তিশাবক খাদ্যের জন্যে সম্মুখে এসে দাঁড়ালে সীতাদেবী শল্লকীবৃক্ষের পল্লব খেতে দিয়ে তাকে পুষ্ট করেছিলেন—

সীতা—তার কী হয়েছে ? কী হয়েছে ?

(নেপথ্যে)

সেই হস্তী যখন হস্তিনীর সঙ্গে খেলা করছিল তখন মত্ততাহেতু তাকে আর একটি শক্তিমান হস্তী অতিদর্পে এসে আক্রমণ করেছে। ৬ ॥

সীতা—(সন্ত্রস্ত অবস্থায় কয়েক পা অগ্রসর হয়ে) আর্যপুত্র ! রক্ষা করুন, আমার ঐ পুত্রকে রক্ষা করুন (স্মৃতির অভিনয় করে সবিষাদে) হায়, হায়, আমি হতভাগিনী—যে কথাগুলি দীর্ঘকাল আমি বলতে অভ্যস্ত পঞ্চবটী দেখার পর তাই আমি বলে ফেলেছি, হায় আর্যপুত্র ! (মূর্ছিতা হলেন)

(তমসার প্রবেশ)

তমসা—বৎসে, আশ্বস্ত হও, অশ্বস্ত হও।

(নেপথ্যে)

হে বিমানশ্রেষ্ঠ পুষ্পক, এইখানেই থামো।

সীতা—(জ্ঞান ফিরে পেয়ে ভয় ও আনন্দমিশ্রিত কণ্ঠে এ কী ! কোথা থেকে এই সজল মেঘের গর্জনের মতো গম্ভীর ও দৃঢ় কণ্ঠ ভেসে আসছে ? এই ধ্বনি আমার মতো হতভাগিনীর কর্ণদ্বয় পূর্ণ করে উৎসুক করে তুলেছে ?

তমসা— স্নেহাশ্রুপূর্ণ দৃষ্টিপাত করে বৎসে এ ধ্বনির উৎস অনিশ্চিত; তাছাড়া ধ্বনিও অস্পষ্ট। তা শুনেই তোমার এমন অবস্থা হল কেন ? তোমাকে দেখে মনে হয় যেন ময়ূরী মেঘধ্বনি শুনে চকিত ও উৎসুক হয়ে উঠেছে। ৭ ॥

সীতা—দেবি, আপনি এই ধ্বনিকে অস্পষ্ট বলছেন ? স্বরসংযোগ থেকে আমি বুঝতে পেরেছিলাম আমার স্বামীই কথা বলছেন।

তমসা—শোনা যাচ্ছে, ইক্ষ্বাকু-কুলের রাজা একজন শূদ্র তপস্বীকে দণ্ড দিতে এই জনস্থানেই এসেছেন।

সীতা—রাজা যে রাজকর্তব্য অবহেলা করছেন না, তা জেনে আমার আনন্দ হচ্ছে।

(নেপথ্যে)

এই সেই পর্বতের সানুদেশসমূহ, গোদাবরী যাদের পার্শ্বে প্রবাহিতা। এখানে আছে অসংখ্য গুহা এবং নির্ঝর—এখানে তরু বন্য প্রাণীরাও ছিল আমার বন্ধু, আমি এখানে দীর্ঘকাল আমার প্রিয়াসাহচর্যে বাস করেছিলাম। ৮ ॥

সীতা—(দেখে) হায়, এই তো স্বয়ং আমার স্বামী—দেহ ক্ষীণ, দুর্বল এবং পাণ্ডুর,

যেন প্রভাতের চন্দ্র ; শুধু নিজের সৌম্য ও গম্ভীর মহিমাতেই চেনা যাচ্ছে। ভগবতি তমসে, আমাকে একটু ধরুন সীতা এইটুকু বলে তমসার বাহুতেই মূর্ছিতা হলেন)

তমসা—বৎসে, আশ্বস্ত হও, আশ্বস্ত হও !

(নেপথ্যে)

(এই পঞ্চবটী দেখে) হৃদয়ে প্রচ্ছন্ন দুঃখের অগ্নি থেকে এক ধূম্রশিখা মোহের মতো আমার সমস্ত ইন্দ্রিয়কে আগে গ্রাস করছে—সেই শিখা আজ বাধাহীনভাবে জ্বলে উঠবে। ৯॥ প্রিয়ে জানকি !

তমসা—(স্বগত) গুরুজনেরা এই আশঙ্কাই করেছিলেন।

সীতা—(সুস্থ হয়ে) এটা কী করে সম্ভব ?

(পুনরায় নেপথ্যে)

হায় দেবি ! হায় বিদেহরাজপুত্রি ! দণ্ডকারণ্যবাসে আমার প্রিয়া সহচরী !

সীতা হায়, হায়, আমাকে সম্বোধন করে তিনি মূর্ছিত হয়ে পড়লেন—তাঁর নীলকমলের মতো দুই চক্ষু নিমীলিত হয়ে আছে ! হায়, কেমন অসহায়ভাবে তিনি ভূমিপৃষ্ঠে গড়িয়ে পড়েছেন, মনে হয় শ্বাস রুদ্ধ হয়ে গেছে। দেবি তমসে ! আমার আর্যপুত্রকে বাঁচিয়ে তুলুন ! (এই কথা বলে সীতা তাঁর চরণে পতিত হলেন)।

তমসা—হে কল্যাণি ! তুমি নিজেই পৃথিবীপতিকে সঞ্জীবিত করো। তোমার হাতের স্পর্শ ওর কাছে প্রিয় আর সেই স্পর্শেই তিনি আনন্দ পাবেন। ১০॥

সীতা—যা ঘটাবার তাই ঘটুক। আপনি যেমন যা আদেশ করেছেন তা-ই পালন করব। (ব্যস্ত হয়ে দ্রুত প্রস্থান)

(দেখা গেল রামচন্দ্র ভূমিতে শায়িত—তাঁকে স্পর্শ করে অশ্রুমুখী সীতা—রামচন্দ্রের চেতনা ফিরে এসেছে, মুখে আনন্দের প্রকাশ)

সীতা—(কিছুটা আনন্দের সঙ্গে) মনে হচ্ছে ত্রিলোকের জীবন ফিরে এসেছে।

রাম—কী আনন্দ ! এ কী ? এ কী (স্বর্গের তরু) হরিচন্দন পল্লবের রসনিষেক ! এ কী নিষ্পীড়িত চন্দ্রকিরণ-সমষ্টির নির্যাস ? অথবা আমার দগ্ধ প্রাণের উজ্জীবনের জন্যে কোনো মহৌষধি হৃদয়ে নিষিক্ত হয়েছে ! ১১॥ তাছাড়া এ নিশ্চয়ই সেই স্পর্শ—যে-স্পর্শের সঙ্গে আমি পূর্বে পরিচিত ছিলাম ; এই স্পর্শ আমার আত্মাকে সঞ্জীবিত করছে—তৃপ্ত করছে। সহসা দুঃখজাত মূর্ছা দূর করে পরে আবার আনন্দের মোহে আচ্ছন্ন করে দিচ্ছে। ১২॥

সীতা—(ভীত ও উত্তেজিতভাবে নিজেকে সরিয়ে নিয়ে) বর্তমানে এইটুকুই আমার পক্ষে যথেষ্ট।

রাজা—(উঠে বসে) নিশ্চয়ই সীতাদেবী আমাকে অনুগৃহীত করেন নি !

সীতা—হায় ধিক্ ! আর্যপুত্র কি এখন আমার সন্ধান করবেন !

রাম—আচ্ছা, তাহলে তাকে একটু খুঁজে দেখি !

সীতা—ভগবতি তমসে ! চলুন, এখান থেকে যাই। মহারাজ যদি আমাকে দেখতে পান, তবে অনুমতি না নিয়ে কাছে গিয়েছি বলে আমার প্রতি খুবই ক্রুদ্ধ হবেন।

তমসা—বৎসে, গঙ্গাদেবীর অনুগ্রহে বনদেবীদের নিকটেও তুমি অদৃশ্যা[২]।

সীতা—তাই বটে,

রাম—হায় প্রিয় জানকি।

সীতা—(বিহ্বল ও অশ্রুরুদ্ধ কণ্ঠে) ওগো দেবতা। যা ঘটে গিয়েছে তার সঙ্গে তোমার আজকের এই সব উক্তির সামঞ্জস্য কোথায়? (সীতার চক্ষু অশ্রুপ্লাবিত) অথবা আমি কঠোর হয়ে এমন প্রভুর প্রতি নিষ্ঠুর হব কেমন করে? আমি দুঃখিনী, তিনি কোমলহৃদয়—তাই আমাকে এমনভাবে সম্বোধন করছেন। এঁর দর্শনলাভ জন্মান্তরেও আমার পক্ষে সম্ভব হবে না। আমি তাঁর হৃদয় জানি, তিনিও আমাকে জানেন।

রাম—(চারদিকে তাকিয়ে হতাশভাবে) হায়, এখানে কেউ নেই।

সীতা—ভগবতি তমসে! তিনি অকারণে আমাকে পরিত্যাগ করেছিলেন, তবু ওঁকে এইভাবে দেখে আমার হৃদয়ের যে কী অবস্থা হয়েছে তা বলতে পারি না।

তমসা—জানি বৎসে, আমি জানি। তোমার হৃদয় এই মুহূর্তে প্রেমে দ্রবীভূত। প্রথমে এই হৃদয় ছিল নৈরাশ্যহেতু উদাসীন, নির্দয় আচরণহেতু ক্রোধে মেঘাচ্ছন্ন, দীর্ঘ বিচ্ছেদের পর এই আকস্মিক মিলনে সেই হৃদয় জড়ীভূত, রামচন্দ্রের হৃদয়বত্তায় প্রসন্ন এবং তারই শোকার্ত বিলাপে তোমার হৃদয় এখন পতিপ্রেমে দ্রবীভূত। ১৩॥

রাম—দেবি। তোমার স্পর্শ স্নেহে কোমল ও আর্দ্র; এই স্পর্শ যেন তোমার অনুগ্রহেরই মূর্তরূপ। এই স্পর্শ এখনও আমার আনন্দবিধান করছে। কিন্তু এই আনন্দের উৎস ওগো নন্দিনী[৩], তুমি কোথায়। ১৪॥

সীতা—এইগুলি আর্যপুত্রের মুখনিঃসৃত সুধাময় বাক্য—তাঁর অগাধ স্নেহের প্রকাশ—এবং গভীর আনন্দবর্ষী এই কথাগুলি শুনে আমি আমার জীবন মূল্যবান মনে করছি যদিও অন্যায় নির্বাসন শল্যের মতো আমার বুকে বিঁধে আছে।

রাম—অথবা আমার প্রিয়তমা এখানে কোথা থেকে আসবে। অবিরাম তার চিন্তা থেকে আমার এই ভ্রম!

(নেপথ্যে)

বিপদ। দারুণ বিপদ! ('যে তরুণ হস্তিশাবক' ইত্যাদি পাঠ—ষষ্ঠ শ্লোকের অর্ধাংশ)

রাম—(করুণ ও উৎসুক কণ্ঠ) তার কী হয়েছে।

(পুনরায় নেপথ্যে "সেই হস্তী যখন হস্তিনীর সঙ্গে" ইত্যাদি পাঠ—ষষ্ঠ শ্লোকের দ্বিতীয়াংশ)

সীতা—কাকে এখন পাঠানো হবে?

রাম—কে সেই দুরাত্মা—কোথায় সে? যে বধূর সঙ্গে বর্তমান আমার প্রিয়ার পালিত পুত্রকে আক্রমণ করে? (উঠলেন)

(ব্যস্ত হয়ে বাসন্তীর প্রবেশ)

বাসন্তী—এ কী? এ যে মহানুভব রামচন্দ্র।

সীতা—আমার প্রিয়সখী বাসন্তী।

বাসন্তী—মহারাজের জয় হোক।

রাম—(দেখে) এ কী, এ যে দেবীর প্রিয়সখী বাসন্তী।

বাসন্তী—দেব। অবিলম্বে আসুন। এখান থেকে নেমে জটায়ুশিখরের দক্ষিণে স্থিত সীতাতীর্থ পার হয়ে গোদাবরীতে আসুন, তারপর দেবীর পালিত পুত্রকে রক্ষা করুন।

সীতা—হায় পিতা জটায়ু, তোমার বিরহে এই জনস্থান জনশূন্য।

রাম—হায়, এই সকল প্রাচীন ঘটনার প্রসঙ্গ আমার পক্ষে মর্মভেদী।

বাসন্তী—দেব! এই পথে—এই পথে আসুন।

সীতা—ভগবতী, এটা কি সত্য যে বনদেবতারাও আমাকে দেখতে পাবে না ?

তমসা—সমস্ত দেবতার মধ্যে গঙ্গাদেবীর শক্তিই প্রকৃষ্টতম সুতরাং এবিষয়ে আশঙ্কার কী আছে ?

সীতা—তাহলে অনুসরণ করব। (পাদপরিক্রমা করলেন)

রাম—ভগবতি গোদাবরি, তোমাকে প্রণাম।

বাসন্তী—(দেখে) দেব, সীতাদেবীর পুত্র বিজয়ী হয়ে তার স্ত্রীর সঙ্গে মিলিত হয়েছে দেখে নিশ্চয়ই আপনার আনন্দ হবে।

রাম—বধূ-সহচর এই হস্তী বিজয়ী হোক।

সীতা—ওমা। আমার সেই পোষা হাতিটা এত বড়ো হয়েছে ?

রাম—দেবি, তোমাকে অভ্যর্থনা জানাই। তোমার পালিত সেই হস্তিশিশু একদিন নতুন উদ্গত মৃণালদণ্ডের মতো কোমল দন্তাংকুরের সাহায্যে তোমার কর্ণমূল থেকে লবলীপল্লব আকর্ষণ করত—সে এখন মদস্রাবী হস্তীদের উপর বিজয়ী হয়ে যৌবনের যা-কিছু আশীর্বাদ তার অংশভাগী হয়েছে। ১৫ ॥

সীতা—সে দীর্ঘায়ু হোক, সে যেন কখনও তার এই সুদর্শনা বধূ থেকে বিচ্ছিন্ন না হয়।

রাম—সখি বাসন্তি, দেখো দেখো—আমাদের পালিত হস্তীটি প্রিয়াকে কেমন করে প্রসন্ন করতে হয় সেই বিদ্যাও শিখে ফেলেছে। অবলীলাক্রমে মৃণালদণ্ড ছিন্ন করে নিয়ে সে তাকে সেই খাদ্য তুলে দিচ্ছে, তারপর তার মুখে তুলে দিচ্ছে পদ্মসুবাসিত জল, শেষে শুঁড় থেকে জলরাশি তার উপর ছড়িয়ে দিচ্ছে হস্তিনীর খুশিমতো—সবশেষে প্রেমবশে একটি পদ্মপত্র ছাতার মতো ওর মাথার উপর তুলে ধরেছে। ১৬ ॥

সীতা—দেবী তমসা! সেই হাতি আজ এত বড়ো হয়েছে কিন্তু দীর্ঘকাল পরে আমার লব-কুশ কত বড়ো হয়েছে আমি জানি না।

তমসা—এটি যেমন হয়েছে তারাও তেমনি বড়ো হয়েছে।

সীতা—আমি এমন হতভাগিনী, শুধু যে অসহ্য পতিবিচ্ছেদ সহ্য করে চলেছি তা-ই নয়, পুত্রবিচ্ছেদও আমাকে সহ্য করতে হচ্ছে।

তমসা—এটাই ভবিতব্য।

সীতা—তাদের মুখ কত সুন্দর—বিরল কোমল ও শুভ্র দন্তের শোভায় তাদের কপোল কেমন উজ্জ্বল দেখাত। সুন্দর অলকশোভিত সেই মুখে মধুর কলধ্বনি। আমি কেন সেই দুই পুত্রের জন্ম দিলাম—যাদের পদ্মকলির মতো পবিত্র মুখ আমার পতি চুম্বন করলেন না ?

তমসা—দেবতার অনুগ্রহে তা-ও সম্ভব হবে।

সীতা—দেবি তমসে, পুত্রের স্মরণে আমার স্তন উচ্ছ্বসিত হচ্ছে—তা থেকে নিঃসৃত হচ্ছে দুগ্ধধারা। পুত্রদের স্মরণ করে, তাদের পিতায় সান্নিধ্যে মুহূর্তের মধ্যে মনে হচ্ছে আমি যেন সংসারিণী।

তমসা—এ বিষয়ে আর বলার কী আছে? স্নেহের সর্বাপেক্ষা পরিণত রূপ পুত্রের মধ্যেই প্রকাশিত হয়ে থাকে মাতা ও পিতার পরস্পরের দৃঢ়তম বন্ধনসূত্রে! সন্তানকে বলা যায় মিলিত জায়া-পতির এক 'আনন্দ-গ্রন্থি'[৪] কেননা তাদের স্নেহ সন্তানেই কেন্দ্রীভূত। ১৭॥

বসন্তী—মহারাজ, এই দিকেও তাকিয়ে দেখুন। এটি সেই ময়ূর, তার মণিময় মুকুটের মতো শিখা ঊর্ধ্বে তুলে আছে, সঙ্গে আছে তার বধূ—সে কদম্ব-বৃক্ষে কূজন করছে, তার নবজাত পালক সুন্দরভাবে আন্দোলিত হচ্ছে—এই ময়ূরটিকেই আপনার প্রিয়া দিনের-পর-দিন পালন করেছেন। ১৮॥

সীতা—এই তো সে! এই তো সে! (সীতার দৃষ্টিতে বিস্ময়, চক্ষে অশ্রু)

রাম—আনন্দ ভোগ করো বৎস, আনন্দ ভোগ করো।

সীতা—তাই হোক্, তাই হোক।

রাম—তোমাকে আমি স্নেহপূর্ণ মনে ছেলের মতো করে স্মরণ করছি; আমার প্রিয়া তার কমলকোমল হাতের তালি দিতে-দিতে তোমাকে নাচাতো[৫]—সঙ্গে সঙ্গে তার ভ্রূলতা দ্রুত এবং সুন্দর ভঙ্গীতে নাচতে থাকত—তুমি যখন ওকে ঘিরে নাচতে তখন তার চক্ষুগোলকের মধ্যে চক্ষুতারকাও আবর্তিত হতে থাকত। ১৯॥ কী আশ্চর্য, ইতর প্রাণীরাও পূর্ব-পরিচয়ের মূল্য বোঝে। এই কদম্বতরুতে কিছু ফুল ফুটেছে—এই তরু আমার প্রিয়ার পালিত।

সীতা—(অশ্রুপূর্ণ দৃষ্টিতে লক্ষ্য করে) আর্যপুত্র ঠিকই চিনতে পেরেছেন।

রাম—এই গিরিময়ূর আমার প্রিয়াকে ভোলে নি; কেননা আত্মীয়ের মতোই সে এই তরুতে আনন্দে ঝাঁপিয়ে পড়ছে। ২০॥

বাসন্তী—মহারাজ, এইখানে বসুন। (রামচন্দ্র উপবেশন করলেন)
ঘনজাত এবং কোমল কদলীবন-মধ্যবর্তী এই সেই শিলাতল, এখানে আপনি আপনার প্রিয়ার সঙ্গে বিশ্রাম করতেন, হরিণেরা আজ পর্যন্ত এই শিলাতল ত্যাগ করে নি, কারণ সীতা এখানে বসে প্রায়ই তাদের তৃণ বিতরণ করতেন। ২১॥

রাম—আমি আর দেখতে পারছি না!
(অশ্রুবিসর্জন করতে করতে অন্যত্র উপবেশন করলেন)

সীতা—প্রিয়সখি বাসন্তি, এই শিলাতল আর্যপুত্রকে আর আমাকে দেখিয়ে এ তুমি কী করলে? হায় হায় সেই আমার আর্যপুত্র, এই সেই পঞ্চবটীবন, সেই প্রিয়সখী বাসন্তী, এই তো সেইসব গোদাবরীর তীরস্থ-অঞ্চল - এরা সবাই আমাদের নিভৃত মিলনের সাক্ষী। এরা একই পশু-পাখি ভূমি এবং গাছ-গাছালি - এরা শৈশব থেকে আমার অনুরাগী আর আমিও সেই একই—কিন্তু আমি হতভাগিনী বলেই এইগুলি আজ কিছুই আমার জন্যে নয়। হায়! এই হল আমার পক্ষে জীবলোকের পরিবর্তন।

বাসন্তী—সখি সীতা, তুমি রামচন্দ্রের অবস্থা কেন দেখছ না? তিনি তার নব-নীলপদ্মের তুল্য স্নিগ্ধ অঙ্গের মাধুর্যে নয়নানন্দজনক, সকল সময় এবং

ইচ্ছাক্রমে দৃশ্য হলেও আমাদের কাছে ছিলেন চিরনতুন, আজ তাঁর ইন্দ্রিয় শিথিল, দেহ বিবর্ণ ও শীর্ণ—সেই একই ব্যক্তিরূপে কোনোরকমে চেনা যায়, তবু প্রিয়দর্শন ! ২২ ॥

সীতা—সখি, আমি দেখছি, সবই দেখছি।

তমসা—তোমার কাছে যিনি প্রিয়তম, সেই পতিকেই যেন সর্বদা দেখতে পার।

সীতা—হায় অদৃষ্ট ! আমি আমার পতি থেকে বিচ্ছিন্ন হব, আমার পতি বিচ্ছিন্ন হবেন আমার সান্নিধ্য থেকে, এ কি কেউ স্বপ্নেও কল্পনা করতে পেরেছিল ? তাই মুহূর্তের জন্যে হলেও, যেন জন্মান্তরে পতির দর্শন পেয়েছি এইভাবে অশ্রুবর্ষণের অবকাশে তাঁকে দেখব !

(সীতা রামচন্দ্রকে দেখতে লাগলেন)

তমসা—(অশ্রুপূর্ণ দৃষ্টিতে, সীতাকে আলিঙ্গন করে) তোমার নয়ন শুভ্র, মধুর ও সুন্দর—তা থেকে অবিরল ঝরে পড়ছে দুঃখ ও আনন্দের অশ্রুধারা। ওই নয়ন দীর্ঘ রোমযুক্ত, উত্তোলিত এবং প্রসারিত—যেন দুগ্ধধারার মতোই স্নেহবর্ষণ করে তোমার প্রাণনাথকে স্নান করিয়ে দিচ্ছে। ২৩ ॥

বাসন্তী—মধুক্ষরা তরুগুলি তাদের ফুল ও ফলের অর্ঘ্য নিয়ে আসুক ; পূর্ণবিকশিত পদ্মের গন্ধে সুরভিত বনবায়ু প্রবাহিত হোক। সুধাকণ্ঠী পাখিরা অনুক্ষণ মধুর সঙ্গীত বর্ষণ করুক—কেননা স্বয়ং রাজা রামচন্দ্র এই বনে আবার উপস্থিত হয়েছেন। ২৪ ॥

রাম—প্রিয়সখি, বাসন্তি ! আসুন, এইখানে উপবেশন করুন।

বাসন্তী—(নয়ন অশ্রুসিক্ত ; উপবেশন করে) মহারাজ, কুমার লক্ষ্মণ কুশলে আছেন তো ?

রাম—(না শুনে) এই বৃক্ষ, বিহঙ্গ, হরিণ—সকলকেই সীতা তাঁর পদ্মহস্তে জল, নীবারধান্য ও তৃণ বিতরণ করে লালন করেছেন। এই সব দেখে অদ্ভুত এক অবর্ণনীয় ভাবাবেগে আমি অভিভূত হচ্ছি ; এই আবেগ আমার হৃদয়ের নির্যাসতুল্য এবং প্রস্তরখণ্ডকেও ভেদ করতে সমর্থ ! ২৫ ॥

বাসন্তী মহারাজ ! আমি জানতে চেয়েছিলাম, কুমার লক্ষ্মণ ভালো আছেন কিনা।

রাম—(স্বগত) হায়, তিনি আমাকে 'মহারাজ' সম্বোধন করলেন। এ তো প্রণয়হীন সম্বোধন—অশ্রুতে অক্ষরও স্খলিত—তিনি জানতে চান শুধু লক্ষ্মণেরই কুশল। মনে হচ্ছে তিনি সীতা-কাহিনী জানেন। (প্রকাশ্যে) কুমার লক্ষ্মণ কুশলেই আছেন।

বাসন্তী—(সাশ্রুনয়নে) আপনি কেন এত নিষ্ঠুর হলেন ?

সীতা—সখি বাসন্তি, তুমি ওঁর সঙ্গে এমনভাবে কথা বলছ কেন ? আর্যপুত্র সকলের কাছ থেকেই সদয় ব্যবহার পাবার যোগ্য, বিশেষত আমার প্রিয়সখীর কাছে।

বাসন্তী—'তুমি আমার জীবন, তুমি আমার দ্বিতীয় হৃদয়, আমার নয়নে তুমি চন্দ্রকিরণ, আমার অঙ্গে তুমি অমৃত'—এই ধরনের কথায় এবং এই ধরনের আরও শত শত সুমিষ্ট বচনে সেই সরলা বালিকাকে—অথবা থাক, এবিষয়ে আর অধিক বলার কী দরকার। ২৬ ॥ (মূর্ছিত হলেন)

তমসা—এভাবে বাক্যচ্যুতি হবে এ তো স্বাভাবিক।

রাম—আশ্বস্ত হও, সখি, আশ্বস্ত হও।

বাসন্তী—(সুস্থ হয়ে) তবে কেন এই অন্যায় করলেন ?

সীতা—সখি বাসন্তি, থামো, থামো।

রাম—কারণ, প্রজারা এটি সহ্য করত না !

বাসন্তী—কেন ?

রাম—একটা কারণ নিশ্চয় তাদের জানা।

তমসা—মনে হচ্ছে, প্রজাদের এই তিরস্কার বহুবিলম্বিত !

বাসন্তী—হে নির্দয়, লোকে বলে যশ আপনার প্রিয় ! কিন্তু যশোবিরোধী ভয়ঙ্কর এমন কাজ আর কী হতে পারে ? বনে সেই মৃগনয়নার কী হল বলুন। আপনি কী মনে করেন ? ২৭ ॥

সীতা—বাসন্তি, তুমি নিজেই কঠোর এবং নির্দয়, তুমি আর্যপুত্রকে পীড়িত করছ—তিনি তো এমনিতেই দুঃখার্ত।

তমসা—না, প্রেম ও দুঃখই এই কথা বলার হেতু।

রাম—এই বিষয়ে আর কী বলব ? তার কোমল ও কটিমৃণালসদৃশ সুকুমার দেহলতা মনে হত যেন চাঁদের কিরণে তৈরি। সেই দেহ নিশ্চয়ই বন্য জন্তুরা টুকরো টুকরো করে খেয়ে ফেলেছে—যখন গর্ভভারে মন্থর হয়ে তিনি ধীরগতিতে চলতেন—চোখ দুটো ছিল একবছরের ভীরু মৃগশিশুর মতো ! ২৮ ॥

সীতা—আর্যপুত্র, আমি এখনও বেঁচে আছি !

রাম—হায় প্রিয়ে জানকি, তুমি কোথায় ?

সীতা হায় হায় ! আর্যপুত্র সাধারণ মানুষের মতোই মুক্তকণ্ঠে রোদন করছেন !

তমসা—বৎসে, এই তো যুক্তিযুক্ত ! দুঃখ দিয়েই দুঃখ দূর করতে হয়। যখন সরোবর জলে পূর্ণ হয়ে যায় তখন খাল কেটে দেওয়াই একমাত্র প্রতিকার। মন যখন শোকে ক্ষুব্ধ হয় তখন বিলাপ করতে পারলেই তা স্থির থাকে। ২৯ ॥

বিশেষত রামচন্দ্রের জীবন আজ বহু প্রকারেই যন্ত্রণাদায়ক। অভিনিবিষ্ট মন দিয়ে তাকে পৃথিবী পালন করতে হয়, উত্তাপ যেমন কুসুমকে শুষ্ক করে তেমনি প্রিয়ার শোক তাঁর হৃদয়কে শীর্ণ করছে। তিনি নিজেই যখন তোমাকে ত্যাগ করেছেন তখন শুধু অশ্রুবর্ষণ করে তাঁর দুঃখে সান্ত্বনা পাওয়া কঠিন ; অশ্রুবর্ষণ তাঁর লাভ এইজন্যে যে এতেই তিনি এখনও বেঁচে আছেন। ৩০ ॥

রাম—হায় হায় ! গাঢ় উদ্বেগে পূর্ণ আমার হৃদয় দলিত হচ্ছে কিন্তু দ্বিধা বিদীর্ণ হচ্ছে না ; বিশীর্ণ দেহে মোহ বিস্তৃত হচ্ছে কিন্তু চেতনা হারাচ্ছে না ; অভ্যন্তরীণ দহন আমার দেহ দগ্ধ করছে—কিন্তু ভস্মে পরিণত করছে না ; বিধাতা মর্মভেদী আঘাত করছেন—কিন্তু প্রাণ বিচ্ছিন্ন করছেন না। ৩১ ॥

সীতা—ব্যাপারটা তাই বটে !

রাম—হে পৌরবর্গ ও দেশবাসিগণ ! রাজ্ঞী আমার গৃহে থাকেন এতে আপনাদের অনুমোদন ছিল না—আমি এই কথাই জানতে পেরেছিলাম, তখন তৃণখণ্ডের মতো আমি তাকে জনশূন্য বনে ত্যাগ করেছি। তার জন্যে আমি শোক করি নি। কিন্তু চিরপরিচিত এই সকল বিচিত্র দৃশ্য আমাকে বিহ্বল করেছে। আমি অসহায় বলেই এইভাবে করুণকণ্ঠে বিলাপ করছি, আপনারা ক্ষমা করুন। ৩২ ॥

বাসন্তী—(স্বগত) অতি গভীর হয়ে ভরে উঠেছে শোকরাশি ! (প্রকাশ্যে) দেব ! যা অতীত হয়ে গিয়েছে সেই বিষয়ে ধৈর্য অবলম্বন করাই কর্তব্য।

রাম—সখি, আপনি ধৈর্যের কথা বলছেন ? সীতাহীন জগতের এই দ্বাদশ বৎসর পূর্ণ হল। তাঁর নাম পর্যন্ত যেন নিশ্চিহ্ন হয়ে গিয়েছে—রামই বেঁচে আছে ! ৩৩ ॥

সীতা—আর্যপুত্রের এই-সব কথা শুনে আমি মুগ্ধ হয়ে যাচ্ছি।

তমসা—বৎসে, সে কথা সত্য। এই কথাগুলি স্নেহসিক্ত হলেও শোকের অভিব্যক্তি বলেই দারুণ স্তুতরাং তোমার কাছে প্রীতিপ্রদ হতে পারে না। তোমার উপর যেন বর্ষিত হচ্ছে বিষমিশ্রিত মধুধারা ! ৩৪ ॥

রাম—বাসন্তি ! দুঃখের তীক্ষ্ণ শল্য অগ্নিতপ্ত বর্শার মতো বক্রভাবে আমার হৃদয়ে বিদ্ধ হয়েছে অথবা সর্পের বিষাক্ত দংশনের মতো আমাকে পীড়িত করছে—তা-ও কি আমি সহ্য করি নি ? ৩৫ ॥

সীতা—আমি হতভাগিনী নারী, আমি আবার আর্যপুত্রের যন্ত্রণার কারণ হয়ে দাঁড়িয়েছি !

রাম—যদিও আমি আমার হৃদয় দৃঢ়ভাবে নিয়ন্ত্রিত করেছি তবু যে-সব দৃশ্য একদিন আমার কাছে খুবই পরিচিত ছিল—তা দেখে আমি এক অদম্য আবেগ অনুভব করছি। কেননা, যে শোকের আবেগ উদ্গত হয়ে সীমা অতিক্রম করে যাচ্ছে তাকে সংযত করবার জন্যে আমি অতি কষ্টে যে চেষ্টাই করি না কেন—সেই সব চেষ্টাই ব্যর্থ করে দিয়ে এক আকর্ষণীয় মোহ আমার হৃদয় গ্রাস করছে—যেমন জলপ্রবাহ অদম্য বেগে প্রবাহিত হয়ে বালুকানির্মিত সেতু চূর্ণ করে দেয়। ৩৬ ॥

সীতা—এই যে আর্যপুত্রের দুঃখজনিত হৃদয়ের ক্ষোভ তা সংযত করা যাচ্ছে না—এ দেখে আমার হৃদয় নিজের দুঃখ ভুলে গিয়ে কেমন যেন মুগ্ধ হয়ে পড়েছে।

বাসন্তী—(স্বগত) মহারাজের এখন খুবই যন্ত্রণাদায়ক অবস্থা ! আমি অন্যদিকে তাঁর মনোযোগ আকর্ষণ করি। (প্রকাশ্যে) মহারাজ, জনস্থানের এই অংশগুলি আপনার পূর্ব পরিচিত, দেখে এদের সম্মানিত করুন।

রাম—তাই হোক। (উঠে পরিক্রমণ করতে লাগলেন)।

সীতা—আমার বিশ্বাস, প্রিয়সখী তাঁর দুঃখ দূর করার জন্যে যে কৌশলের কথা ভাবছেন তাতে তাঁর যন্ত্রণা বেড়েই যাবে।

বাসন্তী—(করুণ কণ্ঠে) দেব ! দেব ! এই লতাকুঞ্জেই আপনি একদিন প্রতীক্ষা করছিলেন, আপনার দৃষ্টি ছিল তাঁর আগমন পথের দিকে, এদিকে গোদাবরীর বালুকাতটে হংসের সঙ্গে কৌতুকক্রীড়ায় তাঁর অনেক দেরি হয়ে গেছে। ফিরে আসবার পথে আপনাকে বিরক্ত দেখে তিনি ভয়ে পদ্মকলির মতো হাতদুটি একত্র বদ্ধ করে সুন্দর প্রণামাঞ্জলি রচনা করেছিলেন।[৬] ॥ ৩৭ ॥

সীতা—তুমি নিষ্ঠুর বাসন্তি ! তুমি নির্মম ! যে তুমি এমনি করে মর্মভেদী গূঢ় হৃদয়শল্য নাড়াচাড়া করে বার বার মন্দভাগিনী আমাকে এবং আর্যপুত্রকেও সন্তাপিত করছ।

রাম—জানকি, নিষ্ঠুর তুমি—তোমাকে এখানে-ওখানে যেন দেখতে পাচ্ছি, কিন্তু তুমি

আমাকে অনুগ্রহ করছ না। হায় দেবি, আমার বুক ফেটে যাচ্ছে, দেহের বন্ধন শিথিল হয়ে যাচ্ছে। আমার মনে হচ্ছে, সমস্ত পৃথিবী যেন শূন্য—অন্তরে অবিরাম দহনজ্বালা, তার ঘন শিখায় আমি জ্বলছি, আমার ব্যথিত অন্তরাত্মা কাঁপতে কাঁপতে যেন গহন অন্ধকারে মগ্ন হতে চলেছে—চারদিক থেকে এক মোহ আমাকে আচ্ছন্ন করেছে; আমি মন্দভাগ্য, আমি কী করব? ৩৮॥ (মূর্ছিত হলেন)

সীতা—হায় হায়, আর্যপুত্র আবার মূর্ছিত হলেন।

বাসন্তী—দেব! আশ্বস্ত হোন, আশ্বস্ত হোন।

সীতা—আর্যপুত্র! অভিশপ্ত জীবন আমার, কেননা মন্দভাগিনী আমার জন্যেই তোমার বার বার দশান্তর ঘটছে—যাতে তোমার জীবন সংশয়িত হচ্ছে—অথচ তুমি সমগ্র বিশ্বের মঙ্গলের আধার। (মূর্ছিত হলেন)

তমসা—বৎসে, আশ্বস্ত হও, আশ্বস্ত হও। তোমার হাতের স্পর্শই প্রিয় রামচন্দ্রকে পুনরায় উজ্জীবিত করবে।

বাসন্তী কী! এখনও ওঁর জ্ঞান ফিরে এল না। হায় প্রিয়সখি সীতা, কোথায় তুমি? তোমার প্রাণেশ্বরকে সঞ্জীবিত করো।

(সীতা দ্রুতপদে রামচন্দ্রের কাছে এলেন তাঁর বুকে ও কপালে স্পর্শ করলেন[৭])

বাসন্তী—কী আনন্দ, প্রিয় রামচন্দ্রের জ্ঞান ফিরে এসেছে।

রাম—এর স্পর্শ যেন অমৃতময় প্রলেপে আমার বহিরঙ্গ দেহধাতুগুলিকে সিক্ত করে পুনরায় আমার মধ্যে চেতনা সঞ্চারিত করছে—কিন্তু সহসা আনন্দহেতু ভিন্ন এক মোহ আমার সমস্ত দেহকে অবশ করে দিচ্ছে। ৩৯॥ (আনন্দে ওঁর চোখ নিমীলিত হয়ে এল) সখি বাসন্তি, তুমি ভাগ্যবতী!

বাসন্তী—দেব! কিসে আমি ভাগ্যবতী?

রাম—সখি, আর কিসে? জানকী আবার আমার সঙ্গে রয়েছেন।

বাসন্তী—হায় দেব রামভদ্র! কোথায় সে?

রাম—(স্পর্শসুখ পাচ্ছেন, এই অভিনয় করে) দেখো, নিশ্চয়ই তিনি এইখানে তোমার সামনেই আছেন।

বাসন্তী—দেব! আমি দুঃখভাগিনী, এমনিতেই আমি প্রিয়সখীর দুঃখে দগ্ধ হয়ে আছি, আপনি কেন মর্মভেদী এইসব প্রলাপবাক্য উচ্চারণ করে আমার শোকাগ্নিতে পুনরায় ইন্ধন যোগাচ্ছেন?

সীতা—আমি সরে যেতে চাই, কিন্তু আমার এই হাত চিরস্নেহময় আর্যপুত্রের সৌম্য শীতল স্পর্শে—যা কিনা আমার দীর্ঘ দারুণ সন্তাপ দ্রুত দূর করে দিচ্ছে—যেন এক তীক্ষ্ণ তপ্ত লেপনে নিবদ্ধ থেকে ঘামছে, সইতে পারছে না এমনভাবে বিপর্যস্ত হচ্ছে, কাঁপছে, অবশ হয়ে পড়ছে।

রাম—সখি, তুমি প্রলাপের কথা কেমন করে বললে? যে কঙ্কণশোভিত হস্ত আমি পূর্বে বিবাহের সময় গ্রহণ করেছিলেন—তা ছিল- অমৃততুল্য, চন্দ্রকিরণের মতোই শীতল ও স্নিগ্ধ—

সীতা—আর্যপুত্র, আপনিও সেইরূপই আছেন।

রাম—তুষারখণ্ডের মতো শীতল এবং লবলী-কলিকার মতো কোমল তার সেই হাতই আমি আবার ফিরে পেয়েছি। ৪০ ॥ (রাম হাত ধরলেন।)

সীতা—হায় হায়! আর্যপুত্রের হাতের স্পর্শে মুগ্ধ হয়ে নিশ্চয়ই আমি ভুল করে ফেললাম।

রাম—সখি বাসন্তি! আনন্দে আমার ইন্দ্রিয় অবশ, উত্তেজনাহেতু আমি স্বাধীন নই। মুহূর্তের জন্যে এঁকে ধরো।

বাসন্তী—এ যে দেখছি উন্মত্ততা! (সীতা দ্রুত হাত ছাড়িয়ে নিয়ে সরে গেলেন)

রাম—হায় হায় কী প্রমাদ! আমার অবশ, ঘর্মাক্ত ও কম্পিত হাত থেকে তার অবশ, ঘর্মাক্ত ও কম্পিত হাত সহসা ভ্রষ্ট হল। ৪১ ॥

সীতা—হায় হায়, কখনও দৃষ্টি বিক্ষিপ্ত কখনও বা স্থির, কখনও বিহ্বল কখনও বা ইতস্ততঃ ভ্রাম্যমাণ—তিনি এখনও নিজেকে সংযত করতে পারেন নি।

তমসা—(সীতার দিকে তাকালেন; তাঁর দৃষ্টিতে স্নেহ, কৌতুক ও হাসি) প্রিয়স্পর্শ-জনিত আনন্দেই আমার প্রিয়পাত্রী সীতার অঙ্গ স্বেদাক্ত, রোমাঞ্চিত ও কম্পিত, তাঁকে মনে হচ্ছে যেন বায়ুতাড়িত এবং নববর্ষণসিক্ত কদম্বতরুর একটি শাখা—যেখানে কলিকা উদ্গত হয়েছে। ৪২ ॥

সীতা—(স্বগত) আমার হৃদয়ের উপর শাসনশক্তি আমি হারিয়ে ফেলেছি, পূজনীয় তমসার কাছে আমি লজ্জিত? এই পত্নী ত্যাগ আর আমার দিক থেকে এই আকর্ষণ দেখে তিনি কী ভাববেন?

রাম—(সকল দিকে দৃষ্টিক্ষেপ করে) কী! সে কি এখানে নেই? হায় অকরুণা সীতা!

সীতা—আমি নিশ্চয়ই দয়াহীনা—কেননা, আপনাকে এই অবস্থায় দেখে আমি এখনও বেঁচে আছি।

রাম—দেবি! কোথায় তুমি? আমাকে অনুগ্রহ করো। আমাকে এই অবস্থায় তোমার ত্যাগ করা অনুচিত।

সীতা—আর্যপত্র! একথা কিন্তু সত্যের বিপরীত!

বাসন্তী—শান্ত হোন দেব, শান্ত হোন। আপনার অপরিসীম ধৈর্যগুণে স্বভূমিচ্যুত মনকে সংযত করুন। আমার প্রিয়সখী এখানে কোথা থেকে আসবে?

রাম—নিশ্চয়ই সে এখানে নেই, তা না হলে বাসন্তীও তাকে দেখতে পাবে না কেন? এ কি তবে স্বপ্ন? কিন্তু আমি তো নিদ্রিত হই নি! রামের নিদ্রা হবে কী করে? এ নিশ্চয়ই সেই সর্বশক্তিময়ী মায়া—যার সৃষ্টি হয়েছে অনুক্ষণ তার মূর্তির ধ্যান থেকে। এই মায়াই বার বার আমাকে জড়াচ্ছে।

সীতা—আমি নিষ্ঠুর, আমিই আর্যপুত্রকে প্রতারিত করেছি।

বাসন্তী—দেখুন দেব, দেখুন—এখানে রাবণের ভগ্ন লোহরথ, জটায়ু এই রথ ভেঙে-ছিলেন—আপনার সামনে পিশাচের মুখবিশিষ্ট গাধাগুলি—এখন তাদের কঙ্কালমাত্র অবশিষ্ট আছে। এই স্থান থেকেই শত্রু জটায়ুর পক্ষমূল তরবারিতে ছিন্ন করে সীতাকে নিয়ে আকাশে উঠছিলেন—সীতা ক্রোধে কাঁপছিলেন—তাঁকে মনে হচ্ছিল যেন বিদ্যুদ্‌গর্ভ মেঘ। ৪৩ ॥

সীতা—আর্যপুত্র! তাত জটায়ুকে নিধন করা হচ্ছে, আমি অপহৃত হচ্ছি—রক্ষা করুন, রক্ষা করুন!

রাম—রে পাপাত্মা, তাত জটায়ুর প্রাণঘাতী ও সীতাপহারক! কোথায় যাচ্ছিস্ ?
বাসন্তী—আপনি রাক্ষসকুলের ধ্বংসের ধূমকেতু স্বরূপ—এখনও কি আপনার ক্রোধের পাত্র অবশিষ্ট আছে ?
সীতা—হায়, আমিও উদ্ভ্রান্ত হয়েছিলাম।
রাম—আমার এই বর্তমান অবস্থার পরিবর্তন অদ্ভুতই বটে। সুনয়না সীতার সঙ্গে প্রথম বিচ্ছেদ জগতে এক বিস্ময় সৃষ্টি করেছিল—কেননা তাতে ছিল সাহসী বীরগণের যুদ্ধ—সেই যুদ্ধে বহু বিচিত্র ঘটনা ঘটেছিল যা মনকে অন্যমুখী করে রেখেছিল—সেই বিচ্ছেদের শেষে ছিল শত্রুকুলের নিধন, নিধনের উপায়ও ছিল অসংখ্য—কিন্তু আমার এই বিচ্ছেদ অন্তহীন, এই বিচ্ছেদের কোনো প্রতিকার নেই! এই বিচ্ছেদ নীরবে কীভাবে আমি সহ্য করব ? ৪৪॥
সীতা—বিচ্ছেদ অন্তহীন! আমি মন্দভাগিনী, আমার সর্বনাশ!
রাম—হায় কী কষ্ট! প্রিয়তমে, তুমি কোন্ স্থানে আছ যেখানে বানররাজের সঙ্গে মৈত্রী ব্যর্থ, বানরসৈন্যের শক্তিও যেখানে নিষ্ফল; জাম্ববতের জ্ঞানও যেখানে অর্থহীন—পবননন্দন হনুমান যেখানে প্রবেশ করতে পারে না; এমন কি বিশ্বকর্মার পুত্র নলও যেখানে যাওয়ার পথ নির্মাণ করতে পারে না—লক্ষ্মণের শরও যেখানে ভেদ করতে অক্ষম। ৪৫॥
সীতা—প্রথম বিরহকেই আমি অভিনন্দিত করি।
রাম—সখি বাসন্তি, বন্ধুদের কাছে রামের দর্শনই দুঃখজনক, আর কতক্ষণ আমি আপনাকে কাঁদাব; এখন আমাকে যাওয়ার অনুমতি দিন।
সীতা—(আবেগে ও বিহ্বলতায় তমসাকে আলিঙ্গন করে) ভগবতি তমসে, আর্যপুত্র চলে যাচ্ছেন। (সীতা মূর্ছিতা হলেন)
তমসা—বৎসে আশ্বস্ত হও, আশ্বস্ত হও। আয়ুষ্মান লব ও কুশের জন্মমঙ্গলানুষ্ঠানে ভগবতী ভাগীরথীর চরণে আমরাও নিশ্চয়ই উপস্থিত হব।
সীতা—ভগবতি, প্রসন্ন হও, ক্ষণমাত্রের জন্যে হলেও দুর্লভদর্শন এই মানুষটিকে আমি দেখব।
রাম—এখন অশ্বমেধ যজ্ঞে আমার এক সহধর্মচারিণী আছেন।
সীতা—(কম্পিতকণ্ঠে) কে, আর্যপুত্র ?
রাম—সীতার স্বর্ণময়ী প্রতিমা।[১]
সীতা—(স্বস্তির নিঃশ্বাস ফেলে, অশ্রুপূর্ণ চক্ষে) এখন সত্যিই আপনি আমার আর্যপুত্র! পরিত্যাগজনিত লজ্জার কণ্টক আপনিই এখন তুলে নিলেন।
রাম—সেই প্রতিমা দেখে আমি আমার অশ্রুপূর্ণ দৃষ্টি তৃপ্ত করি।
সীতা—সেই প্রতিমা ধন্য যাকে আর্যপুত্র এত গভীরভাবে সম্মানিত করেছেন আর আর্যপুত্রকে প্রসন্ন করে যিনি জগতের আশারূপে বন্দিত হবার যোগ্য।
তমসা—(সীতাকে আলিঙ্গন করলেন, পরে সস্নেহ হাসি ও অশ্রুর সঙ্গে) বৎসে, এই কথা বলে তুমি নিজেকেই নিজে প্রশংসা করছ।
সীতা—(লজ্জায় অবনতমুখে) দেবী তমসা আমাকে উপহাস করছেন।
বাসন্তী—এই সাক্ষাৎকার আমার কাছে এক বিশেষ অনুগ্রহ। বিদায়ের কথায় বলছি, যাতে কার্যহানি না হয় তাই করুন।

সীতা—বাসন্তী এখন আমার প্রতিকূল।

তমসা—বৎসে, এসো, আমরা যাই।

সীতা—(দুঃখের সঙ্গে) তাই করি।

তমসা—কিন্তু যাবে কেমন করে? তোমার দৃষ্টি রামচন্দ্রে নিবদ্ধ—সে দৃষ্টি দর্শনকামনায় দীর্ঘায়িত—মর্মচ্ছেদকারী যত্ন হলেও সেখান থেকে সেই দৃষ্টি তুলে আনা কঠিন। ৪৬ ॥

সীতা—আর্যপুত্রের কমলচরণে আমার বার বার প্রণাম—অসামান্য পুণ্যের ফলে যে চরণের দর্শন সম্ভব হয়। (মূর্ছিতা হলেন)

তমসা—বৎসে আশ্বস্ত হও, আশ্বস্ত হও।

সীতা—(আশ্বস্ত হয়ে) মেঘের অন্তরালে পূর্ণচন্দ্রের দর্শন আর কতক্ষণ সম্ভব?

তমসা—কী অপূর্ব এই ঘটনাবিন্যাস; করুণরস—স্বরূপত একই, বিভিন্ন কারণের সংযোগে বিচিত্র রূপে গ্রহণ করে—যেমন জলের বিচিত্র রূপান্তর কোথাও আবর্ত, কোথাও বুদ্বুদ, কোথাও তরঙ্গ—কিন্তু সবই এক জল মাত্র![১০] ॥ ৪৭ ॥

রাম—হে বিমানরাজ পুষ্পক—এখানে এখানে!

(সকলে উঠলেন)

তমসা ও বাসন্তী—(রাম ও সীতার প্রতি) পৃথিবী, ভাগীরথী ও আমাদের ন্যায় দেবীগণ, প্রথম ছন্দের প্রবক্তা কুলপতি, অরুন্ধতীসহ ঋষি বশিষ্ঠ—সকলেই আপনাদের আশীর্বাদ করুন যেন সেই আশীর্বাদ অনন্ত কল্যাণ বিধান করে। ৪৮ ॥ (সকলের প্রস্থান)

॥ ভবভূতিরচিত 'উত্তররামচরিত' নাটকে 'ছায়া'[১১] নামক তৃতীয় অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × চতুর্থ অংক × × × × × × × × × × × ×

(দুই তাপসের প্রবেশ)

প্রথম—সৌধাতকি দেখ, ভগবান বাল্মীকির আশ্রমের কী সুন্দর রূপে—অতিথিরা অধিক সংখ্যায় এখানে সমবেত হয়েছেন, তাদের অভ্যর্থনার জন্যে কী বিপুল আয়োজন চলেছে—

সদ্যপ্রসূতা স্ত্রী-মৃগীর পানাহারের পর যা অবশিষ্ট রয়েছে সেই নীবার-ধান্যের মধুর ও উষ্ণ মণ্ডের পানীয় আশ্রমের মৃগ কেমন সুন্দর পান করছে! বদরীফলের সঙ্গে মিশ্রিত করে যে সব্জি রান্না করা হচ্ছে তার সুগন্ধ চারধারে ছড়িয়ে পড়ছে—তার সঙ্গে মিশে আছে ঘৃতের সঙ্গে মিশ্রিত অন্নের সৌরভ। ১ ॥

সৌধাতকি—এই বিচিত্র ধরনের শ্বেতশ্মশ্রু ব্যক্তিদের স্বাগত জানাই, কেননা এঁদের জন্যেই আজ আমাদের ছুটি।

প্রথম—(হেসে) গুরুজনদের প্রতি তোমার শ্রদ্ধা জানাবার কারণটি কিন্তু অদ্ভুত!

সৌধাতকি—ওগো দাণ্ডায়ন! যে অতিথি আজ সঙ্গে বহু বৃদ্ধকে নিয়ে এখানে এলেন তাঁর নামটি কী?

দাণ্ডায়মান—তোমার পরিহাসকে ধিক ! আরে ইনি যে ঋষি বশিষ্ঠ ঋষ্যশৃঙ্গের আশ্রম থেকে আজ এসেছেন, সঙ্গে আছেন মহারাজ দশরথের মহিষীগণ—পুরোভাগে আছেন দেবী অরুন্ধতী। তুমি কেন এভাবে প্রলাপ বকছ ?

সৌধাতকি—ও ! বশিষ্ঠ !

দাণ্ডায়ন—নিশ্চয়ই !

সৌধাতকি—আমি ভেবেছিলাম, ইনি নেকড়ে বা বাঘ হবেন !

দাণ্ডায়ন—আঃ, কী বলছ তুমি ?

সৌধাতকি—কেন, তিনি এখানে আসা মাত্র বেচারা কল্যাণী কপিলে বাছুরটাকে কাটা হল।

দাণ্ডায়ন—শাস্ত্রে আছে—মধুপর্কের অর্ঘ্যের সঙ্গে থাকবে মাংসের উপচার। শ্রোত্রিয় ব্রাহ্মণ অতিথি হয়ে এলে গৃহস্থগণ বকনা বাছুর[১], বড়ো ষাঁড় কিংবা ছাগ উপহার দিয়ে থাকেন। ধর্মশাস্ত্রকারগণ এটিকে কর্তব্য হিসেবে নির্দেশ করেছেন।

সৌধাতকি—তাই নাকি ? তাহলে তুমি ধরা পড়েছ !

দাণ্ডায়ন—তার মানে ?

সৌধাতকি—ঋষি বশিষ্ঠ যখন এলেন একটি বাছুর বধ করা হল। কিন্তু আজ যখন রাজর্ষি জনক এলেন, পূজ্যপাদ বাল্মীকি কেবল দধি ও মধুর সঙ্গে মধুপর্ক[২] দান করলেন—বাছুর বাদ দিয়ে দিলেন।

দাণ্ডায়ন—ঋষিগণ অর্ঘ্যদানের এই রীতি স্থির করেছেন তাঁদেরই জন্যে যাঁরা মাংসাহার থেকে নিবৃত্ত হন নি ; কিন্তু রাজর্ষি জনক মাংসাহার বর্জন করেছেন।

সৌধতকি—কেন ?

দাণ্ডায়ন—যে মুহূর্তে তিনি সীতাদেবীর সেই দৈব দুর্বিপাকের কথা শুনেছেন সেই মুহূর্তেই তিনি গ্রহণ করেছেন সন্ন্যাসীর জীবন। কয়েক বছর হল তিনি চন্দ্রদ্বীপের তপোবনে কঠোর তপস্যা শুরু করেছেন।

সোধাতকি—তবে এখানে তিনি কেন এলেন ?

দাণ্ডায়ন—তাঁর পুরাতন এবং ঘনিষ্ঠ বান্ধব বাল্মীকিকে দর্শন করতে।

সৌধাতকি - সম্পর্কিত আত্মীয়-স্বজনের সঙ্গে আজ তাঁর দেখা হয়েছে কি ?

দাণ্ডায়ন—এইমাত্র ঋষি বশিষ্ঠ ভগবতী অরুন্ধতীকে কৌশল্যার কাছে পাঠালেন এই কথা জানাতে -- আপনি নিজেই এসে বিদেহরাজের সঙ্গে দেখা করুন।

সৌধাতকি এই বৃদ্ধ ব্যক্তিরা যেমন পরস্পরের সঙ্গে মিলিত হচ্ছেন—তেমনি আমরাও এই বালকদের সঙ্গে মিলিত হব এবং খেলা করেই আজকের অনধ্যায়দিবস উদ্‌যাপিত করব। কিন্তু জনক এখন কোথায় ?

দাণ্ডায়ন—এই যে ব্রহ্মের প্রবক্তা বৃদ্ধ রাজর্ষি জনক তিনি বাল্মীকি এবং বশিষ্ঠকে বন্দনা করে আশ্রমের বাইরে তরুমূলে উপবেশন করে আছেন। যিনি হৃদয়ে নিরন্তর সীতাশোকযুক্ত হয়ে তাপিত হচ্ছেন, যেন এক বৃদ্ধ বনস্পতি—যার অন্তরে অগ্নি দীপ্যমান। ২ ॥ (উভয়ের প্রস্থান)

॥ মিশ্র বিষ্কম্ভক সমাপ্ত ॥

(জনকের প্রবেশ)

জনক—কন্যার উপর ঐরকম যে দুর্যোগ ঘটেছিল, প্রবল তীব্র হৃদয়ক্ষতকরা ব্যথিয়ে তোলা সেই দুর্যোগের চিন্তায় আবদ্ধ আমার দুঃখ অবিরাম ধারায় বেয়ে চলেছে। চিরনূতন ভাবে তা করাত দিয়ে মর্মস্থলগুলি যেন কেটে কেটে চলেছে—এখনও থামছে না। ৩॥

কী কষ্ট! আমার এই দগ্ধ দেহ—যার সকল রস ও ধাতু জরা ও দঃসহ দুঃখে আবার পরাক, শান্তপন[৩] প্রভৃতি জপানুষ্ঠান-দ্বারা শুকিয়ে গিয়ে নিরালম্ব হয়ে পড়েছে- আজও পড়ে যাচেহ না। ঋষিগণ মনে করেন যারা আত্মঘাতী তাদের জন্যেই সেই সূর্যহীন 'অন্ধতামিস্র'[৪] লোকগুলি নির্দিষ্ট। আমার দুঃখের ভয়ানক যন্ত্রণা বহু বর্ষ পরেও যেন নূতন, অবিরত চিন্তার ফলে এখনও সজীব—কিছুতেই তার শেষ হচ্ছে না। হায় মা সীতা, তুমি যজ্ঞভূমি থেকে উৎপন্না—কিন্তু তোমার জন্মের এমন পরিণাম যে লজ্জায় আমি মুক্তকণ্ঠে কাঁদতেও পারছি না। হায় পুত্রি! হায় ভগবতি বসুন্ধরে, তোমার হৃদয় সত্যিই অত্যন্ত কঠিন। তোমার শৈশবের সেই কমলকোমল মুখখানি আমার মনে পড়ছে—সেই মুখে খেয়ালখুশিমতো হাসি ও চোখের জল, কয়েকটি কোমল দন্তকলির দীপ্তি—সেখানে কথা স্খলিত ও অর্থহীন, তবু মধুর! ৪॥

তুমি কেন তোমার সেই কন্যার ঐভাবে বিলুপ্তি সহ্য করলে? তুমি নিজে তার মহিমার কথা জানতে—অগ্নিদেব, মুনিগণ বশিষ্ঠপত্নী. গঙ্গাদেবী এমন কি রঘুবংশের স্রষ্টা ভগবান সূর্য পর্যন্ত জানতেন! বাগ্‌দেবতা যেমন বিদ্যাকে সৃষ্টি করেন তুমিও তেমনি তাকে জন্ম দিয়েছিলে! সেই কন্যা নিজেও তো ছিল এদেরই তুল্য দেবী! ৫॥

(নেপথ্যে)

এইদিকে ভগবতী! এইদিকে মহারানী!

জনক—(দেখে) তাইতো, এ যে ভগবতী অরুন্ধতী—গৃষ্টি[৫] তাঁকে পথ দেখিয়ে নিয়ে আসছে। (উঠলেন) কিন্তু সে 'মহারানী' কাকে বলছে? (লক্ষ্য করে) এ কী করে সম্ভব? ইনিই তো আমার প্রিয়সখা মহারাজ দশরথের ধর্মপত্নী কৌশল্যা। কে বিশ্বাস করবে যে ইনিই তিনি? দশরথের গৃহে ইনি ছিলেন লক্ষ্মীরূপা; অথবা তিনি নিজেই ছিলেন স্বয়ং লক্ষ্মী—উপমান পদেরই বা প্রয়োজন কী? হায়, সেই রমণী আজ দৈববশে অন্য মূর্তি গ্রহণ করেছেন—যেন দুঃখেরই প্রতিমূর্তি! হায়, এ কি ভাগ্য-বিপর্যয়! ৬॥

যিনি পূর্বে আমার দৃষ্টিতে ছিলেন মূর্ত মহোৎসব—আজ তাঁরই দর্শন ক্ষতে লবণের মতোই অসহনীয়। ৭॥

(অরুন্ধতী, কৌশল্যা ও কঞ্চুকীর প্রবেশ)

অরুন্ধতী—আমি আপনাকে বলছি, আপনার বংশের কুলগুরু বশিষ্ঠের নির্দেশ এই, আপনি নিজে এসে বিদেহরাজের সঙ্গে সাক্ষাৎ করুন। এই জন্যেই আমাকে পাঠানো হয়েছিল—তাহলে পদে পদে এই দ্বিধা কেন?

কঞ্চুকী—দেবি, আপনি স্থির হয়ে ভগবান বশিষ্ঠের নির্দেশ পালন করুন—এই আমার অনুরোধ।

কৌশল্যা—এই সময়ে মিথিলারাজের সঙ্গে সাক্ষাৎকার প্রয়োজন - একথা ভাবতেই সমস্ত দুঃখ একই সঙ্গে উদ্বেলিত হয়ে উঠেছে। আমার হৃদয়কে আমি আশ্বস্ত করতে পারছি না, হৃদয়ের মূল বন্ধন যেন উন্মূলিত হচ্ছে।

অরুন্ধতী—এতে আর সন্দেহ কী? সম্পর্কিত জনের বিচ্ছেদে মানুষের যে দুঃখের উদ্ভব তা সকল সময়ে অনুভূত হলেও অত্যন্ত প্রিয়জনের দর্শনে অসহনীয় হয়ে উঠে—আমাদের চারধারে যেন সহস্রধারায় উচ্ছ্বসিত হতে থাকে ॥ ৮ ॥

কৌশল্যা—প্রিয় পুত্রবধূর অদৃষ্টে যা ঘটে গেছে তারপর তার পিতা রাজর্ষির সামনে আমি মুখ দেখাব কেমন করে?

অরুন্ধতী—জনককুলের মুখ্য ইনিই আপনাদের প্রধান আত্মীয়, ঋষি যাজ্ঞবল্ক্য যাঁর কাছে ব্রহ্মবিদ্যা ব্যাখ্যা করেছিলেন ॥ ৯ ॥

কৌশল্যা—মহারাজের (দশরথের) সঙ্গে অভিন্নহৃদয়, আমার আদরের পুত্রবধূর পিতা ইনিই রাজর্ষি জনক! হায় হায়, আমার সেই দিনগুলির কথা মনে পড়ছে, যখন কোনো দুঃখ ছিল না বলেই জীবন ছিল উপভোগ্য! হায় অদৃষ্ট, সেই দিনগুলি আর নেই!

জনক—(সামনে এগিয়ে) ভগবতি অরুন্ধতি, লাঙ্গলধ্বজ জনকের[৬] অভিবাদন গ্রহণ করুন। আপনার দ্বারা আপনার পতি (বশিষ্ঠ) পবিত্র জ্যোতির আধার এবং প্রাচীন ঋষিগণের মধ্যে মহত্তম হয়েও নিজেকে পবিত্র মনে করেন; আপনি ত্রিলোকের মঙ্গলের কারণস্বরূপ, ঊষাদেবতার মতোই আপনি সমগ্র পৃথিবীর পূজ্যা—ভূমিতলে মস্তক অবনত করে আপনাকে বন্দনা করি ॥ ১০ ॥

অরুন্ধতী—আপনাতে অক্ষয় জ্যোতির প্রকাশ ঘটুক; সকল তেজের পরপারে যে দেবতা বিরাজিত তিনি আপনাকে পবিত্র করুন।

জনক—আর্যে গৃষ্টি! প্রজাপালক সেই রাজার মাতা[৭] কুশলে আছেন তো?

কঞ্চুকী—(স্বগত) আমাদের নিষ্ঠুরভাবে এবং খোলাখুলিভাবে তিরস্কার করা হচ্ছে। (প্রকাশ্যে) রাজর্ষি! দেবী এমনিই অত্যন্ত দুঃখার্তা; এমন ক্রোধ প্রকাশ করে তাঁকে আর নূতন দুঃখ দেবেন না। তিনি রামচন্দ্রের চন্দ্রমুখ দর্শন থেকে দীর্ঘকাল বঞ্চিত। নিশ্চয়ই রামেরও কোনো শোচনীয় দুর্বিপাক ঘটে থাকবে। নগর ও পল্লীবাসীদের মধ্যে এক ভয়ানক কলঙ্ক কথা সর্বত্র ছড়িয়ে পড়ছিল দেখে মহারাজ ঐ নিষ্ঠুর ব্যবস্থা অবলম্বন করেছিলেন—কেননা প্রজারা নীচাশয়, তারা অগ্নিবিশুদ্ধির কাহিনী বিশ্বাস করত না।

জনক—(ক্রুদ্ধ কণ্ঠে) ওঃ! কে এই অগ্নিদেবতা যে আমার কন্যাকে বিশুদ্ধ করার স্পর্ধা প্রকাশ করবে? হায়, রামচন্দ্র আমাদের অপমান করছেন—আবার এই-জাতীয় কথা বলে লোকেরাও অপমান করছেন।

অরুন্ধতী—ঠিক তাই। আমার কন্যা সম্পর্কে অগ্নির উল্লেখই অপমানজনক। সীতা-শব্দই যথেষ্ট। হায় বৎসে, শিশু বা শিষ্যা—যাই হোক না কেন, তোমার চরিত্র-শুচিতার উৎকর্ষই তোমার প্রতি আমার শ্রদ্ধা আকর্ষণ করছে। শিশু-রূপেই হোক, স্ত্রীরূপেই হোক তুমি ত্রিলোকের পূজ্য, গুণই গুণিজনের

কাছে আদরণীয়—তাঁরা স্ত্রী-পুরুষ বা বয়স বিচার করেন না[৮] ॥ ১১ ॥
কৌশল্যা—হায়, আমার যন্ত্রণা আবার জেগে উঠছে। (মূর্ছিতা হলেন)
জনক—হায়, এ কী হল ?
অরুন্ধতী—রাজর্ষি, অন্য কী আর হবে? সেই রাজা (দশরথ), সেই সুখ, সেই শিশুদল (রাম প্রভৃতি) এবং সেই দিনগুলি—আপনি তার বন্ধু, আপনার দর্শনে সেই সবই তাঁর স্মৃতিপথে জেগে উঠেছিল; তারপরে বর্তমানের এই ভয়ঙ্কর বিপর্যয়ের কথা ভেবে আপনার সখী জ্ঞান হারিয়েছেন। ধর্মবতী রমণীদের মন কুসুমের মতোই কোমল ॥ ১২ ॥
জনক—হায় হায়, আমি সব দিক দিয়েই নিষ্ঠুর হয়েছি। আমার প্রিয় বন্ধুর প্রিয়া ভার্যাকে দীর্ঘকাল পরে দেখেও সদয়ভাবে গ্রহণ করি নি। তিনি ছিলেন আমার সুযোগ্য আত্মীয়, আমার প্রিয় সুহৃদ, আমার হৃদয়, আমার আনন্দের মূর্ত বিগ্রহ, আমার নিখিল জীবনের ফল, আমার দেহ ও প্রাণ এবং এদের থেকে প্রিয়তর যা-কিছু—সেই মহারাজ দশরথ আমার কী না ছিলেন ? ॥ ১৩ ॥
হায়, এই সেই কৌশল্যা! তিনি বা তাঁর স্বামী গোপনে যত গুরুতর অপরাধই করতেন, আমার কাছেই ওরা একে অন্যের নিন্দা করতেন; শেষ পর্যন্ত ওঁরা সন্ধি করবেন বা ক্রুদ্ধ হয়েই থাকবেন—সেটা আমার উপরই নির্ভর করত। কিন্তু থাক এসব কথা; যা আমার মনকে আক্রান্ত করে দগ্ধ করছে, আমি কেন তা মনে করতে যাব ? ॥ ১৪ ॥
অরুন্ধতী—হায়, বহুক্ষণ শ্বাসরুদ্ধ থাকায় উনি নিষ্পন্দ হয়ে আছেন।
জনক—হায় প্রিয় সখী! (কমণ্ডলু থেকে জল সিঞ্চন করলেন)
কঞ্চুকী—দৈব প্রথমে বিশ্বস্ত বন্ধুর মতোই সুখপ্রদ অবিমিশ্র আনুকূল্য প্রদর্শন করে সহসা বিপর্যয়ের মধ্য দিয়ে নিদারুণ রূপ গ্রহণ করে মনোবেদনা সৃষ্টি করছে ॥ ১৫ ॥
কৌশল্যা—(সুস্থ হয়ে) বৎসে জানকী, তুমি কোথায়? তোমার মুখকমল আজ মনে পড়ছে, যেখানে সব সময় এক পবিত্র হাসি ফুটে থাকত; এর প্রধান কারণ সদ্যসমাপ্ত বিবাহের গৌরব। বৎসে, উজ্জ্বল চাঁদের আলোর মতো অঙ্গ নিয়ে তুমি এসে আমার কোল আলো করো। মহারাজ সবসময় বলতেন—এই তোমার রঘু-বংশের মহান্ পূর্বপুরুষের পুত্রবধূ—কিন্তু জনকের কন্যারূপে সে শুধুই আমাদের কন্যা!
কঞ্চুকী - মহারানী যা বললেন ঠিক তাই। মহারাজের পাঁচ সন্তান, কিন্তু সুবাহুশত্রু[৯] (রাম) ছিলেন তাঁর কাছে বিশেষভাবে প্রিয়; তাঁর চার পুত্রবধূ—কিন্তু সীতা ছিলেন তাঁর নিজের কন্যা শান্তার মতোই প্রিয় ॥ ১৬ ॥
জনক -হে আমার প্রিয় সখা মহারাজ দশরথ! তুমি ছিলে সকল দিক দিয়েই আমার প্রাণের প্রিয়। কেমন করে তোমাকে ভুলব? সাধারণত কন্যার পিতামাতা জামাতার নিকট আত্মীয়জনকেই সমাদর করে থাকেন। আমাদের ক্ষেত্রে এই রীতি হয়েছিল বিপরীত—তুমি আমাকেই প্রসন্ন রাখতে চেষ্টা করতে। সেই তুমি আজ মৃত্যুর কোলে, আমাদের সম্বন্ধসূত্র সীতাও লুপ্ত! এই ঘোর সংসার-নরকে আমি পাপী, আমার জীবনকে ধিক্! ॥ ১৭ ॥

কৌশল্যা—কন্যা সীতা ! আমি কী করব ? আমি মন্দভাগিনী, এই অভিশপ্ত জীবন বজ্রের মতো দৃঢ় লেপের দ্বারা আবদ্ধ আমাকে কিছুতেই ত্যাগ করছে না।

অরুন্ধতী—রাজপুত্রী, আশ্বস্ত হোন। মাঝে-মাঝে মানুষকে অশ্রুবিসর্জনও রুদ্ধ করতে হয়। তা ছাড়া, আপনার কি মনে নেই আপনার কুলগুরু ঋষ্যশৃঙ্গের আশ্রমে বলেছিলেন—যা ঘটবার তা ঘটে গেছে কিন্তু সবই সমাপ্ত হবে মঙ্গলে ?

কৌশল্যা—কেমন করে আমি এই আশা পোষণ করব—আমার সব আশাই যে পূরণের সীমা অতিক্রম করেছে !

অরুন্ধতী—তাহলে রাজপুত্রি, তুমি কী ভাবছ ? তুমি কি মনে কর, এই উক্তি মিথ্যে ? এটা হবেই ; তুমি সুক্ষত্রিয়াণী, অন্যরকম ভাবা তোমার পক্ষে অসঙ্গত। যে-ব্রাহ্মণদের মধ্যে পরম জ্যোতির আবির্ভাব ঘটেছে তাঁদের উক্তি সম্পর্কে সন্দেহ করা উচিত নয়—সুফল তাঁদের বাক্যের অনুবর্তী—তাঁরা কখনও ব্যর্থ বাক্য উচ্চারণ করেন না ॥ ১৮ ॥

(নেপথ্যে কোলাহল ; সকলে শুনতে লাগলেন)

জনক—তাইতো—অতিথিদের অভ্যর্থনার জন্যে আজ ছুটির দিন—বালকেরা অবাধ ক্রীড়ায় মেতে উঠেছে।

কৌশল্যা—সত্যি ! শৈশব এমন একটি সময় যখন খুব সহজেই আনন্দ সৃষ্টি সম্ভব। (দেখে) এ কী ! ওদের মধ্যে এটি কে যাকে দেখে আমার নয়ন স্নিগ্ধ হচ্ছে—ওর কেমন গর্বোন্নত দেহ, কেমন সুন্দর ও কোমল—রাম যখন ছোটো ছিল ঠিক তাঁরই মতো ওর লাবণ্য !

অরুন্ধতী—(চক্ষে আনন্দাশ্রু ; স্বগত) এ সেই রহস্য-কথা যা আমার কর্ণের অমৃত-স্বরূপ, সেই রহস্য যা দেবী ভাগীরথী আমাকে বলেছেন[১০]। কিন্তু ঠিক বুঝতে পারছি না আয়ুষ্মান্ কুশ-লবের মধ্যে কোন্‌টি এইটি। (প্রকাশ্যে) এ কে, যাকে দেখামাত্র মনে হল যেন আমার চোখে অমৃতের অঞ্জন মাখানো হয়েছে। পদ্মপত্রের মতোই স্নিগ্ধ ও শ্যামল, মাথায় কেশগুচ্ছ, নিজের সৌন্দর্য যেন বালকের দলটিকেই শোভিত করছে ; মনে হচ্ছে যেন আমার সেই রঘুবংশের প্রিয় রামচন্দ্রই শিশুরূপে ফিরে এসেছে ॥ ১৯ ॥

কঞ্চুকী—ছেলেটি নিশ্চয়ই কোনো ক্ষত্রিয়—ব্রহ্মচারী বলে মনে করি।

জনক—তাই হবে ; কেননা ওর পিঠের দুইদিকে দুটি তূণীর—সেখানে তীরের কঙ্কপত্র স্পর্শ করেছে কেশরাশি, বুকে আছে সামান্য ভস্মের পবিত্র চিহ্ন, মৃগচর্মের ঊর্ধ্ববাস—অধোবাস মঞ্জিষ্ঠায় রঞ্জিত, মূর্বাতৃণে নির্মিত কোমর-বন্ধনীতে তা আবদ্ধ। ওর হাতে ধনু, অক্ষমালা ও একটি পিপ্পল দণ্ড ॥ ২০ ॥

ভগবতী অরুন্ধতি, আপনার কী অনুমান ? ছেলেটি কোথা থেকে এসেছে ?

অরুন্ধতী—আমরা তো মাত্র আজ এসেছি।

জনক—আর্যে গৃষ্টি ! আমার অত্যন্ত কৌতূহল হচ্ছে। তুমি ভগবান বাল্মীকিকেই জিজ্ঞাসা করো। আর ছেলেটিকেই বলো—এখানকার কয়েকজন বৃদ্ধ ব্যক্তি তোমাকে দেখতে চান।

কঞ্চুকী—আপনার যেমন আদেশ। (প্রস্থান)

কৌশল্যা—আপনি কী মনে করেন ? এভাবে ডাকলে কি ও আসবে ?

জনক—সদাচারের অভাব কেমন করে হবে ? এমন যে আকৃতি তার।

কৌশল্যা—(দেখে) এ কী ! ঐ ছেলেটি সবিনয়ে গুষ্টির কথা শুনে অন্য বালকদের ছেড়ে আমাদের দিকেই আসছে !

জনক -(দীর্ঘকাল লক্ষ্য করে) কিন্তু এ-যে অদ্ভুত ! এর মধ্যে মহৎ গুণের আতিশয্য রয়েছে—কিন্তু বিনয়, শিশুভাব ও সরলতার দ্বারা সংযত ; জ্ঞানী ব্যক্তিরাই তা বুঝতে পারবে—অজ্ঞানীদের পক্ষে বোঝা সম্ভব নয়। এই গুণের আতিশয্যেই আমার মোহমুগ্ধ মন আকর্ষণ করে নিচ্ছে, যেমন চুম্বক আকর্ষণ করে লোহাকে ॥ ২১ ॥

(লবের প্রবেশ)

লব - আমি এঁদের নাম, পদবী বা বংশপরিচয় জানি না, অথচ এঁরা আমার শ্রদ্ধা আকর্ষণ করছেন। এখন কীভাবে আমার প্রণাম নিবেদন করব ? (চিন্তা করে) জ্ঞানী ব্যক্তিগণ বলেন এই রীতিই অবিরুদ্ধ ! (সবিনয়ে কাছে এসে) লব পর্যায়ক্রমে আপনাদের প্রণাম নিবেদন করছে !

অরুন্ধতী ও জনক—কল্যাণযুক্ত তুমি আয়ুষ্মান্ হও।

কৌশল্যা—প্রিয় বৎস, তুমি দীর্ঘজীবী হও।

অরুন্ধতী—এখানে এসো বৎস। (লবকে কোলে বসিয়ে, স্বগত) সুখের বিষয়, শুধু আমার কোল নয়, আমার চিরদিনের মনোরথও পূর্ণ হল।

কৌশল্যা—তুমি এখানেও এসো। (কোলে নিয়ে) অর্ধপ্রস্ফুটিত নীলপদ্মের মতো উজ্জ্বল ও শ্যামবর্ণ দেহগঠন দিয়েই নয়, কণ্ঠস্বরেও রামের সাদৃশ্য দেখাচ্ছে। এ কণ্ঠধ্বনি গভীর, পদ্মের কেশর খেয়ে যে হাঁসের কণ্ঠ মদির হয়েছে তারই মতো। এই বালকের দেহের স্পর্শ পূর্ণবিকশিত পদ্মের ভিতরের অংশের মতোই কোমল—এও যেন রামের স্পর্শ ! বৎস তোমার এই পদ্মমুখ আমি দেখব। (চিবুক তুলে নিবিড়ভাবে দেখলেন, তারপর অশ্রুপূর্ণ দৃষ্টিতে আবেগের সঙ্গে) রাজর্ষি ! আপনি কি দেখছেন না ? ঘনিষ্ঠভাবে দেখলে মনে হবে ওর মুখ যেন আমার পদ্মাননা পুত্রবধূরই মতো।

জনক—সখি, আমিও তাই দেখছি !

কৌশল্যা -হায় আমার মন উন্মত্তের মতো এই বালককে নিয়ে অদ্ভুত সব কথা ভাবছে !

জনক—যেন সম্পূর্ণ প্রতিফলনের মতোই এই বালকের মধ্যে প্রকাশিত হয়েছে আমার কন্যা, এবং সেইসঙ্গে রঘুপতিরও আকৃতি ও দেহসৌষ্ঠব, সেই কণ্ঠ, সেই সহজ বিনয় এবং সেই পুণ্য মহিমা ! হায় দেব, আমার মন এভাবে মোহময় পথে ছুটে চলেছে কেন ? ॥ ২২ ॥

কৌশল্যা—বৎস, তোমার কি মা আছেন ? তোমার পিতার কথা কি মনে আছে ?

লব—না, না।

কৌশল্যা—তবে কার পুত্র তুমি ?

লব—ভগবান বাল্মীকির।

কৌশল্যা - বৎস, যা বলার যোগ্য তাই বলো।

লব—আমি এইটুকুই জানি।

(নেপথ্যে)

সৈনিকগণ শোনো, শোনো—কুমার চন্দ্রকেতু[১১] আদেশ করছেন। আশ্রমের নিকটবর্তী অঞ্চলে কেউ যেন অনধিকার প্রবেশ না করে।

অরুন্ধতী ও জনক—ওহো! যজ্ঞীয় অশ্বের প্রহরায় নিযুক্ত প্রিয় কুমার চন্দ্রকেতু আসছেন—তাকে আজ দেখতে পাব, আজ সুখের দিন!

কৌশল্যা—'প্রিয় লক্ষ্মণের পুত্র তাঁর আদেশ প্রচার করছেন'—এই কথাই যেন শুনতে পেলাম—কথাগুলি যেন অমৃতের বিন্দু!

লব—আর্য, চন্দ্রকেতু নামক এই ব্যক্তি কে?

জনক—দশরথের পুত্র রাম ও লক্ষ্মণকে তুমি জান?

লব—তারা রামায়ণকাব্যের নায়ক।

জনক—ঠিক বলেছ।

লব—তাহলে জানব না কেন?

জনক—চন্দ্রকেতু সেই লক্ষ্মণের পুত্র।

লব—ঊর্মিলার পুত্র এবং বিদেহরাজ রাজর্ষি জনকের দৌহিত্র।

অরুন্ধতী—(হেসে) রামায়ণকাব্যের সঙ্গে যে পরিচয় আছে তার বেশ ভালো প্রমাণই দিয়েছে এই ছেলে।

জনক—(চিন্তা করে) সেই ইতিহাস যদি এতখানিই তুমি জান তাহলে আমার এই প্রশ্নের উত্তর দাও। দশরথসন্তানদের যারা পুত্র তাদের নাম কী—তারা কয়জন কোন্ কোন্ স্ত্রীর সন্তান?

লব—কাব্যের এই অংশ আমি শুনি নি। অন্য কেউ শোনে নি।

জনক—সে কী? কবি কি এই অংশ রচনা করেন নি?

লব—রচিত হয়েছে কিন্তু প্রকাশ করা হয় নি। এর কিছু অংশ অন্যভাবে সাজিয়ে নেওয়া হয়েছে—ভাবের আবেগে তা ভরা। নাটকের মতো অভিনয় করা যায়—এইভাবেই তা লেখা হয়েছে। নিজের হাতে এটি লিখে কবি নাট্যশাস্ত্রপ্রণেতা ভরতমুনির কাছে পাঠিয়েছেন।

জনক—কেন?

লব—মহামুনি ভরত অপ্সরাদের দিয়ে এটির অভিনয় করাবেন।

জনক—সমস্ত ব্যাপারটা কেমন আমাদের আকুতি বাড়িয়ে দিচ্ছে!

লব—তাছাড়া, তাঁর উপরে ভগবান্ বাল্মীকির খুবই আস্থা। সেই পাণ্ডুলিপি ভরতের আশ্রমে পাঠানো হয়েছিল কয়েকজন শিষ্যের হাতে আর আমার ভাই কুশকে ধনুক-হাতে দেওয়া হয়েছিল সঙ্গে, কোন বিপদ হলে তার প্রতিকার করতে।

কৌশল্যা—বৎস! তোমার ভাই-ও আছে?

লব—হ্যাঁ। তার নাম 'আর্য কুশ'।

কৌশল্যা—জ্যেষ্ঠ এই কথা বলা হল।

লব—ঠিক তাই, জন্মক্রমে[১২] সে আমার বড়ো।

জনক—তোমরা কি যমজ?

লব—হ্যাঁ।

জনক—তুমি আমাকে বলো, কোন্ পর্যন্ত এসে কাব্য রচনা থেমেছে?

লব—প্রজাবৃন্দের মিথ্যা অপবাদে বিহ্বল হয়ে দেবযজনসম্ভবা সীতাকে মহারাজ

নির্বাসিত করলেন—লক্ষ্মণ আসন্ন প্রসববেদনায় আর্ত সীতাকে একাকিনী বনমধ্যে ত্যাগ করে চলে গেলেন—এইখানেই কাহিনী শেষ হয়েছে।

কৌশল্যা—বৎসে! সুন্দর চাঁদের মতো মুখ তোমার! না জানি দৈবের নিষ্ঠুর খেলায় তোমার কুসুমকোমল দেহের কী চরম পরিণতি ঘটল যখন তুমি বনে একা পরিত্যক্ত হয়েছিলে!

জনক—হায় বৎসে! সেই অপমান ও বনভূমির অভিজ্ঞতা, সেই প্রসব-যন্ত্রণা—যখন চারধারে মাংসাশী জন্তুরা ঘিরে এসেছে তখন নিশ্চয়ই সেই ভয়ের মধ্যে তুমি রক্ষকরূপে আমার কথাই[১৩] বারবার ভেবেছিলে! ॥ ২৩ ॥

লব—আর্যে, এঁরা কারা?

অরুন্ধতী—ইনি কৌশল্যা, ইনি জনক।

(লব মহৎ মর্যাদার সঙ্গে বিষণ্ণদৃষ্টিতে এবং সাগ্রহে তাঁদের দেখতে লাগলেন)

জনক—দুরাত্মা প্রজাপুঞ্জের কী নিষ্ঠুরতা! রাজা রামের কী ক্ষিপ্রকারিতা![১৪] বিপদের এই প্রচণ্ড বজ্রাঘাতের কথা যখন আমি অবিরাম চিন্তা করতে থাকি, আমার মনে হয়, এইবার সময় এসেছে যখন আমার ক্রোধাগ্নি জ্বলে উঠবে হয় অভিশাপের মধ্যে, না হয় ধনুর্বাণে! ॥ ২৪ ॥

কৌশল্যা—(ভয়ে কাঁপতে কাঁপতে) আর্যে রক্ষা করুন, রক্ষা করুন, ক্রুদ্ধ রাজর্ষিকে শান্ত করুন।

লব—তেজস্বী ব্যক্তি অপমানিত হলে সাধারণত এই মনোভাবই হয়ে থাকে!

অরুন্ধতী—রাজর্ষি, রাম আপনার পুত্র, প্রজাপুঞ্জ সকল সময়ে রক্ষণীয়।

জনক—কিন্তু রামের ক্ষেত্রে এই দুটি বিষয়েই শান্তি হোক। কারণ, পুত্ররূপে সে আমার সম্পদ; তাছাড়া প্রজাবৃন্দের মধ্যে প্রধানত আছেন ব্রাহ্মণ, শিশু, বৃদ্ধ, বিকল ও নারী ॥ ২৫ ॥

(উত্তেজিত বালকগণের প্রবেশ)

বালকগণ—(উত্তেজিত কণ্ঠে) কুমার! আমরা অশ্ব-নামে প্রাণীর কথা গ্রামাঞ্চলে শুনেছি, সেই অশ্ব আজ আমরা স্বচক্ষে দেখেছি!

লব—পশুবিষয়ক বা যুদ্ধবিষয়ক গ্রন্থে অশ্বের কথা বলা হয়ে থাকে। অশ্ব দেখতে কেমন তা বল তো?

বালকগণ—শোনো; ওর পেছনে এক পুচ্ছ দুলছে - সেই পুচ্ছ আবার সে ক্রমাগত নাড়ছে; তার ঘাড় লম্বা; খুরের সংখ্যা চার। সে ঘাস খায়, যে-সব মলের গোলক ত্যাগ করে তাদের আকার আমের মতো। বর্ণনায় কাজ কী—সে দূরে চলে যাচ্ছে। এসো, আমরা পিছু পিছু যাই ॥ ২৬ ॥

(ওরা লবের মৃগচর্ম ও হাত ধরে টানতে লাগল)

লব—দেখুন আর্য দেখুন আর্যে, আমাকে ওরা নিয়ে যাচ্ছে। (দ্রুত প্রস্থান)

অরুন্ধতী ও জনক - বৎস, তোমার কৌতূহল পূরণ করো।

কৌশল্যা—ওর মধ্যে যেন অরণ্যের গন্ধ! ওর রূপে ও আলাপে আমি তৃপ্ত হয়েছি, আপনারাও হয়েছেন। আর্যে ওকে না দেখে আমার মনে হচ্ছে যেন আমি বঞ্চিত। চলুন, আমরা এগিয়ে যাই, আয়ুষ্মান বালকের ছুটে যাওয়া দেখি!

অরুন্ধতী—যে এতক্ষণে অতিবেগে অনেক দূরে চলে গিয়েছে, সেই চঞ্চল বালককে কী করে দেখা যাবে?

(কঞ্চুকীর প্রবেশ)

কঞ্চুকী—ভগবন বাল্মীকি বলেছেন—যথাসময়ে আপনারা সব জানতে পারবেন।

জনক—এর তাৎপর্য অত্যন্ত গভীর। আর্যে অরুন্ধতী, সখি কৌশল্যা এবং ভদ্রে গৃষ্টি! আমরা নিজেরাই গিয়ে ভগবান বাল্মীকির সঙ্গে দেখা করব। (সকলের প্রস্থান)

বালকগণ—(প্রবেশ করে) দেখুন কুমার, সেই আশ্চর্য বস্তুকে দেখুন।

লব—দেখছি, বুঝতেও পেরেছি। এটি নিশ্চয়ই অশ্বমেধযজ্ঞের অশ্ব।

বালকগণ—কী করে জানা গেল?

লব—ওরে মূর্খের দল! তোমরা কি অশ্বমেধ যজ্ঞ-সম্পর্কিত অধ্যায়টি পড়ো নি? তোমরা কি দেখছ না? এই ধরনের অশ্বের জন্যে রক্ষক থাকবে প্রত্যেক শ্রেণীর একশো করে—বর্মপরিহিত, দণ্ডশোভিত আর ধনুর্ধর। এখানেও অস্ত্রবাহিনী সেইভাবেই সজ্জিত। এই সমস্ত কথায় যদি বিশ্বাস না হয়, গিয়ে প্রশ্ন করতে পার।

বালকগণ—বলো তো, এইভাবে রক্ষিত হয়ে অশ্ব ঘুরে বেড়াচ্ছে কেন?

লব—(সস্পৃহ কণ্ঠে—আত্মগত) অশ্বমেধ হল বিশ্বজয়ী ক্ষত্রিয়দের তেজস্বিতায় ভরা সর্বক্ষত্রজয়ী প্রভুত্ব প্রতিষ্ঠার মহান্ পরীক্ষা।

(নেপথ্যে)

এই অশ্ব সপ্তভুবনের একমাত্র বীর, রাবণবংশের শত্রুর পতাকা অথবা তাঁর শৌর্যের ঘোষণা ॥ ২৭ ॥

লব—(সগর্বে) এই কথাগুলি উত্তেজক!

বালকগণ—কী বলা হয়েছে? কুমার নিশ্চয়ই প্রাজ্ঞ।

লব ওহে পৃথিবী কি তবে ক্ষত্রিয়হীন যে এই জাতীয় ঘোষণা করা হচ্ছে?

(নেপথ্যে)

মহারাজের সঙ্গে তুলনায় ক্ষত্রিয় আর কে?

লব—ধিক্ মূর্খ; ক্ষত্রিয় যদি থাকেন, তিনি থাকবেন—এতে ঘোষণায় এই বিভীষিকা সৃষ্টির কী প্রয়োজন? এইসব কথা বলে কী লাভ? এই আমি তোমাদের পতাকা হরণ করলাম ॥ ২৮ ॥ শোনো বালকগণ, অশ্বটিকে ঘিরে ফেলো—লোষ্ট্রাঘাত করতে করতে নিয়ে চলো এই অশ্ব; মৃগদলের মধ্যে এই বেচারা চরে বেড়াক।

(জনৈক পুরুষের প্রবেশ)

পুরুষ -(সক্রোধে ও সদর্পে) ধিক্ এই চাপল্যকে। কী বলছ তুমি? ভীষণ শস্ত্রজীবিগণ নিশ্চয়ই এক বালকের কাছ থেকে এই উদ্ধত বাক্য সহ্য করবে না। রাজকুমার চন্দ্রকেতু দুর্দান্ত। অপূর্ব এই অরণ্যের শোভায় তিনি আকৃষ্ট—তিনি যতক্ষণ না আসছেন ততক্ষণ ঘন বনের অন্তরাল দিয়ে তাড়াতাড়ি পালিয়ে যাও।

বালকগণ—কুমার! অশ্বপ্রসঙ্গে আর দরকার নেই! সৈন্যবাহিনী তীক্ষ্ন অস্ত্র নিয়ে তোমাকে শাসাচ্ছে। এখান থেকে আশ্রম অনেক দূরে—এসো হরিণের মতো দ্রুতগতিতে আমরা পালিয়ে যাই।

লব—(হেসে) কী! অস্ত্র কি তাহলে সত্যিই ঝলসে উঠছে নাকি? (ধনু নিয়ে) এই আমার ধনু—দন্তুতুল্য এর অগ্রভাগ প্রশস্ত, জিহ্বাতুল্য এর ছিলা (গুণ), এই

ধনু মেঘের ধ্বনির মতো ঘর্ঘরশব্দে নিনাদিত হোক। জ্যা আরোপণ কালে যে গহ্বর সৃষ্টি হবে তা হবে জৃম্ভাকালীন যমসদৃশ মৃত্যুমুখের তুল্য—যখন মৃত্যু অট্টহাস্যে সমগ্র সৃষ্টিগ্রাসে উদ্যত।[১৫]

(যথোচিত পরিক্রমাপূর্বক সকলের প্রস্থান)

॥ ভবভূতিরচিত উত্তররামচরিত নাটকে 'কৌশল্যা-জনক যোগ' নামক চতুর্থ অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **পঞ্চম অংক**[১] × × × × × × × × × × × × ×

(নেপথ্যে)

হে সৈনিকগণ! আমাদের সাহায্য এসেছে, সাহায্য এসেছে। আমাদের এই যুদ্ধের কোলাহল শুনে নিশ্চয়ই চন্দ্রকেতু এগিয়ে আসছেন। তাঁর রথ টেনে চলেছে দ্রুতগামী অশ্ব—সারথি সুমন্ত্র সেই অশ্বগুলিকে ভীষণভাবে তাড়না করায় তারা লাফিয়ে চলেছে, রক্ত-কাঞ্চন বৃক্ষের পতাকাদণ্ড ভূমির অসমতার জন্যে গুরুতরভাবে কাঁপছে ॥ ১ ॥

(সুমন্ত্রচালিত রথে চন্দ্রকেতুর প্রবেশ। তাঁর হাতে ধনু, মুখে আনন্দ, ব্যস্ততা ও বিস্ময়ের ভাব)

চন্দ্রকেতু—আর্য সুমন্ত্র, দেখুন দেখুন এই সেই বীর বালক—যার বংশ-পরিচয় অজ্ঞাত। তার সুন্দর মুখ ঈষৎ ক্রোধে আরক্ত, কেশের পাঁচটি চূড়া ঘন ঘন আন্দোলিত। এই বীর বালক তার ধনুতে যুদ্ধের পুরোভাগে দাঁড়িয়ে শরবর্ষণ করে চলেছে আমার সৈন্যবাহিনীর উপর—অবিরাম জ্যা-আকর্ষণের শব্দ হচ্ছে ॥ ২ ॥ আশ্চর্য! কী আশ্চর্য! এই তপস্বী-বালক এককভাবে ওর চারদিক ঘিরে আমার ঘননিবদ্ধ সৈন্যের উপর শরবর্ষণ করছে—মনে হচ্ছে রঘুবংশেরই নূতন এবং অজ্ঞাতবীর। ওর নিক্ষিপ্ত শর ভীষণ শব্দে হস্তিসমূহের কুম্ভদেশ বিদীর্ণ করে দিচ্ছে। আমার কৌতুক উৎপাদন করছে এই বালক ॥ ৩ ॥

সুমন্ত্র—আয়ুষ্মন্, এই বালক শক্তিতে দেবাসুরকেও অতিক্রম করেছে; ওর আকৃতি দেখে আমার রামচন্দ্রের কথা মনে পড়ে যাচ্ছে[২] যখন তিনি বিশ্বামিত্রের যজ্ঞীয় শত্রুদের বধ করার জন্যে ধনু হাতে তুলে নিয়েছিলেন ॥ ৪ ॥

চন্দ্রকেতু—কিন্তু একজনের বিরুদ্ধে বহুর এই আক্রমণের উদ্যোগ দেখে আমি মনে মনে লজ্জিত হচ্ছি। কারণ, একা এই বালককে ঘিরে রেখেছে আমার সৈন্যেরা, অজস্র অস্ত্র যাদের প্রশস্ত করতলে যেন অত্যধিক গর্বের সঙ্গেই ঝলসে উঠছে, রথগুলি স্বর্ণঘণ্টার কিঙ্কিনীরবে নিনাদিত—কৃষ্ণবর্ণ এবং বৃহৎ হস্তিসমূহ যেন মেঘের মতোই মদবারি বর্ষণ করছে ॥ ৫ ॥

সুমন্ত্র—বৎস, সৈন্যেরা যদি একত্র হত তাহলেই বা এর বিরুদ্ধে কী করতে পারত? বিভক্ত হলে তো অসহায় বোধ করবেই।

চন্দ্রকেতু—আর্য, সত্বর হোন। কারণ এই যোদ্ধা আমাদের আশ্রিতজনের মধ্যে বিরাট ধ্বংসলীলা শুরু করেছে। কেননা, জ্যা-নির্ঘোষের শব্দ (ধনুকের ছিলার শব্দ) বর্ধিত হওয়াতে যে হস্তিদল পর্বতের গুহায় গর্জন করছিল তাদের কানে তা যন্ত্রণাদায়ক হয়ে উঠেছে; এই শব্দ উচ্চ-ঢাকের শব্দে বহুলীকৃত। এই-

রকম জ্যা-নির্ঘোষ তুলে এই বীর দেহহীন ভীষণদর্শন মুণ্ডে এবং (মুণ্ডহীন) কবন্ধে পৃথিবী পূর্ণ করছে—মনে হচ্ছে যেন হত্যায় তৃপ্ত মহাকালের বিবৃত মুখবিবর থেকে প্রত্যাখ্যাত খাদ্য বেরিয়ে এসে সর্বত্র ছড়িয়ে পড়েছে ॥ ৬ ॥

সুমন্ত্র—(স্বগত) প্রিয় চন্দ্রকেতুকে আমি কী করে এমন একজন যোদ্ধার সঙ্গে একক যুদ্ধে উৎসাহিত করতে পারি? (চিন্তা করে) রঘুবংশের সঙ্গে থেকে আমি বৃদ্ধ হয়ে গিয়েছি! এখন যুদ্ধ আসন্ন; আর কী উপায় আছে?

চন্দ্রকেতু—(বিস্ময়, লজ্জা, উত্তেজনার সঙ্গে) হায়, সমস্ত দিক থেকেই আমার সৈন্যেরা সরে এসেছে!

সুমন্ত্র—(রথ চালিয়ে) আয়ুষ্মান্, ঐ সেই বীর, তোমার কথা বলার দূরত্বের মধ্যেই অবস্থান করছে।

চন্দ্রকেতু—(বিস্মৃতির অভিনয় করে) আহ্বায়কেরা ওর কী নাম ঘোষণা করেছিল?

সুমন্ত্র—লব।

চন্দ্রকেতু—হে মহাবীর লব! এই সকল সৈনিকে তোমার কী প্রয়োজন? আমিই তো এসেছি, আমাকে আক্রমণ করো—শৌর্য শৌর্যের মধ্যেই শান্তিলাভ করুক ॥ ৭ ॥

সুমন্ত্র—রাজকুমার, দেখো দেখো! তোমার আহ্বান শোনামাত্র এই তরুণ বীর সৈন্য-সংহার থেকে নিবৃত্ত হয়ে ফিরে দাঁড়িয়েছে—মেঘের গর্জন শুনে হস্তিসংহার থেকে নিবৃত্ত হয়ে দৃপ্ত সিংহশিশু যেমন ফিরে দাঁড়ায় ঠিক তেমনি ॥ ৮ ॥

(স্থির এবং উদ্ধত পদক্ষেপে লবের প্রবেশ)

লব—সাধু, রাজকুমার সাধু। তুমি সত্যই ইক্ষ্বাকু-কুলজাত। আমিও তোমার সঙ্গে যুদ্ধ করতেই এসেছি।

(নেপথ্যে কোলাহল)

(ফিরে সগর্বে) কী! বিপক্ষ সেনার নেতৃগণ পরাজিত হয়েও যুদ্ধের আগ্রহে আমাকে ঘিরে ধরছে! এই দুরাত্মাদের ধিক্! প্রলয়কালীন বায়ুদ্বারা চালিত সমুদ্র জলরাশির মতো এই গভীর এবং তুমুল সেনা-কোলাহল আমার প্রচণ্ড ক্রোধের ভীষণ তেজঃপুঞ্জ দ্বারা কবলিত হোক—যে ক্রোধ আমার পর্বতের সংঘর্ষে ক্ষুভিত বাড়বানলের মতো[৩] ॥ ৯ ॥ (দ্রুত পদচারণা)

চন্দ্রকেতু—কুমার! তোমার গুণের এই বিস্ময়কর প্রাচুর্যের জন্যেই তুমি আমার প্রিয়। সুতরাং, তুমি আমার বন্ধু। আমার যা-কিছু, সে-সব তোমারও। তবে তোমার নিজ পরিজনদের তুমি বধ করছ কেন? নিশ্চয়ই তোমার বীরত্বগর্বের এক-মাত্র পরীক্ষাস্থল আমি ॥ ১০ ॥

লব—(ফিরে দাঁড়িয়ে সহর্ষ উত্তেজনায়) কী মধুর অথচ কঠিন এই সূর্যবংশীয় কুমারের বীর ভাষণ! তাহলে এদের আর কী প্রয়োজন? একেই অভ্যর্থনা জানাই।

(নেপথ্যে পুনরায় কোলাহল)

লব—(ক্রোধে ও বিরক্তিতে) আঃ, এই দুষ্টগুলো বারবার এসে আমাকে বাধা দিচ্ছে আমি যাতে এই বীরের সম্মুখীন না হতে পারি। (তাদের দিকে অগ্রসর হল)

চন্দ্রকেতু—আর্য দেখুন! এই দৃশ্য দেখার যোগ্য। এই বীর আমার দিকে তার কৌতূহলভরা গর্বিত দৃষ্টি নিবদ্ধ রেখেছে; তার ধনু উত্তোলিত আর তাকে

অনুসরণ করেছে আমার সৈন্যগণ ; দেখে মনে হচ্ছে যেন মেঘের বুকে ইন্দ্রধনু আর সেই মেঘখণ্ডকে প্রবল বায়ু সঞ্চালিত করছে ॥ ১১ ॥

সুমন্ত্র—রাজকুমারই ওকে দেখতে সমর্থ—আমি তো সম্পূর্ণ অভিভূত হয়ে পড়েছি।

চন্দ্রকেতু—হে রাজকুমারগণ ! ধিক্ তোমাদের, ধিক্ আমাকে ! তোমরা একে সমান ভেবে এর বিরুদ্ধে যুদ্ধে প্রবৃত্ত হয়েছ ; তোমরা অসংখ্য, হস্তী, অশ্ব এবং রথে আরূঢ় আর এই বীর একক এবং পদাতিক ; তোমরা বর্মরক্ষিত, এই বীর পবিত্র মৃগচর্মপরিহিত ; তোমরা বয়সে প্রবীণ আর এই বীরের দেহ যৌবনের লাবণ্যে কমনীয়। ১২ ॥

লব—(ব্যথিত কণ্ঠে) কী, আমার প্রতি অনুকম্পা প্রকাশ করছে দেখতে পাচ্ছি ! আচ্ছা, সময়ের অপচয় আমি চাই না, তাই আমি জৃম্ভকাস্ত্র[৪] প্রয়োগ করে এদের চেতনা লোপ করব। (অস্ত্রের ধ্যান করতে লাগল)

সুমন্ত্র—এ কী, আমাদের সেনাবাহিনীর কোলাহল হঠাৎ একেবারে থেমে গেল, ব্যাপার কী ?

লব এইবার আমি ঐ সাহসী বীরপুরুষকে দেখব।

সুমন্ত্র—(উত্তেজিত কণ্ঠে) রাজকুমার ! আমার মনে হয় ঐ বালক জৃম্ভকাস্ত্র স্মরণ করেছে !

চন্দ্রকেতু—সে-বিষয়ে আর সন্দেহ কী ! এ-যেন অন্ধকার ও বৈদ্যুতী আভার এক ভয়ঙ্কর সংমিশ্রণ—দৃষ্টি কোনো কিছু দেখবার জন্যে নিবিষ্ট হয়েও পীড়িত হচ্ছে, দৃষ্টি প্রথমে অবসাদে আচ্ছন্ন, পরে মুক্ত হচ্ছে। তাছাড়া এই সেনাবাহিনী যেন চিত্রাঙ্কিত—অর্থাৎ একেবারে নিশ্চল হয়ে দাঁড়িয়ে আছে। সুতরাং জৃম্ভকাস্ত্রই তার অজেয় শক্তিতে কাজ করে চলেছে ॥ ১৩ ॥ আশ্চর্য ! কী আশ্চর্য ! আকাশ ছেয়ে গেছে জৃম্ভকাস্ত্রে। এইসব অস্ত্র নরকের উদরকুঞ্জে সঞ্চিত অন্ধকারের মতো কালো ! অস্ত্রের শিখা এক হরিদ্রাভ উজ্জ্বলতায় ধক্ ধক্ করে জ্বলছে যেন উত্তপ্ত পিতলের দীপ্তি ! অস্ত্রগুলি বিন্ধ্যপর্বতের চূড়ার মতো যার গুহাগুলি উপরে বিষণ্ণ মেঘখণ্ড এবং বিদ্যুতের সমবায়ে—যে গুহাগুলি প্রলয়কালীন নিষ্ঠুর ও ভয়ঙ্কর বায়ুবেগে বিদীর্ণ হয়ে থাকে ॥ ১৪ ॥

সুমন্ত্র—কিন্তু এই জৃম্ভকাস্ত্রের জ্ঞান এই বালক পেল কোথা থেকে ?

চন্দ্রকেতু—আমার মনে হয় পূজনীয় বাল্মীকির কাছ থেকে।

সুমন্ত্র—রাজকুমার ! অস্ত্র—বিশেষত জৃম্ভকাস্ত্র সম্পর্কে এ কথা সত্য হতে পারে না ; কেননা, এরা কৃশাশ্বের সন্তান, কৃশাশ্বের কাছ থেকে গেল কৌশিকের হাতে, তিনি দিলেন রামচন্দ্রকে—এই অস্ত্র এখন তাঁরই অধিকারে[৫] ॥ ১৫ ॥

চন্দ্রকেতু—অন্তর যদি সত্যের আলোকে পূর্ণ হয় তবে অন্যেরাও, এমন-কি মন্ত্রদর্শী ঋষিরাও এই অস্ত্র দর্শন করতে পারেন।

সুমন্ত্র—রাজকুমার ! সাবধান তোমার প্রতিদ্বন্দ্বী বীর ফিরে এসেছে !

রাজকুমারদ্বয়—(পরস্পরকে উদ্দেশ্য করে) রাজকুমার কী সুদর্শন ! (সস্নেহ ও অনুরাগভরা কণ্ঠে) এ কি আমাদের আকস্মিক সাক্ষাৎ ? না গুণের উৎকর্ষ অথবা পূর্বজন্মে আবদ্ধ কোনো মৈত্রীবন্ধন অথবা দৈববশে অজ্ঞাত কোনো

আত্মীয়তার সূত্র ? আমার হৃদয় শুধু এর দর্শনের জন্যেই আকৃষ্ট হচ্ছে ॥ ১৬ ॥

সুমন্ত্র—লৌকিক সংসারের এই নিয়ম, যখন কোনো লোক অন্য কারও জন্যে আকর্ষণ অনুভব করে সাধারণ লোক বলে থাকে হয়তো চোখের তারার ভালবাসা—প্রথম দর্শনে প্রণয়, জ্ঞানিগণ বলেন, এই আকর্ষণ অবর্ণনীয় এবং অকারণ[৬]। এই আকর্ষণের কোনো প্রতিবিধান নেই, কোনো কারণ নেই ; স্নেহের তন্তু দিয়ে দুটি হৃদয় মর্মে মর্মে গাঁথা হয়ে যায় ॥ ১৭ ॥

রাজকুমারদ্বয়—(একে অন্যকে) আমি কেমন করে পালিশ করা রাজপট্টের মতো সুন্দর এই কোমল দেহে শর নিক্ষেপ করব ? একে দেখতে পেয়ে আলিঙ্গনের কামনায় আমার রোমাঞ্চ হচ্ছে ॥ ১৮ ॥ কিন্তু যে তেজ দেখিয়েছে তার বিরুদ্ধে অস্ত্র প্রয়োগ ছাড়া কী পথ আমার আছে ? অথবা এই রকম একটি মানুষকে লক্ষ্য করা গেল না যে অস্ত্রে—সেই অস্ত্রেই বা কিসের প্রয়োজন ? অস্ত্র উদ্যত করা হয়েছে এই অবস্থায়ই যদি আমি যুদ্ধ থেকে ফিরে দাঁড়াই তবে এ আমার বিরুদ্ধে কী বলবে ? কারণ বীরের নিয়ম বড়ো কঠোর ; স্নেহ-প্রকাশের পথে তা বাধা সৃষ্টি করে ॥ ১৯ ॥

সুমন্ত্র—(লবকে লক্ষ্য করে সাশ্রু দৃষ্টিতে) হে আমার হৃদয়, কেন এমন অন্যরকম ভাবছ ? যা আমার আশার বীজ তাকে অদৃষ্ট আগেই অপহরণ করে নিয়েছে। লতাকেই যখন ছিন্ন করা হয়েছে তখন পুষ্পোদ্গম কী করে সম্ভব[৭] ? ॥ ২০ ॥

চন্দ্রকেতু—আর্য সুমন্ত্র, আমি রথ থেকে নেমে যাচ্ছি।

সুমন্ত্র—কেন ?

চন্দ্রকেতু—প্রথমত, এই বীরকে সম্মানিত করা হবে। দ্বিতীয়ত, এতে আমি যথোচিত-ভাবে ক্ষাত্রধর্ম পালন করতে পারব। কেননা রথারোহী বীর কখনও পদাতিকের সঙ্গে যুদ্ধ করেন না—শাস্ত্রবিদ্‌গণ এই কথাই বলে থাকেন।

সুমন্ত্র—(স্বগত) হায়, কী দারুণ দশায় পড়েছি। আমার মতো লোক ন্যায়োচিত কর্ম নিষিদ্ধ করবে কী করে ? অথবা বিপজ্জনক কাজেই বা কীভাবে অনুমোদন করবে ? ॥ ২১ ॥

চন্দ্রকেতু—পরিবারের গুরুজন ধর্ম ও অর্থবিষয়ক সংশয়ে আপনার সঙ্গে আলোচনা করেন—আপনি তাঁদের পিতৃবন্ধু। আর্য। এখন আপনি দ্বিধা করছেন কেন ?

সুমন্ত্র—আয়ুষ্মন্। তোমার মনোভাব কর্তব্যনীতির সঙ্গে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ। এই হল সমরনীতি। এই হল সনাতন ধর্ম, এই হল রঘুসিংহদের বীরকর্ম-নীতির পথ ॥ ২২ ॥

চন্দ্রকেতু—আর্য। আপনার কথা যথোপযুক্ত। ইতিহাস, পুরাণ, স্মৃতিশাস্ত্র এবং রঘুবংশের কুলগত প্রথা সমস্তই আপনি জানেন ॥ ২৩ ॥

সুমন্ত্র—(চক্ষে স্নেহাশ্রু, চন্দ্রকেতুকে আলিঙ্গন করে) বৎস। এই তো সেদিন ইন্দ্রজিতের নিহন্তা তোমার পিতা জন্মগ্রহণ করেছিলেন। আজ তাঁরই পুত্র তাঁর বীরধর্ম অনুসরণ করতে যাচ্ছে। কী ভাগ্য ! আজ দশরথের বংশ প্রতিষ্ঠা লাভ করল ॥ ২৪ ॥

চন্দ্রকেতু—(দুঃখের সঙ্গে) যখন জ্যেষ্ঠ রাঘবের কোনো উত্তরাধিকারী নেই, আমাদের বংশের সত্য স্থায়িত্ব কোথায় ? এই কথা ভেবেই তো অন্য তিন গুরুজন ব্যথায়

পীড়িত ॥ ২৫ ॥

সুমন্ত্র—হায়, চন্দ্রকেতুর এই উক্তি আমার মর্মভেদী।

লব—হায়, আমার মনে মিশ্রপ্রকৃতির অনুভূতি জেগে উঠছে। চন্দ্র যখন উদিত হয় তখন কুমুদিনীর আনন্দ হয়, তেমনি সে (চন্দ্রকেতু) যখন আসে তখন আমার দৃষ্টি উল্লসিত হয়ে ওঠে, কিন্তু আমার এই বাহু যুদ্ধ-পিপাসু হয়ে ওঠে, কারণ এই ধনুকের প্রতি তার প্রীতির বন্ধন সুদৃঢ়। এই ধনুকের জ্যা-আকর্ষণের ফলে তখন এক অব্যক্ত গুঞ্জন প্রতিধ্বনিত হতে থাকে। এই বাহু তখন আপন শৌর্যের উৎসাহ ব্যক্ত করতে আগ্রহী হয় ॥ ২৬ ॥

চন্দ্রকেতু—(রথ থেকে নেমে) আর্য। সূর্যবংশীয় চন্দ্রকেতু আপনাকে অভিবাদন জানাচ্ছে।

সুমন্ত্র—মহান্ আদিবরাহ অহিতের পরাজয়ের জন্যে প্রবৃত্ত হোন। তাছাড়া, আপনার বংশের যিনি পিতা সেই সূর্যদেব যুদ্ধে আপনার পোষণ করুন, মৈত্রবরুণ আপনাকে অভিনন্দিত করুন, আপনার পিতৃগণেরও ধর্মীয় গুরু বশিষ্ঠ আপনার আনন্দ বিধান করুন। আপনি ইন্দ্র, বিষ্ণু, অগ্নি, মরুৎ, ও গড়ুরের শক্তি লাভ করুন, রাম ও লক্ষ্মণের ধনুকের ছিলার মধুর ধ্বনি আপনাকে বিজয়ী করুক ॥ ২৭ ॥

লব—রাজকুমার! রথে আরূঢ় অবস্থায় আপনাকে অত্যন্ত সুন্দর দেখায়। এই অত্যধিক সৌজন্যের প্রয়োজন নেই।

চন্দ্রকেতু—তাহলে আপনিও একটি রথ অলংকৃত করুন।

লব—আর্য। রাজকুমারকেই রথে আরোহণ করান।

সুমন্ত্র—আপনিও প্রিয় চন্দ্রকেতুর অনুরোধ রক্ষা করুন।

লব—আর্য, নিজের উপকরণ নিজে ব্যবহার করব এতে আর দ্বিধার স্থান কোথায়? তবে আমরা বনবাসী—প্রয়োগে আমরা অভ্যস্ত নই।

সুমন্ত্র—বৎস, কীভাবে গৌরব ও সৌজন্যের সঙ্গে ব্যবহার করতে হয় তা তুমি জান। তুমি যেমন ঠিক সেই ভাবেই যদি ইক্ষ্বাকুবংশধর রামভদ্র তোমায় দেখতেন—তাঁর হৃদয় স্নেহরসে উদ্বেল হয়ে উঠত।

লব—আর্য। শুনেছি সেই রাজর্ষি একজন সৎ ব্যক্তি। (সলজ্জকণ্ঠে) যজ্ঞে বাধা দেব এমন অসৎ অবশ্য আমরাও নই। তাছাড়া এ-পৃথিবীতে তাঁকে গুণের জন্যে কে না সম্মান করে? আসল কথা, অশ্বের সেই রক্ষকদের ঘোষণাই আমার উত্তেজনার কারণ, কেননা তাতে ছিল সমস্ত ক্ষত্রিয় জাতির দারুণ অবমাননা ॥ ২৮ ॥

চন্দ্রকেতু—(হেসে) আপনি কি পিতার গৌরবেও ঈর্ষান্বিত?

লব—আমি ঈর্ষান্বিত কি-না, সে প্রশ্ন থাক। কিন্তু একটি প্রশ্ন আমি করব—রঘুবংশের সেই রাজা সংযত আমরা শুনেছি। তিনি নিশ্চয়ই নিজে উদ্ধত হতে প্যারেন না, প্রজাদের মধ্যেও কারও ঔদ্ধত্য থাকবে না—তাহলে এটা কী করে সম্ভব যে তাঁর নিযুক্ত লোকেরা রাক্ষসোচিত বাক্য উচ্চারণ করবে? ঋষিগণ বলেন, উন্মত্ত লোকের বাক্য 'রাক্ষসী', এইরূপ বাক্যই শত্রুতার কারণ—বিশ্বর অমঙ্গলের হেতু ॥ ২৯ ॥ এইভাবে তাঁরা এই-জাতীয় বাক্যের

নিন্দা করেছেন—অন্যরূপ বাক্যের প্রশংসা করেছেন। যা কিনা ঈপ্সিত বস্তু দান করে, অলক্ষ্মী দূর করে, যা যশ আনে আর পাপ দূর করে—সেই সুন্দর সত্য বাক্যকে বিজ্ঞ ব্যক্তিগণ বলেছেন 'কামধেনু'—সর্বপ্রকার সমৃদ্ধির মাতৃস্বরূপা ॥ ৩০ ॥

সুমন্ত্র—এই পবিত্রস্বভাব বালক বাল্মীকির শিষ্য; তাই বাক্যে ঋষিজনসুলভ পবিত্রতার কথাই বলছে।

লব—চন্দ্রকেতু! 'আপনি কি আমার পিতার গৌরবে ঈর্ষান্বিত'? —এই প্রশ্নের উত্তরে বলি—ক্ষাত্রগুণের প্রকাশ কি একটি ব্যক্তিবিশেষেই সীমাবদ্ধ?

সুমন্ত্র—ইক্ষ্বাকুবংশের এই রাজাকে তুমি জান না তাই এই কথা বলছ। সুতরাং অত্যুক্তি থাক। সৈন্যদের নিধন করে তুমি নিশ্চয়ই তোমার সাহসের পরিচয় দিয়েছ। কিন্তু পরশুরামকে যিনি দমন করেছেন তার বিরুদ্ধে তোমার অত্যধিক আগ্রহ অনুচিত[৮] ॥ ৩১ ॥

লব—(হেসে) আর্য! রাজা পরশুরামকে দমন করেছেন এই গর্বের এখানে কী প্রয়োজন? এ-কথা সবাই জানে যে ব্রাহ্মণের শক্তি বাক্যে, বাহুদ্বয়ের শক্তির অধিকারী ক্ষত্রিয়। যে পরশুরাম অস্ত্রধারণ করেছিলেন—তিনি ছিলেন ব্রাহ্মণ; ক্ষত্রিয় রাজা তাকে দমন করেছেন, এতে প্রশংসার কী আছে? ॥ ৩২ ॥

চন্দ্রকেতু—(উত্তেজিত কণ্ঠে) আর্য সুমন্ত্র! বাক্যবিনিময়ের কোনো প্রয়োজন নেই। ইনি পৌরুষের এক নূতন অবতার এলেন যার দৃষ্টিতে মহনীয় ভৃগুর পুত্রও (পরশুরাম) বীর নয়, রাঘবের সেই সকল মহান্ কীর্তির কথাও যিনি জানেন না যার ফলে সপ্তভুবন অভয়দক্ষিণা লাভ করেছিল ॥ ৩৩ ॥

লব—কেন, রঘুপতির কীর্তি ও মহিমার কথা কে না জানে? যদি কিছু বলতে পারি - কিন্তু থাক্ এই সব প্রাচীন ব্যক্তিদের কীর্তি বিচারের ঊর্ধ্বে। তাই হোক, বর্ণনার কী প্রয়োজন? সুন্দর স্ত্রীর (তারকার) নিধনেও যাঁদের গৌরব অক্ষুণ্ণ থাকে তাঁরাই জগতে মহান্; খরের সঙ্গে যুদ্ধে যে তিনি পালিয়ে না গিয়েও তিন পা পিছনে হটে এসেছিলেন, কৌশলে ইন্দ্রপুত্র বালিকে বধ করেছিলেন—সেইসব কথাই লোকে জানে[৯] ॥ ৩৪ ॥

চন্দ্রকেতু—আঃ রঘুপতির নিন্দায় তুমি যে সৌজন্যের সকল সীমা অতিক্রম করেছ, তোমার স্পর্ধাও মাত্রাতিশায়ী!

লব—তাই তো, এ-যে আমাকেও ভ্রূকুটি করছে!

সুমন্ত্র—ওদের দুজনের ক্রোধই উদ্দীপ্ত। কেননা, তাদের মস্তকে কেশগ্রন্থিবন্ধন অত্যধিক ভাবাবেগের ফলে কম্পিত হচ্ছে; রক্তপদ্মের পাতার মতো তাদের চক্ষু স্বভাবতই রক্তিম—কিন্তু এখন অগ্নির দীপ্তি ধারণ করেছে; সহসা ভ্রূকুটির নৃত্যে তাদের মুখ, কলঙ্কচিহ্নযুক্ত চন্দ্রের অথবা ভ্রমর-লাঞ্ছিত পদ্মের শোভা ধারণ করেছে ॥ ৩৫ ॥

কুমারদ্বয়—তাহলে যুদ্ধের যোগ্য স্থানে আমরা যাই।

(সকলের প্রস্থান)

॥ ভবভূতিরচিত 'উত্তররামচরিত' নাটকে 'কুমারবিক্রম' নামক পঞ্চম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষষ্ঠ অংক × × × × × × × × × × × × × ×

(উজ্জ্বলমূর্তি বিদ্যাধরমিথুনের প্রবেশ[১])

বিদ্যাধর—সূর্যবংশের দুই রাজকুমার সহসা ভীষণ যুদ্ধে প্রবৃত্ত হয়েছেন, তাঁদের ক্ষত্রিয়শক্তির পরাক্রম অগ্নিশিখার মতো জ্বলে উঠেছে—এঁদের বীরকর্ম দেখে দেবাসুরগণ সকলেই বিস্ময়ে অভিভূত। প্রিয়ে, দেখো দেখো –দুই বীরের মধ্যে জগতের পক্ষে ভয়ঙ্কর এক অদ্ভুত যুদ্ধ চলেছে! তাঁরা ধনু উদ্যত করে দাঁড়িয়েছেন –জ্যা আরোপণের ঝন্ ঝন্ শব্দের সঙ্গে ধনুকের ছোটো ছোটো ঘণ্টার কিঙ্কিনীরোল মিশে গিয়েছে—সেই সঙ্গে চলেছে অবিরাম অজস্র শরবর্ষণ! ॥ ১ ॥ তাছাড়া দুই বীরেরই বিচিত্র মঙ্গলের জন্যে আবির্ভূত হয়েছে মেঘের ধ্বনির মতো বিচিত্র দিব্য দুন্দুভির দম্‌দম্ শব্দ ॥ ২ ॥
এসো, আমরা এই দুই বীরের উপরে অবিরাম পুষ্পবর্ষণ করতে থাকি, অজস্র পূর্ণবিকশিত স্বর্ণপদ্মের কোমল মণিমুকুলে থাকবে মধু—তাই এই পুষ্প-বর্ষণ হবে রমণীয়।

বিদ্যাধরী—কিন্তু আকাশ হঠাৎ এমন হলদে হয়ে উঠল কেন? বিদ্যুতের রেখা যেন বিচ্ছুরিত হচ্ছে।

বিদ্যাধর—কী? তবে কি আজ শিবের ললাটে স্থিত তৃতীয় নয়নের উন্মীলন ঘটছে—বিশ্বকর্মার যন্ত্রে বিঘূর্ণিত সূর্যের দীপ্তির মতো যার আভা? ॥ ৩ ॥
ও এইবার বুঝতে পেরেছি, চন্দ্রকেতু উত্তেজিত হয়ে অপরাজেয় আগ্নেয়াস্ত্র প্রয়োগ করেছে—আর ওই অস্ত্র থেকেই অগ্নিশিখা নির্গত হচ্ছে। আশ্চর্য! এখন যে অসংখ্য দিব্য রথ এখানে ছিল তারা অন্তর্হিত হচ্ছে—তাদের পতাকা ও চামর বিচিত্রিত, কেননা নবোদ্গত কিংশুকফুলের আভাযুক্ত অগ্নিশিখা তাদের ধ্বজার বস্ত্র দগ্ধ করেছে ॥ ৪ ॥
এই ভগবান্ অগ্নি উচ্চরবে বিদীর্ণ বজ্রখণ্ডের মতো স্ফুলিঙ্গের সমাবেশে ভয়ঙ্কর—এই অগ্নি দিগন্তব্যাপী ভীষণ, লুব্ধ ও উজ্জ্বল শিখার জন্যেও ভয়প্রদ; এর প্রচণ্ড ও তীব্র উত্তাপ সর্বত্র প্রসারিত—সুতরাং আমি আমার প্রিয়াকে দেহ দিয়ে আচ্ছাদন করে দূরে সরে যাব।

(সেইভাবে ব্যবস্থা করল)

বিদ্যাধরী—এই উত্তাপ আমাকে কিছুটা ক্লিষ্ট করেছিল—সুখের কথা, সেই উত্তাপ পতিদেহস্পর্শে এখন সরে গেল। আমার বিঘূর্ণিত নয়ন আনন্দে অর্ধ-নিমীলিত হয়ে এসেছে, কেননা এই স্নিগ্ধ ও মসৃণ মাংসল দেহের স্পর্শ শুচি মুক্তাফলের মতো শীতল।

বিদ্যাধর—আমি আর কী করেছি? অথবা প্রিয় ব্যক্তি কোনো কিছু না করেই কেবলমাত্র আনন্দবিধানের দ্বারাই দুঃখ দূর করে, কারণ যার প্রিয় বন্ধু আছে তারই তো রয়েছে অমেয় সম্পদ! ॥ ৫ ॥

বিদ্যাধরী—এ আবার কী! মত্তময়ূরের স্কন্ধের মতো কৃষ্ণবর্ণ বর্ষণমেঘে সমস্ত আকাশ ব্যাপ্ত হয়ে গেছে—বিদ্যুতের রেখায় সেই মেঘমালা সজ্জিত, তার থেকে অবিরাম ক্ষণিকের দীপ্তি ঝলসিত হচ্ছে!

বিদ্যাধর—ওহো, কুমার লব এবার বারুণাস্ত্র নিক্ষেপ করেছেন—এ তারই প্রভাব। এ কী! অবিরাম সহস্র বর্ষণধারায় আগ্নেয়াস্ত্র নির্বাপিত হয়েছে।

বিদ্যাধরী—বেশ তো, বেশ তো।

বিদ্যাধর—কিন্তু হায় হায়, প্রত্যেক জিনিসেরই আধিক্য অনিষ্টজনক। কেননা সমস্ত প্রাণীই কাঁপছে! ঘননিবদ্ধ অন্ধকারে ওরা ঢাকা, সেই অন্ধকার গাঢ়তর হয়েছে মেঘে, প্রলয়কালীন বায়ুসংঘাতে সেই মেঘ যেন ভীষণ গর্জন করে উঠেছে! একবারেই বিশ্বগ্রাস করবার জন্যে মৃত্যুর করাল মুখ বিবৃত হয়েছে, ওরা যেন সেখানে প্রাণপণে সংগ্রাম করছে আত্মরক্ষার প্রয়াসে—যুগান্তনিদ্রায় অভিভূত বিষ্ণু, তাঁর সর্বেন্দ্রিয়দ্বার নিরুদ্ধ—ওরা যেন তাঁর উদরে প্রবিষ্ট!

সাধু! চন্দ্রকেতু সাধু! সুবিধে বুঝেই তুমি বায়ব্যাস্ত্র নিক্ষেপ করেছ! কারণ সীমাহীন মেঘমালা বায়ুবেগে বিচ্ছিন্ন হয়ে কোথায় যেন সরে যাচ্ছে, সত্যকার জ্ঞানের অনুশীলনে যেমন ব্রহ্মের মধ্যে জগতের বিলয় ঘটে - ঠিক তেমনি।[২] ॥ ৬ ॥

বিদ্যাধরী—নাথ, উনি কে? ঐ যে উত্তেজিতভাবে হাত তুলে উত্তরীয়ের অঞ্চল আন্দোলিত করে মধুর ও সস্নেহ বচনে দূর থেকে দুই রাজকুমারের মধ্যে যুদ্ধ নিষেধ করতে করতে যোদ্ধাদের মধ্যে রথ নামিয়ে এনেছেন?

বিদ্যাধর—(দেখে) ইনি রঘুপতি—শম্বুক নিধনের পর ফিরে এসেছেন! শক্তিমান বীরের ঐ শান্ত বচন শুনে সসম্মানে যুদ্ধ থামিয়ে লব এখন সুস্থির হয়েছেন, চন্দ্রকেতুও বিনয়ে নত হয়েছেন! পুত্রদের সঙ্গে মিলিত রাজার কল্যাণ হোক ॥ ৭ ॥ চলো, আমরা এখান থেকে যাই।

(উভয়ের প্রস্থান)

মিশ্র বিষ্কম্ভক

(আনত ভঙ্গীতে লব ও চন্দ্রকেতু—তাদের সঙ্গে রামের প্রবেশ)

রাম—(পুষ্পক থেকে নেমে) চন্দ্রকেতু, তুমি সূর্যবংশের চন্দ্র স্বরূপ, তুমি শীঘ্র এসে আমাকে নিবিড়ভাবে আলিঙ্গন করো—তুষারশীতল তোমার অঙ্গের স্পর্শে আমার চিত্তদাহ শান্ত হোক। ৮ ॥ (তাকে তুলে আলিঙ্গন করে সাশ্রু চক্ষে) দিব্যাস্ত্রধারী তোমার দেহের কুশল তো?

চন্দ্রকেতু—আমার কুশল, কেননা, আমি লবের সঙ্গে পরিচিত হয়েছি—লব বিস্ময়কর কীর্তির অধিকারী! সে প্রিয়দর্শন! তাত! আমার অনুরোধ, এই সহজ বীর্যের যোদ্ধাকে আমার মতোই সমান স্নেহের দৃষ্টিতে এমন-কি আমার চেয়ে অধিক স্নেহের দৃষ্টিতে দেখবেন!

রাম (লবের প্রতি দৃষ্টিপাত করে) আমি আনন্দিত এই ভেবে যে বৎস চন্দ্রকেতুর এই বন্ধুর আকৃতি অভিজাত, মধুর এবং মঙ্গলসূচক! তাকে দেখে মনে হয় যেন শস্ত্রজ্ঞান জগৎকে উদ্ধার করার জন্যেই দেহ ধারণ করেছে; যেন বেদের সম্পদ-রক্ষার জন্যে ক্ষাত্রধর্ম দেহ গ্রহণ করেছে। সে যেন সমস্ত শক্তির সঞ্চয়, সমস্ত গুণের সংগ্রহ। জগতের পুণ্যরাশির সংহত রূপ যেন প্রত্যক্ষভাবে আমাদের সামনে বর্তমান! ৯ ॥

লব—(স্বগত এই মহাপুরুষ পুণ্যাশয়লক্ষণ আকৃতিসম্পন্ন। তিনি আশ্বাস, স্নেহ ও ভক্তির এক মহৎ আশ্রয়—শ্রেষ্ঠ ধর্মের মহিমা সুন্দর মূর্তিতে প্রকাশমান। কী আশ্চর্য! ১০ ॥ আমার মধ্যে শত্রুতার বিরতি ঘটেছে; গভীর প্রশান্তির সঙ্গে প্রেম আমার হৃদয়ে আবির্ভূত হচ্ছে; সেই ঔদ্ধত্য কোথায় মিলিয়ে গিয়েছে কে জানে? বিনয় আমাকে নত করছে; তাকে দেখে মুহূর্তের মধ্যেই আমি পরাজিত হলাম কেন? অথবা প্রকৃত সত্য এই যে মহাপুরুষগণ তীর্থস্থানের মতোই অজ্ঞেয় অথচ অমূল্য প্রভাবের অধিকারী! ১১ ॥

রাম—এই বীর আমার সমস্ত দুঃখের উপশম ঘটিয়েছে—কোন্ এক অজ্ঞাত কারণে আমার অন্তর স্নেহে পূর্ণ করেছে—এ কী করে সম্ভব? অথবা স্নেহ কোনো বাইরের নিমিত্তের উপর নির্ভরশীল—এই উক্তি স্ববিরোধী! কেননা, কোনো রহস্যময় আভ্যন্তর কারণ পদার্থগুলিকে একসূত্রে বেঁধে রাখে[৪], স্নেহপ্রবৃত্তি কোনো বাইরের নিমিত্তের উপর নির্ভর করে না। কারণ, সূর্যের উদয় হলে পদ্মের বিকাশ ঘটে, শীতলরশ্মি চাঁদ উদিত হলেই চন্দ্রকান্তমণি বিগলিত হতে থাকে। ১২ ॥

লব চন্দ্রকেতু, এই গুরুজন কে?

চন্দ্রকেতু—প্রিয় সখা, ইনি আমার পূজনীয় তাত।

লব – তুমি যখন আমাকে প্রিয় বন্ধু বলে সম্বোধন করেছ তখন ইনি ধর্মতঃ আমারও পূজনীয়। কিন্তু রামায়ণে চারজন বীর আছেন যারা তোমার কাছ থেকে এই দাবি করতে পারেন। তাই তুমি এঁর সম্পর্কে বিশেষ কিছু বলো।

চন্দ্রকেতু—এঁকে জ্যেষ্ঠ তাত বলে জেনো।

লব—(সানন্দে) কী! ইনিই তবে রঘুপতি? আজ আমার শুভদিন, এঁকে আমি দেখতে পেলাম। (বিনয়, আগ্রহ ও কৌতুহলের সঙ্গে) তাত! বাল্মীকির শিষ্য লব আপনাকে প্রণাম জানাচ্ছে।

রাম – (সস্নেহে) তুমি দীর্ঘজীবী হও। এখানে এসো। (সস্নেহ আলিঙ্গন করে) বৎস, অতিরিক্ত বিনয়ের কোনো প্রয়োজন নেই। আমাকে বারবার গাঢ় আলিঙ্গনে আবদ্ধ করো। পূর্ণবিকশিত পদ্মের অভ্যন্তরস্থ দলের মতো স্থূল, মসৃণ এবং কোমল তোমার স্পর্শ আমাকে আনন্দ দিচ্ছে, কেননা এই স্পর্শ সুধা এবং চন্দনরসের মতো শীতল। ১৩ ॥

লব (স্বগত) আমার জন্যে এঁর এত নিঃস্বার্থ স্নেহ! আর আমি এঁরই বিরুদ্ধতা করবার জন্যে অস্ত্রধারণ করেছি, আমি এত নির্বোধ! (প্রকাশ্যে) তাত! লবের শিশুসুলভ নির্বুদ্ধিতা ক্ষমা করুন।

রাম তুমি কী অপরাধ করেছ, বৎস?

চন্দ্রকেতু – অশ্বরক্ষকের ঘোষণায় আপনার কীর্তিকাহিনী শুনে সে বীরের ভূমিকা গ্রহণ করেছিল।

রাম—ক্ষত্রিয়ের পক্ষে এ-কাজ প্রশংসার যোগ্য। বীর্যবান ব্যক্তি অন্যের যশ সর্বত্র প্রসারিত হবে এটি সহ্য করতে পারেন না। এই চরিত্র তার নিজস্ব, কোনো আরোপ করা ধর্ম নয়, কেননা এই ধর্ম প্রকৃতিদত্ত, দিবাকর সূর্য যখন

অবিরাম তাপ বিকিরণ করেন তখন সূর্যকান্তমণি যেন নিজেকে অপমানিত ভেবে তেজ উদ্গিরণ করে থাকে।

চন্দ্রকেতু—অসহিষ্ণুতাও এই বীরের পক্ষেই কেবল শোভার কারণ হয়েছে। আপনি দেখুন, আমার প্রিয় বন্ধু জৃম্ভকাস্ত্র প্রয়োগ করেছেন তাতেই আমাদের সেনাবাহিনী সর্বত্র নিষ্কম্প ও স্তম্ভিত হয়ে দাঁড়িয়ে আছে।

রাম—বৎস লব, এই অস্ত্র সংবরণ করো। চন্দ্রকেতু তুমিও অবশ থাকার জন্যে বিভ্রান্ত সেনাবাহিনীকে আশ্বস্ত করো।

লব—তাত যেমন আদেশ করেন। (ধ্যানস্থ হল)

চন্দ্রকেতু—আপনার যেমন আদেশ। (প্রস্থান)

লব—তাত! অস্ত্র নিষ্ক্রিয় হয়েছে।

রাম—বৎস, এই সকল অস্ত্রের প্রয়োগ ও সংবরণ কেবলমাত্র গুপ্ত মন্ত্রের সাহায্যেই সম্ভব। এই বিদ্যা গুরু-শিষ্য পরম্পরায় প্রবাহিত হয়ে থাকে।

ব্রহ্মা প্রভৃতি গুরুগণ বেদের মঙ্গলের জন্যে সহস্রাধিক বৎসর তপস্যা করে এই অস্ত্র দর্শন করেছিলেন। তাঁদের দীর্ঘ ও দীপ্ত তপস্যাই যেন এই উজ্জ্বল অস্ত্ররূপে পরিণত হয়েছিল। ১৫ ॥

তারপর ভগবান কৃশাশ্ব বিশ্বামিত্রকে মন্ত্রের এই গুপ্ত বিদ্যা দান করেছিলেন। বিশ্বামিত্র ছিলেন তাঁর সহস্রাধিক বৎসরের শিষ্য। সেই মহনীয় পুরুষ আমাকে সেই বিদ্যা দান করেছিলেন। পূর্ববর্তী গুরুসম্প্রদায়ের এই হল ক্রম। এখন তোমাকে আমি প্রশ্ন করি, কার কাছে তুমি এই মন্ত্র পেয়েছ?

লব—এই অস্ত্রগুলি আমাদের দু-জনের কাছেই স্বতঃপ্রকাশিত।

রাম—(চিন্তা করে) কী-ই না সম্ভব? শ্রেষ্ঠ পুণ্য যদি পরিণত হয়, তার ফলেই এই মহিমা সম্ভব। কিন্তু তুমি 'আমাদের দু-জন' কেন বললে?

লব—আমরা যমজ ভাই।

রাম—অন্য ভাই কোথায়?

(নেপথ্যে)

দাণ্ডায়ন! যেমন শোনা যাচ্ছে আয়ুষ্মান্ লব ও রাজার সৈন্যদের মধ্যে যুদ্ধ হচ্ছে কি? কী বললে?—'হ্যাঁ, ঠিক তাই'? ত্রিভুবন থেকে তাহলে 'অধিরাজ' এই শব্দ লুপ্ত হোক এবং ক্ষত্রিয়দের অস্ত্র থেকে উদ্ভূত অগ্নি নির্বাপিত হোক। ১৬ ॥

রাম—কিন্তু এ কে? দেহের বর্ণ ইন্দ্রনীলমণির মতো কৃষ্ণ-নীল—কেবলমাত্র কণ্ঠস্বরেই আমার রোমাঞ্চ জেগেছে, মনে হচ্ছে আমি যেন কদম্বতরু, নবনীল মেঘের গুরুগর্জনে যার কোরক মঞ্জরিত! ১৭ ॥

লব—ইনি আমার জেষ্ঠ ভ্রাতা আর্য কুশ, ভরতের আশ্রম থেকে ফিরে এসেছেন।

রাম—(সকৌতুকে) বৎস, আয়ুষ্মান কুশকে এখানে ডেকে আনো।

লব—তাই করি। (কুশের দিকে অগ্রসর হল ; কুশের প্রবেশ)

কুশ—(আবেগ, আনন্দ ও ধৈর্যের সঙ্গে ধনু আস্ফালন করে) ভগবান্ বিবস্বৎ-পুত্র মনুর সময় থেকে যে সূর্যবংশীয় নরপতিগণ ইন্দ্রকে অভয়-বর দিয়ে রক্ষার দায়িত্ব গ্রহণ করেছিলেন এবং উদ্ধতদের দমনের জন্যে নিজেদের ক্ষত্রপ্রভাব-তেজ

উদ্দীপিত করেছিলেন, তাদের সঙ্গে যদি আজ যুদ্ধ বাধে তবে আমার এই ধনু ধন্য — এই ধনুর জ্যা আগ্নেয় অস্ত্রের উগ্র শিখায় বেষ্টিত। ১৮ ॥

(উদ্ধত পরিক্রমণ)

রাম—এই ক্ষত্রিয় বালকের মধ্যে শৌর্যের এক বিস্ময়কর আতিশয্য দেখা যাচ্ছে! ওর দৃষ্টি ত্রিভুবনকে তৃণবৎ তুচ্ছ জ্ঞান করার মতো শক্তির সার ধারণ করে; ওর দৃঢ় এবং স্পর্ধিত গতি যেন পৃথিবীকে নত করতে উদ্যত, বালকবয়সেও ওর দেহে পর্বতের গুরুত্ব! এদিকে এগিয়ে আসছে, ও কি বীররসের না দর্পভাবের মূর্ত রূপ? ১৯ ॥

লব—(অগ্রসর হয়ে) আর্যের জয় হোক।

কুশ—আয়ুষ্মন্ 'যুদ্ধ যুদ্ধ' কী বলছিলে?

লব—ওটা সামান্য ব্যাপার আর্য! আপনি এখন উদ্ধতভাব ত্যাগ করে বিনয়ভাব অবলম্বন করুন।

কুশ—কেন?

লব—এইখানে রাজা রঘুপতি রয়েছেন। আমাদের দু-জনের প্রতি উনি স্নেহ প্রদর্শন করছেন এবং আপনার উপস্থিতির জন্যে উৎকণ্ঠিত আছেন।

কুশ—(চিন্তা করে) বৈদিক সম্পদের রক্ষক! উনি রামায়ণকাহিনীর নায়ক!

লব—ঠিক তাই।

কুশ—উনি এমন এক মহাপুরুষ যাঁর পবিত্র দর্শন নিশ্চয়ই প্রার্থনীয়। কিন্তু কী ভাবে ওঁর কাছে যাব তা বুঝতে পারছি না।

লব—যে-ভাবে আমরা গুরুজনের কাছে যাই সেইভাবে।

কুশ—কেমন করে তা সম্ভব?

লব—উদাত্তস্বভাব এবং সুজন ঊর্মিলাতনয় চন্দ্রকেতু আমাকে 'প্রিয় বন্ধু' বলে সম্বোধন করেছেন; তাঁর সঙ্গে এই সম্পর্কের জন্যে ঐ রাজর্ষি ধর্ম-পিতা!

কুশ—বর্তমান ক্ষেত্রে ক্ষত্রিয়ের কাছেও যদি বিনীত হই তবে তা নিন্দনীয় হবে না।

(উভয়ের পরিক্রমণ)

লব—আর্য! এই মহাবীরকে দেখুন, যাঁর অলৌকিক কীর্তির গৌরব তাঁর আকৃতি মহিমা ও গাম্ভীর্য থেকেই অনুমান করা যায়।

কুশ—(দেখে) আকৃতি কী সুন্দর! রূপের প্রভাব কী শুচিকর! এটি খুবই যুক্তিযুক্ত যে রামায়ণের কবি বাগ্দেবতাকে রামবিষয়ক কাব্যে পরিণত করেছিলেন। ২০ ॥ (কাছে গিয়ে) তাত বাল্মীকি-শিষ্য কুশ আপনাকে প্রণাম জানাচ্ছে।

রাম—এসো বৎস এসো, দীর্ঘজীবী হও। স্নেহবশত আমি তোমার জলপূরিত মেঘের মতো স্নিগ্ধ ও মসৃণ অঙ্গের আলিঙ্গন কামনা করছি। (আলিঙ্গন করে, স্বগত) এই বালক কি আমার সন্তান? ॥ ২১ ॥

কারণ, যখন আমি আলিঙ্গন করি তখন গাত্র আমার যেন অমৃতরসের ধারায় সিক্ত হতে থাকে, সে তখন আমারই দেহসার, আমার প্রত্যেক অঙ্গ থেকে নিঃসৃত স্নেহধারায় গঠিত, যেন সে আমারই জীবন। আমাকে ছেড়ে বাইরে দাঁড়িয়ে আছে দৃশ্য রূপে প্রকাশিত হয়ে, যেন সে গভীর আনন্দের উচ্ছ্বাসে বাইরে বেরিয়ে-আসা আমারই হৃদয় দিয়ে তৈরি। ২২ ॥

লব—তাত, সূর্যের কিরণ ললাট তপ্ত করছে, তাই এই শালগাছের ঘন ছায়ায়

কিছুক্ষণের জন্যে আসন গ্রহণ করুন।

রাম—বৎস, তোমার অভিরুচি।

(পরিক্রমণের পর সকলে যথোচিতস্থানে উপবেশন করলেন)

রাম—(স্বগত) যদিও বিনয়ের সঙ্গে যুক্ত, তবু কুশ ও লবের ভাবভঙ্গী, তাদের গতি তাদের মনোভাব ও উপবেশনের রীতি—যেন (ভবিষ্যৎ) সাম্রাজ্যলাভের সূচনা করছে। ২৩॥ এবং তাদের রূপের মাধুর্য যা স্বাভাবিক এবং তাদের অঙ্গ থেকে অবিচ্ছিন্ন এমন এক মহিমার সৃষ্টি করেছে যাঁর প্রত্যেক অংশই রমণীয়, মধুর কিরণসমূহ যেমন কলঙ্কহীন চন্দ্রের আভাস দেয়, সুধার বিন্দু যেমন পূর্ণ প্রস্ফুটিত পদ্মের আভাস বয়ে আনে এও ঠিক তেমনি। ২৪॥

রঘুবংশীয় পুত্রদের সৌন্দর্য আমি এদের মধ্যে প্রচুরভাবে প্রতিফলিত দেখতে পাচ্ছি। তরুণ পারাবতের স্কন্ধের মতো এদের দেহ গাঢ় নীল ; বৃষের স্কন্ধের মতো এদের স্কন্ধও সুগঠিত ; এদের দৃষ্টি প্রসন্ন সিংহের দৃষ্টির মতো স্থির, এদের কণ্ঠও উৎসবকালীন মৃদঙ্গধ্বনির মতো গম্ভীর। ২৫॥ (নিপুণভাবে লক্ষ্য করে) তাই তো, শুধু যে আমার আকৃতির সঙ্গেই ওদের সাদৃশ্য আছে তা নয় এই দুটি বালকের জনক-তনয়ার সঙ্গেও বিচিত্র মিল, নিপুণভাবে লক্ষ্য করলেই তা বুঝতে পারা যায়। নিশ্চয়ই আমার প্রিয়ার সেই নব শতদলতুল্য মুখই যেন আমার দৃষ্টিপথে আবার এসেছে। ২৬॥ স্বচ্ছ ও শুভ্র দন্তশোভায় উজ্জ্বল সেই ওষ্ঠ, সেই শোভন কর্ণদ্বয় ; যদিও নয়ন রক্তনীল তবু সৌন্দর্যগুণে একই। ২৭॥ (চিন্তা করে) বাল্মীকির বাসভূমি এই অরণ্যেই রাজ্ঞী পরিত্যক্তা হয়েছিলেন ; এই তাদের আকৃতি, বয়স এবং হাব-ভাব ; জৃম্ভকাস্ত্র এদের কাছে স্বতঃই প্রকাশিত হয়েছে, এই ব্যাপারটিও আমাকে ভাবিয়ে তুলেছে। চিত্রদর্শনকালে অস্ত্রজ্ঞান সন্তানে সংক্রমিত হবার ব্যাপারে আমার সেই উক্তি[৬]—তাই কি সফল হতে চলেছে? আমি শুনেছি এই অস্ত্র সম্প্রদায়গত উপদেশ ছাড়া প্রাচীন কালের ব্যক্তিদের মধ্যেও সংক্রমিত হত না। তাছাড়া আমার হৃদয়ের এই উদ্বেল আনন্দ সংশয়-সংকুল আমার অন্তরাত্মাকে আশ্বস্ত করছে! যমজ সন্তান যে হবে সে-ও আমার অনুভূতির সঙ্গে মিলে যাচ্ছে! কারণ আমি অনেক সময় বুঝতে পেরেছিলাম রাজ্ঞী যমজ সন্তানের জননী।

(সাশ্রু দৃষ্টিতে) পূর্ব থেকেই যে প্রেম দৃঢ়মূল ছিল, পরিচয়ের মধ্য দিয়ে যখন সেই প্রেম উপচিত হল তখন আমিই নির্জনে আমার করতলের মৃদু স্পর্শে ভ্রূণের যমজ প্রকৃতি বুঝতে পেরেছিলাম। স্বাভাবিক লজ্জায় তখন তাঁর নয়ন নিমীলিত হয়ে আসত! যদিও সম্পূর্ণ স্বচ্ছন্দ বোধ করতেন; কিছুদিন পরে তিনি নিজেই তা বুঝতে পেরেছিলেন। ২৮॥ (অশ্রু বিসর্জন করে) তাহলে কোন্ ছলে আমি এই দুটি বালককে প্রশ্ন করব?

লব—তাত! এর অর্থ কী? আপনার যে-মুখ জগতের কল্যাণকর, সেই মুখ অশ্রুবন্যায় প্লাবিত হয়ে শিশিরধৌত পদ্মের শোভা ধারণ করেছে। ২৯॥

কুশ—ভাই—রাজ্ঞী সীতাদেবীকে[৭] বাদ দিয়ে রঘুপতির পক্ষে কোন্ বস্তু না দুঃখের কারণ? নিশ্চয়ই প্রিয়াকে হারিয়ে সমস্ত জগৎ তাঁর কাছে অরণ্যের মতো ; যে-প্রেম তিনি পেয়েছিলেন তা কত বড়ো এবং বিচ্ছেদও তাঁর কাছে অন্তহীন। এমন প্রশ্ন তুমি করেছ যা শুনলে মনে হবে তুমি রামায়ণ পাঠ কর নি। ৩০॥

রাম—(স্বগত) ওরা নিরপেক্ষের মতো কথা বলছে। আর প্রশ্ন করেই বা কী হবে ? নির্বোধ হৃদয় ! তোমার এই হৃদয়ের অস্থিরতা ব্যক্ত করে আমি এই বালকদুটির কাছেও করুণার পাত্র হয়েছি। আচ্ছা, আলাপের বিষয় পরিবর্তন করি (প্রকাশ্যে) বৎসগণ, রামায়ণ নামে একটি কাব্য ভগবান বাল্মীকির বাক্‌চৈতন্যের প্রকাশ, সূর্যবংশের প্রশস্তি। কৌতূহলবশত আমি এই কাব্যের কিছু শুনতে চাই।

কুশ—সেই রচনার সমস্ত অংশই আমরা মুখস্থ করেছি। আপাতত রামের বালচরিতের শেষ অধ্যায়ের দুটি শ্লোক মনে পড়ছে।

রাম—বৎসগণ, তাই আবৃত্তি করো।

কুশ—মহাত্মা রামের কাছে সীতা স্বভাবতই প্রিয় ছিলেন; কিন্তু এই প্রিয়ভাব তিনি নিজের গুণেই বাড়িয়েছিলেন। ৩১ ॥ সেইরকম সীতার কাছে রামও প্রাণ অপেক্ষাও প্রিয় ছিলেন। তাঁদের হৃদয়ই জানত পরস্পরের প্রেমের সম্পর্ক। ৩২ ॥

রাম—আমার হৃদয়ের অন্তঃস্থলে এ কী দারুণ আঘাত ! হায় প্রিয়ে, সেই সম্পর্ক তাই ছিল বটে ! হায় রে ! সংসারের সেই আনন্দ কোথায়, পরস্পরের প্রতি গভীর বিশ্বাসই ছিল যার আশ্রয় ? কোথায় সেই পারস্পরিক প্রেম, সেই গহন কৌতুক-অনুভব, সুখে-দুঃখে হৃদয়ের সেই ঐক্য ? তবু আমার এই প্রাণ এখনও সচল ! অভিশপ্ত এই প্রাণের অবসান ঘটছে না। ৩৩ ॥

কী কষ্ট !—স্মৃতি যন্ত্রণাদায়ক হলেও আমাকে সেই সময়ের কথাই স্মরণ করিয়ে দেওয়া হয়েছে যা একই সময়ে প্রিয়ার সহস্র গুণ ব্যক্ত করতে পারে বলেই আমার কাছে মধুর ! ৩৪ ॥ সেই সময় যখন মৃগনয়নার স্তনমুকুল কয়েকদিনের মধ্যেই ধীরে-ধীরে বিকশিত হয়ে উঠেছিল—যখন যৌবন, আবেগ ও কামনার সমবায়ে সমৃদ্ধ প্রেম হৃদয়ে প্রকাশিত হত অকুন্ঠরূপে, কিন্তু দেহের উপর তার প্রকাশ ছিল সলজ্জ (মৃদু)। ৩৫ ॥

লব—মন্দাকিনীতীরে চিত্রকুটবনবিহারে এই শ্লোকটি রাম সীতার উদ্দেশে উচ্চারণ করেছিলেন। আমাদের সামনে এই শিলাখণ্ড তোমার জন্যেই বিন্যস্ত হয়েছে। এর চারধারে বকুলবৃক্ষ পুষ্পবর্ষণ করে রেখেছে। ৩৬ ॥

রাম—(লজ্জা, স্মিত, স্নেহ এবং দুঃখের সঙ্গে) বালকেরা অত্যন্ত সরল হয়ে থাকে. বনবাসী হলে তো কথাই নেই। হায় দেবি ! আমাদের নিভৃত প্রণয়ের সাক্ষী সেই স্থানটিকে কি তোমার মনে পড়ে ? আমি যেন আমার সামনে তোমার মুখখানি দেখতে পাচ্ছি—শ্রমজাত স্বেদবারিতে শীতল; চন্দ্রাকৃতি ললাটদেশ, সেখানে কুঞ্চিত কেশপাশ এসে পড়েছে, মৃদু প্রবাহিত মন্দাকিনীর বায়ুতে সেই কেশপাশ আন্দোলিত, কুঙ্কুমে লিপ্ত না হলেও কপোল উজ্জ্বল, সুন্দর কর্ণদ্বয়ে শোভিত, আভরণ না থাকলেও যে কর্ণদ্বয় মনোহারী। ৩৭ ॥ (স্তম্ভিতভাবে অবস্থান; পরে করুণ কণ্ঠে) হায়রে দেখো, দীর্ঘকাল এবং বার বার ধ্যান করে মানুষ তার প্রিয়জনকে তার সামনে উপস্থিত করতে পারে; দূরে থেকেও এইভাবেই প্রিয়জন সান্ত্বনার কারণ হয়ে থাকে। কিন্তু যখন প্রিয়ার মৃত্যু ঘটে তখন সমস্ত জগৎ জীর্ণ মরুভূমির মতো মনে হয়, হৃদয় তুষানলের মতো দগ্ধ হতে থাকে। ৩৮ ॥

(নেপথ্যে)

বশিষ্ঠ, বাল্মীকি, দশরথের মহিষীগণ এবং জনক অরুন্ধতীকে সঙ্গে নিয়ে দ্রুত এগিয়ে আসছেন। তাঁরা সবাই বালকদের বিরোধের সংবাদ শুনে ভীত। তাঁদের অঙ্গ জরাগ্রস্ত, আশ্রমও দূরবর্তী—সুতরাং তাঁদের উৎসাহ থাকলেও গতি ক্লান্তিমন্থর ॥ ৩৯ ॥

রাম—সে কী? ভগবতী অরুন্ধতী, বশিষ্ঠ, আমার মাতৃকাগণ এবং জনক—সবাই এখানে উপস্থিত! কী দুর্ভাগ্য, আমি কোন্ মুখে তাঁদের সামনে উপস্থিত হব? (বিষণ্নদৃষ্টিতে তাকিয়ে) হায়! তাত জনক এখানে দৈবাৎ উপস্থিত; আমি হতভাগ্য তাই এই উপস্থিতি আমার কাছে বজ্রপাতের তুল্য।
দুই পিতার মিলন আমি দেখেছিলাম তাঁদের সন্তানের পবিত্র বিবাহোৎসবে। সেখানে বশিষ্ঠ এবং অন্যেরাও উপস্থিত ছিলেন। সেই আকাঙ্ক্ষিত সম্বন্ধের জন্যে তাঁরা সবাই ছিলেন আনন্দিত! আজ আমার এই অবস্থা, সেই ভীষণ দুর্বিপাকের পর আমি আমার পিতৃবন্ধুকে দেখছি! আমি কেন সহস্র খণ্ডে বিদীর্ণ হলাম না? কিন্তু রামের পক্ষে হয়তো কিছুই অসাধ্য নয়! (তাই আমার কঠিন হৃদয় বিদীর্ণ হয় নি, সবই সহ্য করতে পেরেছি)! ॥ ৪০ ॥

(নেপথ্যে)

হায় হায়! কী শোচনীয় ব্যাপার! রঘুবংশের অধিপতিকে সহসা এই অবস্থায় দেখে, সব মহিমা অপগত হয়ে এখন তাঁর শুধু প্রভাবমাত্রই অবশিষ্ট,—এই কথা উপলব্ধি করে, জনক প্রথমে মূর্ছিত হয়েছিলেন। তাঁর মূর্ছাভঙ্গের পর রাজমাতৃকাগণও শোকাবেগে মূর্ছিত ॥ ৪১ ॥

রাম—হায় তাত! হায় মাতা! হায় জনক! যাঁর মধ্যে রঘু ও জনকবংশের সমস্ত কল্যাণ নিহিত ছিল তাঁর প্রতি আমি কোনো করুণা প্রদর্শন করি নি—সুতরাং আমার প্রতি আপনাদের করুণাও ব্যর্থ! ৪২ ॥ কিন্তু আমাকে তাঁদের অভ্যর্থনা করতে হবে ॥ (উঠলেন)

কুশ ও লব—এইদিকে তাত! এইদিকে—

(ভাবাবেগে মুহ্যমান অবস্থায় তাঁরা পরিক্রমণ করলেন। সকলের প্রস্থান)

॥ ভবভূতিরচিত উত্তররামচরিত নাটকে 'কুমার প্রত্যভিজ্ঞান'[৮] নামক ষষ্ঠ অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **সপ্তম অঙ্ক**[১] × × × × × × × × × × × × ×

(লক্ষ্মণের প্রবেশ)

লক্ষ্মণ—আজ ভগবান বাল্মীকি আমাদের সঙ্গে ব্রাহ্মণ, ক্ষত্রিয়, নগরবাসী, গ্রামবাসীকে নিজের শক্তিবলে আহ্বান করে চরাচর সকলকেই এখানে উপস্থিত করেছেন— তাঁদের মধ্যে আছেন দেবতা, দানব, সর্পরাজ বাসুকির সর্পদল, কামধেনু প্রভৃতি প্রাণীরাও। আমি আমার ভ্রাতার কাছ থেকে এই মর্মে এক নির্দেশ পেয়েছি— প্রিয় লক্ষ্মণ, পূজ্যপাদ বাল্মীকির নিজের রচনা অপ্সরাদের দ্বারা অভিনীত হবে, দর্শনের জন্যে আমরা আমন্ত্রিত, তুমি গঙ্গাতীরে আয়োজিত রঙ্গমঞ্চে গিয়ে দর্শকদের বসাবার ব্যবস্থা করো। আমি মর্তবাসী এবং স্বর্গবাসী সকলকেই তাঁদের

যথাযোগ্য স্থানে আসন দিয়েছি। কিন্তু এই যে আমার ভ্রাতা বাল্মীকির প্রতি শ্রদ্ধায় এই দিকেই আসছেন—কঠোর মুনিব্রত গ্রহণ করেছেন, রাজ্যও তাঁর নিকটে আশ্রম ॥ ১ ॥

(রামের প্রবেশ)

রাম—প্রিয় লক্ষ্মণ, মান্য অতিথিগণ কি আসন গ্রহণ করেছেন ?

লক্ষ্মণ—হ্যাঁ।

রাম—কিন্তু বৎস চন্দ্রকেতুকে যে সম্মান দেওয়া হচ্ছে, লব ও কুশ—এই বালকদ্বয়কেও তা দেখানো সঙ্গত।

লক্ষ্মণ—তাদের প্রতি আপনার ভালবাসার কথা জানি বলে আমি ইতিমধ্যে সেইরকম ব্যবস্থা করেছি। কিন্তু এই যে রাজাসন[২] বিস্তৃত রয়েছে, আপনি উপবেশন করুন। (রাম উপবেশন করলেন)

লক্ষ্মণ—এখন অভিনয় আরম্ভ হোক ![৩]

(সূত্রধারের প্রবেশ[৪])

সূত্রধার—আপনারা শুনুন ! সত্যবাক ভগবান বাল্মীকি স্থাবর-জঙ্গম সকলকেই এই নির্দেশ দিচ্ছেন—এই পূত ও মধুর রচনা আমি ঋষির প্রজ্ঞাদৃষ্টিতে উপলব্ধি করে লিপিবদ্ধ করেছি[৫]—এই রচনা করুণ ও বিস্ময়রসে পূর্ণ ! বিষয়টির গুরুত্ব বিবেচনা করে আপনারা অবহিত হোন—

রাম—যা ঘোষণা করা হল তার এই হল তাৎপর্য। ঋষিগণ ধর্ম সাক্ষাৎ করে থাকেন। এই সকল ঋষির জ্ঞান ইন্দ্রিয়বৃত্তির মোহে অক্ষুব্ধ, সত্যের আশ্রয় এবং অব্যর্থ। সুতরাং এঁদের বাক্যে সন্দেহ প্রকাশ করা চলে না।

(নেপথ্যে)

হায় আর্যপুত্র, হায় কুমার লক্ষ্মণ ! এই অরণ্যে আমি একাকিনী, অসহায়—আমি আসন্নপ্রসবা আশাহীনা, এই অরণ্যে হিংস্র জন্তুগণ আমাকে গ্রাস করবে ! সুতরাং মন্দভাগিনী আমি ভাগীরথীর জলে আত্মবিসর্জন করব !

লক্ষ্মণ—(স্বগত) হায়, আমি যা ভেবেছিলাম এ-তো তার থেকে সম্পূর্ণ পৃথক অন্য কিছু !

সূত্রধার—ধরিত্রীকন্যা আসন্নপ্রসবা রাজ্ঞী মহারাজ কর্তৃক মহারণ্যে পরিত্যক্ত হবার পর ভাগীরথীর বক্ষে ঝাঁপ দিলেন ॥ ২ ॥ (প্রস্থান)

প্রস্তাবনা

রাম—(আবেগে অভিভূত হয়ে) দেবি ! তুমি লক্ষ্মণের কথা ভেবে দেখো[৬] !

লক্ষ্মণ—আর্য ! এ-তো অভিনয় !

রাম—হায় দেবি ! দণ্ডকারণ্যবাসে আমার প্রিয়সাথী ! রামের জন্যেই তোমার এই সঙ্কট !

লক্ষ্মণ—আর্য ! দয়া করে আপনি অনুষ্ঠান দেখুন !

রাম—আমি বজ্রের মতো কঠিন, আমি প্রস্তুত ! (সীতাকে ধারণ করে প্রবেশ করলেন পৃথিবী ও ভাগীরথী, উভয়ের ক্রোড়ে এক-একটি শিশু) বৎস লক্ষ্মণ, আমার মন যেন এক অজ্ঞাত অন্ধকারে হারিয়ে যাচ্ছে—আমাকে ধরো।

দেবীদ্বয়—কল্যাণি, তুমি আশ্বস্ত হও ; বিদেহনন্দিনি ! তুমি মহা ভাগ্যবতী, তুমি দুই সন্তান প্রসব করেছ—তারা রঘুবংশধর ॥ ৩ ॥

সীতা—(জ্ঞান লাভ করে) সৌভাগ্যক্রমে দুই সন্তানের জননী আমি, হায়, আর্যপুত্র !
(মূর্ছিত হলেন)

লক্ষ্মণ—(রামের পদতলে পড়ে) আর্য, ভাগ্যবশত আমরা মহাসম্পদ লাভ করেছি. রঘুবংশের মঙ্গল-কুসুম প্রস্ফুটিত হয়েছে ! (দেখে) হায়, উদ্বেলিত অশ্রুধারায় অভিভূত হয়ে আর্য মূর্ছিত হয়ে পড়েছেন। (বীজন করতে লাগলেন)

পৃথিবী—বৎসে, আশ্বস্ত হও !

সীতা—(জ্ঞান লাভ করে) ভগবতি ! আপনারা দু'জন কে ? আমাকে ছেড়ে দিন।

পৃথিবী—ইনি ভাগীরথী, তোমার শ্বশুরবংশের কুলদেবতা।

সীতা—ভগবতী, আমার প্রণাম গ্রহণ করুন।

পৃথিবী—তোমার চরিত্র-মহিমার যোগ্য কল্যাণ-সম্পদ লাভ করো।

লক্ষ্মণ—আমরা অনুগৃহীত হলাম।

ভাগীরথী—ইনি তোমার জননী ধরিত্রী !

সীতা—হায় জননী, তুমি আমাকে এমন অবস্থায় দেখলে !

পৃথিবী—এসো কন্যা, এসো বৎসে আমার কাছে ; (উভয়ে আলিঙ্গন করে মূর্ছিত হলেন)

লক্ষ্মণ—(সানন্দে) ধরিত্রী এবং ভাগীরথী দেবীকে অনুগ্রহ করেছেন, কী ভাগ্যের কথা !

রাম—(দেখে) ভাগ্যক্রমেই এখন আরও করুণ !

ভাগীরথী—মাতৃস্নেহই সর্বজয়ী কেননা সর্বংসহা ধরিত্রীও ব্যথিত ; অথবা মনের এই মোহগ্রন্থি সমস্ত প্রাণিহৃদয়েরই যন্ত্রণার উৎস, সকল মানুষের মধ্যেই তা বর্তমান। দেবি ধরিত্রি ! বৎসে বৈদেহি ! আশ্বস্ত হও। আশ্বস্ত হও।

পৃথিবী—দেবি, সীতাকে জন্ম দিয়ে আমি কীভাবে আশ্বস্ত হতে পারি ? রাক্ষসদের মধ্যে তার দীর্ঘকাল অবস্থান সহ্য করেছিলাম, আবার তার পতি কর্তৃক এই নির্বাসন সহ্য করা কঠিন। ৪ (প্রথমাংশ)॥

ভাগীরথী—সুখ বা দুঃখ যখন ফলোন্মুখ তখন দৈবের দ্বার কে রুদ্ধ করতে পারে ? ৪ (শেষাংশ) ॥

পৃথিবী—ভগবতি ভাগীরথি ! এসব কিন্তু তোমার প্রিয় রামচন্দ্রের পক্ষে অত্যন্ত অশোভন হয়েছে। সে যৌবনে যে-পাণি গ্রহণ করেছিল তার প্রতি কোনো সম্মান প্রদর্শন করে নি ; আমার প্রতি, জনকের প্রতি কিংবা অগ্নির প্রতিও সে কোনো মর্যাদা দেখায় নি। এমন-কি পতিব্রতা সীতার বা গর্ভস্থ সন্তানের প্রতিও সে কোনো কর্তব্যবোধের পরিচয় দেয় নি। ৫ ॥

সীতা—হায়, আমাকে আমার আর্যপুত্রের কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে।

পৃথিবী—পরিত্যাগের পরে এখন তোমার স্বামী তোমার কে ?

সীতা—(সলজ্জভাবে, অশ্রুপূর্ণ চক্ষে) মা যা বলছেন হয়তো তাই।

ভাগীরথী—ভগবতি বসুন্ধরে ! তুমি সকলের আশ্রয়। এখন তুমি তোমার জামাতার উপর ক্রুদ্ধ হচ্ছ, কেন, তুমি কী তাকে ভালো করেই জানতে না ? সাধারণের মধ্যে বিষম কলঙ্ক প্রচারিত হয়েছিল, অগ্নিপরীক্ষায় বিশুদ্ধির ঘটনা ঘটেছিল সুদূর লঙ্কায়। এখানকার মানুষ তা বিশ্বাস করবে এমন আশা কী করে করা যাবে ? ইক্ষ্বাকুবংশের এই হল কুলগত বিধি যে সমস্ত লোককে সন্তুষ্ট রাখতে হবে। এই সঙ্কটে বৎস রাম আর কী করতে পারে ? ॥ ৬ ॥

লক্ষ্মণ—নিশ্চয়ই প্রাণীদের মন সম্পর্কে দেবতাদের জ্ঞান অব্যাহত !

ভাগীরথী—তথাপি (রামের প্রতি ক্রোধ শান্ত করার জন্যে) আমি তোমার প্রতি এই অঞ্জলি বন্ধ করলাম[৭] !

রাম—মাতঃ, ভগীরথের বংশে তোমার দয়া এখনও অক্ষুণ্ণই আছে !

পৃথিবী—দেবি, আমি সর্বদাই তোমাদের প্রতি প্রসন্না ; আপাতদুঃসহ স্নেহবশেই আমি এই কথা বলেছি। রামের সীতাস্নেহ যে আমি জানি না এমন নয়। দৈব-বিপাকে সীতাকে ত্যাগ করে বিক্ষুব্ধ মনে রাম কেবল নিজের অসামান্য ধৈর্য-গুণে এবং প্রজাদের পুণ্যবলে জীবন ধারণ করছে। ৭ ॥

রাম—নিশ্চয়ই গুরুজনেরা সন্তানের প্রতি স্নেহশীল।

সীতা—অশ্রুপূর্ণ চক্ষে, বদ্ধাঞ্জলিদ্বয়ে মা ! তোমার মধ্যেই আবার আমার বিলয় ঘটুক !

রাম—এ-ছাড়া আর কী বলা সম্ভব ?

ভাগীরথী—ভগবান না করুন—তুমি বিলীন না হয়ে সহস্র বৎসর বেঁচে থাকো।

পৃথিবী—বৎসে ! তোমাকে তোমার সন্তানদুইটিকে পালন করতে হবে !

সীতা—কিন্তু আমি অনাথা ; এদের নিয়ে আমি কী করব ?

রাম—হে আমার হৃদয়, তুমি নিশ্চয়ই বজ্রতুল্য কঠিন !

ভাগীরথী—সনাথা হয়েও তুমি নিজেকে অনাথা বলছ কেন ?

সীতা—আমি হতভাগিনী, নাথ বর্তমান থাকলেও আমার কী !

দেবীদ্বয়—তুমি জগতের মঙ্গল স্বরূপ, তোমার সংসর্গে আমাদের দুজনের শুচিতাও বর্ধিত হয়েছে। তুমি নিজেকে কেন ক্ষুদ্র মনে করছ ? ॥ ৮ ॥

লক্ষ্মণ—আর্য, শুনুন !

রাম—বিশ্ববাসী শুনুক !

(নেপথ্যে কোলাহল)

রাম—বোধহয় এর চেয়েও অদ্ভুত অন্য কিছু !

সীতা—সমস্ত অন্তরীক্ষ কোলাহলে পূর্ণ হয়ে হঠাৎ জ্বলে উঠল কেন ?

দেবীদ্বয়—বুঝতে পেরেছি। যাদের অধিকারী যথাক্রমে কৃশাশ্ব, কৌশিক এবং রাম—'জৃম্ভক' সহ সেই অস্ত্রগুলিই আত্মপ্রকাশ করছেন। ৯ ॥

(নেপথ্যে)

দেবি ! সীতে ! আমরা প্রণাম জানাই। আপনার দুই পুত্র এখন আমাদের আশ্রয় ; রামচন্দ্র চিত্রদর্শনের সময়ে তাদের হাতে আমাদের অর্পণ করে-ছিলেন ॥ ১০ ॥

সীতা—এরাই অস্ত্রগুলির অধিদেবতা ? কী সুখের কথা ! এমন-কি এখনও আর্যপুত্রের অনুগ্রহ আমাদের জন্যে প্রকাশিত।

লক্ষ্মণ—আর্য একথা বলেছিলেন—'এই অস্ত্র সর্বদা তোমার সন্তানের অধিকৃত হবে ॥'[৯]

দেবীদ্বয়—হে শক্তিশালী অস্ত্রপুঞ্জ, তোমাদের প্রণাম ! তোমাদের অনুগ্রহে আমরা ধন্য ! প্রয়োজনের মুহূর্তে তোমাদের ধ্যান করলে তোমরা এই বালকদের পরিচর্যায় রত থেকো ॥ তোমাদের কল্যাণ হোক ॥ ১১ ॥

রাম—দুঃখের তরঙ্গ ভেঙে যাচ্ছে বিস্ময় ও আনন্দের অভ্যুত্থানে, তাতে করে সেই দুঃখ-তরঙ্গরাশি সংক্ষোভিত হয়ে সম্প্রতি আমার কী এক দশা সংঘটিত করছে ! ১২ ॥

দেবীদ্বয়—আনন্দ করো, বৎসে, করো ; তোমার পুত্রদ্বয় এখন রামভদ্রের তুল্য।

সীতা—ভগবতি ! কে এদের ক্ষাত্রিয়োচিত অনুষ্ঠান সম্পাদন করাবেন ?

রাম—বশিষ্ঠরক্ষিত রঘুবংশের আনন্দবিধায়িনী সীতাও জানেন না কে তার পুত্রদের সংস্কার কর্ম করাবেন ! কী দুঃখের কথা ! ॥ ১৩ ॥

ভাগীরথী—বৎসে, এই চিন্তায় তুমি বিব্রত হচ্ছ কেন ? এই শিশুদ্বয় স্তন্য ত্যাগ করার পর আমি এদের ভগবান বাল্মীকির আশ্রয়ে রেখে আসব, তিনিই এদের ক্ষত্রোচিত বিধি অনুযায়ী সমস্ত সংস্কারকর্ম সম্পন্ন করাবেন ; রঘু ও জনকবংশের দুই কুলগুরু বশিষ্ঠ আঙ্গিরসের[১০] মতোই বাল্মীকি দুই বংশের গুরু। ১৪ ॥

রাম—ভগবতী যথার্থই ভেবেছেন।

লক্ষ্মণ—আর্য, আমি সত্য কথাই বলছি। কতকগুলি বিশেষ চিহ্নের সাহায্যে আমি কুশ ও লব এই দুটি বালককে আপনার পুত্ররূপে চিনতে পেরেছি। কেননা এরা জন্ম থেকেই রহস্যময় অস্ত্রের অধিকারী, দুজনেই বীর-স্বভাব, দুজনেই বাল্মীকির কাছে রয়েছে, দুজনেরই আকৃতি আপনার তুল্য আর দুজনেরই দ্বাদশবর্ষ বয়স। ১৫ ॥

রাম—এরা দুজন আমার পুত্র, এই কথা ভেবে আমার হৃদয় ভাবতরঙ্গে বিহ্বল হয়ে পড়ছে, আমি যেন মোহগ্রস্ত হচ্ছি।

পৃথিবী—এসো বৎসে ! (তোমার উপস্থিতিতে) রসাতল পবিত্র করো।

রাম—হায় প্রিয়ে, তুমি অন্য লোকে চলে যাচ্ছ !

সীতা—তুমি তোমার অঙ্গে আমাকে বিলীন করে নাও মা। আমি জীবলোকের এই অবমাননা আর সহ্য করতে পারছি না !

রাম—এর উত্তর কী হবে ?

পৃথিবী—পুত্রদ্বয় স্তন্য ত্যাগ করা পর্যন্ত তোমাকে দেখতে হবে, এই আমার নির্দেশ। পরে যথোচিত করা হবে।

ভাগীরথী—তাই হোক। (দেবী ও সীতার প্রস্থান)

রাম—এ কী ! সীতার অন্তর্ধান কি সম্পন্ন হয়ে গেল ? হায় দেবি ! আমার দণ্ডকারণ্য-বাসসঙ্গিনী ! হায় চরিত্রদেবতে, তুমি অন্য লোকে চলে গেলে ?

(মূর্ছিত হলেন)

লক্ষ্মণ—ভগবান বাল্মীকি ! রক্ষা করুন, রক্ষা করুন ! এই কি আপনার কাব্যের যথার্থ লক্ষ্য ?[১১]

(নেপথ্যে)

বাদ্যযন্ত্র সরিয়ে নাও। স্থাবর ও জঙ্গম, মর্ত্য ও অমরগণ, এখন দেখুন মহামুনি পূজ্য বাল্মীকির দ্বারা পরিকল্পিত এক অলৌকিক ও পবিত্র দৃশ্যের অবতারণা !

লক্ষ্মণ—(দেখে) গঙ্গার বারি উদ্বেলিত, যেন তা মন্থন করা হচ্ছে। অন্তরীক্ষ ব্যাপ্ত করে আছেন দেবর্ষিগণ। কী আশ্চর্য ! আর্যা সীতাদেবী ভাগীরথী ও পৃথিবীর সঙ্গে জল থেকে উঠে আসছেন ॥ ১৬ ॥

(পুনরায় নেপথ্যে)

জগৎপূজ্যা অরুন্ধতী, ভাগীরথী ও ধরিত্রীর প্রতি অনুগ্রহ করুন। আমরা পুণ্যব্রতা সীতাকে আপনার কাছে অর্পণ করলাম। ১৭ ॥

লক্ষ্মণ—আশ্চর্য ! কী আশ্চর্য ! আর্য, দেখুন, দেখুন ! হায়, এখনও আর্যের জ্ঞান ফিরে এল না !

(সীতাকে সঙ্গে নিয়ে অরুন্ধতীর প্রবেশ)

অরুন্ধতী—বৈদেহি, ত্বরান্বিত হও, তোমার স্বাভাবিক লজ্জা ত্যাগ করো। এসো, তোমার হাতের মৃদু স্পর্শে আমার প্রিয় বৎস রামকে সঞ্জীবিত করে তোলো ॥ ১৮ ॥

সীতা—(চঞ্চলভাবে স্পর্শ করে) আর্যপুত্র, আশ্বস্ত হোন, আশ্বস্ত হোন।

রাম—(আশ্বস্ত হয়ে, সানন্দে এ কী ! (হর্ষ ও বিস্ময়ে সীতাকে লক্ষ্য করে) আরে এ যে দেবী ! (সলজ্জভাবে) আমার মাতা অরুন্ধতীদেবী আর ঋষ্যশৃঙ্গ শান্তা প্রভৃতি আমার গুরুজনেরা আনন্দে মত্ত !

অরুন্ধতী—বৎস, এখানে ভগীরথের গৃহদেবতা প্রসন্না গঙ্গা !

(নেপথ্যে)

হে জগৎপতি রাম ! আলেখ্যদর্শনকালে তুমি যে-কথা আমার উদ্দেশে বলেছিলে[১২] তা মনে রেখো—'মাতঃ. অরুন্ধতী যেমন তাঁর পুত্রবধূকে দেখেন তেমনি সীতাকেও সদয়ভাবে দেখো।' এই বিষয়ে আমি আমার ঋণশোধ করেছি।

অরুন্ধতী—ওখানে তোমার শ্বশ্রূমাতা ধরিত্রীদেবী !

(পুনরায় নেপথ্যে)

আয়ুষ্মন্, যখন আমার স্নেহপাত্রী সীতাকে ত্যাগ করেছিলে তখন তুমি আমার উদ্দেশে বলেছিলে—ভগবতী বসুন্ধরে ! তোমার সুযোগ্য কন্যাকে রক্ষা করো। আমি এখন আমার বৎস এবং আমার প্রভুর আদেশ পালন করেছি।

রাম—আমি মহাপাপী, কীভাবে আমি এই দুই দেবীর করুণা লাভ করলাম। আপনাদের প্রণাম করি।

অরুন্ধতী—নগরবাসিগণ ! গ্রামবাসিগণ ! এই মহিষী সীতা সূর্যবংশের পুত্রবধূ—যজ্ঞভূমিজাতা ; আমি অরুন্ধতী, আমার কাছে গঙ্গা ও ধরিত্রীদেবী একে প্রশংসা করে রেখে গিয়েছিলেন ; এর চরিত্রের শুচিতা পূর্বে পূজ্য অগ্নিদেবের দ্বারা পরীক্ষিত হয়েছে। ব্রহ্মা প্রভৃতি দেবগণও এর সাধুবাদ করেছেন। এখন একে গ্রহণ করা হবে কি-না এ-বিষয়ে আপনাদের অভিমত বলুন।

লক্ষ্মণ—আর্য, প্রজাগণ, ভগবতী অরুন্ধতী কর্তৃক এইভাবে তিরস্কৃত হয়ে এবং সমবেত অন্যান্য প্রাণিগণও আর্যা সীতাদেবীকে প্রণাম জানাচ্ছেন ; লোকপালগণ এবং সপ্তর্ষিগণও পুষ্পবর্ষণ করে তাঁকে অভ্যর্থনা করছেন।

অরুন্ধতী—জগৎপতি রামচন্দ্র ! যজ্ঞে হিরণ্ময়ী প্রকৃতির মূলস্বরূপা এই সীতাকে যথাবিধি সহধর্মচারিণীরূপে নিযুক্ত করো। ১৯ ॥

সীতা—(স্বগত) সীতার দুঃখ দূর করা আর্যপুত্র ভালো করেই জানেন।

রাম—ভগবতী যেমন আদেশ করেন।

লক্ষ্মণ—আমি ঈপ্সিত ফললাভ করেছি।

সীতা—আমি জীবন ফিরে পেলাম।

লক্ষ্মণ—আর্যে, নির্লজ্জ লক্ষ্মণ[১৩] আপনাকে প্রণাম জানাচ্ছে।

সীতা—তুমি আমার পুত্রতুল্য, চিরজীবী হও।

অরুন্ধতী—ভগবান বাল্মীকি, রামচন্দ্রের সীতাগর্ভজাত দুই পুত্র কুশ ও লবকে এখন উপস্থিত করুন। (প্রস্থান)

রাম ও লক্ষ্মণ—আমাদের সৌভাগ্য, এই কথাই আমরা ভেবেছিলাম।
সীতা—(অশ্রুপূর্ণ দৃষ্টিতে) আমার সেই দুই পুত্র কোথায় ?

(কুশ ও লবকে নিয়ে বাল্মীকির প্রবেশ)

বাল্মীকি—বৎস কুশ ও লব! ইনি রঘুপতি, তোমাদের পিতা! ইনি লক্ষ্মণ—তোমাদের কনিষ্ঠ খুল্লতাত, ইনি সীতা—তোমাদের জননী, ইনি রাজর্ষি জনক—তোমাদের মাতামহ!
সীতা—(চেয়ে দেখলেন, দৃষ্টিতে আবেগ, আনন্দ ও বিস্ময়) কী বললেন পিতা?
কুশ ও লব—পিতা! মাতা! মাতামহ!
রাম ও লক্ষ্মণ—(আনন্দে আলিঙ্গন করে) ওরে বাছারা, পুণ্যফলে তোমাদের পেলাম।
সীতা—এসো বাবা কুশ, এসো বাবা লব, দীর্ঘকাল পরে তোমাদের জননীকে আলিঙ্গন করো, আমি লোকান্তরে ছিলাম!
কুশ ও লব—(সীতাকে আলিঙ্গন করে) আমরা ধন্য।
সীতা—ভগবন্, আপনাকে প্রণাম করি।
বাল্মীকি—এই সুখের অবস্থাতেই চিরকাল অতিবাহিত করো।
সীতা—আজ কী আনন্দ! আমি পিতাকে দেখছি, সঙ্গে আছেন আর্যগণ[১৪], পতিসহ শান্তাদেবী, লক্ষ্মণসহ আর্যপুত্র এবং তাদের সঙ্গে কুশ ও লব! আমি আনন্দে অভিভুত!

(নেপথ্যে কোলাহল)

বাল্মীকি—(উঠে দেখলেন) মধুরাপতি[১৫] শত্রুঘ্ন লবণকে উৎখাত করে ফিরে এসেছে।
লক্ষ্মণ—মঙ্গলের পর মঙ্গল আসে।
রাম—চোখে দেখেও বিশ্বাস করতে পারছি না! হয়ত অভ্যুদয়ের প্রকৃতিই এইরূপ!
বাল্মীকি—বলো রামভদ্র, তোমার আর কী প্রিয় আমি করতে পারি?
রাম—এর পর ঈপ্সিত আর কী থাকতে পারে? কিন্তু এই আশীর্বাণী উচ্চারিত হোক—এই রামায়ণকথা গঙ্গার মতো পাপ থেকে মুক্ত করে, জগতের মাতা লক্ষ্মীর মতো শ্রীবর্ধন করে। এই কথা মঙ্গলের হেতু মনোহারিণী। পণ্ডিতগণ প্রাজ্ঞ, শব্দব্রহ্মবিৎ কবির (বাল্মীকির) অভিনয়ের রূপে প্রকাশিত এই পরিণত বাণী সম্পর্কে চিন্তা করুন[১৬] ॥ ২০ ॥ (সকলের প্রস্থান)

॥ ভবভূতিরচিত উত্তররামচরিত নাটকে 'সম্মেলন' নামক সপ্তম অঙ্ক সমাপ্ত ॥

—'উত্তররামচরিত' নাটক সমাপ্ত—

প্রথম অংক

১· বাগ্‌দেবতা বশীভূতা ভার্যার মতোই যাঁর অনুগতা ! একথা স্বীকার করতে হয়, এই উক্তির মধ্যে ভবভূতির স্পর্ধিত মনোভাবের প্রকাশ ঘটেছে। তিনি ব্রহ্মা—সরস্বতী তাঁহার অনুগতা ভার্যা। উত্তরং রামচরিতং—রামচরিতের পরবর্তী অংশ, প্রথম অংশ নিয়ে ভবভূতির প্রথম নাটক 'মহাবীরচরিত' রচিত ; এই নাটকে আছে অযোধ্যার সিংহাসনে রামের প্রতিষ্ঠা পর্যন্ত জীবন-কথা।

২· সূত্রধার এখানে বেশভূষা খুলে ফেলে অযোধ্যাবাসী হয়েছেন (আযোধ্যকঃ), অলঙ্কারশাস্ত্রের বিধান অনুযায়ী সূত্রধারের মঞ্চ ত্যাগ করা প্রয়োজন ছিল ; পরে আযোধ্যকরূপে তাঁর প্রবেশ হলে সঙ্গত হত। আকাঙ্ক্ষিত মঞ্চনির্দেশ—নিষ্ক্রান্তঃ। ততঃ প্রবিশতি কশ্চিৎ আযোধ্যকঃ। আযোধ্যকঃ (সমন্তাদ্ অবলোক্য) ভোঃ ভোঃ ; এর পরেই নটের প্রবেশও আলঙ্কারিক রীতিবিরোধী। নাটকের কোনো চরিত্রের মঞ্চে প্রবেশের পরে নট প্রবেশ করতে পারে না। এখানে আগে আযোধ্যক প্রবেশ করেছে। তাছাড়া সূত্রধারই তার সঙ্গীদের সম্বোধন করবেন 'মারিষ' বলে। মূলে 'মারিষ' কথাটি আছে, অর্থাৎ সূত্রধার ভুলে গিয়েছেন—তিনি এখন 'আযোধ্যক'।

৩ কৌশল্যা, কৈকেয়ী, সুমিত্রা—এঁরা গিয়েছিলেন জামাতা ঋষ্যশৃঙ্গের আশ্রমে। দশরথ নিজ কন্যা শান্তাকে অঙ্গদেশের রাজা রোমপাদকে দত্তক হিসেবে দিলে শান্তা তাঁর কন্যারূপে পালিতা হয়েছিলেন, বিভাণ্ডক মুনির পুত্র ঋষ্যশৃঙ্গের সঙ্গে তাঁর বিবাহ হয়েছিল। ইনি দশরথের জন্যে পুত্রেষ্টি যজ্ঞ সম্পাদন করেছিলেন, এর ফলে রাম প্রভৃতি চার পুত্রের জন্ম।

৪· রামায়ণের বালকাণ্ডে আছে, ঋষ্যশৃঙ্গ তাঁর পিতার কাছে অরণ্যে প্রতিপালিত হয়েছিলেন। অঙ্গদেশে অনাবৃষ্টি হওয়ায় রাজা রোমপাদ ঋষ্যশৃঙ্গকে নিজের রাজ্যে আনিয়ে শান্তার সঙ্গে বিবাহ দিয়েছিলেন। তাঁর যজ্ঞপ্রভাবে রাজ্যে প্রচুর বর্ষণ হয়েছিল।

৫· 'সময়' শব্দের অর্থ 'আচার'। স্বজাতিসময়েন=নটজাতির আচার অনুযায়ী। এরা দুজনেই বৈতালিক।

৬· সীতার প্রতি রামচন্দ্রের সান্ত্বনাবাণী। সীতা প্রিয়জন-বিচ্ছেদে ব্যাকুল ; রামের বক্তব্য, গুরুজন আমাদের ত্যাগ করতে পারেন না, কিন্তু অনুষ্ঠানের অনুরোধেই তাঁদের যেতে হয়।

৭· অষ্টাবক্র এক সংহিতাকার মুনির নাম—পিতা কহোড়, মাতা সুজাতা। ইনি পিতৃশাপে বিকৃতাঙ্গ (অষ্টস্থানে বক্র) হয়ে ভূমিষ্ঠ হয়েছিলেন। পরে পিতার প্রসাদেই এই বিকৃতি দূর হয়।

৮, ঋষ্যশৃঙ্গের দ্বাদশবর্ষব্যাপী যজ্ঞে বশিষ্ঠ, অরুন্ধতী, রামের জননীত্রয়, শান্তা প্রভৃতি সকলেই উপস্থিত হয়েছিলেন। আশ্রম থেকে অষ্টাবক্র মুনি এসেছেন বশিষ্ঠের নির্দেশ জানাতে। বশিষ্ঠ রামচন্দ্রকে জানিয়েছেন—'বৎস, তোমার অল্প বয়স,

নূতন রাজ্য লাভ করেছে ! প্রজারঞ্জনে মন দিয়ো, তাতেই হবে যশ আর সেই যশই তোমাদের পরম সম্পদ !' বিস্ময়ের বিষয়, এই গুরুতর উপদেশের কথা অযোধ্যা ত্যাগের পূর্বে বশিষ্ঠের মনে পড়ে নি।—তাছাড়া রামচন্দ্র সম্পর্কে এই-জাতীয় লঘু ধারণাও অসঙ্গত। বশিষ্ঠ নিশ্চয়ই রামচন্দ্রকে জানতেন, তবে কেন তাঁর উদ্বেগ—এই প্রশ্ন পাঠকের মনে জাগতে পারে।

নাটকীয় প্রয়োজন একটা আছে নিশ্চয়ই, কেন-না চিত্রদর্শনের পরেই দুর্মুখ আসবে সীতা সম্পর্কে প্রজাপুঞ্জের নিন্দাবাদ জানাতে এবং প্রজারঞ্জন করতে গিয়েই রাম সীতাকে ত্যাগ করবেন। কিন্তু বশিষ্ঠের নির্দেশ জানাতে ঋষ্যশৃঙ্গের আশ্রম থেকে অষ্টাবক্র মুনির ছুটে আসবার কোনো প্রয়োজন ছিল না।

৯. তাড়কারক্ষসী বধের পর প্রসন্ন বিশ্বামিত্র রামচন্দ্রকে কতকগুলি অস্ত্র দান করেছিলেন—'জৃম্ভকাস্ত্র' তাদের অন্যতম। এইগুলি সমন্ত্রক, অর্থাৎ বিশেষ রহস্যময় মন্ত্রে এদের ধ্যান করলে এই সকল তেজোময় দিব্যাস্ত্রের আবির্ভাব ঘটে ; প্রয়োগের ফলে আক্রান্ত মোহগ্রস্ত এবং নিশ্চল হয়ে পড়ে। নাটকের ষষ্ঠ অঙ্কে রামতনয় লব এই অস্ত্র প্রয়োগ করেছিল।

১০. বলা বাহুল্য, লক্ষ্মণ লজ্জায় সীতার কাছে ঊর্মিলার কথা বলেন নি। সীতা বুঝেছিলেন, তাই সকৌতুকে প্রশ্ন করেছিলেন—এই অন্যটি কে ? উত্তরচরিত করুণরসপ্রধান নাটক, সীতার এই মধুর কৌতুকটুকু সেখানে বিশেষভাবে স্মরণীয়। দুঃখ-শোকের অন্ধকারে এই একটি মাত্র বিদ্যুতের ঝলক !

১১ সগররাজার অশ্বমেধ যজ্ঞের কাহিনী স্মরণীয়। যজ্ঞীয় অশ্ব ইন্দ্র অপহরণ করে পাতালে সমাধিমগ্ন কপিলমুনির পার্শ্বে বেঁধে রেখেছিলেন। সগর রাজার ষাট হাজার পুত্র অশ্বের সন্ধানে পৃথিবী খনন করে এলেন পাতালে, কপিলের কাছে দেখলেন সেই অশ্ব, অপমানিত করলেন মুনিকে। তারপর কপিলের ক্রোধাগ্নিতে তাঁরা ভস্মীভূত হয়ে গেলেন। দীর্ঘকাল পরে এই বংশেরই ভগীরথ অনেক সাধনার পর গঙ্গার জল প্রবাহিত করে ভস্মীভূত পিতৃপুরুষদের উদ্ধার করেছিলেন। এখানে বংশের ধারাটি বুঝে নেওয়া দরকার। সগর অযোধ্যার রাজা ছিলেন—রামচন্দ্রের পূর্বপুরুষ। সগররাজার দুই মহিষী—কেশিনী ও সুমতি। তপস্যায় সন্তুষ্ট হয়ে ভৃগুমুনি সগরকে দুটি বর দিয়েছিলেন—তাঁর এক স্ত্রীর একটি মাত্র পুত্র হবে। সে বংশের ধারা রক্ষা করবে। আর-এক স্ত্রীর ষাট হাজার পুত্র হবে। কেশিনী বেছে নিলেন প্রথমটি. তাঁর পুত্র হল অসমঞ্জ ; সুমতি হলেন ষাট হাজার পুত্রের জননী।

এরপর বংশের ধারা হল এই রকম—অসমঞ্জের পুত্র অংশুমান। অংশুমানের পুত্র দিলীপ, দিলীপের পুত্র ভগীরথ। তাহলে ভগীরথ কাদের উদ্ধার করেছিলেন ? তার পিতার পিতামহদের ; মূল শ্লোকেও তাই আছে 'পিতুশ্চ পিতামহান্।' 'পিতুঃ প্রপিতামহান্' এই পাঠ ভ্রান্ত।

১২. রামের বক্তব্য—পম্পাসরোবরের কোথাও-কোথাও ছিল শ্বেতপদ্মের শোভা, পদ্মের চারধারে 'মল্লিকাখ্য' পাখি। পাখিদের পা ও ঠোঁট নীল। রামচন্দ্রের চক্ষু অশ্রুপূর্ণ সুতরাং বর্ণ পার্থক্য বুঝবার শক্তি তাঁর ছিল না। তবু অশ্রু-পতনের ও উদ্গমের অবসরে তিনি দেখতেন যেন সেই স্থানে নীলপদ্ম ফুটে

রয়েছে। কুবলয়=নীলপদ্ম। পুণ্ডরীক=শ্বেতপদ্ম। মূল শ্লোকে 'সংদৃষ্টা' শব্দটি প্রযুক্ত হয়েছে। কিন্তু শ্লোকে যে অবস্থার বর্ণনা আছে, তাতে 'সংদর্শন' কঠিন।

১৩ দোহদ=গর্ভিনীর ইচ্ছা বা সাধ।
কিছু পূর্বেই সীতা তাঁর সাধের কথা বলেন—'জানে পুনরপি প্রসন্নগম্ভীরাসু বনরাজিষু বিহরিষ্যামি,' পবিত্র সৌম্যশিশিরাবগাহাঞ্চ ভগবতীং ভাগীরথী মবগাহিষ্যে।'

১৪. সীতার ব্যাকুল প্রার্থনা—তুমিও আমার সঙ্গে যাবে। রামের উত্তর—তাও কি বলতে হবে নাকি? অথচ তিনি জানতেন তিনি যাবেন না। সীতার প্রতি এই প্রতারণা রামচরিত্রে এক ব্যাখ্যাহীন অসঙ্গতি।

১৫. এই ধরণের ভাবগত মিলকে অলঙ্কারশাস্ত্রে 'পতাকা স্থান' বলা হয়। রামচন্দ্রের উচ্চারিত শ্লোকে শেষ কথাটি ছিল 'বিরহঃ'। প্রতিহারী এসে বলল—'উপস্থিতঃ'! রামচন্দ্র চমকে উঠলেন—ভাবলেন বুঝি বিরহ উপস্থিত। পরে জানলেন দুর্মুখের উপস্থিতির কথা। এই 'পতাকাস্থান' রাম-সীতার ভাবী বিরহের সূচক।

১৬. লবণদানবের মাতার নাম কুম্ভীনসী।

১৭. সীতার মুখে এই উক্তি অশোভন।

দ্বিতীয় অঙ্ক

১. প্রথম অঙ্ক ও দ্বিতীয় অঙ্কের মধ্যে বারো বৎসরের কাল-ব্যবধান। আদর্শ নাটকের পক্ষে স্থান, কাল, কাহিনী—এই ত্রিবিধ ঐক্য রক্ষা করাই বিধি। 'উত্তরচরিত'-নাটকে এই বিধি রক্ষিত হয় নি। কালগত ঐক্য লঙ্ঘন করা হয়েছে প্রথম অঙ্কের পরে দীর্ঘকালের অবসানে দ্বিতীয় অঙ্কের অবতারণায়। স্থানগত ঐক্যই বা কোথায়? প্রথম অঙ্কের ঘটনাস্থান অযোধ্যা, দ্বিতীয় ও তৃতীয় অঙ্কের ঘটনা ঘটেছে পঞ্চবটী ও জনস্থানের নিকটে—অবশিষ্ট ঘটনা বাল্মীকির আশ্রমের সন্নিধানে॥ কাহিনীগত ঐক্যও বাধা পেয়েছে ছোটো-ছোটো অন্য বিষয়ের অবতারণায়—যেমন সীতাকে অদৃশ্য রেখে বাসন্তী ও রামের সংলাপ।

২ 'সবন' শব্দের অর্থ যজ্ঞ অথবা স্নান—দুই-ই হইতে পারে। এখানে 'স্নান' অর্থ গ্রহণীয়। মধ্যাদিন সবন=মধ্যাহ্ন-স্নান। সবন ত্রিবিধ—প্রাতঃসবন, মাধ্যন্দিনসবন ও তৃতীয় সবন।

৩. 'মা নিষাদ'—এই শ্লোকটি বাল্মীকির রামায়ণের বালকাণ্ডে আছে। রামায়ণেই বলা হয়েছে, ক্রৌঞ্চের শোকে মুনি যে-শোক অনুভব করেছিলেন তাই-শ্লোকে পরিণত হয়েছে—'সোহনুব্যাহরণাদ্ভূয়ঃ শোকঃ শ্লোকত্বমাগতঃ।'

৪. বাল্মীকিপ্রযুক্ত লৌকিক 'অনুষ্টুভ্' ছন্দকেই বলা হয়েছে নূতন ছন্দ—'নূতনঃ ছন্দসামবতারঃ।' বাল্মীকি যে নিয়মে ছন্দ প্রয়োগ করেছেন তাতে একে 'নূতন' বলাই সঙ্গত। নিয়মটি এই—'শ্লোকে ষষ্ঠং গুরু জ্ঞেয়ং সর্বত্র লঘু-পঞ্চমম্। দ্বিচতুঃপাদয়োঃ হ্রস্বং সপ্তমং দীর্ঘমন্যয়োঃ।' অর্থাৎ পঞ্চমবর্ণ সর্বদাই হ্রস্ব, ষষ্ঠ সর্বদাই গুরু, দ্বিতীয় চতুর্থ চরণে সপ্তমবর্ণ হ্রস্ব, প্রথম ও

তৃতীয় চরণে সপ্তম দীর্ঘ। অন্যান্য বর্ণ হ্রস্ব-দীর্ঘ দুই-ই হতে পারে। বৈদিক অনুষ্টুভে এইসব বিধি পালিত হয় না।

৫. বনদেবতার বক্তব্য, রামায়ণরচনায় জগৎ মণ্ডিত, অর্থাৎ অলঙ্কৃত হয়েছে। মণ্ডিত' শব্দের পরিবর্তে 'পণ্ডিতঃ' এই পাঠভেদও দেখা যায়। সেক্ষেত্রে অর্থ—রামায়ণপাঠে জগতের লোক প্রাজ্ঞ বা পণ্ডিত হবে।

৬. বাসন্তীর প্রশ্ন—অথ 'স রাজা কিমাচারঃ সম্প্রতি ? অর্থাৎ সেই রাজা এখন কী করছেন ? লক্ষ্য করতে হবে বাসন্তী 'রাম বা রামভদ্র' শব্দ ব্যবহার করেন নি। তিনি তাঁর বান্ধবী সীতার প্রতি রামচন্দ্রের আচরণে এত ক্ষুব্ধ যে তার নামোচ্চারণও তিনি করলেন না—শুধু বললেন 'স রাজা'—

৭. কুমার লক্ষ্মণের পুত্রের সংবাদে বনদেবতা বাসন্তীর আনন্দ প্রকাশ। বাগ্‌ভঙ্গী সুন্দর ! মূল বক্তব্য—সীতার সংবাদে যেন মৃত্যুযন্ত্রণা ভোগ করছিলাম, কুমার লক্ষ্মণের পুত্র চন্দ্রকেতুর সংবাদে যেন জীবলোকে ফিরে এলাম। কিন্তু বাক্যে লক্ষ্মণের প্রতি বাসন্তীর গভীর স্নেহ প্রকাশিত হয়েছে।

৮. বিষ্কম্ভক দুই শ্রেণীর—শুদ্ধ ও সঙ্কীর্ণ (মিশ্র)। যে বিষ্কম্ভকে অংশগ্রহকারী চরিত্র মধ্যম—তাই 'শুদ্ধ'। এখানে আত্রেয়ী ও বাসন্তী দুই-ই মধ্যম শ্রেণীর চরিত্র—তাদের ভাষাও এক—সংস্কৃত।

৯. শূর্পণখার নাক ও কান কাটা হল তখন সে ছুটে এল খরের কাছে অভিযোগ জানাতে ! খর ছিল জনস্থানবাসী রাক্ষসদের মধ্যে প্রধান ! খর রামলক্ষ্মণের উপর প্রতিশোধ নিতে প্রথমে চোদ্দজন রাক্ষস পাঠালেন। রাম তাদের নিধন করলেন ; তখন খর দূষণকে সেনাপতি করে তার সঙ্গে পাঠালেন চোদ্দ হাজার রাক্ষস। কিন্তু তারা সবাই নিহত হল। বাকি রইল খর ও ত্রিমূর্ধা ; তারাও যুদ্ধে নিহত হল। এই অংশে ভবভূতি সম্পূর্ণভাবে রামায়ণকেই অনুসরণ করেছেন।

১০ শম্বুক—শম্বুক এক শূদ্রতাপস, দেবত্বলাভের জন্যেই ত্যর তপস্যা ! 'শূদ্রযোন্যাং প্রজাতোঽস্মি তপঃ উগ্রং সমাস্থিতঃ ; দেবত্বং প্রার্থয়ে রাম সশরীরো মহাযশঃ'। (রামায়ণ, উত্তরকাণ্ড)। রামের হস্তে নিহত হবার পরই ইনি দিব্যরূপ ধারণ করেছিলেন।

তৃতীয় অংক

১. 'পুরাণশ্বশুরম্' এই শব্দটি মূলে আছে। রঘুবংশ 'সূর্যপ্রভব'—সূর্য থেকেই এই বংশের উদ্ভব। সুতরাং পুরাণশ্বশুর সূর্য ; অবশ্য এই শ্বশুরসম্পর্ক সীতার সঙ্গে।

২. উত্তেজনার মুহূর্তে সীতা ভুলে গিয়েছিলেন যে ভাগীরথীর বরে তিনি রামের অদৃশ্যা।

৩. 'নন্দিনী'—এখানে ব্যুৎপত্তিগত অর্থে প্রযুক্ত। যে নারী আনন্দবিধান করেন। সাধারণ অর্থ 'কন্যা' এখানে অপ্রযোজ্য।

৪. এই সপ্তদশসংখ্যক শ্লোকটি ভবভূতির বিশিষ্ট রচনাগুলির অন্যতম। স্বামী ও

স্ত্রীর স্নেহ সন্তানে কেন্দ্রীভূত ; সুতরাং 'সন্তান' সেই গ্রন্থি যাতে স্বামী-স্ত্রীর হৃদয় বাঁধা পড়ে আছে। দুই সুতো একটি গ্রন্থিতে যেমন বাঁধা হয়, তেমনি।

৫. এই শ্লোকের বর্ণনা পড়তে পড়তে পাঠকের নিশ্চয়ই কবি কালিদাসের 'মেঘদূত'-কাব্যের এই শ্লোকাংশ মনে পড়বে—'তালৈঃ শিঞ্জাবলয়সুভগৈঃ কান্তয়া নর্তিতো মে'। (উত্তর মেঘ)

৬. দৃশ্যটি সুন্দর ! অবশ্য রামসীতার অতীত বনবাসজীবনের একটি দৃশ্য।এই লতাগৃহেই রামচন্দ্র দাঁড়িয়েছিলেন সীতার আগমনপথের দিকে তাকিয়ে। সীতার আসতে দেরী হচ্ছে, হাঁসের সঙ্গে খেলা করতে করতে তিনি আসছেন। দূর থেকে স্বামীকে দেখেই সীতা বুঝলেন, তাঁর অপরাধ হয়েছে, অমনি ব্যাকুল হয়ে দুই হাত একত্র বন্ধ করে প্রণামের ভঙ্গিতে অঞ্জলি রচনা করলেন।
এ-দৃশ্যটি গোপন, অন্য-কারও জানবার কথা নয়। বাসন্তী জানলেন কী করে ? মনে রাখতে হবে বাসন্তী বনদেবতা।

৭ সীতা অদৃশ্যা, কিন্তু তিনি মূর্ছিত রামচন্দ্রকে স্পর্শ করছেন এবং সেই স্পর্শে তার চেতনা ফিরে আসছে। এ কল্পনা অভিনব সন্দেহ নেই।

৮ অদৃশ্যা সীতার হস্তধারণ করেছেন শ্রীরামচন্দ্র, তাঁকে স্পর্শ-সুখের অভিনয়ও করতে হচ্ছে। অন্যান্য অঙ্গ ক্রিয়াশীল শুধু চক্ষু দর্শন থেকে বঞ্চিত এ-কল্পনা অবাস্তব। মঞ্চ নির্দেশ হয়েছে—'ইতি গৃহ্ণাতি' ; কিন্তু কী ধারণ করলেন ? সীতার হস্ত কি স্পর্শের অতীত নয়, শুধু দর্শনেরই অতীত ?

৯. অশ্বমেধযজ্ঞে হিরণ্ময়ী সীতা প্রতিকৃতি রামচন্দ্রের সহধর্মচারিণী—এই উক্তি শুনে সীতার মনে যে অন্যায় প্রত্যাখ্যানের দুঃখ ছিল তা দূর হল। তৃতীয় অঙ্কের এইটেই প্রধান উদ্দেশ্য।

১০ রামসীতার জীবনে করুণরসই প্রধান, যদিও কখনও-কখনও শৃঙ্গার বা বীর-রসেরও প্রকাশ দেখা গেছে। কিন্তু করুণরসই মূল রস। এই শ্লোকে সমগ্র নাটকেরই মূল তত্ত্ব নিহিত। নাটকেও করুণরসেরই প্রাধান্য। সাহিত্য-দর্পণে বলা হয়েছে 'এক এব ভবেদঙ্গী শৃঙ্গারো বীর এব বা অর্থাৎ নাটকের অঙ্গীরস হবে শৃঙ্গার অথবা বীর। ভবভূতি অলঙ্কারশাস্ত্রের এইসব নির্দেশ পছন্দ করতেন না।

১১ তৃতীয় অঙ্কের নাম ছায়া, কেন-না এই অঙ্কে সীতা প্রথম থেকে শেষ পর্যন্ত 'ছায়া' রূপেই বিরাজিতা। তৃতীয় অঙ্কই নাটকের প্রধান অঙ্ক।

চতুর্থ অংক

তৃতীয় অঙ্কের শোকানুভূতির গুরুভার লাঘব করবার জন্যেই চতুর্থ অঙ্কের সূচনায় একটু হালকা সুরের সংলাপ যোজনা করা হয়েছে। তৃতীয় অঙ্কে বর্ণিত ঘটনার অব্যবহিত পরেই চতুর্থ অঙ্কের ঘটনা ঘটছে। দ্বিতীয় অঙ্কের শেষে আমরা জানতে পেরেছি—দ্বাদশবর্ষব্যাপী যজ্ঞের অবসানে বশিষ্ঠ, অরুন্ধতী, রামচন্দ্রের মাতৃগণ বাল্মীকি-আশ্রমে যাবার সিদ্ধান্ত নিয়েছেন। চতুর্থ অঙ্কের বিষ্কম্ভকে রয়েছে তাদেরই আগমনবার্তা।

১ বরাকিকা কল্যাণিকা—(বরাইআ কল্ল্যাণিআ) বরাকী দীন, হতভাগ্য ; কল্যাণী—বৎসতরী, বক্‌না বাছুর . দুই বছরের)

২. মধুপর্ক—অতিথি, বর বা কোনো বিশিষ্ট ব্যক্তির উদ্দেশে প্রদত্ত শ্রদ্ধার অর্ঘ্য। সাধারণত পাঁচটি উপকরণ এতে থাকে—দধি, ঘৃত, জল, মধু ও শর্করা। 'দধি সর্পির্জলং ক্ষৌদ্রং সিতৈন্তাভিশ্চ পঞ্চভিঃ। প্রোচ্যতে মধুপর্কঃ (শব্দকল্পদ্রুম)।

৩. পরাক—ব্রতবিশেষ ; এতে মন ও ইন্দ্রিয় সংযত করে বারো দিন উপবাসী থাকতে হয়। 'দ্বাদশাহোপবাসেন পরাকঃ পরিকীর্তিতঃ'।
সান্তপন—আর-এক-জাতীয় ব্রত। 'গোমূত্রং গোময়ং ক্ষীরং দধি সর্পিঃ কুশোদকম্। একরাত্রোপবাশ্চ কৃচ্ছ্রং সান্তপনং বিদুঃ।'

৪. অসূর্যাঃ—সূর্যহীন ; অন্ধতামিস্রঃ—এক অন্ধকার নরকের নাম। তুলনীয়—'অসূর্যা নাম তে লোকা অন্ধেন তমসাবৃতা, তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে চাত্মহনো জনাঃ'। (ঈশাবাস্যোপনিষৎ)

৫. 'গৃষ্টিঃ'—কঞ্চুকীর নাম।

৬. সীরধ্বজ, লাঙ্গলধ্বজ—রাজর্ষি জনক (সীর, শীর = লাঙ্গল)

৭. জনক 'কৌশল্যা'র নাম উচ্চারণ না করে বলেছেন 'প্রজাপালমাতা'। 'রামভদ্র' নামের পরিবর্তে 'প্রজাপাল' শব্দের প্রয়োগও তাঁর আক্ষেপসূচক।

৮. ধার্মিক ব্যক্তির ধর্মবোধই পূজার যোগ্য—তিনি স্ত্রী কি পুরুষ, শিশু কি পরিণতবয়স্ক—এ-বিচার সেখানে তুচ্ছ। তুলনীয়—'তামগৌরবভেদেন মুনীংশ্চাপশ্যদীশ্বরঃ, স্ত্রীপুমানিত্যনাস্থৈষা বৃত্তং হি মহিতং সতাম্।' (কুমারসম্ভব, কালিদাস)।

৯. সুবাহুশত্রুঃ = রামঃ। রাক্ষস সুবাহু মারীচের সঙ্গে মিলিত হয়ে যজ্ঞবেদিতে রক্ত ও মাংস নিক্ষেপ করে বিশ্বামিত্রের যজ্ঞে বাধা সৃষ্টি করছিল। বিশ্বামিত্র রাম লক্ষ্মণকে নিয়ে আসেন রাম সুবাহুকে বধ করেছিলেন।

১০ সীতা যমজ পুত্র প্রসব করেছিলেন এবং তারা বাল্মীকির আশ্রমে আছে—এই সংবাদ ভাগীরথী অরুন্ধতীকে দিয়েছিলেন। 'এই হল ভাগীরথীনিবেদিত রহস্য কথামৃত'!

১১ চন্দ্রকেতু—লক্ষ্মণ ও ঊর্মিলার পুত্র। দ্বিতীয় অঙ্কে সপ্তম শ্লোকের পরেই আছে রামচন্দ্রের উক্তি—'তেষামধিষ্ঠাতা চ লক্ষ্মণাত্মজশ্চন্দ্রকেতুঃ'।

১২. মূলে আছে—'প্রসবক্রমেণ স কিল জ্যায়ান্' ; লবকুশ যমজ সন্তান কিন্তু প্রসব অনুযায়ী কুশ বড়ো অর্থাৎ কুশের জন্ম আগে হয়েছিল।

১৩. জনকের উক্তি। তাঁর বক্তব্য, নির্মম প্রত্যাখ্যানকালে, প্রসবকালীন যন্ত্রণায়, অরণ্যে মাংসাশী রাক্ষস কর্তৃক পরিবৃত হয়ে সীতা নিশ্চয়ই বারবার পিতা জনককে স্মরণ করেছিলেন।

১৪ রাজর্ষি জনকের উক্তি—এটি আক্ষেপের ভাষা ; রামের প্রতি কঠোর বিদ্রূপও এতে ব্যক্ত হয়েছে। প্রজাদের নিন্দা শুনেই কোনো বিবেচনা না করে আশ্চর্য ক্ষিপ্রতার সঙ্গে সীতা বিসর্জনের ব্যাপারটি সম্পন্ন করেছিলেন।

১৫. লবের মুখে উচ্চারিত চতুর্থ অঙ্কের এই শেষ শ্লোকটি বীররসের এক সুন্দর উদাহরণ। ভবভূতিরচিত যেসব শ্লোকে শব্দবিন্যাস অর্থকে ব্যক্ত করছে

আলোচ্য শ্লোকটি তাদেরই অন্যতম। এখানে গুরুগম্ভীর মহাপ্রাণ বর্ণ, সংযুক্ত-বর্ণ ও অনুপ্রাসের যোগে বীররসের ভাবটুকু পূর্ণ প্রকাশিত।

পঞ্চম অংক

১. এই অঙ্কের ঘটনাস্থান বাল্মীকির আশ্রমের নিকটে। চতুর্থ অঙ্কে বর্ণিত ঘটনার পরবর্তী ঘটনাই এই অঙ্কের বিষয়বস্তু—সুতরাং কোনো বিষ্কম্ভকের স্থান নেই।

২. রামের মতো আকৃতিযুক্ত (তুল্যরূপম্) লবকে দেখে সুমন্ত্রের মনে পড়ছে রামচন্দ্রের বাল্যকালের একটি ঘটনা। ঘটনাটি এই—যেন বিশ্বামিত্রের যজ্ঞ-বিঘ্নকারী রাক্ষসদের বধের জন্যে রামচন্দ্র ধনু ধারণ করেছেন।

৩. ঔর্ব, বাড়ব, বাড়বানল—সমার্থক। ঔর্ব ভৃগুবংশীয় এক ঋষি। এঁর মাতা আরুষী এবং পিতা চ্যবন। কার্তবীর্যবংশীয় ক্ষত্রিয়দের ভয়ে আরুষী উরুদেশে গর্ভধারণ করেন। ক্ষত্রিয়গণ তা জানতে পেরে গর্ভনাশে উদ্যত হলে ঔর্ব ক্রোধে উরুভেদ করে নির্গত হন—তাঁর দেহের প্রভায় ক্ষত্রিয়েরা অন্ধ হয়ে যায়। এরপর ঔর্বের ক্রোধানল ত্রিলোকনাশে উদ্যত হয়। পিতৃগণের অনুরোধে তিনি ক্রোধবহ্নি সংহার করে সমুদ্রে নিক্ষেপ করেন। এই ক্রোধাগ্নিই বাড়বানল নামে প্রসিদ্ধ।

৪. প্রথম অঙ্কের ৯ সংখ্যক টীকা দ্রষ্টব্য।

৫ 'সম্প্রদায়' অর্থ গুরুশিষ্য-পরম্পরা। জৃম্ভকাস্ত্রের অধিকার পেয়েছিলেন কৃশাশ্ব, পরে বিশ্বামিত্র—বিশ্বামিত্রের কাছ থেকে রাম। রামের পর লবকুশ এই অস্ত্রের অধিকারী।

৬. সুমন্ত্রের বক্তব্য; হেতুহীন পক্ষপাত দূর করার কোনো উপায় নেই। এক অদৃশ্য ক্রিয়ার ফলে স্নেহরূপ তন্তুর সাহায্যে দুটি হৃদয় গাঁথা হয়ে যায়—কারণ ব্যাখ্যা কঠিন।

৭. লবকে দেখে সুমন্ত্রর ভাবান্তর। নিজের মনেই বিতর্ক হচ্ছে—সীতার পুত্র কি? কিন্তু সীতা কবে বিসর্জিত হয়ে গেছেন—তার পুত্র কী করে সম্ভব? লতাকে ছিন্ন করলে—সেই লতায় কি ফুল ফোটে নাকি?

৮. সুমন্ত্রের মূল বক্তব্য—'লব! তুমি অনেক সৈন্য নিধন করেছ, এতে তুমি যে বীর তা বোঝা গেছে। কিন্তু তাই বলে তুমি রামকে জয় করবার আগ্রহ পোষণ কোরো না—মনে রেখো তিনি পরশুরামকেও জয় করেছিলেন।'

৯. লবের মুখে রামের নিন্দা কৌতুকজনক।

ষষ্ঠ অংক

১. পঞ্চম ও ষষ্ঠ অঙ্কের মধ্যে কালগত ব্যবধান অল্প। নাট্যশাস্ত্রে আছে মঞ্চে যুদ্ধ-প্রদর্শন নিষিদ্ধ; সুতরাং বিদ্যাধরযুগলের সংলাপের মাধ্যমে যুদ্ধের গতি ও প্রকৃতি দর্শকদের বোঝানো হচ্ছে। মঞ্চে যুদ্ধ নিষেধের নির্দেশটি এই—'যুদ্ধং রাজ্যভ্রংশো মরণং নগরোপরোধনং চৈব। প্রত্যক্ষাণি তু নাঙ্কে প্রবেশকৈঃ সংবিধেয়ানি'। (নাট্যশাস্ত্র, ভরত)

২. মায়াবাদ বলে সমস্ত জগৎপ্রপঞ্চই মিথ্যা; শুদ্ধ জ্ঞান জন্মালে এই মিথ্যাবোধ

জাগে, তখন সৃষ্টির বিচিত্র রূপ ব্রহ্মে বিলীন হয়—একমাত্র ব্রহ্মই সত্য এই বোধ জন্মে। তখন উপনিষদের এই তথ্য সত্য বলে প্রতিভাত হয়—'একস্তথা সর্বভূতান্তরাত্মা রূপং রূপং প্রতিরূপো বহিশ্চ'। (কঠোপনিষৎ)

৩ বিদ্যাধরের মুখে শোনা গেল রামচন্দ্র শম্বুককে বধ করে ফিরে এসেছেন। সুতরাং এটা বুঝতে অসুবিধা হয় না যে দ্বিতীয় অঙ্ক ও ষষ্ঠ অঙ্কের মধ্যে খুব অল্প সময় অতিক্রান্ত হয়েছে।

৪ শ্লোকটি ভবভূতির মালতীমাধব নাটকেও আছে। (১.২৭)

৫ রামচন্দ্রের অনুরোধে লব 'জৃম্ভকাস্ত্র' সংহরণ করে বলেছে—'প্রশান্তম্ অস্ত্রম্'। রাম ভাবছেন—এই অস্ত্রের প্রয়োগ ও সংহার ঐতিহ্যগত (আম্নায়বর্তি অর্থাৎ গুরু থেকে শিষ্যে সংক্রমিত); তাই তাঁর প্রশ্ন—এই অস্ত্র তুমি কোথায় পেলে?

৬. চিত্রদর্শনকালে সীতার প্রতি রামচন্দ্রের উক্তি—'সর্বথা ইদানীং ত্বৎ প্রসূতিমুপস্থাস্যন্তি'; এরপর তোমার সন্তান এই অস্ত্রের (জৃম্ভক) অধিকারী হবে।

৭. কুশের এই উক্তি থেকে মনে হয়, রাম ও সীতার সম্পর্ক ওরা জানত না। সপ্তম অঙ্কে এই রহস্য উন্মোচিত হয়েছে॥

৮. ষষ্ঠ অঙ্কের নাম 'কুমারপ্রত্যভিজ্ঞানম্'। এই নাম সার্থক, কেননা কতকগুলো বিশেষ লক্ষণ দেখে রামচন্দ্রের এই বিশ্বাস জন্মেছে, লব-কুশ তাঁরই পুত্র। তবে এই চেনা সম্পূর্ণ হয় নি। সপ্তম অঙ্কে যখন বাল্মীকি তাঁর হাতে ওঁদের পুত্র বলে অর্পণ করবেন তখনই সম্পূর্ণ হবে।

সপ্তম অঙ্ক

১. এই নাটকেরও ঘটনাস্থল বাল্মীকির আশ্রমের সমীপবর্তী। ঘটনাও ষষ্ঠ অঙ্কের অব্যবহিত পরবর্তী। এই অঙ্কে মূল নাটকের মধ্যেই আর একটি নাট্যাভিনয়ের ব্যবস্থা করা হয়েছে। এর উদ্দেশ্য সকলের সামনে সীতার শুচিতা প্রতিষ্ঠিত করা।

২. লক্ষ্মণ রামকে রাজাসনে বসতে বলছেন॥ বলা বাহুল্য, রামচন্দ্রের রাজসিংহাসন এখানে আনা হয় নি—এটি রামের জন্যে সংরক্ষিত একটি বিশিষ্ট আসন।

৩. লক্ষ্মণ বলছেন—'প্রস্তূয়তাং ভোঃ', অর্থাৎ অভিনয় আরম্ভ হোক্। এর পর থেকে গর্ভনাটকের শুরু।

৪. এই সূত্রধারও মূলনাটকের সূত্রধার নন। রামের সম্মুখে বাল্মীকিরচিত যে গর্ভনাটক অভিনীত হতে চলেছে সেই নাটকের সূত্রধার।

৫. গর্ভনাটক প্রকৃতপক্ষে ভবভূতিরই রচনা কিন্তু, বাল্মীকির রচিত এইভাবেই নাটকে উপস্থাপিত হয়েছে। এতে এই আভাসটুকু পাওয়া যাচ্ছে ভবভূতি বাল্মীকির সমান কবি এই কথাই বলতে চান।

৬ঃ তাৎপর্য এই, আমি তোমাকে অকারণে ত্যাগ করেছি, আমার প্রতি তোমার বিরূপতা থাকতে পারে। কিন্তু তোমাকে আত্মবিসর্জনের পূর্বে লক্ষ্মণের কথা একবার ভেবে দেখতে হবে। লক্ষ্মণ বনবাসজীবনে তোমার জন্যে কত দুঃখ স্বীকার করেছে। সে তোমার মৃত্যুসংবাদে বড়ো দুঃখ পাবে।

৭. পৃথিবী সীতার প্রতি রামের অন্যায় ব্যবহারের জন্যে ক্ষুব্ধ – তাকে প্রসন্ন করার জন্যে ভাগীরথীর এই প্রয়াস। 'তথাপ্যেষ তে অঞ্জলিঃ', অর্থাৎ এই আমি হাত যোড় করলাম।

৮. বাল্মীকির আশ্রমে যে গর্ভনাটক অভিনীত হচ্ছে তাতে ভাগীরথী এবং পৃথিবী সীতাকে বলছেন, 'তোমার চরিত্রের মহিমায় আমরাও পবিত্র।' প্রেক্ষাগৃহে লক্ষ্মণ রামকে বলছেন, 'আর্য, শুনুন ;' রাম উত্তরে বলছেন, 'শৃণোতু লোকঃ' অর্থাৎ সীতার পবিত্রতা সম্পর্কে আমার কোনো সন্দেহ নেই। দেবীদের এই উক্তি বিশ্ববাসী শুনে বিচার করুক।

৯. প্রথম অঙ্কের ৯ সংখ্যক এবং পঞ্চম অঙ্কের ৫ সংখ্যক টীকা দ্রষ্টব্য।

১০ জনক পরিবারের পুরোহিতের নাম শতানন্দ তাঁহাকেই 'আঙ্গিরস' বলা হয়েছে। ভবভূতির 'মহাবীরচরিত' নাটকেও শতানন্দ 'আঙ্গিরস' রূপে উল্লিখিত। (মহাবীরচরিত, তৃতীয় অঙ্ক) 'উত্তরচরিত' নাটকের ১ম অঙ্কের ১৬ সংখ্যক শ্লোকে 'শতানন্দ' নাম আছে। পৃথিবী ও ভাগীরথীর সঙ্গে সীতা অন্তর্হিতা।

১১. ভাগীরথী যেখানে বলেছেন—'এবম্ তাবৎ' অর্থাৎ 'তাই হোক'—সেইখানেই গর্ভনাটকের সমাপ্তি। ভবভূতি লক্ষ্মণের মুখে প্রশ্ন রেখেছেন—এইখানে শেষ হোক এই কি মহাকবির ঈপ্সিত ? রামায়ণে আছে, সীতা বলেছিলেন—'যথাহং রাঘবাদন্যং মনসাপি ন চিন্তয়ে, তথা মে মাধবী দেবী বিবরং দাতুমর্হতি।' তখন ভূমি বিদীর্ণ হল, দিব্য রথ উঠে এল—সীতাকে সেই রথে নিয়ে ধরিত্রী দেবী অদৃশ্যা হলেন। রামায়ণের সমাপ্তি বিয়োগান্ত ; কিন্তু নাট্যশাস্ত্রের নির্দেশ—নাটক বিয়োগান্ত হবে না—তাই ভবভূতি রাম-সীতার পুনর্মিলনে নাটক সমাপ্ত করেছেন। ভবভূতির নাটকে লক্ষ্মণের উক্তি—'এষ তে কাব্যার্থঃ'! এখানে এই ইঙ্গিতটুকুও পাওয়া যায়—'এ-সমাপ্তি কাব্যের পক্ষে গ্রহণযোগ্য – নাটকে নয়।'

১২. অরুন্ধতী এবং ধরিত্রীর নিকট সীতার জন্যে রামের প্রার্থনা—প্রথম অঙ্ক দ্রষ্টব্য।

১৩. অগ্রজের আদেশ হলেও অসহায়া সীতাকে বনে ত্যাগ করে আসার জন্যে লক্ষ্মণ নিজেকে 'নির্লজ্জ' বলেছেন।

১৪ 'আর্যাজনঃ' বলতে এখানে রামের তিন-মাতা এবং অরুন্ধতী দেবীকে বোঝাচ্ছে।

১৫. লবণের পিতা মধু, মাতা কুম্ভিনসী (লবণের ভগিনী)। লবণ মধুবনে বাস করত এবং মুনিদের উপরে উৎপীড়ন করত। তার রাজধানী মথুরা। শত্রুঘ্ন লবণকে বধ করে মথুরায় রাজ্য স্থাপন করেছিলেন। এইজন্যে শত্রুঘ্ন 'মথুরেশ্বরঃ'। প্রথম অঙ্কে তাকে পাঠানো হয়েছিল লবণের বিরুদ্ধে—লবণ দমন করেন তিনি সপ্তম অঙ্কে (অর্থাৎ বারো বছর পরে)।

১৬. ভরতবাক্য = নাট্যাচার্য ভরতের বাক্য = আশীর্বাদসূচক শ্লোক। 'ভরত' শব্দের আর একটি অর্থ নট। ভরতবাক্য—নাটকের সমাপ্তিতে নটের মুখে আশীর্বাদ-শ্লোক।

উত্তররামচরিতম্

প্রথমোঽঙ্কঃ

ইদং কবিভ্যঃ পূর্বেভ্যো নমোবাকং প্রশাস্মহে।
বিন্দেম দেবতাং বাচমমৃতামাত্মনঃ কলাম্ ॥ ১ ॥

নান্দ্যন্তে সূত্রধারঃ—অলমতিবিস্তরেণ। অদ্য খলু ভগবতঃ কালপ্রিয়ানাথস্য যাত্রায়মার্য-মিশ্রাশ্বিজ্ঞাপয়ামি—এবমত্রভবন্তো বিদাংকুর্বন্তু। অস্তি খলু তত্রভবান্ কাশ্যপঃ শ্রীকণ্ঠপদলাঞ্ছনঃ পদবাক্যপ্রমাণজ্ঞো ভবভূতির্নাম জাতুকর্ণীপুত্রঃ।

যং ব্রহ্মাণমিয়ং দেবী বাগ্বশ্যেবানুবর্ততে।
উত্তরং রামচরিতং তৎপ্রণীতং প্রযোক্ষ্যতে ॥ ২ ॥

এষোঽস্মি কার্যবশাদাযোধ্যকস্তদানীন্তনশ্চ সংবৃত্তঃ। (সমন্তাদবলোক্য।) ভো ভো যদা তাবদত্রভবতঃ পৌলস্ত্যকুলধূমকেতোর্মহারাজরামস্যায়মভিষেকময়ো রাত্রিন্দিবমসংহৃতানন্দীকস্তৎ কিমিদানীং বিশ্রান্তচারণানি চত্বরস্থানানি।

প্রবিশ্য। নটঃ—ভাব প্রেষিতা হীতঃ স্বগৃহান্ মহারাজেন লঙ্কাসমরসুহৃদো মহাত্মানঃ প্লবঙ্গমরাক্ষসাঃ সভাজনোপস্থায়িনশ্চ নানাদিগন্তাগতা ব্রহ্মর্ষয়ো রাজর্ষয়শ্চ যৎ-সমারাধনায়ৈতাবতো দিবসানুৎসব আসীৎ।

সূত্রধারঃ—আ অস্ত্যেতন্নিমিত্তম্।

নটঃ—অন্যচ্চ।

বসিষ্ঠাধিষ্ঠিতা দেব্যো গতা রাঘবমাতরঃ।
অরুন্ধতীং পুরস্কৃত্য যজ্ঞে জামাতুরাশ্রমম্ ॥ ৩ ॥

সূত্রধারঃ—বৈদেশিকোঽস্মীতি পৃচ্ছামি। কঃ পুনরসৌ জামাতা ?

নটঃ— কন্যাং দশরথো রাজা শান্তাং নাম ব্যজীজনৎ।
অপত্যকৃতিকাং রাজ্ঞে রোমপাদায় যাং দদৌ ॥ ৪ ॥

বিভাণ্ডকসুতস্তামৃষ্যশৃঙ্গ উপযেমে। তেন চ সাম্প্রতং দ্বাদশবার্ষিকং সত্রমারব্ধম্। তদনুরোধাৎ কঠোরগর্ভামপি জানকীং বিমুচ্য গুরুজনস্তত্র গতঃ।

সূত্রধারঃ—তৎ কিমনেন। এহি রাজদ্বারমেব স্বজাতিসময়োনোপতিষ্ঠাবঃ।

নটঃ—তেন হি নিরূপয়তু রাজ্ঞঃ সুপরিশুদ্ধামুপস্থানস্তোত্রপদ্ধতিং ভাবঃ।

সূত্রধারঃ—মারিষ

সর্বথা ব্যবহর্তব্যং কুতো হ্যবচনীয়তা।
যথা স্ত্রীণাং তথা বাচাং সাধুত্বে দুর্জনো জনঃ ॥ ৫ ॥

নটঃ—অতিদুর্জন ইতি বক্তব্যম্।

দেব্যামপি হি বৈদেহ্যাং সাপবাদো যতো জনঃ।
রক্ষোগৃহস্থিতির্মূলমগ্নিশুদ্ধৌ ত্বনিশ্চয়ঃ ॥ ৬ ॥

সূত্রধারঃ—যদি পুনরিয়ং কিংবদন্তী মহারাজং প্রতি স্যন্দেত ততঃ কষ্টং স্যাৎ।

নটঃ—সর্বথা ঋষয়ো দেবতাশ্চ শ্রেয়ো বিধাস্যন্তি। (পরিক্রম্য) ভো ভোঃ ক্বেদানীং মহারাজঃ। (আকর্ণ্য) এবং জনাঃ কথয়ন্তি—

স্নেহাৎ সভাজয়িতুমেত্য দিনান্যমূনি
নীত্বোৎসবেন জনকোঽদ্য গতো বিদেহান্।
দেব্যাস্ততো বিমনসঃ পরিসান্ত্বনায়
ধর্মাসনাদ্বিশতি বাসগৃহং নরেন্দ্রঃ ॥ ৭ ॥

(নিষ্ক্রান্তৌ।)

প্রস্তাবনা।

(ততঃ প্রবিশত্যুপবিষ্টো রামঃ সীতা চ।)

রামঃ—দেবি বৈদেহি, সমাশ্বসিহি। তে হি গুরবো ন শক্নুবন্তি বিহাতুমস্মান্।

কিং ত্বনুষ্ঠাননিত্যত্বং স্বাতন্ত্র্যমপকর্ষতি।
সংকটা হ্যাহিতাগ্নীনাং প্রত্যবায়ৈর্গৃহস্থতা ॥ ৮ ॥

সীতা—জাণামি অজ্জউত্ত জাণামি। কিংদু সংদাবআরিণো বন্ধুঅণবিপ্পওআ হোন্তি। (জানামি আর্যপুত্র জানামি। কিং তু সন্তাপকারিণো বন্ধুজনবিপ্রয়োগা ভবন্তি।)

রামঃ—এবমেতৎ। এতে হি হৃদয়মর্মচ্ছিদঃ সংসারভাবা যেভ্যো বীভৎসমানাঃ সংত্যজ্য সর্বান্ কামানরণ্যে বিশ্রাম্যন্তি মনীষিণঃ।

প্রবিশ্য। কঞ্চুকী—রামভদ্র—(ইত্যর্ধোক্তে সাশঙ্কম্) মহারাজ।

রামঃ—(সস্মিতম্।) আর্য ননু রামভদ্র ইত্যেব মাং প্রত্যুপচারঃ শোভতে তাতপরিজনস্য। তদ্যথাভ্যস্তমভিধীয়তাম্।

কঞ্চুকী—দেব ঋষ্যশৃঙ্গাশ্রমাদষ্টাবক্রঃ সংপ্রাপ্তঃ।

সীতা—অজ্জ তদো কিং বিলম্বীঅদি। (আর্য ততঃ কিং বিলম্ব্যতে।)

রামঃ—ত্বরিতং প্রবেশয়। (কঞ্চুকী নিষ্ক্রান্তঃ।)

(প্রবিশ্য)

অষ্টাবক্রঃ—স্বস্তি রাম্।

রামঃ—ভগবন্, অভিবাদয়ে। ইত আস্যতাম্।

সীতা—ভঅবং ণমো দে। অবি কুসলং সজামাতুঅস্স গুরুঅণস্স অজ্জাএ সন্তাএ অ। (ভগবন্ নমস্তে। অপি কুশলং সজামাতৃকস্য গুরুজনস্যার্যায়াঃ শান্তায়াশ্চ।)

রামঃ—নির্বিঘ্নঃ সোমপীথী আবুত্তো মে ভগবানৃষ্যশৃঙ্গ আর্যা চ শান্তা।

সীতা—অহ্মে বা সুমরদি। (অস্মান্ বা স্মরতি।)

অষ্টাবক্রঃ—(উপবিশ্য) অথ কিম্। দেবি কুলগুরুর্ভগবান্বসিষ্ঠস্ত্বমিদামাহ

বিশ্বম্ভরা ভগবতী ভবতীমসূত
রাজা প্রজাপতিসমো জনকঃ পিতা তে।
তেষাং বধূস্ত্বমসি নন্দিনি পার্থিবানাং
যেষাং কুলেষু সবিতা চ গুরুর্বয়ং চ ॥ ৯ ॥

তৎ কিমন্যদাশাস্মহে। কেবলং বীরপ্রসবা ভূয়াঃ।

রামঃ—অনুগৃহীতাঃ স্মঃ।

লৌকিকানাং হি সাধূনামর্থং বাগনুবর্ততে।
ঋষীণাং পুনরাদ্যানাং বাচমর্থোঽনুধাবতি ॥ ১০ ॥

অষ্টাবক্রঃ—ইদং চ ভগবত্যারুন্ধত্যা দেবীভিঃ শান্তয়া চ ভুয়ো ভূয়ঃ সন্দিষ্টম্। যঃ কশ্চিদ্গর্ভদোহদো ভবত্যস্যাঃ সোঽবশ্যমচিরাৎ সম্পাদয়িতব্য ইতি।

রামঃ—ক্রিয়তে যদেষা কথয়তি।

অষ্টাবক্রঃ—ননান্দুঃ পত্যা চ দেব্যাঃ সন্দিষ্টম্ ঋষ্যশৃঙ্গেণ বৎসে কঠোরগর্ভেতি নানীতাসি। বৎসোঽপি রামভদ্রস্ত্বদ্বিনোদার্থমেব স্থাপিতঃ। তৎপুত্রপূর্ণোৎসঙ্গামায়ুষ্মতীং দ্রক্ষ্যাম ইতি।

রামঃ—(সহর্ষলজ্জাস্মিতম্ !) তথাস্তু। ভগবতা বসিষ্ঠেন ন কিঞ্চিদাদিষ্টোঽস্মি।

অষ্টাবক্রঃ—শ্রূয়তাম্।

জামাতৃযজ্ঞেন বয়ং নিরুদ্ধাস্ত্বং বাল এবাসি নবং চ রাজ্যম্।
যুক্তঃ প্রজানামনুরঞ্জনে স্যাস্তস্মাদ্‌যশো যৎ পরমং ধনং বঃ ॥ ১১ ॥

রামঃ—যথা সমাদিশতি ভগবান্মৈত্রাবরুণিঃ।

স্নেহং দয়াং চ সৌখ্যং চ যদি বা জানকীমপি।
আরাধনায় লোকানাং মুঞ্চতো নাস্তি মে ব্যথা ॥ ১২ ॥

সীতা—অদো জেব্ব রাহবকুলধুরন্ধরো অজ্জউত্তো। (অতএব রাঘকুলধুরন্ধর-আর্যপুত্রঃ।)

রামঃ—কঃ কোঽত্র ভোঃ। বিশ্রাম্যতামষ্টাবক্রঃ।

অষ্টাবক্রঃ—(উত্থায় পরিক্রম্য চ।) অয়ে কুমারলক্ষ্মণঃ প্রাপ্তঃ। (ইতি নিষ্ক্রান্তঃ)

(প্রবিশ্য)

লক্ষ্মণঃ—জয়তি জয়ত্যার্যঃ। আর্য ! তেন চিত্রকারেণাস্মদুপদিষ্টমার্যস্য চরিতমস্যাং বীথিকায়ামভিলিখিতম্ তৎপশ্যত্বার্যঃ।

রামঃ—জানাসি বৎস দুর্মনায়মানাং দেবীং বিনোদয়িতুম্। তৎ কিয়ন্তমবধিং যাবৎ।

লক্ষ্মণঃ—যাবদার্যায়া হুতাশনে বিশুদ্ধিঃ।

রামঃ—শান্তং পাপম্। (সসান্ত্ব বচনম্।)

উৎপত্তিপরিপূতায়াঃ কিমস্যাঃ পাবনান্তরৈঃ।
তীর্থোদকং চ বহ্নিশ্চ নান্যতঃ শুদ্ধিমর্হতঃ ॥ ১৩ ॥

দেবি দেবযজনসম্ভবে প্রসীদ। এষ তে জীবিতাবধিঃ প্রবাদঃ।

কষ্টংজনঃ কুলধনৈরনুরঞ্জনীয়—
স্তন্নো যদুক্তমশিবং ন হি তৎ ক্ষমং তে।
নৈসর্গিকী স্বরভিণঃ কুসুমস্য সিদ্ধা
মূর্ধ্নি স্থিতির্ন চরণৈরবতাড়নানি ॥ ১৪ ॥

সীতা—হোদু অজ্জউত্ত হোদু। এহি। পেক্খহ্ম ধাব দে চরিদম্। (ভবত্বার্যপুত্র ভবতু। এহি, প্রেক্ষামহে তাবত্তে চরিতম্।) (ইত্যুত্থায় পরিক্রামতি।)

লক্ষ্মণঃ—ইদং তদালেখ্যম্।

সীতা—(নির্বর্ণ্য) কে এদে উবরি ণিরন্তরট্ঠিদা উবত্থুবন্তি বিঅ অজ্জউত্তম্। (ক এতে উপরি নিরন্তরস্থিতা উপস্তুবন্তীবার্যপুত্রম্।)

লক্ষ্মণঃ—দেবি, এতানি তানি সহরস্যানি জৃম্ভকাস্ত্রাণি যানি ভগবতঃ কৃশাশ্বাৎকৌশিকমুনিমপসংক্রান্তানি তেন চ তাটকাবধে প্রসাদীকৃতান্যার্যস্য।

রামঃ—বন্দস্ব দেবি দিব্যাস্ত্রাণি ॥

ব্রহ্মাদয়ো ব্রহ্মহিতায় তপ্তা পরঃ সহস্রাঃ শরদস্তপাংসি।
এতান্যপশ্যন্ গুরবঃ পুরাণাঃ স্বান্যেব তেজাংসি তপোময়ানি ॥ ১৫ ॥

সীতা—ণমো এদাণম্। (নম এতেভ্যঃ।)

রামঃ—সর্বথেদানীং ত্বৎপ্রসূতিমুপস্থাস্যন্তি।

সীতা—অণুগ্গহিদম্হি। (অনুগৃহীতাস্মি।)

লক্ষ্মণঃ—এষ মিথিলাবৃত্তান্তঃ।

সীতা—অম্মহে দলন্তণবণীলুপ্পলসামলসিণিদ্ধমসিণসোহমাণমংবলেণ দেহসোহগ্গেণ বিম্হঅত্থিমিদতাদদীসন্তসোম্মসুন্দরসিরী অণাদরখণ্ডিদসঙ্করসরাসণো সিহণ্ডমুদ্ধমুহমণ্ডলো অজ্জউত্তো আলিহিদো। (অহো দলন্নবনীলোৎপলশ্যামলস্নিগ্ধমসৃণ শোভমানমাংসলেন দেহসৌভাগ্যেন বিস্ময়স্তিমিততাতদৃশ্যমানসৌম্যসুন্দরশ্রীরনাদরখণ্ডিতশঙ্করশরাসনঃ শিখণ্ডমুগ্ধমুখমণ্ডল আর্যপুত্র আলিখিতঃ।)

লক্ষ্মণঃ—আর্যে পশ্য পশ্য।

সম্বন্ধিনো বসিষ্ঠাদীনেষ তাতস্তবার্চতি।
গৌতমশ্চ শতানন্দো জনকানাং পুরোহিতঃ ॥ ১৬ ॥

লক্ষ্মণঃ—সুশ্লিষ্টমেতৎ।

জনকানাং রঘূণাং চ সম্বন্ধঃ কস্য ন প্রিয়ঃ।
যত্র দাতা গ্রহীতা চ স্বয়ং কুশিকনন্দনঃ ॥ ১৭ ॥

সীতা—এদে কখু তক্কালকিদগোদাণমঙ্গলা চত্তারো ভাদরো বিআহদিক্খিদা তুম্হে। অম্বো জাণামি তস্সিং জেব্ব পদেসে তস্সিং জেব্ব কালেবত্তামি। (এতে খলু তৎকালকৃতগোদানমঙ্গলাশ্চত্বারো ভ্রাতরো বিবাহদীক্ষিতা যূয়ম্। অতো জানামি তস্মিন্নেব প্রদেশো অস্মিন্নেব কালে বর্তে।)

রামঃ—এবম্।

সময়ঃ স -বর্তত ইবেষ যত্র মাং
সমনন্দয়ৎ সুমুখি গৌতমার্পিতঃ।
অয়মাগৃহীতকমনীয়কঙ্কণ—
স্তব মূর্তিমানিব মহোৎসবঃ করঃ ॥ ১৮ ॥

লক্ষ্মণঃ—ইয়মার্যা। ইয়মপ্যার্যা মাণ্ডবী। ইয়মপি বধূঃ শ্রুতকীর্তিঃ।

সীতা—বচ্ছ ইঅং বি অবরা কা। (বৎস ইয়মপ্যপরা কা।)

লক্ষ্মণঃ—(সলজ্জস্মিতম্। অপবার্য) অয়ে ঊর্মিলাং পৃচ্ছত্যার্যা। ভবতু, অন্যতঃ সঞ্চারয়ামি। (প্রকাশম্) আর্যে দৃশ্যতাং দ্রষ্টব্যমেতৎ। অয়ং চ ভগবান্ ভার্গবঃ

সীতা—(সসম্ভ্রমম্) কম্পিদম্হি। (কম্পিতাস্মি।)

রামঃ—ঋষে নমস্তে।

লক্ষ্মণঃ—আর্যে পশ্য পশ্য। অয়মসাবার্যেণ (ইত্যর্ধোক্তে।)

রামঃ—(সাধিক্ষেপম্) অয়ি বৎস বহুতরং দ্রষ্টব্যম্। অন্যতো দর্শয়।

সীতা—(সস্নেহবহুমানং নির্বর্ণ্য।) সুঠ্ঠু সোহসি অজ্জউত্ত এদিণা বিণঅমাহপ্পেণ। (সুষ্ঠু শোভসে আর্যপুত্র এতেন বিনয়মাহাত্ম্যেন।)

লক্ষ্মণঃ এতে বয়মযোধ্যাং প্রাপ্তাঃ।

রামঃ—(সাস্রম্) স্মরামি হন্ত স্মরামি।

জীবৎসু তাতপাদেষু নবে দারপরিগ্রহে।
মাতৃভিশ্চিন্ত্যমানানাং তে হি নো দিবসা গতাঃ ॥ ১৯ ॥

ইয়মপি তদা জানকী।

প্রতনুবিরলৈঃ প্রান্তোন্মীলন্মনোহরকুন্তলৈ-
দর্শনমুকুলৈর্মুগ্ধালোকং শিশুর্দধতী মুখম্।
ললিতললিতজ্যোৎস্নাপ্রায়ৈরকৃত্রিমবিভ্রমৈ
রকৃতমধুরৈরম্বানাং মে কুতূহলমঙ্গকৈঃ ॥ ২০ ॥

লক্ষ্মণঃ—এষা মন্থরা।

রামঃ—(সত্বরমন্যতো দর্শয়ন্।) দেবি বৈদেহি !

ইঙ্গুদীপাদপঃ সোঽয়ং শৃঙ্গবেরপুরে পুরা।
নিষাদপতিনা যত্র স্নিগ্ধেনাসীৎ সমাগমঃ ॥ ২১ ॥

লক্ষ্মণঃ—(বিহস্য। স্বগতম্।) অয়ে মধ্যমাম্বাবৃত্তমন্তরিতমার্যেণ।

সীতা—অম্মো এসো জড়াসংজমণবুত্তন্তো। (অহো এষ জটাসংযমনবৃত্তান্তঃ।)

লক্ষ্মণঃ— পুত্রসংক্রান্তলক্ষ্মীকৈর্যদ্বৃদ্ধেক্ষ্বাকুভির্ধৃতম্।
ধৃতং বাল্যে তদার্যেণ পুণ্যমারণ্যক ব্রতম্ ॥ ২২ ॥

সীতা—এসা পসন্নপুন্নসলিলা ভঅবদী ভাঈরহী। (এষা প্রসন্নপুণ্যসলিলা ভগবতী ভাগীরথী।)

রামঃ—দেবি রঘুকুলদেবতে নমস্তে।

তুরগবিচয়ব্যগ্রানুর্বীভিদঃ সগরাধ্বরে
কপিলমহসামর্ষাৎ প্লুষ্টান্ পিতুশ্চ পিতামহান্।
অগণিততনূতাপং তপ্ত্বা তপাংসি ভগীরথো
ভগবতি তব স্পৃষ্টানদ্ভিশ্চিরাদুদতীতরৎ ॥ ২৩ ॥

সা ত্বমম্ব স্নুষায়ামরুন্ধতীব সীতায়াং শিবানুধ্যানা ভব।

লক্ষ্মণঃ—অয়মসৌ ভরদ্বাজাবেদিতশ্চিত্রকূটযায়িনি বর্ত্মনি বনস্পতিঃ কালিন্দীতটে বটঃ শ্যামো নাম।

রামঃ—(সস্পৃহমবলোকয়তি।)

সীতা—সুমরদি বা এদং পদেসং অজ্জউত্তো। (স্মরতি বৈতং প্রদেশমার্যপুত্রঃ।)

রামঃ—অয়ি কথং বিস্মর্যতে।

অলসললিত-মুগ্ধান্যধ্বসম্পাতখেদা—
দশিথিলপরিরম্ভৈর্দত্তসংবাহনানি।
পরিমৃদিতমৃণালীদুর্বলান্যঙ্গকানি
ত্বমুরসি মম কৃত্বা যত্র নিদ্রামবাপ্তা ॥ ২৪ ॥

লক্ষ্মণঃ—এষ বিন্ধ্যাটবীমুখে বিরাধসংরোধঃ।

সীতা—অলং দাব এদিণা। পেক্খামি দাব অজ্জউত্তসহত্তধরিদতালবুন্তাদবত্তনিবারিদাদপং অত্তণো দক্খিণারন্নপবেশারম্ভম্। (অলং তাবদেতেন। প্রেক্ষে তাবদার্যপুত্র-স্বহস্তধৃততালবৃন্তাতপত্রনিবারিতাতপমাত্মনো দক্ষিণারণ্যপ্রবেশারম্ভম্।)

রামঃ— এতানি তানি গিরিনির্ঝরিণীতটেষু
বৈখানসাশ্রিততরূণি তপোবনানি।
যেষ্বাতিথেয়পরমা যমিনো ভজন্তে
নীবারমুষ্টিপচনা গৃহিণো গৃহাণি ॥ ২৫ ॥

লক্ষ্মণঃ অয়মবিরলানোকহনিবহনিরন্তরস্নিগ্ধনীলপরিসরারণ্যপরিণদ্ধগোদাবরীমুখর-কন্দরঃ সততমভিষ্যন্দমানমেঘদুরিতনীলিমা জনস্থানমধ্যগো গিরিঃ প্রস্রবণো নাম।

রামঃ – স্মরসি সুতনু অস্মিন্ পর্বতে লক্ষ্মণেন
প্রতিবিহিতসপর্যাসুস্থয়োস্তান্যহানি।
স্মরসি সরসনীরাং তত্র গোদাবরীং বা
স্মরসি চ তদুপান্তেষ্বাবয়োর্বর্তনানি ॥ ২৬ ॥

কিং চ। কিমপি কিমপি মন্দং মন্দমাসত্তিযোগা-
দবিরলিতকপোলং জল্পতোরক্রমেণ।
অশিথিলপরিরম্ভব্যাপৃতৈকৈকদোষ্ণো-
রবিদিতগতযামা রাত্রিরেব ব্যরংসীৎ ॥ ২৭ ॥

লক্ষ্মণঃ—এষা পঞ্চবট্যাং শূর্পণখা।

সীতা—হা অজ্জউত্ত এত্তিঅং দে দংসণম্। (হা আর্যপুত্র এতাবত্তে দর্শনম্।)

রামঃ—অয়ি বিপ্রযোগত্রস্তে চিত্রমেতৎ।

সীতা জহা তহা হোদু। দুজ্জণো অসুহং উপ্পাদেই। (যথা তথা ভবতু। দুর্জনোঽসুখমুৎপাদয়তি।

রামঃ—হন্ত বর্তমান ইব মে জনস্থানবৃত্তান্তঃ প্রতিভাতি।

লক্ষ্মণঃ— অথেদং রক্ষোভিঃ কনকহরিণচ্ছদ্মবিধিনা
তথা বৃত্তং পাপৈর্ব্যথয়তি যথা ক্ষালিতমপি।
জনস্থানে শূন্যে বিকলকরণৈরার্যচরিতৈ-
রপি গ্রাবা রোদিত্যপি দলতি বজ্রস্য হৃদয়ম্ ॥ ২৮ ॥

সীতা—(সাস্রমাত্মগতম্) অয়ি দেব রহুউলাণন্দ এব্বং মম কারণাদো বিকলস্তো আসি। (অয়ি দেব রঘুকুলানন্দ এবং মম কারণাৎ ক্লান্ত আসীঃ।)

লক্ষ্মণঃ—(রামং নির্বর্ণ্য সাকূতম্) আর্য কিমেতৎ।
অয়ং তাবদ্বাষ্পস্ফুটিত ইব মুক্তামণিসরো
বিসর্পন্ধারাভির্লুঠতি ধরণীং জর্জরকণঃ।
নিরুদ্ধোঽপ্যাবেগঃ স্ফুরদধরনাসাপুটতয়া
পরেষামুন্নেয়ো ভবতি চ ভরাধ্মাতহৃদয়ঃ ॥ ২৯ ॥

রামঃ—বৎস
তৎকালং প্রিয়জনবিপ্রযোগজন্মা
তীব্রোঽপি প্রতিকৃতিবাঞ্ছয়া বিসোঢ়ঃ।
দুঃখাগ্নির্মনসি পুনর্বিপচ্যমানো
হৃন্মর্মব্রণ ইব বেদনাং করোতি ॥ ৩০ ॥

সীতা—হদ্ধী হদ্ধী। অহং বি অদিভূমিং গদেণ রণরণএণ অজ্জউত্তসুণ্ণং বিঅ অত্তাণং পেক্খামি। (হা ধিক্ হা ধিক্। অহমপ্যতিভূমিং গতেন রণরণকেনার্যপুত্র-শূন্যমিবাত্মানং পশ্যামি।)

লক্ষ্মণঃ—(স্বগতম্) ভবত্বন্যতঃ ক্ষিপামি। (চিত্রং বিলোক্য প্রকাশম্) অথৈতন্মন্বন্তর-পুরাণগৃধ্ররাজস্য তত্রভবতস্তাতজটায়ুষশ্চরিত্রবিক্রমোদাহরণম্।

সীতা—হা তাদ ণিব্বূঢ়ো দে অবচ্চসিণেহো। (হা তাত নির্ব্যূঢ়স্তেহপত্যস্নেহঃ)।

রামঃ–হা তাত কশ্যপ শকুন্তরাজ ক্ব নু খলু পুনস্ত্বাদৃশস্য মহতস্তীর্থভূতস্য সাধোঃ সম্ভবঃ।

লক্ষ্মণঃ—অয়মসৌ জনস্থানস্য পশ্চিমতশ্চিত্রকুঞ্জবান্নাম দনুকবন্ধাধিষ্ঠিতো দণ্ডকারণ্যভাগঃ। তদিদমৃষ্যমূকপর্বতে মতঙ্গস্যাশ্রমপদম্। ইয়ং চ শ্রমণা নাম সিদ্ধা শবরতাপসী তদেতৎ পম্পাভিধানং পদ্মসরঃ।

সীতা—এত্থ কিল অজ্জউত্তেণ বিচ্ছিন্নামরিসধীরত্তণং পমুক্তকণ্ঠং রুণ্ণং আসি। (অত্র কিলার্যপুত্রেণ বিচ্ছিন্নামর্ষধীরত্বং প্রমুক্তকণ্ঠং রুদিতমাসীৎ)!

রামঃ—দেবি রমণীয়মেতৎ সরঃ।

এতস্মিন্মদকলমল্লিকাখ্যপক্ষ-
ব্যাধূতস্ফুরদুরুদন্ডপুণ্ডরীকাঃ।
বাষ্পাম্ভঃপরিপতনোদ্গমান্তরালে
সন্দৃষ্টাঃ কুবলয়িনো ভুবো বিভাগাঃ॥ ৩১॥

লক্ষ্মণঃ—অয়মার্যো হনুমান্,

সীতা—এসো সো চিরণিব্বূঢ়জীবলোঅপচ্চুদ্ধরণগুরুওবআরী মহাণুভাবো মারুদী। (এষ স চিরনির্ব্যূঢ়জীবলোকপ্রত্যুদ্ধরণগুরুকোপকারী মহানুভাবো মারুতিঃ)।

রামঃ – দিষ্ট্যা সোঽয়ং মহাবাহুরঞ্জনানন্দবর্ধনঃ।
যস্য বীর্যেণ কৃতিনো বয়ং চ ভুবনানি চ॥ ৩২।

সীতা—বচ্ছ এসো কুসুমিদকঅম্বতরুতণ্ড বিঅবং হিণো কিংণামধেও গিরি জত্থ অণুভাবসোহগ্গমেত্তপরিসেসধুসরসিরী মুহুত্তং মুচ্ছন্দো তুএ পরুদিএণ অবলম্বিদো তরুঅলে অজ্জউত্তো আলিহিদো। (বৎস এষ কুসুমিতকদম্বতরুতাণ্ডবিতবর্হিণঃ কিং নামধেয়ো গিরির্যত্রানুভাবসৌভাগ্যমাত্রপরিশেষধূসরশ্রীর্মুহূর্তং মূর্ছংস্ত্বয়া প্ররুদিতেনাবলম্বিতস্তরুতল আর্যপুত্র আলিখিতঃ)।

লক্ষ্মণঃ— সোঽয়ং শৈলঃ ককুভসুরভির্মাল্যবান্নাম যস্মি-
ন্নীলঃ স্নিগ্ধঃ শ্রয়তি শিখরং নূতনস্তোয়বাহঃ।

আর্যেণাস্মিন্।

রামঃ— বিরম বিরমাতঃ পরং ন ক্ষমোঽস্মি
প্রত্যাবৃত্তঃ পুনরিব স মে জানকীবিপ্রয়োগঃ। ৩৩॥

লক্ষ্মণঃ অতঃ পরমার্যস্য তত্রভবতাং কপিরাক্ষসানাং চাসংখ্যাতানুত্তরোত্তরাণি কর্মাশ্চর্যাণি। পরিশ্রান্তা চেয়মার্যা। তদ্বিজ্ঞাপয়ামি বিশ্রাম্যতামিতি।

সীতা—অজ্জউত্ত এদিণা চিত্তদংসণেণ পচ্চুপ্পন্নদোহলাএ অত্থি মএ বিণ্ণপ্পম্। (আর্যপুত্র এতেন চিত্রদর্শনেন প্রত্যুৎপন্নদোহদায়া অস্তি মম বিজ্ঞাপ্যম্)।

রামঃ—নন্বাজ্ঞাপয়।

সীতা—জাণে পুণোবি পসন্নগম্ভীরাসু বণরাইসু বিহরিস্সং পবিত্তণিম্মলসিসিরাবগাহা ভঅবদি ভাঈরহিং ওগাহিস্সং ত্তি। (জানে পুনরপি প্রসন্নভম্ভীরাসু বনরাজিষু বিহরিষ্যামি পবিত্রনির্মলশিশিরাবগাহাং ভগবতীং ভাগীরথীমবগাহিষ্য ইতি)।

রামঃ—বৎস লক্ষ্মণ।

লক্ষ্মণঃ—এষোঽস্মি।

রমঃ—বৎস অচিরং সম্পাদনীয়োঽস্যা দোহদ ইতি সম্প্রত্যেব গুরুভিঃ সন্দিষ্টম্।
তদস্খলিতসুখসম্পাতং রথমুপস্থাপয়।

সীতা – অজ্জউত্ত তুম্হেহিং বি আঅন্দব্বং। (আর্যপুত্র যুষ্মাভিরপি আগন্তব্যম্)।

রামঃ – অয়ি কঠিনহৃদয়ে এতদপি বক্তব্যমেব।

সীতা—তেণ হি পিঅং মে পিঅং মে। (তেন হি প্রিয়ং মে প্রিয়ং মে)।

লক্ষ্মণ-—যথাজ্ঞাপয়ত্যার্যঃ। (ইতি নিষ্ক্রান্তঃ)

রামঃ—প্রিয়ে অত্র বাতায়নোপকণ্ঠে মুহূর্তং সংবিষ্টৌ ভবাবঃ।

সীতা—এবং হোদু। ওহীরিদম্হি ক্খু পরিস্সমজণিদাএ ণিদ্দাএ। (এবং ভবতু, অপহৃতাস্মি খলু পরিশ্রমজনিতয়া নিদ্রয়া।

রামঃ- তেন হি নিরন্তরমবলম্বস্ব মামনুগমনায়।

জীবয়ন্নিব সসাধ্বসশ্রমস্বেদবিন্দুরধিকণ্ঠমর্প্যতাম্।
বাহুরৈন্দবময়ূখচুম্বিতস্যন্দিচন্দ্রমণিহারবিভ্রমঃ ॥ ৩৪ ॥

(তথা কারয়ন্ সানন্দম্) প্রিয়ে কিমেতৎ ;

বিনিশ্চেতুং শক্যো ন সুখমিতি বা দুঃখমিতি বা
প্রমোহো নিদ্রা বা কিমু বিষাবসর্পঃ কিমু মদঃ।
তব স্পর্শে স্পর্শে মম হি পরিমূঢ়েন্দ্রিয়গণো
বিকারশ্চৈতন্যং ভ্রময়তি চ সম্মীলয়তি চ ॥ ৩৫ ॥

সীতা--থিরপ্পসাদা তুম্হে ইদো দাণিং কিং অবরম্। (স্থিরপ্রসাদা যূয়মিত ইদানীং কিমপরম্)।

রামঃ— ম্লানস্য জীবকুসুমস্য বিকাসনানি
সন্তর্পণানি সকলেন্দ্রিয়মোহনানি।
এতানি তে সুবচনানি সরোরুহাক্ষি
কর্ণামৃতানি মনসশ্চ রসায়নানি ॥ ৩৬ ॥

সীতা—পিঅংবদ এহি। সংবিসম্হ। (ইতি শয়নায় সমন্ততো নিরূপয়তি প্রিয়ংবদ এহি। সংবিশাবঃ]।

রামঃ—অয়ি কিমন্বেষ্টব্যম্।

আ বিবাহসময়াদ্গৃহে বনে শৈশবে তদনু যৌবনে পুনঃ।
স্বাপহেতুরনুপাশ্রিতোঽন্যয়া রামবাহুরুপধানমেষ তে ॥ ৩৭ ॥

সীতা - (নিদ্রাং নাটয়ন্তী) অত্থি এদম্। অজ্জউত্ত অত্থি এদং (ইতি স্বপিতি) [অস্ত্যেতদার্যপুত্র অস্ত্যেতৎ]।

রামঃ - কথং প্রিয়বচনা মে বক্ষসি প্রসুপ্তৈব।

(নির্বর্ণ্য) ইয়ং গেহে লক্ষ্মীরিয়মমৃতবর্তির্নয়নয়ো-
রসাবস্যাঃ স্পর্শো বপুষি বহুলশ্চন্দনরসঃ।
অয়ং বাহুঃ কণ্ঠে শিশিরমসৃণো মৌক্তিকসরঃ
কিমস্যা ন প্রেয়ো যদি পরমসহ্যস্তু বিরহঃ ॥ ৩৮ ॥

প্রতিহারী—(প্রবিশ্য) দেব উবট্ঠিদো। (দেব উপস্থিত। ;

রামঃ—অয়ি কঃ।

প্রতিহারী—আসন্নপরিআরও দেবস্স দুম্মুহো। (আসন্নপরিচারকো দেবস্য দুর্মুখঃ)।

রামঃ—(স্বগতম্) শুদ্ধান্তচারী দুর্মুখঃ। স ময়া পৌরবজানপদেষ্বপসর্পঃ প্রহিতঃ। (প্রকাশম্) আগচ্ছতু। (প্রতিহারী নিষ্ক্রান্তা)

(প্রবিশ্য)

দুর্মুখঃ—(স্বগতম্) হা কহং দাণিং দেবিং অন্তরেণ ঈদিসং অচিন্তণিজ্জং জণাববাদং দেব্বস্স কহইস্সং। অহবা ণিওও ক্খু মে এরিসো মন্দভাঅস্স। (হা কথমিদানীং দেবীমন্তরেণ ঈদৃশমচিন্তনীয়ং জনাপবাদং দেবায় কথয়িষ্যামি। অথবা নিয়োগঃ খল্বীদৃশো মে মন্দভাগ্যস্য)।

সীতা—(উৎস্বপ্নায়তে) হা অজ্জউত্ত সোম্ম কহিং সি। (হা আর্যপুত্র সৌম্য কুত্রাসি)।

রামঃ—অয়ে সৈবেয়ং রণরণকদায়িনী চিত্রদর্শনাদ্বিরহভাবনা দেব্যাঃ স্বপ্নোদ্বেগং করোতি। (সস্নেহমঙ্গমস্যাঃ পরামৃশন্)

অদ্বৈতং সুখদুঃখয়োরনুগতং সর্বাস্ববস্থাসু য-
দ্বিশ্রামো হৃদয়স্য যত্র জরসা যস্মিন্নহার্যো রসঃ।
কালেনাবরণাত্যয়াৎ পরিণতে যৎস্নেহসারে স্থিতং
ভদ্রং তস্য সুমানুষস্য কথমপ্যেকং হি তৎ প্রাপ্যতে। ৩৯ ॥

দুর্মুখঃ—(উপসৃত্য) জেদু দেবো। (জয়তু দেবঃ):

রামঃ—ব্রূহি যদুপলব্ধম্ ;

দুর্মুখঃ—উবত্থুবন্তি দেবং পোরজাণবদা বিসুমরাবিদা অহ্মে মহারাঅং দসরহং রামভদ্দেণেত্তি। (উপস্তুবন্তি দেবং পৌরজানপদা বিস্মারিতা বয়ং মহারাজং দশরথং রামভদ্রেণেতি।)

রামঃ—অর্থবাদ এষঃ। দোষং তু মে কঞ্চিৎ কথয় যেন স প্রতিবিধীয়তে।

দুর্মুখঃ—(সাস্রম্) সুণাদু দেও। (কর্ণে) এব্বং বিঅ। (শৃণোতু দেবঃ। এবমিব।)

রামঃ—অহহ তীব্রসংবেগো বাগ্বজ্রঃ। (ইতি মূর্ছতি।)

দুর্মুখঃ—আস্সসদু দেবো। (আশ্বসিতু দেবঃ।)

রামঃ—(আশ্বস্য)

হা হা ধিক্ পরগৃহবাসদূষণং য-
দ্বৈদেহ্যাঃ প্রশমিতমদ্ভুতৈরুপায়ৈঃ।
এতত্তৎ পুনরপি দৈবদুর্বিপাকা-
দালর্কং বিষমিব সর্বতঃ প্রসৃপ্তম্ ॥ ৪০ ॥

তৎ কিমত্র মন্দভাগ্যঃ করোমি। (বিমৃশ্য সকরুণম্) অথবা কিমন্যৎ ;

সতাং কেনাপি কার্যেণ লোকস্যারাধনং ব্রতম্।
যৎ পূরিতং হি তাতেন মাং চ প্রাণাংশ্চ মুঞ্চতা ॥ ৪১ ॥

সম্প্রত্যেব চ ভগবতা বসিষ্ঠেন সন্দিষ্টম্। অপি চ

যৎ সাবিত্রৈর্দীপিতং ভূমিপালৈ-
র্লোকশ্রেষ্ঠৈঃ সাধু শুদ্ধং চরিত্রম্।
মৎসম্বন্ধাৎ কশ্মলা কিংবদন্তী
স্যাচ্চেদস্মিন্ হন্ত ধিঙ্মামধন্যম্ ॥ ৪২ ॥

হা দেবি দেবযজনসম্ভবে হা স্বজন্মানুগ্রহপবিত্রিতবসুন্ধরে হা নিমিজনকনন্দিনি হা পাবকবসিষ্ঠারুন্ধতীপ্রশস্তশীলশালিনি হা রামময়জীবিতে হা মহারণ্যবাসপ্রিয়-

সখি হা জানকি হা প্রিয়ে হা স্তোকবাদিনি কথমেবং বিধায়াস্তবায়মীদৃশঃ পরিণামঃ।

ত্বয়া জগন্তি পুণ্যানি ত্বয্যপুণ্যা জনোক্তয়ঃ।
নাথবন্তস্ত্বয়া লোকাস্ত্বমনাথা বিপৎস্যসে ॥ ৪৩ ॥

(দুর্মুখং প্রতি) দুর্মুখ ব্রূহি লক্ষ্মণম্। এষ তে নূতনো রাজা রামঃ সমাজ্ঞাপয়তি। (কর্ণে) এবমেবম্।

দুর্মুখঃ—হা কহং দাণিং অগ্গিপরিসুদ্ধাএ গব্ভট্টিদপবিত্তসংতাণাএ দেঈএ দুজ্জণবঅনাদো এবং অণজ্জং অজ্ঝবসিদং দেএণ। (হা কথমিদানীমগ্নিপরিশুদ্ধায়ৈ গর্ভস্থিতপবিত্রসন্তানায়ৈ দেব্যৈ দুর্জনবচনাদেবমনার্যমধ্যবসিতং দেবেন);

রামঃ—শান্তম্। কথং দুর্জনাঃ পৌরজানপদাঃ।

ইক্ষ্বাকুবংশোঽভিমতঃ প্রজানাং
জাতং চ দৈবাদ্বচনীয়বীজম্।
যচ্চাদ্ভুতং কর্ম বিশুদ্ধিকালে
প্রত্যেতু কস্তদ্যদি দূরবৃত্তম্ ॥ ৪৪ ॥

তদ্গচ্ছ।

দুর্মুখঃ—হা দেই। (হা দেবি)। (ইতি নিষ্ক্রান্তঃ)

রামঃ—হা কষ্টম্। অতিবীভৎসকর্মা নৃশংসোঽস্মি সংবৃত্তঃ।

শৈশবাৎ প্রভৃতি পোষিতাং প্রিয়ৈঃ
সৌহৃদাদপৃথগাশ্রয়ামিমাম্।
ছদ্মনা পরিদদামি মৃত্যবে
সৌনিকো গৃহশকুন্তিকামিব ॥ ৪৫ ॥

তৎ কিমস্পর্শনীয়ঃ পাতকী দেবীং দূষয়ামি। (ইতি সীতায়াঃশিরঃ স্বৈরমুন্নমষ্য বাহুমাকর্ষন্)

অপূর্বকর্মচণ্ডালময়ি মুগ্ধে বিমুঞ্চ মাম্।
শ্রিতাসি চন্দনভ্রান্ত্যা দুর্বিপাকং বিষদ্রুমম্ ॥ ৪৬ ॥

(উত্থায়) হন্ত বিপর্যস্তঃ সম্প্রতি জীবলোকঃ। অদ্যাবসিতং জীবিতপ্রয়োজনং রামস্য। শূন্যমধুনা জীর্ণারণ্যং জগৎ। অসারঃ সংসারঃ। কষ্টপ্রায়ং শরীরম্। অশরণোঽস্মি কিং করোমি কা গতিঃ। অথবা হা অম্ব

দুঃখসংবেদনায়ৈব রামে চৈতন্যমাহিতম্।
মর্মোপঘাতিভিঃ প্রাণৈর্বজ্রকীলায়িতং হৃদি ॥ ৪৭ ॥

অরুন্ধতি হা ভগবন্তৌ বসিষ্ঠবিশ্বামিত্রৌ হা ভগবন্ পাবক হা দেবি ভূতধাত্রি হা তাত জনক, হা তাত হা মাতঃ হা প্রিয়সখ সুগ্রীব হা সৌম্য হনূমন্ হা পরমোপকারিন্ লঙ্কাধিপতে বিভীষণ হা সখি ত্রিজটে পরিমুষিতাঃ স্থ পরিভূতাঃ স্থ রামহতকেন। অথবা কো নাম তেষামহমিদানীমাহ্বানে।

তে হি মন্যে মহাত্মানঃ কৃতঘ্নেন দুরাত্মনা। ৪৮ ॥

যোঽহম্—

বিস্রম্ভাদুরসি নিপত্য লব্ধনিদ্রা-
মুন্মুচ্য প্রিয়গৃহিণীং গৃহস্য শোভাম্।

আতঙ্কস্ফুরিতকঠোরগর্ভগুর্বীং
ক্রব্যাদ্ভ্যো বলিমিব নির্ঘৃণঃ ক্ষিপামি ॥ ৪৯ ॥

(সীতায়াঃ পাদৌ শিরসি কৃত্বা) দেবি দেবি অয়ং পশ্চিমস্তে রামশিরসা পাদপঙ্কজস্পর্শঃ (রোদিতি) (নেপথ্যে) অব্রহ্মণ্যমব্রহ্মণ্যম্‌ ।

রামঃ—জ্ঞায়তাং ভোঃ কিমেতৎ । (পুনর্নেপথ্যে)

ঋষীণামুগ্রতপসাং যমুনাতীরবাসিনাম্‌ ।
লবণত্রাসিতঃ স্তোমঃ শরণ্যং ত্বামুপস্থিতঃ ॥ ৫০ ॥

রামঃ—আঃ কথমদ্যাপি রাক্ষসত্রাসঃ । তদ্‌ যাবদস্য দুরাত্মনো মাধুরস্য কুম্ভীনসীপুত্রস্যোন্মূলনায় শত্রুঘ্নং প্রেষয়ামি । (কতিচিৎপদানি গত্বা পুনর্নিবৃত্য) হা দেবি কথমেবং গতা ভবিষ্যসি । ভগবতি বসুন্ধরে সুশ্লাঘ্যাং দুহিতরমবেক্ষস্ব জানকীম্‌ ।

জনকানাং রঘূণাং চ যৎকৃৎস্নং গোত্রমঙ্গলম্‌ ।
যাং দেবযজনে পুণ্যে পুণ্যশীলামজীজনঃ ॥ ৫১ ॥

(ইতি রুদন্নিষ্ক্রান্তঃ ।

সীতা—হা সোম্ম অজ্জউত্ত কহিং সি । (সহসোত্থায় । (হদ্ধী হদ্ধী দুস্সিবিণেণ বিপ্পলদ্ধা অহং অজ্জউত্ত সুণ্ণং বিঅ অত্তাণং পেক্‌খামি । (বিলোক্য ।) হদ্ধী হদ্ধী এআইণিং মং পসুত্তং উজ্ঝিঅ গদো উজ্জউত্তো । কিং দাণীং এদং । হোদু । সে কুপ্পিস্সং জই তং পেক্‌খন্তী অত্তণো পহবিস্সং । কো এত্থ পরিঅণো । (হা সৌম্য আর্যপুত্র কুত্রাসি । হা ধিক্‌ হা ধিক্‌ দুঃস্বপ্নেন বিপ্রলব্ধাহমার্যপুত্রশূন্যমিব আত্মানং প্রেক্ষে । হা ধিক্‌ হা ধিক্‌ একাকিনীং মাং প্রসুপ্তামুজ্ঝিত্বা গত আর্যপুত্রঃ । কিমিদানীমেতৎ । ভবতু তস্মৈ কোপিষ্যামি যদি তং প্রেক্ষমাণাত্মনঃ প্রভবিষ্যামি । কোঽত্র পরিজনঃ ।)

(প্রবিশ্য ।)

দুর্মুখঃ—দেই কুমারলক্‌খণো বিণ্ণবেদি সজ্জো রহো । আরুহদু দেঈ ত্তি । (দেবি কুমারলক্ষ্মণো বিজ্ঞাপয়তি সজ্জো রথঃ । আরোহতু দেবীতি ।)

সীতা—ইঅং আরুহামি । (উত্থায় পরিক্রম্য) ফুরই মে গব্ভভারো সণিঅং গচ্ছহ্ম । (ইয়মারোহামি । স্ফুরতি মে গর্ভভারঃ । শনৈর্গচ্ছাবঃ ।)

দুর্মুখ—ইদো ইদো দেবী । (ইত ইতো দেবী ।)

জয়দেব যে-সব তালের উল্লেখ করেছেন তার মধ্যে আছে : রূপক, নিঃসারুক, যতি, একতালী এবং অষ্টতালী। এসব তাল কীর্তনগানে এখনও শাস্ত্রোক্ত রীতিতেই ব্যবহৃত হয়। অষ্টতাল আটটি তালের সমষ্টি : আড়, দোজ, জ্যোতি (বা যতি), চন্দ্রশেখর, গঞ্জন, পঞ্চ, রূপক ও সম। 'বদসি যদি কিঞ্চিদপি' গানটি এখনও অনেক কীর্তনগায়ক এই তালেই গেয়ে থাকেন।

পুরীর জগন্নাথ মন্দিরে 'গীতগোবিন্দ' যে-সুরে গাওয়া হয় তার উপর উড়িষ্যার লোকসঙ্গীতের প্রভাবই বেশি, জয়দেবোক্ত রাগরাগিণীর প্রভাব নেই। কীর্তনগায়কেরাও নিজস্ব সুরেই গীতগোবিন্দের গান গেয়ে থাকেন। গীতগোবিন্দের যে দু-একটি স্বরলিপি-গ্রন্থ প্রকাশিত হয়েছে তা রাগাশ্রিত হলেও গীতগোবিন্দে উল্লিখিত রাগাশ্রয়ে নয়। জয়দেবের সময়ে গীতগোবিন্দে উল্লিখিত রাগগুলি কী সুরে গাওয়া হত তা

জানবার কোনো উপায় বোধহয় আজ নেই। কালক্রমে রাগরূপের পরিবর্তন ঘটেছে এবং সারা ভারতে প্রচলিত গীতগোবিন্দ একেক অঞ্চলে প্রচলিত জনপ্রিয় রাগ অথবা লোকায়ত সুরে গীত হতে থাকবে এই তো স্বাভাবিক।

গীতগোবিন্দের ছন্দ

গীতগোবিন্দে জয়দেব যে-সব সংস্কৃত বৃত্তছন্দ ব্যবহার করেছেন তার মধ্যে শার্দুল-বিক্রীড়িত ছন্দই তাঁর সবচেয়ে প্রিয় ছিল মনে হয় কারণ ৭৭টি বৃত্তছন্দে লেখা শ্লোকের মধ্যে ৩৭টিই এই ছন্দে রচিত। কিন্তু এহ বাহ্য। জয়দেবের ছন্দনৈপুণ্যের পরিচয় মাত্রাছন্দে লেখা তার চব্বিশটি গানেই পাওয়া যাবে, এগুলোতে নয়। সংস্কৃত ছন্দকে বিদায় দিয়ে অপভ্রংশের ছন্দকে স্বাগত জানিয়েছে গীতগোবিন্দের গানগুলো। এই রকম একটি ছন্দ পাদাকুলক বা পজ্ঝটিকা (যার লক্ষণ ঃ প্রতিপদযমকিতষোড়শ-মাত্রা)।

বিহিতবিশদবিসকিসলয়বলয়া
জীবতি পরমিহ তব রতিকলয়া। গীত ১২, ৪

লক্ষণীয়, এখানে চারটি পাদ নেই, আছে দুইটি পাদ। একে বলা যেতে পারে জয়দেবী দ্বিপাদ পাদাকুলক।

পাদাকুলকের শেষের মাত্রাটি কমিয়ে বৈচিত্র্য সৃষ্টি করেছেন ১৬-সংখ্যক গীতে ঃ

কনকনিকষরুচিশুচিবসনেন।
শ্বসিতি ন সা পরিজনহসনেন॥

জয়দেবের গীতছন্দ বিশ্লেষণ করলে বিভিন্ন দৈর্ঘ্যের চরণ বা পাদ পাওয়া যাবে, যার 'চাল' প্রধানতঃ চতুর্মাত্রিক, পঞ্চমাত্রিক ও সপ্তমাত্রিক ঃ

আগের উদাহরণগুলি সবই চতুর্মাত্রিক চাল।

পঞ্চমাত্রিক চলন

বদসি যদি | কিঞ্চিদপি | দন্তরুচি | কৌমুদী = ৫/৫/৫/৫

সপ্তমাত্রিক চলন

কিং করিষ্যতি | কিং বদিষ্যতি | সা চিরং বির | হেণ = ৭/৭/৭/৩ (অপূর্ণপদী)
কিং ধনেন জ | নেন কিং মম | জীবিতেন গৃ | হেণ

ত্রিমাত্রিক চলন পাওয়া যাবে মিশ্রছন্দগুলিতে যা বিভিন্ন মাত্রাদৈর্ঘ্যের 'গণে' গঠিত।

ধ্বনিত | মধুপ | সমূহে = ৩/৩/৫

শ্রদ্ধেয় সুকুমার সেন বলেছেন ঃ 'ছন্দের প্রসঙ্গ বলিতে গেলে এক বিষয়ে জয়দেব ভারতীয় সাহিত্যে অদ্যাবধি দ্বিতীয়রহিত। তাহা হইতেছে এক ছত্রের শ্লোক রচনা। মাঝখানে মিল থাকায় একছত্র হইলেও দৃশ্যে হিসাবে সম্পূর্ণতাপ্রাপ্ত।

শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল ললিতকলিত বনমাল॥'

কিংবদন্তী

চক্রদত্তের সংস্কৃত ভক্তমাল, নাভাজীকৃত ভক্তমাল এবং বীরভূমের কবি বনমালীদাসের 'জয়দেব-চরিত্র' এবং 'শেকশুভোদয়া'য় জয়দেবের কথা আছে। তবে মূলত কিংবদন্তীকে

আশ্রয় করেই এসব গ্রন্থে জয়দেবের জীবনকথা রচিত হয়েছে ; ভক্তমনের মাধুরীমণ্ডিত এই জীবনকথাটি সংক্ষেপে আলোচনা করা যাক।

পুরীর জগন্নাথের মন্দিরে এলেন দক্ষিণদেশবাসী এক ব্রাহ্মণদম্পতি। নিঃসন্তান তাঁরা, সন্তানকামনায় ধর্না দিলেন এই মন্দিরে। সংকল্প করলেন সন্তান হলে জগন্নাথের সেবাতেই নিযুক্ত করবেন তাকে। স্বপ্নে পেলেন এক জ্যোতির্ময় মূর্তির আশীর্বাদ। সানন্দচিত্তে গৃহে ফিরলেন তাঁরা। তাঁদের ঘর আলো করে এল এক কন্যা। ব্রাহ্মণ কন্যার নাম দিলেন পদ্মাবতী। শৈশবেই সঙ্গীত ও নৃত্যে শিশুর অদ্ভুত দক্ষতা দেখা গেল। কন্যার বিশেষ-শিক্ষার ব্যবস্থাও করলেন ব্রাহ্মণ। যৌবনে পদ্মাবতী যেন হল 'প্রভাতরলং জ্যোতিঃ'। ব্রাহ্মণ সংকল্পের কথা ভুলতে চেয়েও পারলেন না। জগন্নাথের কাছেই সমর্পণ করলেন কন্যাকে। আবার স্বপ্ন ঃ ব্রাহ্মণ, তোমার কন্যা সাধারণ নয়, সাক্ষাৎ লক্ষ্মী। বিশেষ উদ্দেশ্যসিদ্ধির জন্যেই তার জন্ম। জয়দেব গোস্বামী নামে কেন্দুবিল্ব গ্রামে এক ব্রাহ্মণ আছে, সেই তোমার কন্যার পতি, কন্যা সমর্পণ করবে তাকে।

বহু অন্বেষণে অজয়ের ধারে এসে ব্রাহ্মণ পেলেন কেন্দুবিল্ব গ্রামের সন্ধান। জয়দেবের সন্ধানও পেলেন ঃ 'ভিক্ষা মেগে খায় সদা হরিনাম জপে'। কিন্তু দেবাদেশে ব্রাহ্মণ তাঁর কাছেই কন্যাগ্রহণের আবেদন জানালেন ;

ইয়ং মে তনয়া ব্রহ্মন্ জগন্নাথাজ্ঞয়া ময়া
নাম্না পদ্মাবতী তুভ্যং দীয়তেঽনুগৃহাণ তাম্ ।[১৩]

জয়দেব জানালেন আমি কন্যাদানের যোগ্য পাত্র নই, আমি দীন ও অনিকেতন, অতএব আমার কাছে এ আবেদন বৃথা।

কিন্তু ব্রাহ্মণ কন্যাকে বললেন, ইনিই তোমার স্বামী, তোমাকে এঁর কাছেই রেখে গেলাম। জয়দেব বললেন—

"কথং স্থাস্যসি কাননে ?"

পদ্মাবতী বললেন 'নাহমেকো ত্বয়ি স্থিতে'···

তুমি থাকতে তো আমি একা নই, বনে থাকতে পারব না কেন ?

জয়দেব গ্রহণ করলেন পদ্মাবতীকে। তাঁরা সমপ্রাণ হলেন, কৃষ্ণনাম গান করতে করতে নৃত্য-বিভোর হলেন ঃ

উভৌ তৌ দম্পতী তত্র একপ্রাণৌ বভূবতুঃ।
নৃত্যন্তৌ চাপি গায়ন্তৌ কৃষ্ণনামার্চনতৎপরৌ ॥[১৪]

একদিন জয়দেব ভাবলেন —নিজের লেখা কৃষ্ণগান গাইব। তাই তিনি গীতগোবিন্দ-রচনায় হাত দিলেন। একদিন লিখলেন ;

স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং

তার পরের পঙ্ক্তিটি তাঁর মনেই রয়ে গেল. লিখতে পারলেন না, কেমন করেই বা পারবেন ? 'দেহি পদপল্লবমুদারম্' কৃষ্ণকণ্ঠে রাধার প্রতি এই পংক্তিযোজনা কি সঙ্গত ? কিন্তু আর অন্য কথাও তো কিছু মাথায় আসছে না। থাক তবে, পরে ভেবেচিন্তে দেখা যাবে—এই ভেবে জয়দেব নদীতে স্নান করতে গেলেন। পদ্মাবতী দেখলেন কিছুক্ষণের মধ্যেই স্বামী স্নান সেরে ফিরেছেন। আহারের শেষে জয়দেব বললেন—পুঁথিটি আনো তো পদ্মাবতী, ঐ পদটা শেষ করে ফেলি। জয়দেব লিখলেন ;

স্মরগরলখণ্ডনং মম শিরসি মণ্ডনং
দেহি পদপল্লবমুদারম্ ।

লেখা শেষ করে জয়দেব বিশ্রামের জন্যে ঘরে গেলেন। পদ্মাবতী স্বামীর পাতে রোজকার মতো খেতে বসলেন। এমন সময়ে স্নান সেরে কৃষ্ণনাম গাইতে গাইতে জয়দেব বাড়িতে প্রবেশ করলেন। পদ্মাবতী অবাক—সে কী, এই তো আহারান্তে বিশ্রাম করতে গেলেন জয়দেব। জয়দেবও স্তম্ভিত—সে কী! আমাকে অভুক্ত রেখেই আজ পদ্মাবতী আহারে বসেছে! পদ্মাবতী বিশ্রামকক্ষে ছুটে গিয়ে দেখলেন কেউ নেই। বুঝলেন স্বয়ং কৃষ্ণ এসেছিলেন গৃহে। পুঁথি এনে জয়দেবকে দেখালেন, স্পষ্ট লেখা আছে ঃ

দেহি পদপল্লবমুদারম্ ।

কৃষ্ণস্পর্শধন্য গীতগোবিন্দকাব্যটি শেষ করলেন জয়দেব। রাধানাথের মন্দিরে গাইতে লাগলেন সেই গান। জয়দেবের নাম ছড়িয়ে পড়ল সারা দেশে। গৌড়রাজ লক্ষ্মণ-সেনের রাজসভাতেও গিয়ে পেঁছিল সেই নাম। লক্ষ্মণসেন সাদরে তাঁর সভায় স্থান দিলেন এই গীতস্রষ্টাকে।

গীতগোবিন্দের উৎস ও রাধাপ্রসঙ্গ

বাসন্তরাস পরিত্যাগ করে রাধার বিরহ, কৃষ্ণসন্ধান, মান-অভিমান ও মিলন—গীত-গোবিন্দের এই হল বিষয়বস্তু। হরিবংশ, ব্রহ্মপুরাণ ও বিষ্ণুপুরাণ ও ভাগবতে রাসের বর্ণনা থাকলেও রাধার উল্লেখ নেই। বিষ্ণুপুরাণে দেখা যায় কৃষ্ণের অন্বেষণে গোপীরা বনে বনে ভ্রমণ করছেন এবং কৃষ্ণের চরণচিহ্নের সঙ্গে অন্য চরণচিহ্ন দেখে ঈর্ষান্বিতা হচ্ছেন। ভাগবত পুরাণে অনুরূপ চিহ্ন দেখে গোপীরা বললেন—

অনয়া রাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্ রহঃ ॥

ইনি নিশ্চয়ই ভগবান ঈশ্বর হরিকে আরাধনা করেছেন, তাই প্রীত হয়ে আমাদের ত্যাগ করে গোবিন্দ এঁকে নির্জনে এনেছেন।

বৈষ্ণবাচার্যদের অনেকেই 'আরাধিতঃ' বা 'রাধিতঃ' শব্দে 'রাধা' নামই দেখতে পেয়েছেন। সনাতন গোস্বামী তাঁর বৈষ্ণবতোষিণী টীকায় বলেছেন ঃ 'অনয়ৈব আরাধিতঃ আরাধ্যঃ বশীকৃতঃ ন ত্বস্মাভিঃ। রাধয়তি আরাধয়তীতি রাধেতি নামকারণঞ্চ দর্শিতম্।'

পদ্মপুরাণ ও মৎস্যপুরাণে স্পষ্টতঃ 'রাধা'র উল্লেখ আছে। তবে রাধাকৃষ্ণলীলার বিশদ উল্লেখ আছে ব্রহ্মবৈবর্তপুরাণে। ভরা বসন্তে কৃষ্ণ বৃন্দাবনের প্রাকৃতিক দৃশ্য দেখে মুগ্ধ হয়ে গোপীদের আনন্দবর্ধক বংশীধ্বনি করলেন। রাধা প্রথমে মূর্ছিতা হলেও পরে রাসমণ্ডলীতে প্রবেশ করলেন। পরে তিনি রাসমণ্ডল ত্যাগ করে রাধার সঙ্গে মিলিত হলেন—সুষ্বাপ রাধয়া সার্ধং রতিতল্পে মনোহরে।

ব্রহ্মবৈবর্তপুরাণে রাধাকৃষ্ণের বিহারবর্ণনায় রতিবিলাস বিশেষভাবে প্রকাশিত হয়েছে। এই জন্যে মনে হয় গীতগোবিন্দরচনায় অন্যান্য পুরাণ বা সাহিত্যের প্রভাব থাকলেও জয়দেব বোধহয় ব্রহ্মবৈবর্তপুরাণের কাছেই বেশি ঋণী। অবশ্য ব্রহ্মবৈবর্ত-পুরাণের প্রামাণিকতা সন্দেহের অতীত নয়। এই পুরাণে রাধাকৃষ্ণলীলাবর্ণনায় বহু অংশই হয়তো প্রক্ষিপ্ত।

সাহিত্যে রাধার প্রথম উল্লেখ পাওয়া যায় 'গাহা-সত্তসঈ'তে। এটি সাতবাহন হালের

একটি কবিতা-সংকলন। পণ্ডিতেরা এর ভাষা বিচার করে মনে করেন এই কবিতাগুলি ২০১ খৃষ্টাব্দ থেকে ৪৫০ খৃষ্টাব্দের মধ্যে রচিত। সপ্তম শতকের কবি বাণভট্ট হর্ষচরিতে এই সংকলনগ্রন্থের উল্লেখ করেছেন; চমৎকার একটি পদে রাধা ও কৃষ্ণ উভয়ের একত্র উল্লেখ আছে ঃ

মুহমারুএণ তং কহ্ন গোরঅং বাহিআএ অবণেন্তো।
এতাণ বল্লবীণং অপ্পাণ বি গোরঅং হরসি॥ (১.৮৯)

হে কৃষ্ণ, তুমি মুখের হাওয়ায় রাধিকার (মুখের) ধুলো উড়িয়ে এই বল্লবীদের ও অন্যান্য নারীদের গৌরব হরণ করছ।

অষ্টম শতকের কবি ভট্টনারায়ণের লেখা বেণীসংহার নাটকের নান্দীশ্লোকে রাধার উদ্দেশ্যে কৃষ্ণের অনুনয়ের উল্লেখ আছে। এর পর নবম শতকে আনন্দবর্ধনের 'ধ্বন্যালোকে' রাধাকৃষ্ণ সম্বন্ধে একটি প্রাচীন শ্লোকের উল্লেখ মিলছে। এ শ্লোকে প্রবাসী কৃষ্ণ বৃন্দাবন থেকে আগত সখাকে জিজ্ঞেস করছেন, হে বন্ধু, সেই গোপাঙ্গনাদের বিলাসবন্ধু এবং রাধার গোপন সাক্ষী কালিন্দীতীরবর্তী লতাগৃহগুলির কুশল তো? দশম শতকে সংকলিত 'কবীন্দ্রবচনসমুচ্চয়' গ্রন্থেও রাধাকৃষ্ণলীলাবিষয়ক বেশ-কিছু শ্লোক আছে। একাদশ শতকে বাক্‌পতিলিপিতে রাধাকৃষ্ণবিষয়ক একটি সুন্দর শ্লোক পাওয়া যাচ্ছে ঃ 'লক্ষ্মীর মুখচন্দ্র যাকে সুখী করতে পারছে না, সমুদ্রবারিতেও যা প্রশমিত নয়, নিজের নাভিসরসীপদ্মেও যা শান্তি পায় নি, মুরারিপুর সেই রাধা-বিরহাতুর বপু তোমাদের রক্ষা করুক।'

একাদশ শতক পর্যন্ত এইভাবে বিভিন্ন ক্ষেত্রে রাধাকৃষ্ণের উল্লেখ পেলেও একান্তভাবে রাধাকৃষ্ণকে নিয়ে লেখা পূর্ণাঙ্গ কাব্য পেলাম দ্বাদশ শতকে। তা হল জয়দেবের গীত-গোবিন্দ। লীলাশুক বিল্বমঙ্গল রচিত কৃষ্ণকর্ণামৃত কাব্যও দ্বাদশ শতকের কাছাকাছি কোনো সময়ে রচিত বলে ধরে নেওয়া যেতে পারে। মহাপ্রভু চৈতন্যদেব তাঁর দাক্ষিণাত্য-ভ্রমণের সময় মহারত্ন মনে করে দুটি গ্রন্থ সংগ্রহ করেছিলেন, তার একটি 'ব্রহ্মসংহিতা' আরেকটি 'কৃষ্ণকর্ণামৃত'। পরবর্তী গৌড়ীয় বৈষ্ণবধর্ম ও সাহিত্যে কৃষ্ণকর্ণামৃত গ্রন্থটির প্রভাব ব্যাপকভাবে পড়েছে। কৃষ্ণকর্ণামৃতের দাক্ষিণাত্য সংস্করণে অনেক শ্লোকেই রাধার উল্লেখ আছে, কিন্তু বাংলাদেশের সংস্করণে শুধু দুটি শ্লোকেই রাধার উল্লেখ পাওয়া যায়। অবশ্য কৃষ্ণদাস কবিরাজ তাঁর টীকায় রাধার উল্লেখে বহু শ্লোক ব্যাখ্যা করেছেন। দ্বাদশ শতকে সংকলিত শ্রীধরদাসের 'সদুক্তিকর্ণামৃতে' জয়দেবের সমসাময়িক কবিদের রাধাকৃষ্ণলীলাবিষয়ক অনেক পদ আছে। এই যুগের সাহিত্যে রাধাকৃষ্ণ পূর্ণত প্রতিষ্ঠিত। তবে জয়দেবের কাব্যটিতে রাধাকৃষ্ণলীলাকে যেমন একান্ত ও প্রবলভাবে পেলাম এমনটি অন্য কারো রচনায় নয়। ডঃ শশিভূষণ দাশগুপ্তের ভাষায় ঃ রাধাকে আর এখানে ছিটেফোঁটারূপে পাইলাম না. সমগ্র কাব্যের কৃষ্ণ নায়ক, রাধাই নায়িকা, সখীগণ লীলাসহচরী।[১৫]

কাব্য-বিচার

গীতগোবিন্দের খ্যাতি ভারতের সমস্ত অঞ্চলে। বিদেশী মনীষীরাও জয়দেবকে জয়মাল্য দিতে কুণ্ঠিত হন নি। উইলিয়ম জোন্স প্রথম গীতগোবিন্দ অনুবাদ করেছিলেন ইংরেজিতে। সেই অনুবাদকে ভিত্তি করে F. H. Van Dalberg জার্মান ভাষায় তার অনুবাদ করেন।[১৬] গায়টে এই অনুবাদ পড়ে মুগ্ধ হন। তিনি Schiller-কে লেখা

একটি পত্রে গীতগোবিন্দপ্রসঙ্গে লেখেন ঃ What struck me as remarkable are the extremely varied motives by which an extremely simple subject is made endless[১৭] গ্যয়্টে স্বয়ং এর অনুবাদ করবেন ভেবেছিলেন।[১৮] প্রখ্যাত সাহিত্য-রসিক Winternitz.[১৯] ও A. Berriedale Keith[২০] গীতগোবিন্দ সম্পর্কে উচ্ছ্বসিত।

সম্প্রতি যুক্তরাষ্ট্রের আলাবামা বিশ্ববিদ্যালয় থেকে ১৯৭২ সালে প্রকাশিত ভিয়েনার প্রখ্যাত ভাষাবিদ Prof. Manfred Mayrhofer লিখিত একটি গ্রন্থের শেষে সংস্কৃত সাহিত্যের তিনটি উৎকৃষ্ট নমুনা হিসেবে ঋগ্‌বেদ, মহাভারত ও গীতগোবিন্দ থেকে উদ্ধৃতি দেওয়া হয়েছে। বার্ণার্ড কলেজের প্রাচ্যবিদ্যা-গবেষণার আসোসিয়েট প্রফেসর বারবারা স্টোলার মিলার (Barbara Stoler Miller) ১৯৭১ সাল থেকে পাঁচবছর সারাভারত পর্যটন করে অক্লান্ত পরিশ্রমে Jayadeva's Gitagovinda : Love song of the Dark Lord নামে একটি গ্রন্থ রচনা করেছেন। তাঁর মতেও গীতগোবিন্দ 'a unique work in Indian literature.' দেশী-বিদেশী অধিকাংশ সমালোচকের মতেই এ কাব্যে মর্ত্যপ্রেম দিব্যপ্রেমে রূপান্তরিত হয়েছে।

বিদ্যাসাগর গীতগোবিন্দকে 'অপূর্ব' না বললেও এর উৎকর্ষ সম্বন্ধে নিঃসন্দিগ্ধ।[২১] গীতগোবিন্দকে একেবারে ভিন্ন দৃষ্টিতে দেখেছেন বঙ্কিমচন্দ্র। তখনকার বিলাসপ্রিয় ও ইন্দ্রিয়পরায়ণ সমাজের প্রসঙ্গ তুলে তিনি বলেছেন ঃ 'জয়দেব এই সময়ের সামাজিক অবতার; গীতগোবিন্দ এই সমাজের উক্তি। অতএব গীতগোবিন্দের শ্রীকৃষ্ণ কেবল বিলাসরসে রসিক কিশোর নায়ক। সেই কিশোর নায়কের মূর্তি, অপূর্ব মোহন মূর্তি; শব্দভাণ্ডারে যত সুকুমার কুসুম আছে, সকলগুলি বাছিয়া বাছিয়া চতুর গোস্বামী এই কিশোরকিশোরী রচিয়াছেন; আদিরসের ভাণ্ডারে যতগুলি স্নিগ্ধোজ্জ্বল রত্ন আছে, সবগুলিতে ইহা সাজাইয়াছেন; কিন্তু যে মহা গৌরবের জ্যোতি মহাভারতে ও ভাগবতে কৃষ্ণ-চরিত্রের উপর নিঃসৃত হইয়াছিল, এখানে তাহা অন্তর্হিত। ইন্দ্রিয়পরতার অন্ধকার ছায়া আসিয়া প্রখর সুখতৃষ্ণাতপ্ত আর্য পাঠককে শীতল করিতেছে।[২২] বিদ্যাপতি ও জয়দেব প্রবন্ধেও বঙ্কিমচন্দ্র জয়দেবের দেহময়তার দিকেই অঙ্গুলিনির্দেশ করেছেন ঃ জয়দেব, বিদ্যাপতি উভয়েই রাধাকৃষ্ণের প্রণয়কথা গীত করেন। কিন্তু জয়দেব যে প্রণয়গীত করিয়াছেন, তাহা বহিরিন্দ্রিয়ের অনুগামী। বিদ্যাপতি প্রভৃতির কবিতা, বিশেষতঃ চণ্ডীদাসাদির কবিতা বহিরিন্দ্রিয়ের অতীত।[২৩]

বলেন্দ্রনাথ ঠাকুর এবং এবং প্রমথ চৌধুরী জয়দেবের বিলাসকলাকৌতূহলকে নিন্দা করেছেন, জয়দেবের কাব্যকলাকে মর্যাদা দেন নি। বলেন্দ্রনাথ তাঁর জয়দেব সম্পর্কীয় দীর্ঘ আলোচনার শেষে বলেছেন ঃ

'এই গীতগোবিন্দে গীত থাকিতে পারে, কিন্তু 'গোবিন্দ' আছেন কি না আমাদের সম্পূর্ণ সন্দেহ আছে'।[২]

'জয়দেব' নামের প্রবন্ধে প্রমথ চৌধুরীও বিষয়-নির্বাচনে জয়দেবের নিকৃষ্ট রুচি এবং বর্ণনা, অলঙ্কার প্রয়োগ ও ভাষাব্যবহারে দুর্বলতাকেই দেখিয়েছেন।[২৫]

আমাদের মনে হয় এইসব বিরুদ্ধ সমালোচনাগুলোর মধ্যে আতিশয্য আছে। জয়-দেব অন্য রসের কবিতাও লিখেছেন, কিন্তু যে-সময়ে আদিরসই হচ্ছে বাগ্মী সুর সেই সময়ে জয়দেবের পক্ষে ঐ রসকে আশ্রয় করেই কাব্যরচনা স্বাভাবিক, বিশেষতঃ তাঁকে যখন

গাইতে হবে রাজসভায়, যে-রাজসভায় স্বয়ং রাজা এবং কবিদের মধ্যেও ঐ রসেরই প্লাবন।[২৬] দেখতে হবে তিনি ঐ রস পরিবেশন করতে কোন্ আঙ্গিক ও বাগ্‌ভঙ্গী ব্যবহার করেছেন এবং তার পরিমিতিবোধ কতখানি। দেবদেবীদের বিলাস-বিহার বর্ণনা পূর্বসূরীদের কাছেই জয়দেব পেয়েছেন, রতিবর্ণনাতেও পূর্ববর্তী ও তৎকালীন কবিদের ধারাই তিনি অনুসরণ করেছেন, কিন্তু যে গীতিকবিতার প্রবাহেষ মধ্যে লাবণ্যমণ্ডিত ভাষায় তিনি তা উপস্থাপিত করেছেন তার মধ্যেই আছে তাঁর কবিত্বের স্বাক্ষর। এ বিষয়ে ডঃ সুশীলকুমার দে'র বক্তব্য স্মরণীয়ঃ Jaydeva's achievement lies more in direction of form than in the substance of his poem. It presents hardly any new ideas ; it scarecely describes any situation or emotion which earlier love-poets have not familiarized ; it only makes a skilful poetic use of all the connections and traditions of Sanskrit love poetry. But in pictorial and musical effect, which brings out the underlying emotions in a perfect blending of sound and sense, his work is a beautiful and finished production.'[২৭]

জয়দেব 'মর্ত্যপ্রেম'কে দিব্যপ্রেমে উন্নীত করতে পেরেছেন কিনা সে তর্ক উঠতেই পারে। প্রায় তিন শতক পরে রূপগোস্বামীর বৈষ্ণব রসশাস্ত্র গড়ে ওঠার পর নতুন দৃষ্টিতে গীতগোবিন্দের মূল্যায়ন হয় এবং গীতগোবিন্দ ধর্মগ্রন্থের মর্যাদা পায়, দিব্য প্রেমই গীতগোবিন্দের প্রতিপাদ্য বলে বিবেচিত হয়। কিন্তু জয়দেব গীতগোবিন্দ যখন লিখেছিলেন তখন বৈষ্ণবদর্শনের বিশেষ ছকে মিলিয়ে নিশ্চয় লেখেন নি। কৃষ্ণভজন তাঁর অন্যতম উদ্দেশ্য থাকলেও গীতসৃষ্টি ও শৃঙ্গারের চর্চাও যে তাঁর উদ্দেশ্য ছিল সে কথা গ্রন্থের উপসংহারে তিনি নিজেই বলেছেন ঃ

যদ্গান্ধর্বকলাসু কৌশলমনুধ্যানঞ্চ যদ্বৈষ্ণবং
যচ্ছৃঙ্গারবিবেকতত্ত্বমপি যৎ কাব্যেষু লীলায়িতম্ !
তৎ সর্বং জয়দেবপণ্ডিতকবেঃ কৃষ্ণৈকতানাত্মনঃ
সানন্দাঃ পরিশোধয়ন্তু সুধিয়ঃ শ্রীগীতগোবিন্দতঃ। (১২. ২৭)

সুধীজন সানন্দে যদি গীতগোবিন্দকে নিছক কাব্য হিসেবেই দেখেন তবু তার মূল্য কমে না। গ্রন্থারম্ভেই তিনি মন জয় করে নেন ঃ

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈঃ।

শব্দ দিয়ে ছবি ফোটানোর একটি সুন্দর উদাহরণ।

যখন জয়দেব বলেন 'কেতকীকুসুম যেন দিঙ্‌মণ্ডলের হাসি' (১. ৩২) বা দিগ্‌বধূবদনের চন্দনবিন্দুর মতো চাঁদ (৭. ১) তখন কি ধ্বনির সঙ্গে চিত্রও আমাদের চোখে ফোটে না ?

'পলাশগুলোকে যুবজনের হৃদয়-বিদীর্ণ-করা কামদেবের নখরের মতো মনে হচ্ছে' (১.৩০)

'মলয় পবন শৈত্যস্নানের জন্যে হিমালয়ের দিকে যাচ্ছে' (১. ৩৭),

'তিনি হাতের তালু থেকে কপোলকে মুক্ত করছেন না। দেখে মনে হচ্ছে যেন সন্ধ্যা বালচন্দ্রকে ধরে আছে'। (৪. ১৬)

'গোবিন্দের মনোরথের মতো অন্ধকারও গাঢ়তর হয়ে উঠল'। (৫. ১৮)—

যাঁরা বলেন অলঙ্কারপ্রয়োগে জয়দেব দুর্বল এবং একেবারেই গতানুগতিক এই ধরণের বহু প্রয়োগ এবং ৩.১১, ৩.১৪, .১১.১২ বা ১১.৩২—এই শ্লোকগুলো কি তাঁদের দৃষ্টি এড়িয়ে গেল ?

'মন তার দোষগুলো দূরে রেখে তাঁর স্মরণেই সন্তুষ্ট'। (২ ১০)

'তাকে ছাড়া আমার ধনে জনে জীবনে কী কাজ'। (৩.৪)

'আমি চেতনাহীন তবে কেন এই বিরহানল সহ্য করি ? (৭.৫)

'তোমাকে বহুক্ষণ অন্তরে বহন করে আমি ক্লান্ত।' (১১ ১২)

'তুমি আমার ভূষণ, তুমি আমার জীবন, তুমি আমার সংসারসাগরের রত্ন।' (১০ ৫) এই সব উক্তিতে মনের স্পর্শ, না দেহের ? গীতগোবিন্দে যাঁরা দেহসর্বস্বতা দেখেন এই ধরণের উক্তিগুলোতেও হয়তো তাঁরা দেহের পতাকাই উড়তে দেখবেন। বলতে ইচ্ছে করে জয়দেব যে দেহকে কাব্যমঞ্চে এনেছেন তা মনশ্ছিন্ন নয়। দেহকে অতিক্রম করবার প্রয়াসও একেবারে নেই তা নয়, তবে এ-কাব্যের পরিধিতে তা হয়তো সম্ভব হল না, সম্ভব ছিল না বলেই।

জয়দেবে যা পেলাম না তার জন্যে খেদ করব না, যা পেলাম তাতেই জয়দেবকে বড়ো কবি বলতে দ্বিধা করব না। নন্দনতত্ত্বের সূক্ষ্ম বিচারে ঘুরপাক যতই খাই না কেন মনের মধ্যে বাজতে থাকবে—

পততি পতত্রে বিচলিতপত্রে শঙ্কিতভবদুপযানম্

গীতগোবিন্দের প্রভাব

গীতগোবিন্দ সংস্কৃতে লেখা হলেও জয়দেব এই গ্রন্থে সংস্কৃতকে সশ্রদ্ধচিত্তে বিদায় দিয়ে কাব্যমঞ্চে স্বাগত জানালেন আধুনিক আর্যভাষার কবিদের। গীতগোবিন্দের প্রভাবেই পরবর্তীকালে বৈষ্ণবপদাবলীর স্রোতধারা বয়ে চলল। শুধু বৈষ্ণবপদাবলীরই নয় মঙ্গলকাব্যধারার উৎসও গীতগোবিন্দকে বলা যেতে পারে। জয়দেব নিজেই তাঁর গানকে বলেছেন 'মঙ্গল' গীতি ঃ

শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদম্
মঙ্গলমুজ্জ্বলগীতি।

মঙ্গল-কাব্যধারায় বড়ু চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তনের প্রভাব লক্ষ্য করা যায়, আর এই শ্রীকৃষ্ণকীর্তন আবার বহুলাংশে গীতগোবিন্দের কাছে ঋণী। শ্রীকৃষ্ণকীর্তনের গঠন, বিভাগ, নাট্যধর্মিতা ইত্যাদি নানা বিষয়ে গীতগোবিন্দের প্রভাব প্রত্যক্ষ। বড়ু চণ্ডী-দাস গীতগোবিন্দের বেশ কয়েকটি পদের একেবারে আক্ষরিক অনুবাদ করেছেন। যেমন—নিন্দতি চন্দনম্ ইত্যাদি পদের অনুবাদ ঃ

নিন্দ এ চান্দ চন্দন রাধা সবখনে।
গরল সমান মানে মলয় পবনে॥
স্তনবিনিহিতমপি হারমুদারম্।
সা মনুতে কৃশতনুরিব ভারম্॥

এরই প্রতিধ্বনি ঃ

তনের উপরে হারে। আল মানএ যেহেন ভারে।
আগতি হৃদয়ে খিনী রাধা চলিতে না পারে॥

রূপগোস্বামীর রসব্যাখ্যায় গীতগোবিন্দ ধর্মগ্রন্থের মর্যাদায় অধিষ্ঠিত হবার ফলে সারা ভারতে গীতগোবিন্দ সমাদৃত হল। সহজিয়া এবং বল্লভাচারী সম্প্রদায়ও গীতগোবিন্দকে অত্যন্ত শ্রদ্ধার চোখে দেখলেন। বিঠ্ঠলেশ্বর (বল্লভাচার্যের পুত্র) গীতগোবিন্দের অনুকরণেই 'শৃঙ্গাররসমণ্ডল' রচনা করেন। গীতগোবিন্দ অনুকরণীয় কাব্য বিবেচিত হওয়ায় বৃহস্পতিমিশ্র, ধৃতিদাস, উদয়নাচার্য, রাণা কুম্ভ, নারায়ণ ভট্ট, পীতাম্বর, শঙ্কর মিশ্র প্রমুখ বিভিন্ন প্রদেশের পণ্ডিতেরা গীতগোবিন্দের টীকা রচনা করেন। গীতগোবিন্দের অনুকরণে গীতদিগম্বর, গীতগৌরী, গীতরাঘব, অভিনব গীতগোবিন্দ, সঙ্গীত মাধব, গোবিন্দবল্লভ-নাটক, ইত্যাদি গ্রন্থ রচিত হয়। এই সব গ্রন্থের রচয়িতা যথাক্রমে বংশমণি, তিরুমলরাজ, হরিশঙ্কর, গজপতিরাজ, পুরুষোত্তমদেব গোবিন্দদাস এবং দ্বারকানাথ ঠাকুর।

সঙ্গীতের ক্ষেত্রে গীতগোবিন্দের প্রভাব কম নয়। জয়দেবগীত রাগসঙ্গীতের ধারা বা রূপান্তরকে আজ আর জানবার উপায় নেই। তবু উত্তর ও দক্ষিণ ভারতের বহু মন্দিরে গীতগোবিন্দের গান গাওয়া হয় এবং এই গানের চর্চার মধ্যে দিয়ে বহু বৈচিত্র্যের সৃষ্টি হয়ে চলেছে। গীতগোবিন্দের প্রভাব বিশেষভাবে পড়েছে কীর্তন গানে। চৈতন্যদেবের সময় থেকেই কীর্তনের সূচনা। তিনি স্বরূপ দামোদরের কাছ থেকে গীতগোবিন্দের গানগুলি গভীর তৃপ্তি নিয়ে শুনতেন।[২৮] পদাবলী কীর্তনে গীতগোবিন্দের পদও গাওয়া হত। গীতগোবিন্দের গানের ধুয়াই কীর্তনের আখরের প্রেরণা এমন কথাও কেউ কেউ বলেন।

আধুনিক কালেও নৃত্য ও নৃত্যনাট্যে গীতগোবিন্দের গান প্রয়োগ করা হচ্ছে। বিষমমাত্রার পদগুলিতে ছন্দের অনুকরণে খোল বা পাখোয়াজে নতুন তাল সৃষ্টির প্রেরণাও লক্ষ্য করা যাচ্ছে।

মধ্যযুগের ভাস্কর্য ও চিত্রশিল্পেও গীতগোবিন্দের পদসঞ্চার ঘটেছে উত্তর ও দক্ষিণ ভারতে। ভুবনেশ্বর, পুরী ও কোনারক এবং খাজুরাহোর ভাস্কর্যে গীতগোবিন্দে বর্ণিত অনেক ভাবমুহূর্তকে রূপায়িত করা হয়েছে। গুজরাট, রাজস্থান, বৃন্দাবন, বারাণসী, কাংড়া, বাশোলী, উড়িষ্যা, বাংলা, আসাম, অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক, কেরালা, তামিলনাড়ু ইত্যাদি বিস্তীর্ণ এলাকার চিত্রকলা এবং ভাস্কর্যে এ প্রভাব লক্ষণীয়।[২৯]

ষোড়শ শতকের সন্ত কবি নাভাজী দাস ভক্তমাল গ্রন্থে জয়দেবের স্তুতি গেয়ে বলেছেন ঃ

জয়দেব কবি নৃপচক্কবৈ,
খণ্ডমণ্ডলেশ্বর আণি কবি
প্রচুর ভয়ো তিহুঁলোক গীতগোবিন্দ উজাগর।

(কবি জয়দেব চক্রবর্তী রাজা। অন্য কবিরা খণ্ডমণ্ডলেশ্বর মাত্র। তিন লোকে গীতগোবিন্দ প্রচুর ভাবে উজ্জ্বল হয়েছে)

একটু অন্য ভাবে অর্থ করে তিহুঁলোক বলতে আমরা অনায়াসে বলতে পারি সাহিত্যলোক, সঙ্গীতলোক ও শিল্পলোক।

অনুবাদ প্রসঙ্গে

গীতগোবিন্দের অনুবাদ[৩০] এই গীতকাব্যের পদলালিত্য যে বাদ পড়বেই একথা না

বললেও চলে। এ প্রসঙ্গে শুধু একটা কথাই বলব! এ কাব্যে ধ্রুবপদের এক বিশেষ গুরুত্ব রয়েছে। অষ্টপদীর প্রত্যেকটি কলির সঙ্গে এই ধ্রুবপদের পুনরাবৃত্তি না ঘটলে গীতরচনার মাধুর্যটি ঠিক কানে বাজে না। তাই অনুবাদে ধ্রুবপদটিকে স্বতন্ত্র রাখবার চেষ্টা করেছি—কলির অন্য অংশের অন্বয়ে বেঁধে ফেললে এর মর্যাদাহানি হবে ভেবে। অনেক সময়ে এ কাজ বিশেষ দুরূহ হয়েছে। একটি উদাহরণ দিচ্ছি—

অনিলতরলকুবলয়নয়নেন
তপতি ন সা কিসলয়শয়নেন ॥
সখি যা রমিতা বনমালিনা ॥ ধ্রুবম্ ॥

(৭.১১)

এখানে ধ্রুবপদটিকে পৃথক রাখা কঠিন, কারণ 'বনমালিনা' পদের বিশেষণ 'অনিলতরলকুবলয়নয়নেন' মূলে কলিতে আছে! তবু বাক্যগঠনে বাগ্‌বিধি যথাসম্ভব বজায় রেখে ধ্রুবাংশটি প্রতি কলির শেষে পৃথক পঙ্‌ক্তিই রাখার চেষ্টা করেছি। যথাস্থানে দ্রষ্টব্য। আর-একটি কথা। সমাসবন্ধ সম্বোধনপদগুলোকে ভেঙে তাকে অন্য পদের সঙ্গে অন্বিত করিনি, কারণ তাতে সম্বোধন পদের বৈশিষ্ট্যই নষ্ট হয়।

অনুবাদ করেছি আর ভেবেছি—নাঃ কিছু হল না। জয়দেবের বাণীতে তাই সম্বোধন ক'রে বলি—

'ক্ষীর! নীরং রসন্তে'—
ক্ষীর! তুমি নীর হয়ে গেলে!

উল্লেখপঞ্জী

১ Jayadeva sang not only the swan song of the age which was passing away, but he also sang in the advent of a new age in Indian literature—the 'Vernacular' age. He thus stands at the juga sandhi, a confluence of two epochs. with a guiding hand for the new epoch that was coming. Jayadeva can fully be called 'The Last of the ancients and the First of the Moderns' In Indian poetry.

(Jayadeva : সুনীতিকুমার চট্টোপাধ্যায় (পৃঃ ২)

২. ইনি লক্ষ্মণসেনের সান্ধিবিগ্রহিক ছিলেন। শ্রীমদ্‌ভাগবতের বৈষ্ণবতোষিণী টীকায় 'শ্রীজয়দেবসহচরেণ মহারাজলক্ষ্মণসেনমন্ত্রিবরেণ উমাপতিধরেণ' এই উল্লেখ আছে। গীতগোবিন্দের টীকাকার ধৃতিদাস উমাপতিধরকো 'সান্ধিবিগ্রহিক' বলে উল্লেখ করেছেন। উমাপতিধররচিত ৫ংশ্ল. কএকটি ট

বাচঃ পরং ভজন্ত্যেতা দেবি প্রণয়চাতুরীম্ ।
হৃদয়স্য তু সর্বস্বং ত্বমেবৈকপ্রিয়া মম ॥
(সদুক্তিকর্ণামৃত—ফার্মা কে. এল. প্রকাশিত, পৃঃ ২৩৪)

৩. নীলাম্বরের পুত্র, আর্যাসপ্তশতীর রচয়িতা। গোবর্ধনরচিত একটি শ্লোক ঃ
নাথানঙ্গনিদেশবর্তিনি জনে কস্তেভ্যসূয়ারস-
শ্চারোপিতসায়কস্য ভবতঃ কো নাম পাত্রং রুষঃ ।
মাকন্দাঙ্কুরকোমলে মনসি নঃ কো বাণমোক্ষগ্রহঃ ॥ (ঐ, পৃঃ ১৬৪)

৪. শরণরচিত একটি শ্লোক ঃ
পীযূষং বিষমপ্যসূত জলধিঃ কান্তেঃ কলঙ্কস্য চ
স্থানং শীতরুচিঃ স্বভাবকঠিনো দাতা চ কল্পদ্রুমঃ ।
অক্ষীণপ্রণয়ামৃতস্য কলুষৈরস্পৃষ্টমূর্তেরসং-
ক্ষিপ্তত্যাগরসোদয়স্য ভবতঃ সাম্যং সমভ্যেতু কঃ ॥ (ঐ, পৃঃ ৫৭২)

৫. পবনদূত কাব্যের রচয়িতা। এই কাব্যে ধোয়ী যুবরাজ লক্ষ্মণকেই নায়ক কল্পনা করেছেন ঃ
তস্মিন্নেকা কুবলয়বতী নাম গন্ধর্বকন্যা
মন্যে জৈত্র মৃদু কুসুমতোঽপ্যায়ুধং যা স্মরস্য ।
দৃষ্ট্বা দেবং ভুবনবিজয়ে লক্ষ্মণং ক্ষৌণিপালং
বালা সদ্যঃ কুসুমধনুষঃ সংবিধেয়ী বভূব ॥

৬. এখানে কবিরাজ বলতে সম্ভবতঃ ধোয়ীকেই বোঝাচ্ছে। It has been suggested with greater probability that the Kaviraja refers to Dhoyi, who is described by Jayedeva as Kavikshmapati and who styles himself similarly In his own Pavanaduta.
(—Verses 101, 103) (The History of Bengal Vol I, রমেশচন্দ্র মজুমদার পৃঃ ৩৬৩)

৭. বাঙ্গালা সাহিত্যের ইতিহাস, প্রথমখণ্ড পূর্বার্ধ। (সুকুমার সেন পৃঃ ৪২)

৮ আর একটি শ্লোকেও লক্ষ্মণসেনের প্রশস্তি পাওয়া যায় ঃ
ত্বং চেলোল্লোললীনাং কলয়সি কুরুষে কর্ষণং কুন্তলানাং
ত্বং কাঞ্চীন্যঞ্চনায় প্রভবসি রভসাদঙ্গসঙ্গং করোষি ।
ইত্থং রাজেন্দ্র বন্দিস্তুতিভিরুপহিতোৎকম্পমেবাদ্য দীর্ঘং
নারীণামপ্যরীণাং হৃদয়মুদয়েত ত্বৎপদারাধনায় ॥
(সদুক্তিকর্ণামৃত Firma K. L. প্রকাশিত, পৃঃ ৩৯১)

৯. Jayadeva described him (Dhoyi) also as 'Srutidhara', an epithe over the interpretation of which as an intended compliment there has been much diversity of opinion.
(History of Bengal Vol. I p. 363)

Kumbba in his Commentary on the Gitagovinda is inclined to find a reference to a scholar named Srutidhara ; but most other scholiasts agree that it is an epithet of Dhoyi.
(History of Bengal Vol. p. 363 footnote)

১০. 'লক্ষ্মণসেনের সভায় এক আধ্যাত্মিকশক্তিসম্পন্ন মুসলমান ফকিরের (সেখ)

আগমন হইয়াছিল। অমাত্যবর্গের বিরুদ্ধতা সত্ত্বেও রাজা ফকিরকে খাতির করিতে থাকেন, তাঁহাকে গৌড়ে মসজিদ নির্মাণ করিতে অনুমতি দেন এবং প্রচুর ভু-সম্পত্তি অর্পণ করেন।—এই মর্মে নানারূপ গল্পকথা সংযোগ করিয়া একখানি বই লেখা হইয়াছিল ষোড়শ শতকের শেষার্ধে অথবা তৎপরে। বইখানির নাম 'সেক শুভোদয়া'। ভাষা ভাঙ্গা-সংস্কৃত অর্থাৎ ব্যাকরণ অগ্রাহ্য করিয়া বাঙ্গালার ছাঁদে সংস্কৃত লিখিলে যেমন হয় তেমনি।'

বাঙ্গালা সাহিত্যের ইতিহাস,
—সুকুমার সেন, ১ম খণ্ড পূর্বার্ধ পৃঃ ৮৭

১১. The work calls itself a Kavya and conforms to the formal division into cantos but in reality it goes much beyond the stereotyped kavya prescribed by the rhetoricians and practised by the poets. Modern critics have found in it a lyrical drama (Lassen), a pastoral (Jones) an opera (Levi), a melodrama (Pischel) and a refined yatra (Von Schroeder).

A History of Sanskrit Literature
Vol. I. S. N Das Gupta & S K. De. p. 363

১২. 'গীতগোবিন্দকে নাট্যপ্রবন্ধ বলিতে পারি, এখনকার পরিভাষায় গীতিনাট্য বলিলে চলে।' ভারতীয় সাহিত্যের ইতিহাস—সুকুমার সেন, পৃঃ ৩৬৬

গীতগোবিন্দ একান্তই গীতিকাব্য, কিন্তু তৎসত্ত্বেও স্বীকার করিতেই হয়, লোকায়ত নাট্যাভিনয়ের (যাত্রার ?) নাটকীয় লক্ষণও কিছুটা এই কাব্যে বর্তমান; বিশেষতঃ রাধার সখীদের অথবা স্বয়ং রাধা ও কৃষ্ণের কথোপকথনাত্মক গীতাংশে।

বাঙ্গালীর ইতিহাস, ১ম পর্ব—ডক্টর নীহাররঞ্জন রায়, পৃঃ ৭৫৫

১৩-১৪. উদ্ধৃতি দু'টি চক্রদত্তের সংস্কৃত 'ভক্তমাল' গ্রন্থ থেকে।

১৫. শ্রীরাধার ক্রমবিকাশ। ডঃ শশিভূষণ দাশগুপ্ত। পৃঃ ১৩৮।

১৬. Dalberg's version was based on the first English translation of the Gitagovindo by William Jones, published in the transactions of the Asiatic society, Calcutta in 1792 and reprinted in London in Asiatic Researches, 3 (1799) pp. 185—207.

—Jayadeva's Gitagovinda : Barbara Stoler Miller

১৭. উদ্ধৃতি L. D. Schmitz (London) অনূদিত 'Correspondence between Goethe and Schiller' থেকে।

১৮. '...and the great poet expresses his intention even to translate the poem.'

(A History of Indian literature
Voll. III. M. Winternitz. p. 147)

১৯ It is true that Jayadeva belongs to the greatest poetical genii of India. It is however astonishing that he was able to combine language that often resounds as pure music in our ears, with such an ornate and yet artificial a from. It is no wonder that in India the poem enjoys unusual popularity and has always found admirers even outside India.

A History of Indian literature Vol III
M. Winternitz p 147.

Jayadeva's work is a masterpiece and it surpasses in its completeness of effect any other Indian poem. It has all the perfection of the miniature word-picture which are so common in Sanskrit poetry, with the beauty which arises as Aristotle asserts from magnitude and arrangement.

(A History of Sanskrit literature
A. Berriedale Keith P. 194.)

২১. 'মহাকাব্যের রচনা যেরূপ মধুর, কোমল ও মনোহর সংস্কৃত ভাষায় সেরূপ রচনা অতি অল্প দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ এরূপ ললিত পদবিন্যাস শ্রবণমনোহর অনুপ্রাসচ্ছটা ও প্রসাদগুণ প্রায় কুত্রাপি লক্ষিত হয় না। তাঁহার রচনা যেরূপ চমৎকারিণী, বর্ণনাও তদ্রূপ মনোহারিণী। জয়দেব রচনাবিষয়ে যেরূপ অসামান্য নৈপুণ্য প্রদর্শন করিয়াছেন, যদি তাঁহার কবিত্বশক্তি তদনুযায়ী হইত, তাহা হইলে তাঁহার গীতগোবিন্দ এক অপূর্ব মহাকাব্য বলিয়া পরিগণিত হইত। জয়দেব কালিদাস. ভবভূতি প্রভৃতি প্রধান প্রধান কবি হইতে অনেক ন্যূন বটেন, কিন্তু তাঁহার কবিত্বশক্তি নিতান্ত সামান্য নহে। বোধ হয়, বাঙ্গালা দেশে যত সংস্কৃত কবি প্রাদুর্ভূত হইয়াছেন, ইনিই তাহার মধ্যে সর্বোৎকৃষ্ট।'
(সংস্কৃত ভাষা ও সংস্কৃত-সাহিত্য-শাস্ত্র-বিষয়ক প্রস্তাব, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর)

২২. কৃষ্ণচরিত্র (প্রাচীন কাব্যসংগ্রহ)।
বঙ্কিম রচনাবলী, শিশু সাহিত্য সংসদ প্রকাশিত ২য় খণ্ড, পৃঃ ৯০৩

২৩. 'বিদ্যাপতি ও জয়দেব'—বিবিধ প্রবন্ধ (১ম খন্ড)।
বঙ্কিম রচনাবলী ২য় খন্ড, শিশু সাহিত্য সংসদ প্রকাশিত পৃঃ ১৮৯

২৪. 'বলেন্দ্রনাথ'—বঙ্গীয় সাহিত্য পরিষদ্ প্রকাশিত, পৃঃ ৪২

২৫. 'জয়দেব'—প্রবন্ধ সংগ্রহ, প্রমথ চৌধুরী পৃঃ ১৭

২৬. 'বস্তুত এই যুগের সর্বোৎকৃষ্ট কাব্য এবং কবিতাগুলি ঐশ্বর্যবিলাসে এবং যৌন-কামবাসনায় মদির ও মধুর। রাজসভায় বসিয়া রাজা পাত্রমিত্রসভাসদ সকলে এইসব মদিরমধুর কাব্য উপভোগ করিতেন।' বাঙ্গালীর ইতিহাস, ১ম পর্ব।
ডঃ নীহাররঞ্জন রায়, পৃঃ ৫২৭

২৭. Ancient Indian Erotics and Erotic Literature :
Sushil Kumar De, পৃঃ ৫৫-৫৬

২৮. প্রাচীন বাংলা সঙ্গীত। রাজ্যেশ্বর মিত্র, পৃঃ ৬৫

২৯. আচার্য সুনীতিকুমার তাঁর রচিত 'Jayadeva' শীর্ষক monograph এ পঞ্চদশ ও সপ্তদশ অনুচ্ছেদে এবিষয়ে আলোচনা করেছেন !

৩০. গীতগোবিন্দের নানা সংস্করণে পাঠভেদ আছে। আমরা শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায়ের 'কবি জয়দেব ও শ্রীগীতগোবিন্দ' গ্রন্থের পাঠ অবলম্বন করেছি। এই প্রখ্যাত গবেষণাগ্রন্থটির কাছে আমরা নানাভাবে ঋণী।

গীতগোবিন্দ

প্রথম সর্গ

সামোদ দামোদর (সানন্দ কৃষ্ণ)

আকাশ মেঘে আচ্ছন্ন, বনভূমি তমালতরুতে শ্যামবর্ণ ; এখন রাত্রি, এ (কৃষ্ণ) ভীত, তাই হে রাধা, তুমি একে বাড়ি পেঁছে দাও। নন্দের নির্দেশে[১] এইভাবে যমুনাতীরে পথতরুকুঞ্জে চলিত রাধামাধবের বিজনকেলি জয়যুক্ত হোক[২] ।১

যাঁর মনোমন্দির বাগ্‌দেবীর চরণপাতে চিত্রিত—যিনি পদ্মাবতীর চরণের শ্রেষ্ঠ পরিচারক[৩], সেই জয়দেবকবি শ্রীকৃষ্ণের রতিকেলিকথা নিয়ে এই প্রবন্ধ[৪] (কাব্যগীতি) রচনা করেছেন ।২

যদি কৃষ্ণচিন্তায় মন সরস করতে হয়, যদি তাঁর বিলাসকলা জানবার কৌতূহল হয় তাহলে এই মধুর-কোমলকান্ত পদাবলী[৫]-স্বরূপ জয়দেবের বাণী শ্রবণ করো ।৩

(কবি) উমাপতিধর শুধু বাক্যকে পল্লবিত করেন, (কবি) শরণ দুরূহপদের রচনায় প্রশংসনীয়, শৃঙ্গাররসের সৎ ও উৎকৃষ্ট রচনায় আচার্য গোবর্ধনের প্রতিদ্বন্দ্বী কেউ নেই, শ্রুতিধর ধোয়ী কবিরাজ বলে বিশ্রুত। কিন্তু বাক্যের প্রয়োগবিশুদ্ধি একমাত্র জয়দেবই জানেন ।৪

গীত ॥ ১ ॥

(মালবরাগ ও রূপকতালে গেয়)

তুমি প্রলয়সমুদ্রের জলে নৌকারূপ গ্রহণ করে অক্লেশে বেদকে ধারণ কর। মীনরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি ! তোমার জয় হোক ।৫ ধ্রুব

ধরণীধারণজনিত ঘর্ষণ-চিহ্নে গৌরবান্বিত তোমার সুবিপুল পৃষ্ঠদেশে ক্ষিতি (স্থির হয়ে) আছেন। কূর্মদেহধারী হে কেশব, হে জগদীশ, হে হরি ! তোমার জয় হোক ।৬

চন্দ্রে যেমন কলঙ্ককলা মগ্ন হয়ে আছে তেমনি তোমার দশনশিখরে ধরণী লগ্ন হয়ে আছেন। বরাহরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি। তোমার জয় হোক ।৭

তোমার করকমলের অদ্ভুত নখশৃঙ্গে হিরণ্যকশিপুর দেহভৃঙ্গ দলিত হয়। নৃসিংহ-রূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি ! তোমার জয় হোক ।৮

হে অদ্ভুত বামন ! তুমি পদক্ষেপে বলিকে ছলনা কর। তোমার পদনখের স্পর্শধন্য নীরে তুমি ত্রিভুবন পবিত্র কর। বামনরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি ! তোমার জয় হোক ।৯

তুমি ক্ষাত্রিয়রক্তে যুক্ত জলে জগৎকে স্নান করিয়ে তার পাপ দূর কর, তার তাপ লাঘব কর। পরশুরামরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি ! তোমার জয় হোক ।১০

তুমি দিক্‌পতিদের প্রার্থিত দশাননের মুণ্ড রণাঙ্গনের দিকে দিকে রমণীয় বলিরূপে বিতরণ কর। রামরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি! তোমার জয় হোক।১১

তুমি শুভ্র শরীরে মেঘবর্ণ যে বসন পরিধান কর, তা কর্ষণভয়ে (তোমার সঙ্গে) মিলিত যমুনার কান্তি (নীলকান্তি) প্রকাশ করে। হলধররূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি! তোমার জয় হোক।১২

আহা সদয়হৃদয়ে পশুবধ দর্শন করিয়ে তুমি যজ্ঞবিধির প্রবর্তক বেদসমূহের নিন্দা কর। বুদ্ধরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি! তোমার জয় হোক।১৩

ম্লেচ্ছদের বধ করবার জন্যে তুমি ধূমকেতুর মতো করাল অসি নিষ্কাশন কর।। কল্কিরূপধারী হে কেশব, হে জগদীশ, হে হরি! তোমার জয় হোক।১৪

শ্রীজয়দেব-কবির এই উদার, সুখকর, কল্যাণকর এবং সংসার-সাররূপ এই বাণী শ্রবণ করো। হে কেশব হে জগদীশ, হে হরি, হে দশবিধরূপধারী! তোমার জয় হোক।১৫

হে কৃষ্ণ! যে তুমি বেদকে উদ্ধার করেছ, ত্রিভুবনের ভার বহন করেছ, ভূমণ্ডলকে উত্তোলন করেছ, দৈত্যকে (হিরণ্যকশিপুকে) দলন করেছ, বলিকে ছলনা করেছ, ক্ষত্রিয়কে সংহার করেছ, দশাননকে জয় করেছ, হলকর্ষণ করেছ, করুণা বিতরণ করেছ, ম্লেচ্ছকে নিধন করেছ, হে দশরূপধারী, সেই তোমাকে নমস্কার।১৬

গীত ॥ ২ ॥

(গুর্জরী-রাগে নিঃসার-তালে গেয়)

কমলার স্তনমণ্ডলে আশ্রিত, কুণ্ডলপরিহিত, ললিত-বনমালাশোভিত হে দেব, তোমার জয় হোক, হে হরি, তোমার জয় হোক।১৭

রবিমণ্ডলে ভূষিত, ভববন্ধনহারী, মুনিজনের মানসসরোবরের হংস! (হে দেব, তোমার জয় হোক, হে হরি, তোমার জয় হোক)।১৮

কালিয়নাগদমনকারী, জনমনোহারী, যদুকুলকমলের সূর্য! (হে দেব, তোমার জয় হোক, হে হরি, তোমার জয় হোক) ১৯

মধু, মুর ও নরকাসুরের বিনাশকারী, গরুড়বাহন, দেবতাদের রঙ্গবিহারের কারণ! (হে দেব, তোমার জয় হোক, হে হরি, তোমার জয় হোক)।২০

বিমল কমলের মতো নয়নমণ্ডিত সংসারবন্টনের মুক্তিদাতা ত্রিভুবনভবনের আধার! (হে দেব! তোমার জয় হোক, হে হরি, তোমার জয় হোক)।২১

জানকীভূষণ, দূষণজয়ী, সমরে দশাননের দমনকারী! (হে দেব! তোমার জয় হোক। হে হরি! তোমার জয় হোক)।২২

নবীনমেঘের মতো সুন্দর, মন্দরপর্বতধারী, কমলামুখচন্দ্রের চকোর, হে দেব! তোমার জয় হোক! হে হরি, তোমার জয় হোক।২৩

আমরা যে তোমার চরণে প্রণত তা জেনো, প্রণতদের কল্যাণ করো ।২৪

শ্রীজয়দেব কবির এই শৃঙ্গার⁶-গীতিগর্ভ মঙ্গলবন্দনা আনন্দ বিধান করে ।২৫

কৃষ্ণের যে বক্ষ কমলার স্তনতটের গাঢ় আলিঙ্গনে কুঙ্কুমচর্চিত হয়ে যেন (হৃদয়ের) অনুরাগই প্রকাশ করছে এবং যা (যে-বক্ষ) রতিক্রীড়াজনিত ঘর্মবারিতে পূর্ণ তা তোমাদের বাসনা পূরণ করুক ।২৬

একদিন বসন্তে দারুণ মদনপীড়াজনিত উৎকন্ঠায় ক্লিষ্টা হয়ে বনে বনে নানাভাবে কৃষ্ণের সন্ধানে ভ্রমণরতা, বাসন্তী কুসুমের মতো সুকুমার তনুতে শোভমানা রাধাকে সহচরী সরস বচনে বললেন— ২৭

গীত ॥ ৩ ॥

(যতি-তালের সমন্বয়ে বসন্তরাগে গেয়)

এই বসন্তে মলয়পবন ললিত-লবঙ্গলতার আলিঙ্গনে কোমল হয়েছে এবং ভ্রমরগুঞ্জন-মিশ্রিত কোকিলকূজনে কুঞ্জকুটির মুখরিত হয়েছে। হে সখী; বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন ।২৮॥ ধ্রুব

পথিকবধূরা উদ্দাম মদনবেদনায় ব্যাকুল হয়ে বিলাপ করছে এবং ভ্রমরসঙ্কুল কুসুমে বকুলতরুরা অত্যন্ত ব্যাকুল হয়েছে।

(হে সখী, বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন) ।২৯

নবপল্লবিত তমালতরু-কস্তুরী সৌরভের ভাবে অভিভূত হয়েছে এবং (প্রস্ফুটিত) পলাশগুলোকে যুবজনের হৃদয়বিদীর্ণকারী কামদেবের নখরের মতো মনে হচ্ছে।

(হে সখী, বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন) ।৩০

বিকশিত কেশরকুসুম মদন-রাজার সুবর্ণদন্ডের মতো এবং ভ্রমরমন্ডিত পাটলি-পুষ্পরাজি কামদের তূণীরের মতো শোভা পাচ্ছে।

(হে সখী, বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন) ।৩১

জগৎকে লজ্জাহীন দেখে তরুণ বাতাবীগুলো যেন (পুষ্পচ্ছলে) হাসছে। বিরহি-দলনকারী বর্শাফলকের মতো কেতকী-কুসুমগুলো দেখে মনে হচ্ছে যেন দিঙ্মন্ডল দন্তবিকাশ করেছে।

(হে সখী, বিরহ-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন)।৩২

(এই বসন্ত) মাধবীতরুর সৌরভে মনোরম, এবং নবমালিকাসুবাসে পূর্ণ, মুনি-জনের চিত্তবিক্ষেপকারী এবং তরুণদের অকারণ বন্ধু।

(হে সখী, বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন) ।৩৩

পল্লবিতা অতিমুক্তলতার আলিঙ্গনে আম্রতরু পুলকিত ও মুকুলিত ; বৃন্দাবনের বনরাজি প্রান্তচারী যমুনাজলে পবিত্র ।

(হে সখী, বিরহি-জনের পক্ষে অত্যন্ত পীড়াদায়ক এই সরস বসন্তে হরি বিহার করছেন এবং যুবতিজনের সঙ্গে নৃত্যরত হয়েছেন) ।৩৪

হরিচরণের স্মৃতি যার সার, সরস বসন্তকালের বর্ণনা এবং তদনুগত মদনবিকার যার বিষয় শ্রীজয়দেবের এই বাণী (রসিকজনচিত্তে) তাই জাগ্রত করে ।৩৫

কামদেবের প্রাণতুল্য কেতকীগন্ধপ্রিয় পবন অর্ধবিকশিত মল্লিকাফুলের রেণুরাশি নিয়ে সুগন্ধিচূর্ণ রচনা করে কাননভূমিকে সুবাসিত ক'রে এই বসন্তে বিরহীদের চিত্ত দগ্ধ করছে ।৩৬

আজ (মলয়তরুর) কোটরবাসী সাপের কবলে থাকার ক্লেশেই যেন মলয়-পবন শৈত্যস্নানের জন্যে হিমাচলের দিকে যাচ্ছে। তাছাড়া, স্নিগ্ধ আম্রতরুর শিরে মুকুল দেখে আনন্দে কোকিলদের মধুর ও উত্তাল কুহু কুহু রব উঠছে ।৩৭

মধুগন্ধলুব্ধ ভ্রমরেরা যে উন্মীলিত আম্রমুকুলদলকে কম্পিত করছে তাতে ক্রীড়ারত কোকিলদের কলকাকলি কানে বিষ বর্ষণ করছে। এখনকার (বসন্তের) এমন এই দিনগুলো পথিকেরা কল্পনায় ক্ষণকালের জন্যে পাওয়া প্রাণসমা প্রিয়ার আগমনের আনন্দে কোনোরকমে (অতিকষ্টে) কাটাচ্ছে ।৩৮

বহু নারীর (ব্রজবধূর) আলিঙ্গনজনিত আবেগে যাঁর মনোমুগ্ধকর (রাধিকা)-বিলাসের লালসা স্ফুরিত হয়েছে অদূরে সেই কৃষ্ণকে দেখিয়ে সখী রাধাকে সম্মুখে ডেকে আবার বললেন ।৩৯

গীত ॥ ৪ ॥

(যতি-তাল সহকারে রামকিরি-রাগে গেয়)

পীতাম্বরপরিহিত বনমালীর নীল কলেবর চন্দনচর্চিত। ক্রীড়ারত হওয়ায় তাঁর মণিকুণ্ডল দুলছে, তারই দীপ্তিতে তাঁর কপোলদুটি মণ্ডিত হয়েছে এবং মৃদুহাসিতে তিনি শোভমান হয়েছেন। বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান। ৪০ ॥ ধ্রুব

কোনো গোপবধূ পীন পয়োধরপীড়নে কৃষ্ণকে সানুরাগে আলিঙ্গন করে তাঁর সঙ্গে উন্নীত পঞ্চমরাগে গান করছেন।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান) ।৪১

কোনো মুগ্ধবধূ কৃষ্ণের মুখকমল ধ্যান করে চলেছেন, বিলাসবিলোল ক্রীড়ায় (দৃষ্টি নিক্ষেপে) যা কামভাব উদ্দীপিত করছে।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান) ।৪২

কোনো নিতম্ববতী কানে কানে কোনো কথা বলার ছলে তাঁর কপোলে মুখমণ্ডল স্থাপন করলে কৃষ্ণ পুলকিত হচ্ছেন এবং তিনি তাঁকে অনুকূল জেনে প্রিয়কে মধুর চুম্বন করছেন।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান ।৪৩

তিনি যমুনানদীতীরে মনোরম বেতসকুঞ্জে গেলে কেউ (কোনো যুবতি) কেলিকলা-কৌতুকে হাত দিয়ে তার উত্তরীয় আকর্ষণ করছেন।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান) ।৪৪

কোনো যুবতি মধুর মুরলীধ্বনির সঙ্গে করতালি দিয়ে তাল রক্ষা করছেন, তাতে তাঁর বলয়গুলো ধ্বনিত হচ্ছে। কৃষ্ণ রাসরসে নৃত্যপরায়ণা সহচরীর প্রশংসা করছেন।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান) ।৪৫

তিনি কাউকে আলিঙ্গন করছেন, কাউকে চুম্বন করছেন, কোনো যুবতীকে সোহাগ করছেন, কারও দিকে সাস্মিত কটাক্ষ নিক্ষেপ করছেন, আর-একজনের অনুগমন করছেন।

(বিলাসমত্তা ও কেলিপরায়ণা মুগ্ধ বধূদের মধ্যে হরি এখানে বিরাজমান) ।৪৬

বৃন্দাবনের বিপিনে শ্রীজয়দেববর্ণিত কেশবের এই অদ্ভুত, সুন্দর ও যশস্কর কেলি-রহস্য মঙ্গল সাধন করুক ।৪৭

মন অনুরঞ্জনে তিনি তাঁদের আনন্দ উৎপাদন করে তাঁর নীলোৎপলদলের মতো কোমল অঙ্গের লাবণ্যে সকলের আনন্দোৎসব বিধান করেছেন। চারদিক থেকে ব্রজাঙ্গনারা তাঁর প্রতি-অঙ্গ আলিঙ্গন করছেন। সখী! মুগ্ধ (নায়ক) কৃষ্ণ এই বসন্তে মূর্তিমান শৃঙ্গাররসরূপে বিহার করছেন ।৪৮

রাসোল্লাসে বিহ্বলা গোপাঙ্গনাদের সামনেই প্রেমান্ধ রাধা যাঁকে গাঢ়ভাবে আলিঙ্গন করেছিলেন এবং কী সুন্দর ও সুধাময় তোমার মুখ' এ কথা বলে গানের প্রশংসাচ্ছলে অদ্ভুতভাবে চুম্বন করেছিলেন, মধুর হাসিতে নিখিলচিত্তবিহারী সেই হরি তোমাদের রক্ষা করুন ।৪৯

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে সামোদ-দামোদর নামে প্রথম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয় সর্গ × × × × × × × × × × × ×

অক্লেশ কেশব

হরি সকলকেই সম্প্রীতিতে সমাদর করে বনে বিহার করতে থাকলে নিজের উৎকর্ষ আর রইল না একথা ভেবে রাধা মনঃক্ষুণ্ণ[১] হয়ে অন্যত্র গেলেন এবং যার শিখর

ভ্রমরমণ্ডলীর গুঞ্জনে মধুর এমন এক লতাকুঞ্জে নির্জনে লীন হয়ে সখীকে গোপন কথা বলতে লাগলেন। ১॥

গীত ॥ ৫ ॥

(যতি-তালে গর্জুরী-রাগে গেয়)

যাঁর অধরসুধা-সঞ্চারে মোহন বাঁশি মধুরধ্বনিতে মুখরিত, ইতস্ততঃ কটাক্ষবিক্ষেপে শিরোদেশ সঞ্চালিত হওয়ায় যাঁর কুণ্ডল কপোলে আন্দোলিত আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত সেই হরিকে স্মরণ করছে। ২॥ ধ্রুব

কেশ অর্ধচন্দ্রের মতো ময়ূরপুচ্ছে বেষ্টিত থাকায় যিনি বিপুল ইন্দ্রধনু-রঞ্জিত নব মেঘের মতো শোভমান (আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত' সেই হরিকে স্মরণ করছে)। ৩॥

গোপকুলনিতম্বিনীদের মুখচুম্বনে যিনি অতি লুব্ধ, যাঁর বান্ধুলী-ফুলের মতো মধুর অধরপল্লব উল্লসিত স্মিতহাস্যে মণ্ডিত (আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত সেই হরিকে স্মরণ করছে)। ৪॥

যাঁর বিপুল-পুলক-মণ্ডিত ভুজপল্লবে সহস্র যুবতী বেষ্টিত (আলিঙ্গিত) যাঁর কর, চরণ ও বক্ষের মণিভূষণের কিরণে অন্ধকার বিদূরিত (আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত সেই হরিকে স্মরণ করছে)। ৫॥

যাঁর ললাটের চন্দনতিলক মেঘপুঞ্জবেষ্টিত চন্দ্রশোভাকে অতিক্রম করে, যাঁর হৃদয়-কপাট (রমণীদের) উন্নত স্তনমণ্ডলের মর্দনে নির্দয় (আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত সেই হরিকে স্মরণ করছে)। ৬॥

মনোহর মণিময় মকরাকৃতি কুণ্ডলে যাঁর কপোলদেশ শোভিত· মুনি, মানব, সুর ও অসুরদের পত্নীরা যাঁর অনুগত (রূপমুগ্ধ), যিনি পিতাম্বরকে ধারণ করে আছেন। (আমার মন এইখানে রাসোৎসবে বিলাস ও পরিহাসে রত সেই হরিকে স্মরণ করছে)। ৭॥

শ্রীজয়দেবকথিত এই অতি সুন্দর মোহন মধুসূদনের রূপ (-বর্ণনা) এখন পুণ্য-বানদের হরির স্মরণের জন্যে উপযুক্ত হল। ৮-৯॥

(কৃষ্ণ অন্য-গোপীদের সঙ্গে বিহারে মত্ত তবু তাঁর প্রতি আকৃষ্ট, সখার এই জিজ্ঞাসার উত্তরে রাধা বললেন—)

আমাকে ছেড়ে তিনি অন্য যুবতীর প্রতি অত্যন্ত আসক্ত হয়ে বিহারে রত তবু সেই কৃষ্ণেই আমার মন অনুরক্ত, কী করব? আমাব মন তাঁর গুণরাশিকেই বড়ো করে দেখছে, ভুলেও রুষ্ট হচ্ছে না, তাঁর দোষ দূরে সরিয়ে রেখে সন্তোষই বহন করছে। ১০॥

গীত ॥ ৬॥

(মালবরাগের একতালে গেয়ে)

আমি রাত্রে নিভৃত নিকুঞ্জগৃহে গেলে যিনি গোপনে লুকিয়ে থাকেন এবং চকিতে

চারদিকে চেয়ে দেখছি বলে[২] প্রবল রতিরসে হেসে ওঠেন, আমার বিলাসবাসনা যাঁর চিত্তকে অস্থির করে রাখে, সখী, সেই উদার কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও। ১১ ॥ ধ্রুব

প্রথম সমাগমে আমাকে লজ্জিত দেখে যিনি অত্যন্ত পটুবচনে উৎসুক হন এবং আমি মৃদুমধুর বচনে সহাস্যে আলাপ করতে থাকলে যিনি আমার জঘন-বসন শিথিল করে দেন, (সখী, সেই উদার কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও)। ১২

আমি কিশলয়শয্যায় শয়ন করলে যিনি অনেকক্ষণ আমার বুকে শুয়ে থাকেন এবং আমি আলিঙ্গন করে চুম্বন করলে যিনি প্রত্যালিঙ্গন করে আমার অধর পান করেন, (সখী, সেই উদার কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও)।১৩

রতি-আলসে আমার নয়ন নিমীলিত হয়ে এলে যাঁর সুন্দর কপোল রোমাঞ্চিত হয়ে ওঠে, আমার সমস্ত দেহ ঘর্মসিক্ত হলে যিনি মদনমদে অত্যন্ত চঞ্চল হয়ে ওঠেন, (হে সখী, সেই উদার কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও)।১৪

আমি কোকিলকণ্ঠে কূজন[৩] (অস্ফুট উক্তি) করলে যিনি রতিশাস্ত্রবিচক্ষণতায় আমাকে পরাজিত করেন, আমার কেশপাশ বিস্রস্ত হলে এবং (কবরীর) কুসুমরাশি শিথিল হলে যিনি আমার ঘন স্তনভার নখাঙ্কিত করেন, (সখী, সেই কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও)। ১৫

আমার চরণের মণিনূপুর ধ্বনিত হতে থাকলে যাঁর কামকলা পূর্ণতা লাভ করে, আমার মুখর মেখলা ছিন্ন হলে যিনি কেশ গ্রহণ করে আমাকে চুম্বন করেন, (সখী, সেই কেশিহন্তা কৃষ্ণের সঙ্গে আমার নিলন ঘটিয়ে দাও)। ১৬

আমি রতিসুখকালে রসালস হলে যিনি নয়নকমল ঈষৎ নিমীলিত করেন, আমার দেহলতা অবসন্ন হয়ে পড়লে যাঁর মনোরম কামবাসনা পুনরুদ্রিক্ত হয়, (হে সখী, সেই কেশিহন্তা মধুসূদনের সঙ্গে আমার মিলন ঘটিয়ে দাও)। ১৭

শ্রীজয়দেববর্ণিত এবং উৎকণ্ঠিত গোপবধূ-কথিত মধুসূদনের এই শৃঙ্গারচরিত (ভক্তজনের হৃদয়ে) অনায়াস-সুখ বিস্তার করুক। ১৮

কুটিল ভ্রূলতাযুক্তা গোপাঙ্গনারা অপাঙ্গভঙ্গীতে তাঁকে দেখতে থাকলেও আমাকে দেখে যাঁর কপোলদেশ স্বেদসিক্ত হয়, হাত থেকে বিলাসবেণু স্খলিত হয় এবং যাঁর মুগ্ধ মুখ স্মিতসুধায় মণ্ডিত হয়, আমি কাননে ব্রজাঙ্গনাবেষ্টিত সেই গোবিন্দকে দেখছি এবং আনন্দ অনুভব করছি। ১৯

এই স্বল্প-পুষ্পে-শোভিত নবীন অশোক-লতিকার দিকে আমি তাকাতে পারছি না, এই বাপীতটের উদ্যানবায়ু আমাকে সন্তাপিত করছে। হে সখী! ভ্রাম্যমাণ ভ্রমর-গুঞ্জনে মুখরিত এই রমণীয় আমের মুকুলও আমাকে আনন্দ দান করছে না। ২০

যিনি গোপীদের আকুতিময় হাসি, শিথিলতর কেশপাশ, উল্লসিত কটাক্ষবিক্ষেপ, ছল করে বাহুমূলে তুলে স্তনপ্রদর্শন ইত্যাদি মনোহর ভাববিলাস দেখেও অন্তরে রাধার উৎকর্ষ দীর্ঘকাল বিচার করে দেখেন[৪] এবং অন্য নারীর প্রতি নিরাসক্ত হন সেই নব (চিরনবীন) কেশব তোমাদের ক্লেশ হরণ করুন। ২১

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে অক্লেশকেশব নামে দ্বিতীয় সর্গ সমাপ্ত ॥

×××××××××××× তৃতীয় সর্গ ×××××××××××××

মুগ্ধ মধুসূদন

কংসারি কৃষ্ণও সংসারবাসনার বন্ধন-শৃঙ্খলাস্বরূপিণী রাধাকে হৃদয়ে ধারণ করে[১] ব্রজসুন্দরীদের ত্যাগ করলেন[২]। ১

মদনবাণক্ষতে ব্যথিতচিত্ত মাধব[৩] অনুতপ্ত হয়ে তাঁকে (রাধাকে) ইতস্তত অনুসন্ধান করে (না পেয়ে) যমুনাতটস্থ কুঞ্জে বিষাদে মগ্ন হলেন। ২

গীত ॥ ৭ ॥

(যতিতালে গুর্জরী রাগে গেয়)

আমাকে (গোপ)-বধূবৃন্দে পরিবেষ্টিত দেখে ইনি চলে যাচ্ছেন দেখেও নিজেকে অপরাধী মনে করে অত্যন্ত ভয়ে তাঁকে নিবারণ করলাম না। হরি! হরি! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন। ৩

(আমার) দীর্ঘ বিরহে তিনি কী করবেন, কী বলবেন জানি না। তাঁকে ছাড়া আমার ধনে-জনে-জীবনে বা ভবনে কী কাজ? (হরি! হরি! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৪

আমি তাঁর কোপকুটিল ভ্রূলতাযুক্ত মুখের কথা ভাবছি। রক্তপদ্মের উপরে যেন আকুল ভ্রমর ভ্রাম্যমাণ। (হরি হরি! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৫

তিনি আমার হৃদয়ে সন্নিহিতা বলে প্রগাঢ়ভাবে আমি তাঁর সঙ্গে নিত্য রমণশীল। তাই তাঁকে বনে অনুসরণ করছি কেন? কেনই বা বৃথা তাঁর জন্যে বিলাপ করছি? (হরি হরি! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৬

হে তন্বী! বুঝেছি ঈর্ষায় তোমার হৃদয় খিন্ন হয়েছে। কিন্তু কোথায় গিয়েছ জানি না, তাই কাছে গিয়ে তোমাকে অনুনয় করতে পারছি না। (হরি হরি! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৭

আমার সামনে দিয়েই তুমি যাতায়াত করছ দেখতে পাচ্ছি।[৪] তবে কেন আমাকে

আগের মতো সাদরে আলিঙ্গন করছ না (হরি হরি। তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৮ ॥

সুন্দরী ! ক্ষমা করো। এমন আর-কিছু করব না। দেখা দাও। আমি মদনপীড়ায় কাতর (হরি হরি ! তিনি নিজেকে অনাদৃতা মনে করে যেন কুপিতা হয়েই চলে গেলেন)। ৯ ॥

কেন্দুবিল্বরূপ সমুদ্রজাত রোহিণীকান্ত (চন্দ্র) বিনীত জয়দেব কৃষ্ণের গাথা বর্ণনা করলেন)। ১০ ॥

হৃদয়ে মৃণালের হার, বাসুকি নয়। গলায় নীলোৎপলের দাম, গরলদ্যুতি নয়। অঙ্গে শ্বেতচন্দন, ভস্ম নয়। আমি প্রিয়াবিরহিত। হে অনঙ্গ, ক্রোধে ছুটে আসছ কেন ? তুমি আমাকে হরভ্রমে প্রহার কোরো না। ১১ ॥

হে মদন ! ঐ আম্রমুকুলরূপ বাণ তুমি হাতে নিয়ো না, ধনুকে গুণ আরোপ কোরো না। তুমি ক্রীড়াচ্ছলে বিশ্বকে জয় করেছ। মূর্ছিতকে আঘাত করে আর তোমার কোন্ পৌরুষ প্রকাশিত হবে ? সেই মৃগনয়নার (রাধার) মদনোদ্দীপক কটাক্ষ-শরজালে-জর্জরিত আমার মন একটুও সুস্থ হয় নি। ১২ ॥

তাঁর ভ্রূপক্ষ্মরূপ ধনু, অপাঙ্গ-তরঙ্গরূপ শর এবং নয়নের আকর্ণ বিস্তৃতিরূপ গুণ স্মরণে আমার মনে হচ্ছে কামদেব যেন বিশ্ব জয় করে তাঁর জয়শ্রীর সাক্ষাৎ অধিদেবতা রাধার কাছে নিজের অস্ত্রগুলো অর্পণ করেছেন। ১৩ ॥

হে তন্বঙ্গি ! তোমার ভ্রূচাপে নিহিত কটাক্ষবাণ আমার মর্মপীড়া সৃষ্টি করুক, তোমার শ্যামবর্ণ কুটিল কেশপাশ আমাকে বধ করার উদ্যোগ করুক, তোমার রাগযুক্ত বিম্বাধর মোহবিস্তার করুক, কিন্তু তোমার সুবর্তুল[৬] স্তনমণ্ডল কেন আমার প্রাণ নিয়ে খেলা করছে ? (যা বক্র, যা কুটিল, যা রাগযুক্ত তার পক্ষে বক্রতা, কুটিলতা এবং মত্ততা স্বভাবিক, কিন্তু যার সৎ স্বভাব তার এমন নিষ্ঠুরতা কেন ?)। ১৪ ॥

তিনি কাছে না থাকলেই তাঁর চিন্তায় আমার মন সমাধিমগ্ন। তাঁর সেই সুখস্পর্শ, সেই তরল দৃষ্টিবিভ্রম, সেই মুখপদ্মের সৌরভ, বচনের সেই সুধানিঃস্যন্দী চতুরতা, বিম্বাধরের সেই মাধুরী আমি অনুভব করছি। কিন্তু তবুও আমার বিরহবেদনা বাড়ছে কেন[৭] ? ১৫ ॥

ঘাড় বেঁকিয়ে, চূড়া হেলিয়ে, কুণ্ডল দুলিয়ে মোহনবাঁশির সুরে গোপাঙ্গনাদের বিমুগ্ধ করে তাঁদের অলক্ষ্যে রাধার মুখচন্দ্রে মুগ্ধ মধুসূদনের যে কটাক্ষ-তরঙ্গ আন্দোলিত হয় তা তোমাদের মঙ্গলবিধান করুক। ১৬ ॥

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে মুগ্ধ মধুসূদন নামে তৃতীয় সর্গ সমাপ্ত ॥

স্নিগ্ধ মধুসূদন

যমুনাতীরে বেতসকুঞ্জে অসহায়ভাবে অবস্থিত প্রেমোচ্ছ্বাসে উদ্ভ্রান্ত মাধবকে রাধার সখী বললেন—। ১॥

গীত ॥ ৮ ॥

(যতি-তালে কর্ণাটরাগে গেয়)

রাধা চন্দন ও চন্দ্রকে নিন্দা করছেন, এবং অধীর হয়ে দুঃখ করছেন। সর্পগৃহ-সংসর্গের দরুন মলয়পবনকেও গরল বলে মনে করছেন।

হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদনবাণের ভয়েই যেন তোমাতে (তোমার চিন্তায়) লীন হয়েছেন[১]। ২॥ ধ্রুব

তার হৃদয়ে মদনবাণ অনবরত এসে পড়ছে, তাই তোমাকে রক্ষা করবার জন্যে তাঁর হৃদয়মর্মে (সেখানে তুমি আছ বলে) বিশাল ও সজল পদ্মপত্র স্থাপন করে বর্ম রচনা করছেন। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদনবাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন। ৩॥

প্রচুর বিলাসকলায় কমনীয় কুসুমশয্যা এখন রাধার কাছে মদনের শর-শয্যা বলে মনে হচ্ছে। তোমার আলিঙ্গন-সুখের আশায় ব্রতের (ব্রতপালনের) মতো তিনি ঐ কুসুমশয়ন আশ্রয় করেছেন। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদন-বাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন)। ৪॥

তিনি কমনীয় মুখকমল বহন করছেন যা মেঘের মতো অবিরল জলবর্ষণ করছে, যেন বিকট রাহুর দন্তদলনে চাঁদ থেকে অমৃত বর্ষণ হচ্ছে। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদনবাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন)। ৫॥

সাক্ষাৎ কন্দর্পবোধে কস্তুরী দিয়ে তিনি একান্তে তোমার মূর্তি আঁকছেন। তার নিচের দিকে মকর এঁকে এবং হাতে বাণস্বরূপ আমার মুকুল অর্পণ করে প্রণাম করছেন। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদনবাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন)। ৬॥

বারবার বলছেন, হে মাধব! আমি তোমার চরণে পড়ে থাকলাম। তুমি বিমুখ হলে এখন সুধানিধিও (চাঁদও) আমাকে দগ্ধ করবে। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদনবাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন)। ৭॥

তিনি দুর্লভ-তোমাকে ধ্যানে কল্পনা করে (কল্পিত মূর্তির) সামনে বিলাপ করছেন, হাসছেন, দুঃখ করছেন, কাঁদছেন, এদিক ওদিক ছুটছেন এবং (কল্পিত মিলনে) তাপ দূর করছেন। (হে মাধব! তিনি তোমার বিরহে কাতর হয়ে মদন-বাণের ভয়েই যেন তোমাতে লীন হয়েছেন)। ৮॥

যদি মানস অভিনয়ে আনন্দ পেতে চান তবে শ্রীজয়দেবকথিত হরিবিরহাকুল গোপযুবতীর (রাধার) এই সখীবচন বারবার পাঠ করুন। ৯॥

তোমার বিরহে রাধার কাছে আবাস অরণ্যের মতো, প্রিয়সখীকুল অগ্নিশিখার মতো, নিজের নিশ্বাস দাবানলের মতো, এবং (বধোদ্যত) ব্যাঘ্রলীলা² আচরণ করে কন্দর্পও যমের মতো। হায় তিনি নিজেও দেখি (ব্যাধজালে বদ্ধ) হরিণীর মতো॥ ১০॥

গীত ॥ ৯ ॥

(একতালে দেশরাগে গেয়)

কৃশতনু সেই রাধিকা স্তনে নিহিত মনোহর হারকেও ভার বলে মনে করছেন।
হে কেশব এ তোমারই বিরহে।১১॥ ধ্রুব

দেহে লিপ্ত সরস ও মসৃণ চন্দনকে তিনি সশঙ্ক মনে বিষ বলে মনে করছেন।
(হে কেশব এ তোমারই বিরহে)। ১২

অপরিমেয় দাহময় কামাগ্নির মতো তিনি নিঃশ্বাস বয়ে বেড়াচ্ছেন।
(হে কেশব এ তোমারই বিরহে)। ১৩

মৃণাল থেকে বিচ্ছিন্ন সজল কমলের মতো তাঁর নয়নকমল (তোমার দর্শন-প্রতীক্ষায়) চারদিকে বিক্ষিপ্ত হয়ে অশ্রুকণা ছড়িয়ে দিচ্ছে।
(হে কেশব এ তোমারই বিরহে) ১৪

কিশলয়শয্যা সাক্ষাৎ প্রত্যক্ষ করেও তিনি অগ্নি বলে মনে করছেন।
(হে কেশব এ তোমারই বিরহে)। ১৫

তিনি হাতের তালু থেকে কপোলকে মুক্ত করছেন না। দেখে মনে হচ্ছে যেন সন্ধ্যা বালচন্দ্রকে ধরে আছে।
(হে কেশব এ তোমারই বিরহে)। ১৬

তিনি বিরহে-বিহিত মরণ নিশ্চিত জেনে (পরজন্মে যাতে তোমাকে পান সেই) কামনা নিয়ে 'হরি হরি' এই নাম জপ করছেন।
(হে কেশব এ তোমারই বিরহে)। ১৭

শ্রীজয়দেবরচিত এই গীত কেশবচরণে উপনীত ভক্তদের সুখদান করুক। ১৮

মদনজ্বরে তিনি কখনও রোমাঞ্চিত হচ্ছেন, কখনও শিউরে উঠছেন, কখনও বিলাপ করছেন, কখনও উৎকট কল্পনা করছেন, কখনও কাঁপছেন, কখনও একাগ্র মনে তোমাকে চিন্তা করছেন, কখনও বিহ্বল হয়ে পড়ছেন, কখনও নয়নদুটি নিমীলিত করে রয়েছেন, কখনও ভূমিতে পতিত হচ্ছেন, কখনও বা হঠাৎ উঠে চলতে গিয়ে মূর্ছিত হয়ে পড়ছেন।³ হে স্বর্গবৈদ্যোপম কৃষ্ণ! তাঁর এই অত্যধিক দাহজ্বরে যদি তুমি প্রসন্ন হয়ে তাঁকে রসদান কর তাহলে কি সেই বরতনু অবশ্যই প্রাণলাভ করবেন না? তাঁর অন্য-কোনো অবলম্বন যে পরিত্যক্ত হয়েছে। ১৯

মদনাতুরা রাধিকার ব্যাধির একমাত্র ওষুধ তোমার অঙ্গসঙ্গরূপ অমৃত। হে অশ্বিনীকুমারের মতো সুবৈদ্য! তুমি যদি তাঁকে রোগমুক্ত না কর তা হলে তোমাকে উপেন্দ্রের বজ্রের⁴ চেয়েও কঠিনতর বলে মনে করব। ২০

মদনজ্বরে রাধার দেহ অত্যন্ত কাতর হলেও তাঁর মন চন্দ্র, চন্দন, পদ্ম ইত্যাদির কথা ভেবেও অধীর হচ্ছে, কিন্তু কী আশ্চর্য ! তাঁর একমাত্র প্রিয় স্নিগ্ধকলেবর তোমাকে একান্তে ধ্যান করে (তোমার আসার প্রতীক্ষায়) এখনও তিনি জীবিত রয়েছেন। ২১

যিনি আগে ক্ষণকালের জন্যেও তোমার বিরহ সহ্য করেন নি, চোখের পলক পড়লেও যিনি ক্ষুণ্ণ হতেন তিনি এখন পুষ্পিতাগ্র রসালশাখা দেখে তোমার দীর্ঘ বিরহে কেমন করে প্রাণ ধারণ করবেন ! ২২

বৃষ্টিব্যাকুল গোকুলবাসীদের রক্ষার জন্যে কংসরিপুর যে বাহু সদর্পে গোবর্ধন-পর্বত ধারণ করেছিল এবং তখন গোপীদের আনন্দচুম্বনে যে বাহু তাঁদের কপালের সিঁদুরে মুদ্রাঙ্কিত হয়েছিল, গোপবেষী কৃষ্ণের সেই বাহু তোমাদের মঙ্গল বিধান করুক। ২৩

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে স্নিগ্ধমধুসূদন নামে চতুর্থ সর্গ সমাপ্ত ॥

××××××+×××××× **পঞ্চম সর্গ** ×××××××××××××

সাকাঙ্ক্ষ পুণ্ডরীকাক্ষ

আমি এখানেই রইলাম। তুমি যাও। আমার কথা বলে তুমি রাধাকে নিয়ে এসো। এই ভাবে কৃষ্ণনিযুক্তা সখী রাধার কাছে গিয়ে তাঁকে আবার বললেন। ১

গীত ॥ ১০ ॥

(রূপক তালে দেশবরাড়ী রাগে গেয়)

কামতৃষ্ণা উদ্দীপিত করে মলয়পবন প্রবাহিত হচ্ছে, বিরহীদের হৃদয় দলিত করতে অজস্র ফুল ফুটছে। (এমন সময়ে) সখী, তোমার বিরহে বনমালী অবসন্ন হয়ে পড়ছেন। ২ ॥ ধ্রুব

চাঁদের কিরণ দগ্ধ করতে থাকলে তিনি যেন মরণ অনুকরণ করছেন (মৃতপ্রায় হয়ে পড়ছেন)। মদনবাণ বর্ষিত হলে আরও বিহ্বল হয়ে বিলাপ করছেন।
(সখী, তোমার বিরহে বনমালী অবসন্ন হয়ে পড়ছেন)। ৩

ভ্রমরেরা গুঞ্জন করলে তিনি কানে হাত দিচ্ছেন। মনে বিচ্ছেদবেদনা প্রবল হয়ে ওঠায় প্রতি রজনীতেই যাতনা ভোগ করছেন।
(সখী, তোমার বিরহে বনমালী অবসন্ন হয়ে পড়ছেন)। ৪

ললিত বাসভবন ত্যাগ করে তিনি বনে বনে বাস করছেন এবং ভূমিতে লুটিয়ে পড়ে তোমার নাম উচ্চারণ করে বহু বিলাপ করছেন।
(সখী, তোমার বিরহে বনমালী অবসন্ন হয়ে পড়ছেন)। ৫

কবি জয়দেব গীত (কৃষ্ণের) বিরহবিলাসকথায় (অর্থাৎ সেকথা শ্রবণে ও গানে)

অর্জিত পুণ্যে যাঁদের মনে (কৃষ্ণ)-প্রেমোচ্ছ্বাসরূপ সম্পদ সঞ্চিত হয় তাঁদের মনে হরি উদিত হোন। ৬

আগে যে নিকুঞ্জে তোমার সঙ্গে মিলনে মাধব রতিক্রিয়ায় পূর্ণকাম হয়েছিলেন সেই মন্মথমহাতীর্থে তোমাকে নিরন্তর ধ্যান করে এবং তোমারই আলাপরূপ মন্ত্রাক্ষর জপ করে আবার তোমার কুচকুম্ভের প্রগাঢ় আলিঙ্গনরূপ অমৃত প্রার্থনা করছেন। ৭

গীত ॥ ১১ ॥

(গুর্জরীরাগে একতালে গেয়)

হে নিতম্বিনী! তোমার হৃদয়েশ্বর মদনমনোহর বেশে রতিসুখের সারভূত অভিসারে[২] গমন করেছেন। তুমি গমনে বিলম্ব কোরো না। তাঁর অনুসরণ করো!

বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন। ৮ ॥ ধ্রুব

তিনি তোমার নাম নিয়ে সংকেত করে মৃদু স্বরে বেণুবাদন করছেন। তোমার অঙ্গস্পৃষ্ট বায়ুচালিত ধূলিকণাকে তিনি ধন্য মনে করছেন।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ৯

পাখি এসে বসলে পাতা নড়ে উঠছে, তিনি ভাবছেন বুঝি তুমি এলে। অমনি তিনি শয্যা রচনা করছেন এবং চকিতনয়নে তোমার পথ চেয়ে আছেন।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ১০

তোমার চঞ্চল মুখর নূপুর ত্যাগ করো, কারণ বিহারের সময় তা চঞ্চলতা প্রকাশ করে শত্রু হয়ে ওঠে। সখী! নীল নিচোল পরিধান করে তিমিরপুঞ্জে আবৃত কুঞ্জে চলো।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ১১

মেঘে চঞ্চল বলাকার মতো হারশোভিত মুরারির বুকে কৃতপুণ্যের পরিণামস্বরূপ বিপরীত রতিকালে তুমি স্থির বিদ্যুতের মতো শোভা পাবে[৩]।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ১২

হে পংকজাক্ষী, পল্লব-শয্যায় শয়ন করে তুমি (তাঁকে দিয়ে) তোমার মেখলা হরণ করিও এবং জঘনদেশের আবরণ মুক্ত করিও। তা হলে তা জঘনদেশ (কৃষ্ণের কাছে) নিরাবরণ মণির মতো আনন্দের কারণ হবে।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ১৩

হরি অভিমানী, এখন রাত্রি। রাত্রিও কিন্তু শেষ হতে চলেছে। অতএব আমার কথা রাখো। অবিলম্বে মধুরিপুর কামনা পূর্ণ করো।

(বনমালী ধীর-সমীরসেবিত যমুনাতীরে আছেন)। ১৪

হরিসেবক শ্রীজয়দেব এই গান রচনা করলেন। তোমরা (ভাগবতজন) প্রফুল্লহৃদয়ে, পরম সদয় ও সুকৃতবাঞ্ছিত হরিকে বন্দনা করো। ১৫

হে সখী, তোমার প্রিয় মদনবেদনায় ক্লিষ্ট হয়ে আছেন। তিনি বার বার দীর্ঘশ্বাস ফেলছেন মুহুর্মুহু চারদিকে চেয়ে দেখছেন, আবার কখনও কুঞ্জে প্রবেশ করছেন এবং অস্ফুটস্বরে বহু বিলাপ করছেন, কখনও বা শয্যা রচনা করে ব্যাকুল হয়ে চেয়ে দেখছেন। ১৬

তোমার প্রতিকূলতার সঙ্গে সঙ্গে সূর্য সম্পূর্ণ অস্তমিত হল, গোবিন্দের মনোরথের মতো অন্ধকারও গাঢ়তর হয়ে উঠল। চক্রবাকীর মতো করুণস্বরে আমি দীর্ঘ সময় ধরে তোমাকে এই অনুরোধ করছি। অতএব, হে মুগ্ধে, বিলম্ব করে এই সুন্দর অভিসারের লগ্ন ব্যর্থ করে দিও না। ১৭

পরস্পর অন্বেষণে ভ্রমণ করতে করতে যখন তোমরা মিলিত হবে, সম্ভাষণে দুজন দুজনকে চিনে নেবে এবং প্রথমে আলিঙ্গন, পরে চুম্বন, তারপর নখাঘাত, কামাভিব্যক্তি, সম্ভ্রম ও রসাবেশে রতিক্রিয়ায় যখন প্রীত হবে, তখন সেই অন্ধকারে দম্পতীর লজ্জামিশ্রিত কী অপূর্ব রসই না সৃষ্টি হবে! ১৮

হে সুমুখী! সভয়চকিত দৃষ্টিপাতে, অন্ধকার পথে প্রতিটি তরুতলে কিছুক্ষণ অপেক্ষা করে করে ধীর পদক্ষেপে কোনোরকমে তুমি তাঁর কাছে যাও। সেই নির্জনে তোমার অনঙ্গতরঙ্গিত দেহ-দর্শনে ভাগ্যবান তিনি কৃতার্থ হোন। ১৯

শ্রীরাধার মুগ্ধমুখকমলের মধুকর, ত্রিলোকের শিরোমুকুটের (বৃন্দাবনের) প্রসাধন-যোগ্য নীলমণি, সংসারভার-হরণে কৃতান্ততুল্য, অনায়াসে ব্রজাঙ্গনাদের সন্তুষ্টিসাধক প্রদোষরূপ কংসধ্বংসকারী ধূমকেতু দেবকীনন্দন কৃষ্ণ তোমাকে রক্ষা করুন। ২০

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে অভিসারিকাবর্ণনে 'সাকাঙ্ক্ষপুণ্ডরীকাক্ষ' নামে পঞ্চম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × **ষষ্ঠ সর্গ** × × × × × × × × × × × × ×

ধৃষ্ট বৈকুণ্ঠ

তারপর লতাগৃহে চিরানুরক্তা রাধাকে অভিসারে অসমর্থা দেখে সখী মদনসন্তপ্ত গোবিন্দকে[১] তাঁর কথা বলতে লাগলেন—। ১

গীত ॥ ১২ ॥

(রূপকতালে গোণ্ডকিরীরাগে গেয়)

তিনি নির্জনে তাঁর অধরের মধুর মধু-পানরত তোমাকেই দিকে দিকে প্রত্যক্ষ করছেন। হে নাথ, হে হরি! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়ছেন। ২

তোমার অভিসারের উৎসাহে কয়েক পা চলেই পড়ে যাচ্ছেন।
(হে নাথ, হে হরি, রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়ছেন)। ৩

তিনি (তাপনিবারণের জন্যে) বিশদ মৃণাল ও পল্লববলয় ধারণ করে তোমার রতিকলা উপভোগের আশাতেই বেঁচে আছেন।

(হে নাথ, হে হরি ! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়ছেন)। ৪

তিনি বারবার তোমার বেশবাস ধারণ করে তাই দেখছেন এবং আমিই কৃষ্ণ একথা ভাবছেন।

(হে নাথ, হে হরি ! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়ছেন)। ৫

হরি কেন অবিলম্বে অভিসারে আসছেন না একথা সখীকে বারবার জিজ্ঞাসা করছেন।

(হে নাথ, হে হরি ! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়ছেন)। ৬

হরি এসেছেন মনে করে মেঘের মতো ঘন অন্ধকারকে আলিঙ্গন ও চুম্বন করছেন।

(হে নাথ, হে হরি ! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়েছেন)। ৭

তোমার দেরি হওয়াতে বাসকসজ্জায়[১] প্রতীক্ষমাণা তিনি লজ্জা ত্যাগ করে বিলাপ এবং অশ্রুবিসর্জন করছেন।

(হে নাথ, হে হরি ! রাধা কুঞ্জগৃহে অবসন্ন হয়ে পড়েছেন)। ৮

শ্রীজয়দেবকবির এই গানে রসিকজনের আনন্দের উদ্রেক হোক। ৯

হে শঠ ! প্রবল কন্দর্পভাবনায় (তোমার) প্রেমসমুদ্রে নিমগ্না ধ্যানমগ্না মৃগাক্ষী কখনও রোমাঞ্চিতা হচ্ছেন, কখনও শীৎকার করছেন, কখনও অন্তর্বেদনায় ব্যাকুল হয়ে বিলাপ করছে। ১০

তিনি অঙ্গে নানা অলঙ্কার ধারণ করছেন। গাছের পাতা নড়লেও তুমি এসেছ মনে করে শয্যারচনা করছেন, কখনও বা বহুক্ষণ তোমারই ধ্যান করছেন। এইভাবে বেশবাহুল্য, আগমনকল্পনা, শয্যারচনা এবং আলাপনের জন্যে কৃতসংকল্পা রাধা তোমাকে না পেয়ে রাত্রি যাপন করতে পারছেন না। ১১

'তুমি এই কালসাপের ঘরে (কৃষ্ণের সম্ভোগস্থানে) ভান্ডীর তরুতলে বিশ্রাম করছ কেন ? ঐ তো আনন্দময় নন্দনিকেতন দেখা যাচ্ছে। ওখানে যাচ্ছ না কেন ? রাধাপ্রেরিত পথিক-দূতের মুখে তাঁর এই সংকেতবাণী শুনে কৃষ্ণ তাঁর পিতা নন্দের কাছে তার মর্ম গোপন করার জন্যে পথিকের উদ্দেশ্যে যে প্রশংসাবাক্য ব্যবহার করেছিলেন তা জয়যুক্ত হোক। ১২

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে 'ধৃষ্ট বৈকুণ্ঠ' নামে ষষ্ঠ সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × সমপ্ত সর্গ × × × × × × × × × × × × ×

নাগর নারায়ণ

ইতিমধ্যে কুলটাদের (পরকীয়া নায়িকাদের) অভিসারে বিঘ্ন ঘটানোর দরুন যে পাপ তারই প্রতিফলস্বরূপ অঙ্গে কলঙ্ক চিহ্ন ধারণ করে[১] দিগ্‌বধূবদনের চন্দন-বিন্দুর মতো[২] চাঁদ কিরণজালে বৃন্দাবনকে আলোকিত করল। ১

জ্যোৎস্না ছড়িয়ে পড়ল, তবুও কৃষ্ণ আসতে দেরি করছেন দেখে বিরহবিধুরা রাধা উচ্চকণ্ঠে নানাভাবে বিলাপ ও পরিতাপ করতে লাগলেন। ২

গীত ॥ ১৩ ॥

(মালবরাগ এবং যতিতালে গেয়)

নির্দিষ্ট সময়েও হরি বনে এলেন না, হায়, আমার অমল রূপযৌবন বিফল হল।[৪] প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ? ৩ ধ্রুব

যাঁর সঙ্গে মিলনের জন্যে আমি এই গহন বনে এলাম, তিনি আমার হৃদয় মদনশরে বিদ্ধ করলেন।

(প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ?)৪

ব্যর্থ দেহে (জীবন ধারণের চেয়ে) আমার মরণই প্রিয়। আমি চেতনাহীন, তবে কেন এই বিরহানল সহ্য করি ?

(প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ?)৫

হায়, এই মধুর বসন্তরাত্রি আমাকে যন্ত্রণা দিচ্ছে। না জানি কোন্ পুণ্যবতী কৃষ্ণের মিলনসুখ অনুভব করছে।

(প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ?)৬

হায়, আমি কঙ্কণাদি মণিভূষণ ধারণ করলাম, কিন্তু কৃষ্ণের বিরহানল বয়ে এনে সে সবই আমাকে অত্যন্ত পীড়া দিচ্ছে।

(প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ?)৭

আমার বুকের এই মালাও আমার কুসুমকোমল দেহকে নিষ্ঠুর মদনবাণের মতো আঘাত করছে।

(প্রিয়সখীর কথায় আমি প্রতারিত হয়েছি, এখন আমি কার কাছে আশ্রয় নেব ?)৮

আমি বেতসবনকে ভয় না করে এখানে রইলাম। কিন্তু মধুসূদন আমার কথা মনেও আনলেন না। ৯

হরিচরণে শরণাগত জয়দেব-কবির এই বাণী কোমল কলাবতী যুবতীর মতো (ভক্তজনের) হৃদয়ে বাস করুক। (অর্থাৎ কোমলাঙ্গী এবং রতিকলানিপুণা যুবতী যেমন যুবজনচিত্তে বিরাজ করে জয়দেব-কবির বাণীও তেমনি ভক্তজনচিত্তে বিরাজ করুক)। ১০

সংকেতনির্দিষ্ট মনোহর বেতসলতাকুঞ্জে প্রিয়তম তো এখনও এলেন না ? তিনি কি তবে অন্য-কোনো নায়িকার অভিসারে গিয়েছেন, না কি বন্ধুরা ক্রীড়াচ্ছলে তাঁকে আটকে রেখেছেন ? তিনি কি বনের মধ্যে (পথ হারিয়ে) উদ্‌ভ্রান্ত হয়ে ঘুরছেন ? হয়তো (আমার বিরহে) অবসন্ন মনে তিনি মোটেই পথ চলতে পারছেন না। ১১

এমন সময়ে মাধবকে না নিয়ে সখী ফিরলেন। তাঁকে বিষাদে নীরব দেখে তিনি আশঙ্কা করলেন জনার্দন অন্য-কোনো নায়িকার সঙ্গে মিলিত হয়েছেন। তিনি যেন স্বচক্ষে তাঁকে দেখছেন এই ভাবেই বলতে লাগলেন—। ১২

গীত ॥ ১৪ ॥

(বসন্তরাগ এবং যতিতালে গেয়)

সে রতিরণোচিত বেশে সজ্জিতা। তার কেশপাশ কিছুটা শিথিল হয়েছে, ফুলদল ভ্রষ্ট হয়েছে। আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা।১৩ ধ্রুব

কৃষ্ণের আলিঙ্গনে তার মদনবিভ্রম প্রকাশিত হয়েছে, তার কুচকলসের উপরে হার কাঁপছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৪

বিস্রস্ত চূর্ণকুন্তলে তার মুখচন্দ্র সুন্দর দেখাচ্ছে। তাঁর (কৃষ্ণের) অধরপানের সুখাবেশে তার চোখদুটি নিমীলিত হয়েছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৫

তার ললিত কপোলে কুণ্ডল দুলছে এবং জঘন আন্দোলিত হওয়ায় মেখলা মধুর হয়েছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৬

দয়িতকে দেখে সে কখনও লজ্জিত হচ্ছে, কখনও হাসছে, কখনও রতিরসের অনুভবে নানারকম অস্ফুট শব্দ করছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৭

সে কখনও বিপুল পুলকে প্রবলভাবে কাঁপছে. (ঘন ঘন) শ্বাস ও নিমীলিত নয়নে মদনাবেশ প্রকাশ করছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৮

ঘর্মকণায় তার শরীর রমণীয় হয়েছে। রতিরণে নিপুণা সেই যুবতী (কৃষ্ণের) বুকে লুটিয়ে পড়ছে।

(আমার চেয়ে বেশি গুণের অধিকারিণী কোনো যুবতী মধুরিপুর সঙ্গে বিলাসে মত্তা)।১৯

শ্রীজয়দেবগীত হরির এই রতিবিলাস কলি-কলুষ ধ্বংস করুক ॥ ২০ ॥

(শ্রীরাধা বললেন)

মদনবন্ধু চাঁদ বিরহপাণ্ডুর কৃষ্ণের মুখপদ্মের কান্তি বহন করছে। তাই সে (অস্তমিত হবার সময়) সন্তপ্তদের বেদনা দূর করেও আমার হৃদয়ে মদনবেদনাকে তীব্র করে তুলছে।২১

গীত ॥ ১৫ ॥

(গুর্জরীরাগে একতালে গেয়)

কামোদ্দীপ্ত রমণীমুখে তিনি চাঁদের মৃগচিহ্নের মতো কস্তুরীতিলক এঁকে দিচ্ছেন এবং চুম্বনের জন্যে অধরে অধর যোগ করছেন।

রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন।২২ধ্রুব

তার (সেই যুবতীর) ঘনমেঘের মতো সুন্দর মদনমৃগের বিহারকাননস্বরূপ যে-কেশপাশের বর্ণনায় তাঁর (কৃষ্ণের) তরুণ আনন সতত মুখর, তা তিনি বিদ্যুতের মতো কমনীয় কুরবক[৬] ফুল দিয়ে সাজাচ্ছেন।

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৩

তিনি তার কস্তুরীশোভিত নখচিহ্নরূপ চন্দ্রে ভূষিত কুচযুগরূপ গগনে মুক্তাহাররূপ নক্ষত্রাবলী স্থাপন করছেন।

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৪

তিনি তার হিমশীতল করতলরূপ নলিনীদলে শোভিত মৃণালনিন্দিত বাহুযুগলে মরকতকঙ্করূপ ভ্রমরাবলী অর্পণ করেছেন।

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৫

রতির আশ্রয় ও কামদেবের কামকাননের মতো তার যে বিপুল জঘনদল তাঁর বাসনাকে উদ্দীপিত করে তাতে মণিময় মেখলা নিক্ষেপ করছেন যা তোরণদ্বারে শোভিত মালাকেও উপহাস করে।

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৬

নখরূপ মণিরাশিতে বিভূষিত কমলার নিলয়স্বরূপ তার পদপল্লব অলক্ত-আভরণে সজ্জিত করে তিনি হৃদয়ে স্থাপন করছেন।

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৭

সখী! হলধরের খল[৭], সহোদরটি যখন অন্য-কারো সঙ্গে[৮] প্রবল ও রমণীয়রূপে রতিরঙ্গে মত্ত তখন আমি বৃথাই কেন দীর্ঘকাল বিরসভাবে এই কুঞ্জে বসে আছি বলো?

(রতিরণে বিজয়ী মুরারি এখন যমুনাপুলিনের বনে রতিরঙ্গে মেতে আছেন)।২৮

যিনি (শৃঙ্গার-রসপানে) হরিগুণ বর্ণনা করলেন সেই কৃষ্ণপদসেবক কবিপতি জয়দেবে যেন কলিযুগোচিত পাপ বাস না করে।২৯

হে সখী, হে দূতী! যদি সেই নিষ্ঠুর শঠ[৯] না আসে তাতে তুমি ব্যথিত হচ্ছ কেন? তিনি বহুবল্লভ, স্বচ্ছন্দে বহু যুবতীর সঙ্গে বিহার করবেন তাতে তোমার দোষ কী?[১০] দেখো, দয়িতের গুণে (রজ্জুবন্ধনে) আকৃষ্ট হয়ে উৎকণ্ঠা এবং আর্তিতে এই চিত্ত বিদীর্ণ হয়ে নিজেই তার অভিসারে যাবে।৩০

গীত ॥ ১৬ ॥

(দেশবরাড়ীরাগ এবং রূপক তালে গেয়)

পল্লবশয্যায় সে তাপিত হয় না, পবনসঞ্চালিত নীলোৎপলের মতো যার নয়ন, হে সখী সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন। ৩১ ধ্রুব

মদনবাণে সে বিদীর্ণ হয় না,—বিকসিত পদ্মের মতো সুন্দর মুখ যার, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩২

মলয়পবন তাকে দগ্ধ করতে পারে না—অমৃতের চেয়ে যার বচন মধুর ও কোমল, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩৩

চন্দ্রকিরণের সন্তাপে যে লুটিয়ে পড়ে না, স্থলপদ্মের মতো মনোহর যার চরণ, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩৪

বিরহভারে তার হৃদয় বিদীর্ণ হয় না, সজলমেঘরাশির মতো যে মনোহর, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩৫

পরিজনদের উপহাসে সে দীর্ঘশ্বাস ফেলে না, নিকষপাষাণে কষিত স্বর্ণরেখার মতো যার উজ্জ্বল বসন, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩৬

শোকাদি অতি করুণরসাত্মক পীড়া সে বহন করে না, সকল ভুবনের যুবজনদের মধ্যে যিনি শ্রেষ্ঠ, (হে সখী, সেই বনমালী যাকে রতিসুখ দান করেছেন)। ৩৭

শ্রীজয়দেব-গীত (রাধার) এই বিলাপবচনের সঙ্গে শ্রীহরি তোমাদের হৃদয়ে প্রবেশ করুন। ৩৮

হে কামদেবের আনন্দবিধায়ক মলয়পবন! প্রসন্ন হও, প্রতিকূলতা ত্যাগ করো। হে জগৎপ্রাণ! মাধবকে মুহূর্তের জন্যে আমার সামনে দিয়ে তারপর আমার প্রাণ হরণ করো। ৩৯

যাতে (যে কৃষ্ণে) চিত্ত আকৃষ্ট হওয়ায় সখীসঙ্গ রিপুসঙ্গের মতো, হিমবাহ অগ্নিতুল্য, এবং চন্দ্রকিরণ বিষের মতো পীড়াদায়ক হয়েছে, আমার হৃদয় এখনও তার দিকেই সবলে ধাবিত। কমলনয়নাদের কাম (প্রিয়সঙ্গাভিলাষ) সত্যিই প্রতিকূল এবং একান্ত দুর্বার।৪০

হে মলয়পবন! আমাকে তাপ দাও। হে পঞ্চবাণ! আমার প্রাণ নাও। আমি আর ঘরে ফিরব না। হে যমভগিনী যমুনা! আমাকে ক্ষমা করে আর কী হবে। তোমার তরঙ্গে আমাকে অভিষিক্ত করো (নিমজ্জিত করো) আমার দেহের জ্বালা জুড়োক। ৪১

একদিন প্রভাতে সচকিতে কৃষ্ণকে নীলাম্বর-পরিহিত ও শ্রীরাধার বুকে উত্তরীয়ের মতো করে পীতাম্বর জড়ানো দেখে সখীরা হেসে উঠলে যিনি স্মিতমুখে সলজ্জ অপাঙ্গভঙ্গিতে রাধার মুখে কটাক্ষপাত করেছিলেন সেই নন্দ-নন্দন কৃষ্ণ জগতের আনন্দ-বর্ধন করুন। ৪২

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে বিপ্রলব্ধা বর্ণনায় নাগরনারায়ণ নামে সপ্তম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × × অষ্টম সর্গ × × × × × × × × × × × × × ×

বিলক্ষ লক্ষ্মীপতি

তারপর, কোনোরকমে (অতিকষ্টে) যামিনী[১] যাপন করলেন[২]। প্রভাতে সম্মুখে প্রণত প্রিয় অনুনয়বচন বলতে থাকলে, মদনশরে জর্জরিত হলেও তাঁকে প্রবল অসূয়া[৩] নিয়ে বললেন — ।১

গীত ॥ ১৭ ॥

(ভৈরবীরাগে এবং যতিতালে গেয়)

গত রজনীর গুরু জাগরণে লোহিতবর্ণ, অর্ধ-নিমীলিত এবং রতিরসে আবিষ্ট তোমার নয়ন (অন্য যুবতীর প্রতি) তোমার অনুরাগ প্রকাশ করছে। হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে। ২ ধ্রুব

তার কজ্জলমলিন নয়ন চুম্বনে তোমার অরুণ অধর নীলবর্ণ ধারণ করে তোমার অঙ্গের অনুরূপতা লাভ করেছে। (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৩

রতিরণে খরনখরে রেখাঙ্কিত হওয়ায় তোমার শ্যামল কলেবর যেন মরকতফলকে স্বর্ণাক্ষরে লেখা রতিরণের জয়পত্র বহন করছে[৪]। (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৪

তাঁর চরণকমলের আলতার ছোপলাগা তোমার জ্বলন্ত বুক যেন মদনতরুর নব-পল্লবদলকে বাহিরে এনে দেখাচ্ছে। (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৫

তোমার অধরে তার দন্তক্ষত আমার চিত্তকে পীড়া দিচ্ছে। এখনও কী করে তোমার এই দেহ আমার সঙ্গে সে অভিন্ন একথা বলছে? (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৬

হে কৃষ্ণ! তোমার মনও নিশ্চয় তোমার দেহের মতোই অত্যন্ত মলিন। তা না হলে তোমারই অনুগতা মদনশরপীড়িতা একটি অবলাকে কেন বঞ্চনা করছ? (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৭

তুমি অবলাবধ করার জন্যেই বনে বনে ভ্রমণ কর, এ আর বিচিত্র কী? পুতনাই তো

তোমার বধূবধে-নির্দয় শিশুচরিত্র ঘোষণা করছে[৫]। (হরি হরি! মাধব! তুমি যাও। কেশব! তুমি যাও। আর কপটকাকুতি করতে হবে না। হে কমললোচন, তার কাছেই যাও যে তোমার বিষাদ দূর করবে)। ৮

হে সুধীজন, আপনারা শ্রীজয়দেবকথিত রতিবঞ্চিতা খণ্ডিতা যুবতীর বিলাপকথা শ্রবণ করুন যা সুধার মতো মধুর এবং স্বর্গেও দুর্লভ। ৯

হে প্রবঞ্চক! প্রেয়সীর চরণের অলক্তে রঞ্জিত অরুণবর্ণ তোমার বক্ষ ভিতরের অনুরাগ বাহিরে প্রকট করে তুলছে। তোমাকে (এই অবস্থায়) দেখে আমার সঙ্গে তোমার প্রখ্যাত প্রণয়ের বিচ্ছেদ হয়েছে বলে আমার যে শোক হয়েছে তার চেয়েও বেশি লজ্জা আমাকে অভিভূত করেছে। ১০

কংসরিপু কৃষ্ণের যে-বাঁশির সুর হরিণনয়নাদের মনকে মাতিয়ে তুলতে, তাদের মাথা ঘুরিয়ে দিতে, (কণ্ঠ থেকে) চঞ্চল মন্দারমালা খসিয়ে দিতে এবং তাদের স্তম্ভন, আকর্ষণ ও বশীকরণ করতে মহামন্ত্রস্বরূপ এবং যা দৃপ্ত দানবদলিত দেবতাদের দুর্বার দুঃখ ও বিষাদ দূর করে, সেই বাঁশির সুর তোমাদের মঙ্গলবিধান করুক। ১১

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে খণ্ডিতা বর্ণনায় 'বিলক্ষ লক্ষ্মীপতি' নামে অষ্টম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × নবম সর্গ × × × × × × × × × × × ×

মুগ্ধ মুকুন্দ

তারপর মদনসন্তপ্তা রতিরসবঞ্চিতা বিষণ্ণা এবং হরিচরিত্র-অনুচিন্তনে মগ্না কলহান্তরিতা[১] রাধাকে সখী নির্জনে বললেন—। ১

গীত ॥ ১৮ ॥

(রামকিরীরাগ এবং যতি-তালে গেয়)

হরি অভিসারে এসেছেন, মৃদু হাওয়া বইছে। (তাঁকে ছেড়ে) ঘরে গিয়ে বেশি সুখ আর কী পাবে? হে মানিনী! মাধবের উপর আর মান কোরো না। ২ ॥ ধ্রুব

তাল-ফলের চেয়েও গুরু এবং অতি মনোহর কুচকলসকে কেন বিফল করছ? (হে মানিনী! মাধবের উপর আর মান কোরো না)।৩

তোমাকে তো একথা বারবার অনেক করে বলেছি যে অতিমনোহর হরিকে ত্যাগ কোরো না। (হে মানিনী! মাধবের উপর আর মান কোরো না)।৪

কেন বিষণ্ণ হচ্ছ এবং বিফল হয়ে রোদন করছ। সমস্ত[২] যুবতীজন হাসছে। (হে মানিনী! মাধবের উপর আর মান কোরো না)।৫

সজল পদ্মপত্রে প্রস্তুত শয্যায় শয়ান হরিকে দেখো। নয়ন সফল করো। (হে মানিনী! মাধবের উপর আর মান কোরো না)।৬

মনে এই গুরুতর দুঃখ কেন নিজেই সৃষ্টি করছ ? এই বিচ্ছেদ অবাঞ্ছিত ; আমার কথা শোনো। (হে মানিনী ! মাধবের উপর আর মান কোরো না)।৭

হরি আসুন, নানা মধুর কথা বলুন। হৃদয়কে কাতর করে তুলছ কেন ? (হে মানিনী ! মাধবের উপর আর মান কোরো না ।৮

শ্রীজয়দেবভণিত অতিমধুর এই কৃষ্ণকথা রসিকজনকে[৩] আনন্দ দিক ।৯

যে স্নেহকাতর তার প্রতি তুমি যে কঠোর হলে, যে প্রণত তার প্রতি তুমি যে উদাসীন হলে, যে অনুরক্ত তার প্রতি তুমি যে বিদ্বিষ্ট হলে, যে প্রিয় উন্মুখ তার প্রতি তুমি যে বিমুখ হলে, তার ফলে, হে বিপরীতকারিণী ! চন্দনের অনুলেপনও তোমার কাছে বিষের মতো, চন্দ্রও সূর্যের মতো, হিম আগুনের মতো এবং রতিক্রীড়ার আনন্দ যন্ত্রণা বলে মনে হবে ।১০

বিপুল আনন্দে অধীর ইন্দ্রাদি দেবতারা মহা সমাদরে প্রণত হলে তাঁদের মুকুটের ইন্দ্রনীল মণিরাশি যে চরণকমলে ভ্রমরাবলীর শোভা ধারণ করে এবং মকরন্দসুন্দর বিগলিত মন্দাকিনীর স্বচ্ছন্দ ধারায় শীতল হয়, অশুভনাশের জন্যে শ্রীগোবিন্দের সেই চরণকমল বন্দনা করি ।১১

॥ শ্রীগোবিন্দমহাকাব্যে কলহান্তরিতা-বর্ণনায় 'মুগ্ধ মুকুন্দ' নামে
নবম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দশম সর্গ × × × × × × × × × × × × ×

মুগ্ধ মাধব

সন্ধ্যা হলে রাধার ক্রোধ কিছুটা প্রশমিত হল, বহু দীর্ঘশ্বাস ফেলায় তাঁকে দুর্বল দেখাচ্ছিল। এমন সময় যমুনার কাছে এলেন কৃষ্ণ। রাধা সলজ্জভাবে সখীর মুখের দিকে তাকালে তিনি সানন্দে গদ্‌গদবচনে বললেন—।১

গীত ॥ ১৯ ॥

(দেশবরাড়ীরাগ এবং অষ্টতালে গেয়)

যদি কিছু বল, তোমার দন্তপঙ্‌ক্তির জ্যোৎস্না আমার (অন্তরের) অতিঘোর অন্ধকার দূর করবে। তোমার মুখশশী তোমার কম্পিত অধরের মধুপানের জন্যে আমার নয়নচকোরকে পিপাসিত করে তুলছে।[১]

হে প্রেয়সী ! হে সুচরিতা (আমার উপর) অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধুপান করতে দাও। ২ ॥ ধ্রুব

হে সুদতী ! যদি সত্যিই আমার উপর তোমার ক্রোধ হয়ে থাকে তাহলে তীক্ষ্ম নয়ন-

বাণের আঘাত দাও। আমাকে ভুজবন্ধনে বাঁধো, (অধর) দংশন করো। অথবা যাতে তোমার সুখ হয় তাই করো। (হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও)।৩

তুমি আমার ভূষণ, তুমি আমার জীবন, তুমি আমার সংসারসাগরের রত্ন। তুমি আমার প্রতি সর্বদা অনুকূল হও—এ আমার হৃদয়ের একান্ত অভিলাষ (হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও)।৪

হে তন্বী! তোমার নয়ন নীলোৎপলবর্ণ হলেও এখন রক্তপদ্মের রূপ ধারণ করেছে। মদনবাণরূপে যদি তা আমার কৃষ্ণদেহকে অনুরঞ্জিত করতে পারে তা তোমার নয়নের যোগ্য কাজই হবে। হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও।৫

তোমার কুচকুম্ভদুটির উপর মণিমালা স্ফুরিত হোক, তোমার হৃদয়দেশ রঞ্জিত করুক। তোমার ঘন জঘনমণ্ডলে মেখলাও ধ্বনিত হোক এবং মদননির্দেশ ঘোষণা করুক। (হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও)।৬

হে মধুরভাষিণী! তুমি আদেশ দাও। যা স্থলকমলকে সৌন্দর্যে পরাজিত করে, যা আমার হৃদয়কে আনন্দিত করে, রতিরঙ্গে যা পরম শোভা সৃষ্টি করে তোমার সেই চরণযুগলকে আমি সরস ও উজ্জ্বল অলক্তরাগে রঞ্জিত করি। (হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও)।৭

কামবিষনাশক ভূষণস্বরূপ তোমার মনোহর পদপল্লব আমার মাথায় রাখো।[২] আমার মধ্যে দারুণ মদনানল জ্বলছে। তোমার চরণস্পর্শে সেই দহনজনিত বিকার দূর করো। (হে প্রেয়সী! হে সুচরিতা! অকারণ মান ত্যাগ করো। সেই সময় থেকেই মদনানল আমার মনকে দগ্ধ করছে। তোমার মুখকমলের মধু পান করতে দাও)।৮

পদ্মাবতীপতি শ্রীজয়দেবকবিভণিত শ্রীরাধার প্রতি উক্ত এই চটুল চাটুদক্ষ এবং মনোরম বাণী জয়যুক্ত হোক।৯

হে আতঙ্কিতা! তুমি শঙ্কা পরিত্যাগ করো। (তোমার) ঘনস্তন ও জঘন সর্বদা আমার যে-অন্তরকে অধিকার করে আছে তাতে অন্য-কারো প্রবেশের অবকাশ কোথায়? অতনু (কামদেব) ছাড়া এমন ভাগ্যবান কেউ নেই যে আমার অন্তরে প্রবেশ করে।[৩] হে প্রণয়িনী আলিঙ্গনে অনুমতি দাও।১০

হে মুগ্ধা[৪] ! তুমি আমাকে নির্দয়-দন্তদংশন, বাহুলতার বন্ধন এবং নিবিড় স্তনের পীড়ন দাও। হে চণ্ডী ! তুমি সুখলাভ করো। চণ্ডাল[৫] মদনের বিষম বাণে আমার প্রাণ না যায় তা দেখো।১১

হে শশিমুখী ! যুবজনের মোহসৃষ্টিকারিণী করাল কালসাপিনীর মতো তোমার ভঙ্গুর ভ্রূলতা। যুবকদের তজ্জনিত ভয় দূর করার জন্যে তোমার মদির অধরসুধাই একমাত্র সিদ্ধ মন্ত্র।১২

হে তন্বী তোমার বৃথা মৌন আমাকে ব্যথিত করছে। পঞ্চমস্বর বিস্তারিত করো (অর্থাৎ মধুর স্বরে কথা বলো)। হে তরুণী ! মধুরালাপে[৬] এবং কৃপাদৃষ্টিতে তাপ দূর করো। হে সুমুখী ! বিমুখতা ত্যাগ করো, আমাকে ত্যাগ কোরো না। হে মুগ্ধা ! অত্যন্ত স্নিগ্ধ তোমার প্রীতিভাজন এই মানুষটি নিজেই তোমার কাছে এসেছে।১৩

হে চণ্ডী ! বন্ধুক[৭]-ফুলের মতো (রক্তবর্ণ) তোমার এই অধরে মধুক-ফুলের স্নিগ্ধ পাণ্ডুর) শোভা। গণ্ডদেশে, হে চণ্ডি, শোভা পাচ্ছে নীলপদ্মের সৌন্দর্যকে খর্ব-করা নয়ন, তিলফুলের মর্যাদায় অধিষ্ঠিত নাক। হে কুন্দাভদন্তী প্রিয়া ! পুষ্পবাণ (কামদেব) কেবল তোমার মুখসেবা করেই বিশ্বকে জয় করেন।১৪

হে তন্বী ! তোমার নয়নপঙ্‌ক্তি মদালসা, মুখচ্ছবি ইন্দুসন্দীপনী, গতি মনোরমা, উরুদ্বয় রম্ভাকে পরাজিত করে ; তোমার রতি (নানা দক্ষতায় মণ্ডিত বলে) কলাবতী, ভ্রূ (চিত্রলিপির মতো বলে) চিত্রলেখা। হে তন্বী ! তুমি পৃথিবীতে থেকেও স্বর্গের অপ্সরাদের ধারণ কর[৮]।১৫

কুবলয়াপীড়[৯] নামে হাতির সঙ্গে যুদ্ধে তার কুম্ভবিদারণের সময়ে রাধার পীনস্তন মনে পড়ায় ক্ষণকালের জন্যে যাঁর দেহ ঘর্মাক্ত এবং নয়ন নিমীলিত হয়েছিল এবং যাঁর সেই অবস্থা দেখে কংসপক্ষীয়েরা 'জয় হল বলে' আনন্দধ্বনি দিয়েছিল কিন্তু যিনি (প্রকৃতিস্থ হয়ে) হাতিটিকে দূরে নিক্ষেপ করে শত্রুপক্ষের বিভ্রান্তি-কোলাহলের কারণ হয়েছিলেন সেই শ্রীহরি তোমাদের প্রীতিবিধান করুন।১৬

॥ শ্রীগীতগোবিন্দকাব্যে মানিনী-বর্ণনায় মুগ্ধ মাধব' নামে দশম সর্গ সমাপ্ত ॥

× × × × × × × × × × × × একাদশ সর্গ × × × × × × × × × × × × ×

সানন্দ গোবিন্দ

বহুক্ষণ অনুনয়-বচনে মৃগাক্ষীকে প্রসন্ন করে কেশব সজ্জিত হয়ে কুঞ্জশয্যায় গেলে দৃষ্টি-আবরক সন্ধ্যাসমাগমে সুন্দর সাজে সজ্জিতা বিষাদযুক্তা রাধাকে কোনো-এক সখী বললেন— ।১

গীত ॥ ২০ ॥

(বসন্তরাগ এবং যতিতালে গেয়)

চাটু-বচন প্রয়োগ করে এবং (তোমার) চরণে প্রণিপাত করে তিনি এখন মনোহর

বেতসলতাকুঞ্জে কেলিশয্যায় রয়েছেন। মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো। ২ ॥ ধ্রুব

হে নিতম্বিনী! হে স্তনভারতমণ্ডিতা! ঈষৎ মন্থর চরণে মণিময় নূপুরধ্বনিতে হংসরবকে পরাজিত করে অগ্রসর হও। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো)। ৩

তরুণীজনমোহন মধুরিপুর অতি রমণীয় বচন শোনো। মদনাদেশ-প্রচারক কোকিলদের সঙ্গে ভাব করো[১] (তাদের উপর আর বিদ্বেষ পোষণ কোরো না)। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো)। ৪

হে করভোরু। পবন-সঞ্চালিত কিশলয়-করে লতারা তোমাকে (অভিসারে) যাবার জন্যে সংকেত দিচ্ছে। অতএব আর দেরি কোরো না। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো)। ৫

তোমার ঐ মনোহর হার-রূপ বিমলজলধারামণ্ডিত কুচকুম্ভকে জিজ্ঞাসা করো। অনঙ্গতরঙ্গবেগে (তোমার বুকের) ঐ যে কম্পন তাতে কৃষ্ণের (ভবিষ্যৎ)-আলিঙ্গনই সূচিত হচ্ছে। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণের অনুসরণ করো)। ৬

তোমার দেহ যে রতিরণসজ্জায় সজ্জিত হয়েছে তা সমস্ত সখীই জেনেছেন। অতএব হে রণপ্রবীণা! লজ্জা ত্যাগ করে মেখলারূপ ডিণ্ডিমবাদ্য বাজিয়ে তুমি সোৎসাহে অগ্রসর হও। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো)। ৭

মদনবাণের মতো সুন্দর নখে শোভিত করে সখীকে অবলম্বন ক'রে লীলায়িত ভঙ্গীতে চলো। তোমার আগমনবার্তা কঙ্কণধ্বনিতে কৃষ্ণকে জানিয়ে দাও। (মুগ্ধা রাধিকা! অনুগত কৃষ্ণকে অনুসরণ করো)। ৮

শ্রীজয়দেববাণী কণ্ঠহারের চেয়েও মনোহর, রমণীর চেয়েও মনোমোহন। যাঁদের চিত্ত কৃষ্ণে সমর্পিত এই বাণী অবিরাম তাঁদের কণ্ঠতটে বিরাজ করুক[২]। ৯

সখী! সে এসে আমাকে দেখবে, প্রেমালাপ করবে, সর্বাঙ্গ-আলিঙ্গনে প্রীতিলাভ করবে এবং রতিরঙ্গে মাতবে। অন্ধকারে আবৃত কুঞ্জে তুমি এসেছ মনে করে তিনি তোমাকে যেন দেখছেন, (রসাবেশে) কম্পিত পুলকিত, আনন্দিত ও ঘর্মাক্ত হচ্ছেন, তোমার প্রত্যুদ্‌গমন করছেন ও মূর্ছিত হয়ে পড়ছেন।১০

সখী, কুঞ্জে অভিসারে যাবার জন্যে যারা ত্বরান্বিতা সেই ধূর্তা সুনয়নীদের চোখে অঞ্জন, কানে তমালস্তবক, মাথায় নীলোৎপল, স্তনে কস্তুরীচিত্র নিক্ষেপ করে নীল-নীচোলের মতো মনোরম অন্ধকার চারদিকে তাদের সর্বাঙ্গ আলিঙ্গন করে চলেছে।১১

(তোমার মতো) কুঙ্কুমগৌরাঙ্গী অভিসারিকাদের দেহপ্রভা সম্মুখে বিচ্ছুরিত হওয়ায় তমালদলের মতো গাঢ়নীল অন্ধকারকে তাদের প্রেমরূপ সুবর্ণের (বিশুদ্ধি)-পরীক্ষায় রেখাঙ্কিত নিকষপাষাণ বলে মনে হয়।১২

তারপর হারাবলী, তরল (ধুকধুকি) স্বর্ণমেখলা, মঞ্জীর ও কঙ্কণমণির প্রভায়

আলোকিত নিকুঞ্জের দ্বারে কৃষ্ণদর্শনে লজ্জিতা সখীকে (রাধাকে) ইনি (শ্রীরাধার সখী) বললেন—।১৩

গীত ॥ ২১ ॥

(দেশবরাড়ী রাগ এবং রূপক তালে)

অতিমনোহর কুঞ্জতলে কেলিকুঞ্জে রতিরসাবেশে সহাস্যমুখে বিলাসে মত্ত হও। (রাধা ! মাধবের কাছে এখানে (এই কেলিকুঞ্জে) প্রবেশ করো !১৪ ধ্রুব

হে কুচ-কলস-কম্পিতহারা ! নবজাত অশোকপল্লবে রচিত শ্রেষ্ঠ শয্যায় বিলাসে মত্ত হও। (রাধা ! মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।১৫

হে কুসুমকোমলাঙ্গী ! কুসুমচয়রচিত শৃঙ্গারকুটিরে বিলাসে মত্ত হও ! (রাধা ! মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।১৬

অয়ি রতিসমুচিত-ললিতগীত-নিপুণা ! চঞ্চল মলয়পবনে সুরভি ও শীতল কেলি-গৃহে বিলাসে মত্ত হও। (রাধা ! মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।১৭

অয়ি অলস-পীনজঘনা ! বহুলতায় আচ্ছন্ন নবপল্লবঘন কেলিগৃহে বিলাসে মত্ত হও। (রাধা ! মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।১৮

অয়ি রতিরসরঙ্গিণী ! মধুমত্ত ভ্রমরকুলগুঞ্জিত কুঞ্জে বিলাসে মত্ত মও। (রাধা মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।১৯

অয়ি শিখরাভ-দন্তকান্তিময়ী ! সুমধুর কোকিলরবমুখরিত কুঞ্জে বিলাসে মত্ত হও। (রাধা ! মাধবের কাছে এই কেলিকুঞ্জে প্রবেশ করো)।২০

পদ্মাবতীর সুখরাশির যিনি সাধক কবিরাজাধিরাজ[৩] সেই জয়দেব এই গীতরচনায় মত্ত। হে কৃষ্ণ ! তুমি মঙ্গলবর্ষণ করো[৪]।২১

তোমাকে বহুক্ষণ অন্তরে বহন করে তিনি অত্যন্ত শ্রান্ত এবং মদনসন্তাপে নিদারুণ সন্তপ্ত (তিনি তোমার সুধাময় বিম্বাধর পান করতে চান। তুমি তাঁর অঙ্ক (ক্রোড়) অলংকৃত করো। তোমার কটাক্ষলক্ষ্মীর কণামাত্রে যাকে তুমি কিনেছ সেই দাস যদি তোমার পাদপদ্মের সেবা করে তাতে সংকোচ করার কী আছে ?২২

গোবিন্দে তৃষ্ণার্ত দৃষ্টি রেখে তিনি সভয়ে এবং সানন্দে মনোহর নূপুরধ্বনি তুলে কুঞ্জগৃহে প্রবেশ করলেন।২৩

গীত ॥ ২২ ॥

(বরাড়ীরাগ এবং রূপকতালে গেয়)

চন্দ্রদর্শনে সমুদ্র যেমন চঞ্চল ও তুঙ্গতরঙ্গসংকুল হয়ে ওঠে রাধার মুখদর্শনে তাঁর মধ্যেও নানান্ ভাব-বিকার দেখা গেল। তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল বিপুল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট।২৪॥ধ্রুব

যমুনাজলস্রোতে উত্থিত ফেনপুঞ্জের মতো লম্বমান বিমল মুক্তা-হারে তাঁর বক্ষঃস্থল শোভমান। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল, বিপুল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)। ২৫

তাঁর পীতাম্বরপরিহিত শ্যামল-কোমল-কলেবর পীত-পরাগরাশিতে বেষ্টিতমূল নীলোৎপলের মতো দেখাচ্ছে। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল বিপুল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)। ২৬

তাঁর রতিরাগমণ্ডিত চঞ্চল কটাক্ষশোভিত মুখটিকে প্রস্ফুটিত পদ্মের মধ্যে ক্রীড়াশীল খঞ্জনযুগশোভিত শরৎকালীন তড়াগের মতো মনে হচ্ছে। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল বিপুল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)। ২৭

তাঁর মুখকমলে মিলিত হয়ে কুণ্ডলশোভা সূর্যমণ্ডলের মতো হয়েছে। তাঁর স্মিতহাস্যে রমণীয় ও উল্লসিত অধরপল্লব রতিলোভ জাগাচ্ছে। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল বিপুল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)। ২৮

তাঁর পুষ্পসজ্জিত কেশদাম চন্দ্রকিরণে অনুরঞ্জিত মেঘের মতো সুন্দর দেখাচ্ছে, এবং তাঁর ললাটিকার নির্মল চন্দনতিলক অন্ধকারে উদিত চন্দ্রমণ্ডলের মতো শোভা পাচ্ছে। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন তাঁর মুখমণ্ডল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)।২৯

রতিকেলিকলার উদ্ভাবনে অধীর, মণিরাশির কিরণে সমুজ্জ্বল ভূষণের দীপ্তিতে রমণীয়, এবং বিপুল পুলকে রোমাঞ্চিত। (তিনি একনিষ্ঠ চির-বিলাসপ্রিয় হরিকে দেখলেন যাঁর মুখমণ্ডল আনন্দের অধীন, যাতে রতিবাসনা প্রকট)। ৩০

শ্রীজয়দেবের এই গান যাঁর সুষমাসম্পদ দ্বিগুণিত করছে পুণ্যফলের সারভূত সেই হরিকে হৃদয়ে স্থাপন করে তোমরা প্রণাম করো। ৩১

প্রিয়তমাকে দেখবার সময়ে রাধার চোখদুটি অপাঙ্গ অতিক্রম করে শ্রবণপথ পর্যন্ত যেতে চাইল, এই (অতি) প্রয়াসের ফলে (কৃষ্ণের উপর) পড়ে গেল,[৫] তারা-দুটি চঞ্চল হয়ে উঠল। দুচোখ থেকে ঝরে পড়ল আনন্দাশ্রু। মনে হল তা যেন ঘর্মবিন্দুর ধারা। ৩২

সতর্ক সখীরা কপট কণ্ডূয়নের ছলে হাসি চেপে কুঞ্জ থেকে বাইরে গেলে মৃগনয়না (রাধা) শয্যাপার্শ্বে এগিয়ে গেলেন এবং মদনবাণের সন্নিবেশে সুন্দর প্রিয়ের মুখ দেখতে লাগলেন। সেই অবস্থায় তাঁকে দেখে লজ্জাও যেন সলজ্জভাবে দূরে পালিয়ে গেল। ৩৩

বহু যুদ্ধে কুবলয়পীড় নামে হাতিটিকে বধ করায় তাঁর কুম্ভস্থ সিঁদুরে এবং প্রকীর্ণ রক্তবিন্দুতে শোভিত যাঁর বাহুকে জয়লক্ষ্মীসমর্পিত মন্দারকুসুমে পূজিত বলে মনে হয়েছিল কৃষ্ণের সেই বাহু জয়যুক্ত হোক। ৩৪

॥ শ্রীগিতগোবিন্দমহাকাব্যে অভিসারিকা-বর্ণনায় 'সানন্দ গোবিন্দ' নামে একাদশ সর্গ সমাপ্ত ॥

সুপ্রীত পীতাম্বর

সখীরা চলে গেলে অল্পলজ্জানির্ভর মদনশরের বশে জাগ্রত অভিলাষ বৃদ্ধি পেলে রাধা স্মিতহাস্যে অধরকে যেন স্নান করালেন। সরসচিত্তা রাধাকে বার বার নবপল্লবাচিত লতায় দৃষ্টিপাত করতে দেখে শ্রীহরি প্রিয়াকে বললেন—[১] ।১

গীত ॥ ২৩ ॥

(বিভাসরাগ এবং একতালে গেয়)

হে কামিনী, এই পল্লবশয্যায় তুমি চরণকমল স্থাপন করো। তোমার পদপল্লবরূপ শত্রুর কাছে এই সুশোভিত পল্লবশয়ন পরাজয় অনুভব করুক। হে রাধিকা, অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো।২ ॥ধ্রুব

অনেক দূর থেকে এসেছ। অনুমতি দাও, আমি আমার করকমলে তোমার সেবা করি। আমার মতই (তোমার) পদানুগত্যে ধীর নূপুরকে ক্ষণকালের জন্যে শয্যায় স্থান দাও। (হে রাধিকা, অনুগত নারায়ণকে ক্ষণকালেব জন্যে ভজনা করো)।৩

তোমার মুখচন্দ্রে নিঃসৃত অমৃতকল্প অনুকূল বচন রচনা করো। আমি বিরহ-বাধার মতো তোমার বক্ষের স্তনরোধক দুকূলটি অপসারিত করি। (হে রাধিকা, অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো)।৪

প্রিয়-আলিঙ্গনের আবেগে (যেন) মণ্ডিত বলি, পুলকিত অতিদুর্লভ তোমার ঐ কুচকলস আমার বক্ষে স্থাপন করে আমার মদনসন্তাপ দূর করো। (হে রাধিকা অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো)।৫

হে ভামিনী[২] ! তোমাতে নিহিতচিত্ত বিরহানলে দগ্ধদেহ এবং বিলাসাভাবে মৃতপ্রায় এই দাসকে তোমার অধরের সুধারস দিয়ে বাঁচাও। (হে রাধিকা অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো)।৬

হে চন্দ্রমুখী ! তোমার কণ্ঠস্বরের অনুকরণে মণিমেখলার ধ্বনি তোলো। আমার কানদুটি কুহুরবে বিকল হয়েছে। আমার চির-অবসাদ দূর করো। (হে রাধিকা, অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো)।৭

তোমার অকারণ ক্রোধে আমাকে বিহ্বল দেখেই যেন তোমার চোখ লজ্জায় নিমীলিত হচ্ছে। এই অবজ্ঞা থেকে বিরত হও। রতিপ্রতিকূলতা ত্যাগ করো। (হে রাধিকা, অনুগত নারায়ণকে ক্ষণকালের জন্যে ভজনা করো)।৮

প্রতি পদে কৃষ্ণের আনন্দপ্রকাশক শ্রীজয়দেব-রচিত এই গীতি রসিকজনের চিত্তে কৃষ্ণের রতিরসাস্বাদজনিত আনন্দ সৃষ্টি করুক।৯

রতিকলাযুদ্ধে রোমাঞ্চ নিবিড়-আলিঙ্গনের বিঘ্ন হল, নিমেষ মুখদর্শন-লালসার

প্রতিবন্ধক হল, নর্মকথা অধরসুধাপানের প্রতিকূল হল। কিন্তু রতিরণকলার এইসব বিঘ্ন তাঁদের দুজনের উদ্ভূত আনন্দে প্রীতিকর হয়েছিল।১০

কান্ত (প্রিয়ার) ভুজলতায় সংযমিত, পয়োধরভারে পীড়িত, নখপ্রহারে ক্ষতবিক্ষত, নিতম্বতাড়নে আহত, (কেশাকর্ষণে আনমিত এবং অধরসুধাপানে সংজ্ঞাহীন) হয়েও কী এক অনির্বচনীয় তৃপ্তি লাভ করলেন। কামের গতি কী বিচিত্র[৩]!১১

মদনচিহ্নিত রতিকেলিসংকুল রণারম্ভে তিনি (রাধা) তাঁর বুকে উঠে সাহস করে যা করবেন ভেবেছিলেন তাতেই তাঁর নিতম্ব নিস্পন্দ, বাহুলতা শিথিল, বক্ষ কম্পিত এবং নয়ন নিমীলিত হয়েছিল। পৌরুষরসে নারীরা কী করে সিদ্ধিলাভ করবে?১২

হর্ষোৎকর্ষে অবসন্না মৃগাক্ষীর শ্বাসস্ফীত স্তনযুগল আলিঙ্গন করে ধন্য শ্রীকৃষ্ণ তাঁর অধরসুধা পান করতে লাগলেন। তখন তাঁর (রাধার) দৃষ্টি নিমীলিত। কপোল রোমাঞ্চিত, অধর অবিচ্ছিন্ন শীৎকারবশে অব্যক্ত-ব্যাকুল কেলিকূজনে বিকশিত দন্তপঙ্‌ক্তির শুভ্র দীপ্তিতে ধৌত হচ্ছিল।১৩

তাঁর বুক নখক্ষতে পাটল হয়েছে, ঘুমের আবেশে চোখ লাল, ঠোঁটের রক্তবর্ণ চুম্বনে ধুয়ে গিয়েছে, আলুলিত কুন্তলের মালা খসে পড়েছে, মেখলার প্রান্ত একটু শিথিল। শ্রীরাধার দেহের (সুরতচিহ্নরূপ) এই মদনবাণ প্রভাতে পতির[৪] নয়নে নিবিষ্ট হলেও মনে গিয়ে বিঁধল—কী অদ্ভুত!১৪

শ্রীমতীর কেশপাশ আলুলায়িত, অলক স্থানভ্রষ্ট, কপোল ঘর্মসিক্ত, অধর-সৌন্দর্য দংশনে বিক্ষত, মাল্য বিমর্দিত, মেখলা স্থানচ্যুত এবং কুচকলস-শোভায় হার তিরস্কৃত। তিনি এই অবস্থায় হাত দিয়ে স্তন ও নিতম্বদেশ আচ্ছাদন করে সলজ্জ দৃষ্টিপাতে আমাকে পরম প্রীতি দান করছেন।১৫

মাধব যখন একথা মনে মনে বলছিলেন তখন রতিক্রিয়ার শেষে নিতান্ত অবসন্নদেহা সেই রাধা সাদরে এবং সানন্দে গোবিন্দকে একথা বললেন— ।১৬

গীত ॥ ২৪ ॥

(রামকিরীরাগে যতিতালে গেয়)

হে যদুনন্দন! তোমার চন্দনের চেয়েও শীতল করে মদনের মঙ্গলকলসের মতো আমার এই পয়োধরে তুমি মৃগমদের পত্রলেখা এঁকে দাও।[৫] তিনি হৃদয়ের আনন্দ-বিধায়ক কেলিপরায়ণ যদুনন্দকে একথা বললেন।১৭ ধ্রুব

হে প্রিয়, মদনের প্রক্ষিপ্ত বাণের মতো আমার এই নয়নের ভ্রমরনিন্দিত অঞ্জন তোমার অধরচুম্বনে মুছে গিয়েছে। তুমি তা সমুজ্জ্বল করে দাও। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।১৮

হে মঙ্গলবেশধর! আমার এই শ্রবণমণ্ডলে (কানে) নয়নকুরঙ্গের তরঙ্গবিকাশের প্রতিরোধক মদনের পাশস্বরূপ কুণ্ডল পরিয়ে দাও। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।১৯

প্রফুল্ল কমলনিন্দিত আমার মুখমণ্ডলে বিস্রস্ত চূর্ণকুন্তল দেখে সখীরা পরিহাস করছে। তুমি আমার মুখের উপরে সুন্দর স্থির ভ্রমরক[৬] (ভ্রমরপঙ্ক্তির মতো অলকাবলী) সুবিন্যস্ত করে দাও। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।২০

হে কমলানন! আমার বালচন্দ্রের মতো ললাট থেকে ঘর্মজল মুছে দিয়ে তাতে মৃগাঙ্কচিহ্নের মতো মনোরম কস্তুরীতিলক এঁকে দাও। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।২১

হে মানদ! মদনের (রথ)-ধ্বজের চামরস্বরূপ ময়ূরপিচ্ছপ্রতিস্পর্ধী আমার মনোরম কেশকলাপ রতিকালে আলুলায়িত হয়েছে। তুমি তা সংযত করে ফুল দিয়ে সাজাও। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।২২

হে শুভাশয়; অনঙ্গমাতঙ্গের কন্দরস্বরূপ আমার এই সরসঘন সুন্দর জঘন মণি-মেখলার আভরণে এবং বসনে ভূষিত করো। (তিনি হৃদয়ের আনন্দবিধায়ক কেলিপরায়ণ যদুনন্দনকে একথা বললেন)।২৩

হরিচরণস্মরণরূপ অমৃতে নির্মিত কলির পাপরূপ জ্বরনাশক এবং (সজ্জনে) ভূষণস্বরূপ শ্রীজয়দেবের মনোজ্ঞবচনে সদয় হৃদয় অর্পণ করো।২৪

আমার স্তনযুগলে পত্ররচনা করো, কপোলে (চন্দন-) চিত্র, জঘনে কাঞ্চি, কবরীতে মালা, করে কঙ্কণ, চরণে নূপুর দাও। তিনি (রাধা) এই অনুরোধ করলে পীতাম্বরও প্রীত হয়ে তাই করলেন[৭]।২৫

পাদপদ্মসেবিকা সমুদ্রতনয়াকে (লক্ষ্মীকে) শত শত নয়নে দেখার জন্যে (শেষ-) পর্যঙ্কশায়ী—সর্বব্যাপী রূপধারী যে হরি, বাসুকির ফণাশ্রেণীর মণিরাশিতে নিজের বহুবিম্বময় কায়ব্যূহ রচনা করেছিলেন, তিনি তোমাদের রক্ষা করুন।২৬

হে সুধীবৃন্দ! যদি গান্ধর্বকলাচয়ে, বৈষ্ণব অনুধ্যানে, শৃঙ্গার বিবেকতত্ত্ব এবং কাব্যগত রসলীলাদিবিষয়ে নৈপুণ্যলাভের বাসনা থাকে তাহলে সানন্দে কৃষ্ণগতপ্রাণ পণ্ডিত জয়দেবকবির শ্রীগীতগোবিন্দ থেকেই তা আয়ত্ত করুন।২৭

শ্রীজয়দেবের এই শৃঙ্গারসারস্বত কাব্য যতদিন থাকবে ততদিন—হে মধু! তোমার আর মধুরতা নাই। হে শর্করা তুমি কঙ্করের মতোই কঠিন। হে দ্রাক্ষা! তোমার দিকে কে তাকাবে? হে অমৃত! তুমি মৃত। হে ক্ষীর! জলের মতোই তোমার স্বাদ। হে সহকার! তুমি ক্রন্দন করো! হে কান্তাধর! তুমি রসাতলে যাও।২৮

ভোজদেবের ঔরসে ও বামাদেবীর গর্ভে জাত সন্তান শ্রীজয়দেবের রচিত এই গীত-গোবিন্দকাব্য পরাশরাদি প্রিয় বন্ধুদের কণ্ঠে বিরাজ করুক।২৯

॥ শ্রীগীতগোবিন্দমহাকাব্যে স্বাধীনভর্তৃকা-বর্ণনায় 'সুপ্রীত পীতাম্বর' নামে
দ্বাদশ সর্গ সমাপ্ত ॥

প্রথম সর্গ

১. 'নন্দনিদেশে' এই পদটি নানাভাবে ব্যাখ্যাত হয়েছে। কেউ অর্থ করেন নন্দাখ্য-বংশীনিদেশে', কেউ 'আনন্দনির্দেশে', কেউ বা 'নন্দসান্নিধ্যে'। পূজারী গোস্বামী 'নন্দ' শব্দের অর্থ করেছেন সখী (নন্দয়তীতি নন্দঃ, নন্দনিদেশঃ = শ্রীরাধায়াঃ সখীবচনম্ তস্মাৎ চলিতয়োঃ'। পূজারী গোস্বামীর মতে শ্লোকটির অর্থ দাঁড়ায় এইরকম—আকাশ মেঘে ঢাকা, বনভূমি তমালতরুতে শ্যামবর্ণ। (তার উপরে) এখন রাত্রি। (অভিসারের এই হল উপযুক্ত সময়।) অন্য-গোপীসংসর্গের দরুন কৃষ্ণ ভীরু, তাই হে রাধা তুমি একে গৃহে (বিলাসগৃহে অর্থাৎ কুঞ্জে) নিয়ে যাও। সখীর এই আনন্দবার্তায় রাধা কৃষ্ণের সঙ্গে মিলিত হলেন। যমুনাকূলে পথের পাশের প্রতি-তরুকুঞ্জে রাধাকৃষ্ণের এই বিজনকেলি জয়যুক্ত হোক।

প্রাচীন টীকাকার ধৃতিদাস 'নন্দ' অর্থে গোপরাজ-নন্দই ধরেছেন। তিনি বলেছেন নন্দ কুপিত হয়ে রাধাকে বলেছেন 'তুমি যেমন শিশু কৃষ্ণকে গোষ্ঠে এনেছ এই দুর্যোগে তুমিই তাকে বাড়ি নিয়ে যাও। ('রাধে অবিচারপরায়ণে কিমিতি ত্বয়া শিশুরয়ং কৃষ্ণ ইহানীতঃ, তত্ত্বয়ৈব নেতব্যোহয়মিতি কোপাক্ষেপ-বচনরূপোহয়ং নিদেশঃ')

অনেক টীকাকারই মনে করেন এই শ্লোকটিতে ব্রহ্মবৈবর্তপুরাণের শ্রীকৃষ্ণ জন্ম-খণ্ডের ঘটনাটির ইঙ্গিত আছে।

দ্বাদশ সর্গের ৪নং টীকা দ্রষ্টব্য।

২. এই শ্লোকটির প্রভাবে রচিত কবি সুরদাসের একটি কবিতা স্মরণীয় ঃ

> গগন গরজি ঘহরাই জুরী ঘটাকারী।
> পৌন ঝকঝোর চপলা চমকি চহুঁ ওর
> সুবন তল চিতৈ নন্দ ডরত ভারী॥
> কহো বৃষভানুকী কুঁবরি সোঁবোলিকৈ
> রাধিকা কাহ্ন ঘর লিয়ে জারী।

আকাশে ঘনঘটা—মেঘের গর্জন, বাতাসে ঝড়ের বেগ, চারদিকে বিদ্যুতের চমক। ছেলের দিকে তাকিয়ে নন্দের খুব ভয় হল। বৃষভানুর কুমারীকে বললেন, রাধিকা, তুমি কানাইকে ঘরে নিয়ে যাও।

৩. 'পদ্মাবতী' শব্দটি 'লক্ষ্মী' অথবা সর্বলক্ষ্মীময়ী 'রাধা' অর্থে নেওয়া যেতে পারে। 'পদ্মাবতী' এখানে ঐ নামের জয়দেবপত্নীকেও বোঝাতে পারে—সে-ক্ষেত্রে অর্থ হবে পদ্মাবতীর নৃত্যচক্রে যে নিত্যবর্তমান অথবা পদ্মাবতীর নৃত্যের যে শ্রেষ্ঠ পরিচালক।

প্রাসঙ্গিক টীকা ঃ

ক লক্ষ্মীচরণসেবকাগ্রণীঃ। পদ্মং করেঽস্তি যস্যাঃ সা পদ্মাবতী লক্ষ্মীঃ। 'শরাদীনাং চ' ইতি দীর্ঘঃ। পদ্মাবতী তস্য কলত্রমেকে বদন্তি যত্তন্ন বিচারচারু।

(—রসিকপ্রিয়া (রাণা কুম্ভরচিত)

রাণাকুম্ভ 'পদ্মাবতী'কে জয়দেবপত্নী বলা যুক্তিযুক্ত মনে করছেন না। কারণ

'রহো বিহায় ক্বচ নাপি দৃষ্টং
সতাং স্বকান্তাপ্রণয়াদিকং তু।'

(ভাবার্থঃ সজ্জনেরা স্বকান্তার প্রতি প্রণয়াদিপ্রদর্শন গোপনেই করেন প্রকাশ্যে নয়)

খ. পদ্মাবতী নাম জয়দেবপত্নী তস্যাশ্চরণয়ো যচ্চারণং সঞ্চারণম্ নর্তনমিতি যাবৎ। তেন চক্রবর্তী নটসার্বভৌম ইত্যর্থ।

—রসমঞ্জরী (শঙ্কর মিত্র রচিত)

গ. পদ্মাবতী শ্রীরাধা তস্যাশ্চরণয়োর্নিমিত্তভূতয়োরেব চারণচক্রবর্তী নতর্কশ্রেষ্ঠঃ। নৃত্যাদিনা সদা তদারাধনতৎপর ইত্যর্থঃ। অনেন তৎপ্রধানোপাসনাত্মানো দর্শিতা।

—বালবোধিনী (পূজারী গোস্বামী রচিত)

৪. প্রবন্ধগীত নিবন্ধগীতের অন্তর্ভুক্ত।

(ভূমিকায় সঙ্গীতপ্রসঙ্গে আলোচনা দ্রষ্টব্য)

প্রসঙ্গত উল্লেখ করা যেতে পারে আলবার সম্প্রদায় নিজেদের নায়িকা এবং কৃষ্ণকে নায়ক মনে করে রাগমার্গে ভজনা করতেন। তাঁদের ভজনগুলোর চার হাজার গান 'দিব্যপ্রবন্ধ' নামে প্রসিদ্ধ।

'প্রবন্ধ' শব্দের ব্যুৎপত্তি-বিশ্লেষণে গোস্বামী বলেছেন—প্রকর্ষেণ বাধ্যতে শ্রোতৃণাং হৃদয়ম্ অস্মান্নিতি প্রবন্ধঃ।

৫. 'পদাবলী শব্দটি দেখতে সংস্কৃতের মতো হলেও আসলে তা নয়, সংস্কৃত সম্ভাব্য পদাবারিক শব্দের (অর্থ পদাভরণ, পদাবরণ নূপুর ; শব্দটির আধুনিক রূপ 'পায়েল') প্রাকৃত রূপান্তর ('পআআরিঅ') থেকে সংস্কৃতায়িত রূপ। শব্দটি আধুনিক 'পায়েল' (পাঁয়জোর' অর্থেই ব্যবহৃত।...... সংস্কৃত সাহিত্যে বাণীনর্তনা প্রথিত—'বাণী নরীনৃত্যতে'। জয়দেব এখানে 'পদাবলী' শব্দে একটু দ্ব্যর্থ পুরে দিয়েছেন—পদ্য ও পায়েল দুই-ই বোঝাতে। জয়দেবের এই প্রয়োগ থেকেই পদসমূহ' অর্থাৎ কবিতার ছত্র-সমাবেশ—একটি সম্পূর্ণ গীতিরচনা - এই অর্থ এসে গেল।'

(সাহিত্য একাডেমি প্রকাশিত, ডঃ সুকুমার সেন সংকলিত 'বৈষ্ণব পদাবলী', পৃষ্ঠা ১৩)

এই শব্দতত্ত্বের আলোকে শ্রীসেন আলোচ্য পদটির অনুবাদ করছেনঃ 'যদি হরিকে স্মরণ করে মন ভক্তি-আর্দ্র করতে চাও, যদি নৃত্যগীতকলায় ঔৎসুক্য থাকে তাহলে তখন শোনো মধুর কান্ত নূপুর-পরা জয়দেবের সরস্বতীকে (অর্থাৎ জয়দেবের বাণীর নাচ)।'

৬. শৃঙ্গার (শৃঙ্গ—ঋ+ঘঞ্), অধিকরণে। শৃঙ্গের (মন্মথের) আর (আগমন) যাহাতে, বহুব্রীহি।

শৃঙ্গং হি মন্মথোদ্ভেদস্তদাগমনহেতুকঃ।
উত্তমপ্রকৃতিপ্রায়া রসঃ শৃঙ্গার উচ্যতে॥ —সাহিত্যদর্পণ

বৈষ্ণবশাস্ত্রমতে শৃঙ্গার কামগন্ধহীন রতি।

৭. বৈষ্ণবাচার্যদের মতে রস থেকেই 'রাস' শব্দ এসেছে ঃ 'প্রেমরস-পরিপাক-বিলাস-বিশেষাত্মকঃ ক্রীড়াবিশেষঃ রাসঃ'। বৈষ্ণবরসশাস্ত্রে 'রাস' একটি আধ্যাত্মিক রূপক। প্রেমরসাস্বাদের জন্যে মূর্তরসব্রহ্ম শ্রীকৃষ্ণের শ্রীরাধা ও গোপাঙ্গনাদের সঙ্গে যে চিদানন্দময়ী ক্রীড়া তাই রসলীলা বা রাসোল্লাস।

দ্বিতীয় সর্গ

১. 'ন মানিনী সহতেঽন্যসঙ্গমম্'—ভট্টিকাব্যম্, ২।৬

২. 'কুত্র কৃষ্ণো বসতীতি গবেষিতুমভিসরন্তীং
সখ্যো মাং মাদ্রাক্ষুরিতি লজ্জয়া ত্রাসোৎকম্পেনেতি। —রসিকপ্রিয়া

৩. 'পিক-শিখি-কলহংসপ্রায়পক্ষিব্রজানাং
স্বরিতমনুকরোত্যঙ্গনা মন্মথার্তা।, (পঞ্চসায়কম্)
'দাত্যূহ-লাবক-ময়ূর-কপোত-হংস-পারাবতাদিরুতবদ্ধ্বনিতং রতান্তে।'
(রসিকসর্বস্ব)

৪. হাল-রচিত গাহা-সত্তসঈতে রাধার এই উৎকর্ষদ্যোতক একটি শ্লোক এই প্রসঙ্গে স্মরণীয় ঃ

মুখমারুএণ তং কহ্ন গোরঅং রাহিআএ অবনেন্তো।
এতাণ বলবীণং অন্নাণ বি গোরঅং হরসি।১।৮৯

(সংস্কৃতরূপ—মুখমারুতেন ত্বং কৃষ্ণ গোরজং রাধিকায়াঃ অপনয়ন্ এতানাং বল্লবীনাম্ অন্যানাম্ অপি গৌরবং হরসি)

অর্থাৎ হে কৃষ্ণ, তুমি মুখমারুতে রাধিকার (মুখলগ্ন) গোরজ (ধূলি) অপনয়ন ক'রে এই বল্লবীদের ও অন্যান্য নারীদের গৌরব হরণ করছে।

তৃতীয় সর্গ

১ঃ শারদরাসের কথা স্মরণ ক'রে

২. 'যথা কশ্চিদ্বিবেকী পুরুষ ঃ তারতম্যেন সারবস্তুনিশ্চয়াৎ তদেকচিত্তঃ তদন্যং সর্বং ত্যজতি তথায়মপি তাস্তত্যাজ। —পূজারী গোস্বামী

সুন্দরীপদেন বহুবচনেন সৌন্দর্যবতীরপি তত্যাজেতি কথনেন কৃষ্ণস্য রাধায়ামনুরাগাতিশয়ো ধ্বনিতঃ। —রসমঞ্জরী

৩. অত্র মাধবপদেন মা লক্ষ্মীস্তস্যা অপি ধবঃ স্বামী যদ্বিরহাকুলো বভূবেতি রাধায়াঃ সৌভাগ্যাধিক্যং ধ্বনিতম্। —রসমঞ্জরী

৪. বিরহিণো হি চিন্তানুষঙ্গাৎ সর্বত্তস্তামেব পশ্যন্তি। তথাচোক্তম্—'প্রাসাদে সা পথি পথি চ সা পৃষ্ঠতঃ সা পুরঃ সা/পর্যঙ্কে সা দিশি দিশি চ সা তদ্বিয়োগাতুরস্য। / হংহো চেতঃ প্রকৃতিরপরা নাস্তি তে কাপি সা/সা সা সা সা জগতি সকলে কোঽয়মদ্বৈতবাদঃ। —রসমঞ্জরী

৫. স্তনমণ্ডলের বিশেষণ 'সদ্‌বৃত্ত' কথাটি দ্ব্যর্থক ১. সুবর্তুল ২. সচ্চরিত্র। দ্বিতীয় অর্থটির তাৎপর্য ঃ যে সচ্চরিত্র সে পরের প্রাণনাশ করেছে এমন কোথাও দেখা যায় না।. ('সদাচারবতাং পরপ্রাণবিনাশনং ন কাপি দৃষ্টম্—রসিকপ্রিয়া)

৬. তথা চ তত্তদিন্দ্রিয়াণাং স্বস্বাভিমতবিষয়ালাভে এব বিরহঃ সম্ভবতি। মম চ তত্তদিন্দ্রিয়াণাং বিষয়বিচ্ছেদস্যাভাবান্মনসস্তচ্চিন্তনৈকপরত্বাত্তয়া সহ বিশ্লেষ এব নাস্তীতি কথং বিরহজন্যব্যাধিসম্ভব ইতি ভাবঃ। —রসমঞ্জরী

চতুর্থ সর্গ

১. রাধা এখানে বিরহোৎকণ্ঠিতা নায়িকা।

লক্ষণ ঃ সমুচিতেঽপ্যাহ্নি প্রবাসী নৈতি বল্লভঃ।
সা স্মরানলসন্তপ্তা বিরহোৎকণ্ঠিতা মতা ॥ —ভরত

২. 'শার্দূলবিক্রীড়িত' কথাটি যেমন 'ব্যাঘ্রলীলা' বোঝাচ্ছে, তেমনি কৌশলে এই শ্লোকটি যে 'শার্দূলবিক্রীড়িত' ছন্দে লেখা তাও বোঝাচ্ছে।
শার্দূলবিক্রীড়িত ছন্দের লক্ষণ ঃ সূর্যাশ্বৈর্মসজস্ততাঃ সগুরবঃ শার্দূলবিক্রীড়িতম্।

৩. এই-সবই সাত্ত্বিক লক্ষণ ঃ

স্তম্ভঃ স্বেদোঽথ স্বরভঙ্গোঽথ বেপথুঃ।
বৈবর্ণ্যমশ্রুপ্রলয়াবিত্যষ্টৌ সাত্ত্বিকা মতাঃ ॥

৪. 'উপেন্দ্রবজ্রাদপি দারুণোঽসি = উপেন্দ্রের বজ্রের চেয়েও দারুণ। রাধা কৃষ্ণ উপেন্দ্রকে পৃথক্ করেছেন ঃ উপেন্দ্র! বজ্রাদপি দারুণোঽসি—হে উপেন্দ্র! তাহলে তুমি বজ্রের চেয়েও কঠিন। এক্ষেত্রে 'উপেন্দ্র'র অর্থ 'কৃষ্ণ'। একসঙ্গে ধরলে উপেন্দ্র আর ইন্দ্র হবে সমার্থক।

৫. 'আম্রশাখার বিশেষণ 'পুষ্পিতাগ্রা'। শ্লোকটির ছন্দও ঐ নামের।

লক্ষণ ঃ অযুজি নযুগরেফতো যকারো
যুজি চ নজৌ জরগাশ্চ পুষ্পিতাগ্রা।

৬. গোবর্ধনপর্বতধারণের পৌরাণিক বৃত্তান্ত ঃ
একবার ব্রজধামে অনাবৃষ্টির ফলে শস্যহানির সম্ভাবনা দেখা দেয়। ব্রজবাসীরা ইন্দ্রকে সন্তুষ্ট করতে যজ্ঞের ব্যবস্থা করল। কৃষ্ণ ইন্দ্রকে পূজা করতে নিষেধ করে তাদের গোবর্ধনপর্বত পূজা করতে বললেন। ইন্দ্রোৎসব বন্ধ হওয়ায় ইন্দ্র অত্যন্ত ক্ষুব্ধ হয়ে শিলাবৃষ্টি ও বজ্রপাতে বৃন্দাবন ধ্বংস করতে উদ্যত হলেন। তখন কৃষ্ণ গোকুল ও গোপদের রক্ষা করার জন্যে গোবর্ধনপর্বত উৎপাটন করে ছত্রের মতো ধারণ করেন। সাতদিন ও সাতরাত্রি বর্ষণের ফলেও বৃন্দাবনবাসীদের কোনো অনিষ্ট হল না। ইন্দ্রের অনুচরেরা বিফল হলেন।

পঞ্চম সর্গ

১. 'সহসা মম গমনেন মানোঽতিগাঢ়ো ভবেৎ' —বালবোধিনী
(আমি হঠাৎ গেলে তাঁর মান অত্যন্ত গাঢ় হবে—কৃষ্ণ একথাই বলতে চান)

২. অভিসারিকা লক্ষণ

যাভিসারয়তে কান্তং স্বয়ং বাভিসরত্যপি
সা জ্যোৎস্নাতামসীযানযোগ্যবেশাভিসারিকা।

সজ্জয়া স্বাঙ্গলীনেব নিঃশব্দাখিলমণ্ডনা
কৃতাবগুণ্ঠা স্নিগ্ধৈক-সখীযুক্তা প্রিয়ং ব্রজেৎ ॥
—উজ্জ্বলনীলমণি (৫ম অধ্যায়)

যিনি কান্তকে সংকেতস্থানে আনেন বা নিজে কান্তের সংকেতস্থানে যান তাঁকে অভিসারিকা বলে। তাঁকে সহজে কেউ দেখে না ফেলে তার জন্যে জ্যোৎস্নায় তাঁকে শুভ্র বাস পরতে হবে আর অন্ধকার রাতে কালো রঙের পরিচ্ছদ পরবেন তিনি। অলংকারের ধ্বনি না হয় সে বিষয়ে তাঁকে সচেতন হতে হবে। তিনি অবগুন্ঠন নেবেন এবং সখীর সঙ্গে প্রিয়ের কাছে যাবেন।
রাধা এখানে 'তমোভিসারিকা'। কারণ তার অভিসার অন্ধকারে।

৩. মূলে 'রাজসি' পদটি 'রাজিষ্যসি' অর্থে ব্যবহৃত, অর্থাৎ ভবিষ্যৎসামীপ্যে বর্তমানের প্রয়োগ।

ষষ্ঠ সর্গ

১. Govinda is prabably a Prakritic form of gopendra (gov' inda) which means 'chief of the cowherds'. It can also be derived from go √ vid to mean 'protector of cows.' In either case, the epithet refers to Krishna's adolescence in the forest among the pastoral people of Vraja —Barbara Stoler Miller লিখিত Jaydeva's Gitagovinda' গ্রন্থের ভূমিকা-টীকা থেকে।

২. যে নায়িকা প্রিয়তমের আগমনপ্রতীক্ষায় নিজের দেহ ও মিলনকুঞ্জ সজ্জিত করেন এবং প্রিয়তমের সঙ্গে সম্ভোগ কল্পনা করে সখীর সঙ্গে কৌতুকালাপ করতে করতে দূতীর পথের দিকে চেয়ে থাকেন তাঁকে বাসকসজ্জিতা বলে। লক্ষণ—

স্ববাসকবশাৎ কান্তে
সমেষ্যতি নিজং বপুঃ।
সজ্জীকরোতি গেহঞ্চ
যা সা বাসকসজ্জিতা ॥
চেষ্টা চাস্যাঃ স্মরক্রীড়াসংকল্পো
বর্ত্মবীক্ষণং।
সখী বিনোদবার্তা চ
মুহুর্দূতীক্ষণাদয়ঃ ॥ —উজ্জ্বলনীলমণি ৫

শৃঙ্গারতিলকে—
'ভবেদ্বাসকসজ্জাসৌ সজ্জিতাঙ্গ-রতালয়া'।

৩ কৃষ্ণ-ভোগি-ভবন =
১) কৃষ্ণসর্পের আবাসস্থল
২) সম্ভোগশীল কৃষ্ণের বিহারস্থান

সানন্দ নন্দাস্পদ =
১) আনন্দপূর্ণ নন্দের গৃহ
২) উৎসবপূর্ণ আনন্দনিকেতন

সপ্তম সর্গ

১. কুলটাদের প্রয়োজন ছিল অন্ধকারের। কিন্তু চাঁদ আলো ফেলল তাদেরই পথে। এ তাদের সঙ্গে অকারণ শত্রুতা, এরই ফলে চাঁদ কলংকী।
('যঃ কশ্চন যস্য কস্যচন মার্গঘাতং করোতি স কলঙ্কী ভবত্যেব')

২. উপমাটি চাঁদের পূর্ণতার দ্যোতক।

৩. এখানে নায়িকা 'বিপ্রলব্ধা'।

৪. প্রিয়ের ভালোবাসার জন্যেই চারুতা।
('প্রিয়স্য সৌভাগ্যফলা হি চারুতা)

৫. এখানে বিপরীত-রতি দ্যোতিত।
('যুবতী বিলসতীত্যনেন কামিকর্তৃকবিলাসাকথনাদ্বিপরীতরতমুক্তম্—রসমঞ্জরী) এখানে 'মধুরিপু' পদে কৃষ্ণের মাধুর্যে অনভিজ্ঞতা দ্যোতিত। তাই স্বল্পগুণাও তার কাছে অধিকগুণা বলে প্রতিভাত।
(মধুরিপুরিত্যনেন তস্য মাধুর্যানভিজ্ঞত্বং দ্যোত্যতে। তেন অধিকগুণেত্যনেন মত্তো হীনেতি ব্যজ্যতে।—রসিকপ্রিয়া)

৬. 'কুরুচি' ফুল।

৭. হলধরের সহোদর বলায় নায়কের অবৈদগ্ধ্য দ্যোতিত। আমাকে অভিসারে ডেকে অন্যের সঙ্গে রমণে তার খলত্ব।
(মামভিসার্য অন্যয়া সহ রমণাদ্ধরেঃ খলত্বম্—বালবোধিনী)

৮. এখানে সেই নায়িকা 'স্বাধীনভর্তৃকা'। (যার রতিগুণে আকৃষ্ট নায়ক তার পার্শ্ব ত্যাগ করে না। বিচিত্র বিভ্রমে আসক্তা সেই নায়িকাকে স্বাধীনভর্তৃকা বলে)

৯, 'শঠঃ গূঢ়াপরাধকৃৎ'। (রসার্ণবসুধাকরঃ)

১০. এখানে রাধা দূতীর প্রতিই সন্দিগ্ধা কোনো কোনো টীকাকার এমন মনে করেন। 'তোমাকে পাঠালাম কৃষ্ণের কাছে, কৃষ্ণ তোমাতেই অনুরাগিণী হলেন, তোমার আর কী দোষ বলো। তিনি বহুবল্লভ এ তো জানা কথা। তবে তোমাকেও বলি, সখ্যের মর্যাদা তুমি ভালো ভাবেই দিলে'।—রাধার যেন এই বক্তব্য।

অষ্টম সর্গ

১. প্রিয়বিরহে রাতটি অতিদীর্ঘ বলে মনে হল। 'যামিনী' পদটির এই তাৎপর্য
('অত্র যামিনীপদেন প্রিয়বিরহে অতিদীর্ঘত্বং ধ্বনিতম্'—রসমঞ্জরী)

২. নায়িকা খণ্ডিতা।

৩. 'মানিনীনাং হি প্রিয়াগ্রতো মানোঽতিমানমেতি'।

৪. নায়ক ধৃষ্ট ঃ
'ব্যক্তান্যযুবতিলক্ষ্যোঽপি নির্ভয়ঃ।—রসার্ণবসুধাকরঃ

নবম সর্গ

১. যে নায়িকা সখীজনের সামনে পদানত প্রিয়তমকে ত্যাগ করে পরে অনুতপ্ত হয় তাকে কলহান্তরিতা বলে। প্রলাপ, সন্তাপ, গ্লানি ও দীর্ঘশ্বাস কলহান্তরিতার লক্ষণ।

যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা
নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা।
অস্যাঃ প্রলাপ-সন্তাপ-গ্লানি-নিশ্বসিতাদয়ঃ।

—উজ্জ্বলনীলমণি

তুলনীয় ঃ

আন্ধল প্রেমে পহিলে নাহি হেরলুঁ
সো বহু-বল্লভ কান।
আদর সাধে বাদ করি তা সঞে
অহর্নিশি জলত পরান। —গোবিন্দদাস

২. যুবতিসভার বিশেষণ 'সকলা' পদের শিষ্ট অর্থ ঃ চতুঃষষ্টিকলানিপুণা।
৩. রসিকজনম্ ='কৃষ্ণভক্তিরসাস্বাদগৃহীতং শৃঙ্গারাদিরসাস্বাদপরম্'। —রসমঞ্জরী

দশম সর্গ

১. তুলনীয়—শ্রীকৃষ্ণকীর্তনের কবি বড়ুচণ্ডীদাস এই গীতটির অনুকরণে লিখেছেন ঃ

যদি কিছু বোল বোলসি তবে
দশনরুচি তোহ্মারে।
হরে দুরুবার ভয় আন্ধকার
সুন্দরি রাধা আহ্মারে।
তোমার বদন সংপুন চান্দ আধর
আমিআঁ লোভে।
পরতেখ তোর নয়নচকোরযুগল
নিশ্চল শোভে॥ ইত্যাদি

২. সূর্যসন্তাপ ঃ শিরসি পল্লবাদিস্থাপনেন শাম্যতীতি ধ্বনিঃ।
৩. মনের দুয়োর দিয়েই সে (অন্য কেউ) প্রবেশ করবে। কিন্তু সেই দুয়োর তো বন্ধ (অন্যের কাছে বন্ধ), তাই মনে দেহধারীর প্রবেশ অসম্ভব। একান্ত বি-দেহ (আনন্দ)-ই সেখানে প্রবেশ করতে পারে। অর্থাৎ আমায় মদন-সন্তপ্ত মন তোমার আলিঙ্গনই একান্তভাবে কামনা করছে।
৪. মুগ্ধে! =আত্মহিতানাভিজ্ঞে। (পূজারী গোস্বামী)। (নিজের ভালো কিসে তা যে বোঝে না সেই মুগ্ধ)।
৫. 'দুষ্টচেষ্টত্বাৎ' (পূজারী গোস্বামী)। অর্থাৎ দুর্বৃত্ততার জন্যেই বদনের ঐ বিশেষণ।

৬. তুলনীয় ঃ যদি শব্দমন্ত্রে সংসার জয় করিবে তবে তোমার কণ্ঠে যেন পঞ্চম স্বর লাগে। —বসন্তের কোকিল, বঙ্কিমচন্দ্র
মধুর স্বর হিসেবে পঞ্চমস্বরের খ্যাতি। এই স্বরটি কোকিলকণ্ঠজাত বলে প্রাচীনেরা মনে করতেন। স্বড়্জং রৌতি ময়ূর ইত্যাদি।

৭ বন্ধুক—বাঁধুলিফুল (রক্তবর্ণ পুষ্পবিশেষ)।

৮. মদালসা, ইন্দুমতী, মনোরমা, রম্ভা কলাবতী, চিত্রলেখা—এরা সব স্বর্গের প্রধানা অপ্সরা। পৃথিবীতে থেকেও তুমি এদের আশ্রয়স্থল হয়ে আছ।

৯. কুবলয়পীড় – কংসের হাতি।

একাদশ সর্গ

১. 'কিসলয়কম্পচ্ছলেনাসমঞ্জসমসহমানো লতাসমূহোঽপি ত্বাং প্রেরয়তীতি ভাবঃ অথবা অগ্রে পল্লবিতবৃক্ষাদিদর্শনং যাত্রায়াং ফলসিদ্ধিসূচকম্। তদুক্তং শকুন-শাস্ত্রে—বামে মধুরবাক্‌পক্ষী বৃক্ষঃ পল্লবিতোঽগ্রতঃ। অনুকূলো বহন্ বায়ুঃ প্রয়াণে শুভসূচকঃ॥ ইতি।' —রসমঞ্জরী

২. ভক্তিরসের সঙ্গে শৃঙ্গাররসের মিলন দ্যোতিত।

৩. এ কি আত্মবিকত্থন না উপাধি-মাত্রোল্লেখ ? নিত্যত্বসর্বোত্তমত্বনিশ্চয়াবেশেনাত্মানং বহুমন্যমানস্য কবিরাজরাজ ইতি প্রৌঢ়োক্তিরিয়ম্। —বালবোধিনী

৪. 'পদ্মাবতীর' অর্থ এখানে রাধা বা লক্ষ্মী ধরলে অনুবাদটি দাঁড়াবে—হে কৃষ্ণ! কবিরাজরাজ জয়দেবরচিত রাধা বা লক্ষ্মীর আনন্দবর্ধক এই সঙ্গীতে তুমি মঙ্গল বিধান করো।

৫. যোঽত্যন্তং গচ্ছতি সোঽপি পততি ইত্যর্থঃ—বালবোধিনী। কেউ পড়ে গেলে তাড়াতাড়ি উঠে দাঁড়ায় এবং কেউ আমাকে দেখে ফেলল না তো ?—এই ভেবে চঞ্চল চোখে সলজ্জভাবে চারদিকে তাকায়। (যঃ কশ্চিৎ পততি সোঽপি ঝটিত্যুত্থায় কেনাপি কিমহং দৃষ্ট ইতি তরলতারং কৃত্বা লজ্জয়া দিশোঽবলোকয়তি ইত্যভিপ্রায়ঃ)। —ঐ

দ্বাদশ সর্গ

১. এখানে নায়িকা স্বাধীনভর্তৃকা।
লক্ষণ ঃ
প্রিয়তম অধীন হয়ে সর্বদা যে নায়িকার কাছে থাকেন তাকে স্বাধীনভর্তৃকা বলে—

স্বায়ত্তাসন্নদয়িতা ভবেৎ স্বাধীনভর্তৃকা।
সলিলারণ্যবিক্রীড়া-কুসুমাবচয়াদিকৃৎ॥

—উজ্জ্বলনীলমণি ৫

২. বক্রদৃষ্টাবলোকনাৎ ভামিনীত্যুক্তম্। —বালবোধিনী

৩. যস্য বন্ধনাদি ক্রিয়তে স প্রীতিং ন প্রাপ্নোতি।
অয়ং তু তাদৃশোঽপি প্রীতিমাপ॥

—রসমঞ্জরী

৪. লক্ষণীয় ঃ কৃষ্ণকে 'পতি' বলা হয়েছে।
শ্রীরাধা কৃষ্ণের গোলোকলীলায় নিত্য-স্বকীয়া কিন্তু মর্ত্যবৃন্দাবনলীলায় পরকীয়া। ব্রহ্মবৈবর্তপুরাণে ব্রহ্মা বিধি-অনুসারে রাধাকে কৃষ্ণের হাতে সমর্পণ করছেন সে কাহিনী আছে।
তুলনীয় ঃ গর্গসংহিতায়,—নন্দ রাধাকে বলেছেন ঃ
গৃহাণ রাধে নিজনাথমঙ্কাৎ
—হে রাধা! আমার কোল থেকে নিজের স্বামীকে গ্রহণ করো।
—গর্গসংহিতা, গোলক খণ্ড, ১৬শ অধ্যায়।
লক্ষণীয় ঃ ৫ম সর্গের ১৮নং শ্লোকে 'দম্পতী' শব্দের প্রয়োগ ঃ আশ্লেষাদনু-চুম্বনাদনু ইত্যাদি ঃ

৫. মঙ্গলার্থকলশো হি পয়ঃপূর্ণো ভবতি স্থনীলাম্রপল্লবৈরুপচিতশ্চ। এবমত্র পয়োধস্যোচিতী। অনেন ময়ূরপদকং নাম নখরক্ষতং ব্যজ্যতে।

—রসিকপ্রিয়া

৬. মুখস্য কমলত্বেন অলকস্য ভ্রমরত্বেন নিরূপিতম্।

—বালবোধিনী

৭. প্রীত হয়ে তাই করেন। এখানে নায়িকা প্রগল্ভা, নায়ক 'দক্ষিণ'। প্রগল্ভা-নায়িকার লক্ষণ—
লব্ধা পতিং প্রগল্ভা স্যাৎ সমস্তরতকোবিদা;
আক্রান্তনায়িকা বাঢ়ং বিরাজদ্বিভ্রমা যথা॥
স্বামিন্ ভঙ্গুরয়ালকং সতিলকং ভালং বিলাসিন্ কুরু
প্রাণেশত্রুটিতং পয়োধরযুগে হারং পুনর্যোজয়।
ইত্যুক্তা সুরতাবসানসুখিতা সম্পূর্ণচন্দ্রাননা
স্পৃষ্টা তেন তথৈব জাতপুলকা প্রাপ্তা পুনর্মোহম্॥
দক্ষিণ নায়কের লক্ষণ—
যো গৌরবং ভয়ং প্রেম দাক্ষিণ্যং পূর্বযোষিতি
ন মুঞ্চত্যনুরক্তোঽপি জ্ঞেয়োঽসৌ দক্ষিণো যথা।

গীতগোবিন্দম্

প্রথমঃ সর্গঃ

সামোদ-দামোদরঃ

মেঘৈর্মেদুরমম্বরং বনভুবঃ শ্যামাস্তমালদ্রুমৈ-
র্নক্তং ভীরুরয়ং ত্বমেব তদিমং রাধে গৃহং প্রাপয়।
ইত্থং নন্দনিদেশতশ্চলিতয়োঃ প্রত্যধ্বকুঞ্জদ্রুমং
রাধামাধবয়োর্জয়ন্তি যমুনাকূলে রহঃকেলয়ঃ ॥ ১ ॥

বাগ্‌দেবতাচরিতচিত্রিতচিত্তসদ্মা
পদ্মাবতীচরণচারণচক্রবর্তী।
শ্রীবাসুদেবরতিকেলিকথাসমেত-
মেতং করোতি জয়দেবকবিঃ প্রবন্ধম্ ॥ ২ ॥

যদি হরিস্মরণে সরসং মনো
যদি বিলাসকলাসু কুতূহলম্।
মধুরকোমলকান্তপদাবলীং
শৃণু তদা জয়দেবসরস্বতীম্ ॥ ৩ ॥

বাচঃ পল্লবয়ত্যুমাপতিধরঃ সন্দর্ভশুদ্ধিং গিরাং
জানীতে জয়দেব এব শরণঃ শ্লাঘ্যো দুরূহদ্রুতে।
শৃঙ্গারোত্তরসৎপ্রমেয়রচনৈরাচার্যগোবর্ধন-
স্পর্ধী কোঽপি ন বিশ্রুতঃ শ্রুতিধরো ধোয়ী কবিক্ষ্মাপতিঃ ॥ ৪ ॥

গীতম্ ॥ ১ ॥

মালবরাগেণ রূপকতালেন চ গীয়তে—

প্রলয়পয়োধিজলে ধৃতবানসি বেদং।
বিহিতবহিত্রচরিত্রমখেদম্ ॥
কেশব, ধৃতমীনশরীর, জয় জগদীশ হরে ॥ ৫ ॥ধ্রুবম্

ক্ষিতিরতিবিপুলতরে তিষ্ঠতি তব পৃষ্ঠে।
ধরণিধরণকিণচক্রগরিষ্ঠে ॥
কেশব, ধৃতকূর্মশরীর, জয় জগদীশ হরে ॥ ৬ ॥

বসতি দশনশিখরে ধরণী তব লগ্না।
শশিনি কলঙ্ককলেব নিমগ্না।
কেশব, ধৃতশূকররূপ, জয় জগদীশ হরে ॥ ৭ ॥

তব কর-কমলবরে নখমদ্ভুতশৃঙ্গং ।
দলিতহিরণ্যকশিপুতনুভৃঙ্গম্ ॥
কেশব, ধৃতনরহরিরূপ, জয় জগদীশ হরে ॥ ৮ ॥

ছলয়সি বিক্রমণে বলিমদ্ভুতবামন ।
পদনখনীরজনিতজনপাবন ॥
কেশব, ধৃতবামনরূপ, জয় জগদীশ হরে ॥ ৯ ॥

ক্ষত্রিয়রুধিরময়ে জগদপগতপাপং
স্নপয়সি পয়সি শমিতভবতাপম্ ॥
কেশব, ধৃতভৃগুপতিরূপ, জয় জগদীশ হরে ॥ ১০ ॥

বিতরসি দিক্ষু রণে দিক্‌পতিকমনীয়ং ।
দশমুখমৌলিবলিং রমণীয়ম্ ॥
কেশব, ধৃতরামশরীর, জয় জগদীশ হরে ॥ ১১ ॥

বহসি বপুষি বিশদে বসনং জলদাভং ।
হলহতিভীতিমিলিতযমুনাভম্ ॥
কেশব, ধৃতহলধররূপ, জয় জগদীশ হরে ॥ ১২ ॥

নিন্দসি যজ্ঞবিধেরহহ শ্রুতিজাতং ।
সদয়হৃদয়দর্শিতপশুঘাতম্ ॥
কেশব, ধৃতবুদ্ধশরীর, জয় জগদীশ হরে ॥ ১৩ ॥

ম্লেচ্ছনিবহনিধনে কলয়সি করবালং ।
ধূমকেতুমিব কিমপি করালম্ ॥
কেশব, ধৃতকল্কিশরীর, জয় জগদীশ হরে ॥ ১৪ ॥

শ্রীজয়দেবকবেরিদমুদিতমুদারং ।
শৃণু সুখদং শুভদং ভবসারম্ ॥
কেশব, ধৃতদশবিধরূপ, জয় জগদীশ হরে ॥ ১৫ ॥

বেদানুদ্ধরতে জগন্নিবহতে ভূগোলমুদ্বিভ্রতে
দৈত্যং দারয়তে বলিং ছলয়তে ক্ষত্রক্ষয়ং কুর্বতে ।
পৌলস্ত্যং জয়তে হলং কলয়তে কারুণ্যমাতন্বতে
ম্লেচ্ছান্ মূর্ছয়তে দশাকৃতিকৃতে কৃষ্ণায় তুভ্যং নমঃ ॥ ১৬ ॥

গীতম্ ॥ ২ ॥

গুর্জরীরাগেণ নিঃসারতালেন চ গীয়তে—
শ্রিতকমলাকুচমণ্ডল ধৃতকুণ্ডল কলিতললিতবনমাল ॥
জয় জয় দেব হরে ॥ ১৭ ॥

দিনমণিমণ্ডলমণ্ডন ভবখণ্ডন মুনিজনমানসহংস ॥ ১৮ ॥
কালিয়বিষধরগঞ্জন জনরঞ্জন যদুকুলনলিনদিনেশ ॥ ১৯ ॥
মধুমুরনরকবিনাশন গরুড়াসন সুরকুলকেলিনিদান ॥ ২০ ॥
অমলকমলদললোচন ভবমোচন ত্রিভুবনভবননিধান ॥ ২১ ॥
জনকসুতাকৃতভূষণ জিতদূষণ সমরশমিতদশকণ্ঠ ॥ ২২ ॥
অভিনবজলধরসুন্দর ধৃতমন্দর শ্রীমুখচন্দ্রচকোর ॥ ২৩ ॥
তব চরণে প্রণতা বয়মিতি ভাবয় কুরু কুশলং প্রণতেষু ॥ ২৪ ॥
শ্রীজয়দেবকবেরিদং কুরুতে মুদং মঙ্গলমুজ্জ্বলগীতি ॥ ২৫ ॥

পদ্মাপয়োধরতটীপরিরম্ভলগ্ন-
কাশ্মীরমুদ্রিতমুরো মধুসূদনস্য ।
ব্যক্তানুরাগমিব খেলদনঙ্গখেদ-
স্বেদাম্বুপূরমনুপূরয়তু প্রিয়ং বঃ ॥ ২৬ ॥

বসন্তে বাসন্তী-কুসুম-সুকুমারৈরবয়বৈ-
র্ভ্রমন্তীং কান্তারে বহুবিহিতকৃষ্ণানুসরণাম্ ।
অমন্দং কন্দর্পজ্বরজনিতচিন্তাকুলতয়া
বলদ্বাধাং রাধাং সরসমিদমূচে সহচরী ॥ ২৭ ॥

গীতম্ ॥ ৩ ॥

বসন্তরাগযতিতালাভ্যাং গীয়তে ।—

ললিতলবঙ্গলতাপরিশীলনকোমলমলয়সমীরে ।
মধুকরনিকরকরম্বিতকোকিলকূজিতকুঞ্জকুটীরে ॥
বিহরতি হরিরিহ সরসবসন্তে ।
নৃত্যতি যুবতিজনেন সমং সখি বিরহিজনস্য দুরন্তে ॥ ২৮ ॥

উন্মদমনমনোরথপথিকবধূজনজনিতবিলাপে ।
অলিকুলসংকুলকুসুমসমূহনিরাকুলবকুলকলাপে ॥ ২৯ ॥

মৃগমদসৌরভরভসবশংবদনবদলমালতমালে ।
যুবজনহৃদয়বিদারণমনসিজনখরুচিকিংশুকজালে ॥ ৩০ ॥

মদনমহীপতিকনকদণ্ডরুচিকেশরকুসুমবিকাশে ।
মিলিতশিলীমুখপাটলিপটলকৃতস্মরতূণবিলাসে ॥ ৩১ ॥

বিগলিতলজ্জিতজগদবলোকনতরুণকরুণকৃতহাসে ।
বিরহিনিকৃন্তনকুন্তমুখাকৃতিকেতকদন্তুরিতাশে ॥ ৩২ ॥

মাধবিকাপরিমলললিতে নবমালিকয়াতিসুগন্ধৌ ।
মুনিমনসামপি মোহনকারিণি তরুণাকারণবন্ধৌ ॥ ৩৩ ॥

স্ফুরদতিমুক্তলতাপরিরম্ভণপুলকিতমুকুলিতচুতে ।
বৃন্দাবনবিপিনে পরিসরপরিগতযমুনাজলপূতে ॥ ৩৪ ॥

শ্রীজয়দেবভণিতমিদমুদয়তি হরিচরণস্মৃতিসারম্ ।
সরসবসন্তসময়বনবর্ণনমনুগতমদনবিকারম্ ॥ ৩৫ ॥

দরবিদলিতমল্লীবল্লিচঞ্চৎপরাগপ্রকটিতপটবাসৈর্বাসয়ন্ কাননানি ।
ইহ হি দহতি চেতঃ কেতকীগন্ধবন্ধুঃ প্রসরদসমবাণবদ্গন্ধবাহঃ ॥ ৩৬ ॥

অদ্যোৎসঙ্গবসদ্ভুজঙ্গকবলক্লেশাদিবেশাচলং
প্রালেয়প্লবনেচ্ছয়ানুসরতি শ্রীখণ্ডশৈলানিলঃ ।
কিঞ্চ স্নিগ্ধরসালমৌলিমুকুলান্যালোক্য হর্ষোদয়া-
দুন্মীলন্তি কুহূঃ কুহূরিতি কলোত্তালাঃ পিকানাং গিরঃ ॥ ৩৭ ॥

উন্মীলন্মধুগন্ধলুব্ধমধুপব্যাধূতচূতাঙ্কুর-
ক্রীড়ৎকোকিলকাকলীকলকলৈরুদ্গীর্ণকর্ণজ্বরাঃ ।
নীয়ন্তে পথিকৈঃ কথং কথমপি ধ্যানাবধানক্ষণ-
প্রাপ্তপ্রাণসমাসমাগমরসোল্লাসৈরমী বাসরাঃ ॥ ৩৮ ।

অনেকনারীপরিরম্ভসংভ্রমস্ফুরন্মনোহারিবিলসলালসম্ ।
মুরারিমারাদুপদর্শয়ন্ত্যসৌ সখীসমক্ষং পুনরাহ রাধিকাম্ ॥ ৩৯ ॥

গীতম্ ॥ ৪ ॥

রামকিরীরাগযতিতালাভ্যাং গীয়তে—

চন্দনচর্চিতনীলকলেবরপীতবসনবনমালী ।
কেলিচলন্মণিকুণ্ডলমণ্ডিতগণ্ডযুগস্মিতশালী ॥
হরিরিহ মুগ্ধবধূনিকরে বিলাসিনি বিলসতি কেলিপরে ॥ ৪০ ॥ধ্রুবম্

হায়, মূর্খতার কোনো নিয়ন্ত্রণ নেই।

৪. ন খলু ভবানুবন্ধঃ প্রেমা কালেনাপি বিঘট্যতে। (দ্বিতীয় অঙ্ক)
মহাকাল অনুভূতিযুক্ত প্রেমের কোনো ক্ষতি করতে পারে না।

৫. ধর্মস্য কামাদপক্রান্তস্য কুত্র প্রবৃত্তিঃ। (তৃতীয় অঙ্ক)
কামনা থেকে ভ্রষ্ট হলে ধর্ম কোথায় কাজ করবে ?

৬. নারীতি নাম প্রধানমস্ত্রং কামস্য। (চতুর্থ অঙ্ক)
নারী মদনদেবতার প্রধান অস্ত্র।

৭. বেত্রবতি, ক্রোধস্য বিজয়ায় ক্ষমেবাহূয়তাম্। (চতুর্থ অঙ্ক)
বেত্রবতি, ক্রোধকে জয় করতে এখন ক্ষমাকে ডেকে পাঠাও।

৮. আহূয়তাং লোভস্য জেতা সন্তোষঃ। (চতুর্থ অঙ্ক)
লোভকে যে জয় করবে সেই সন্তোষকে ডাকো।

৯. বীরাঃ পরস্য পরিবাদগিরঃ সহন্তে। (চতুর্থ অঙ্ক)
সাহসীরাই অন্যের তিরস্কারবাণী সহ্য করে।

১০. অগ্নেঃ শেষমৃণাচ্ছেষং শত্রোঃ শেষং ন শেষয়েৎ। (পঞ্চম অঙ্ক)
অগ্নির শেষ, ঋণের শেষ ও শত্রুর শেষ রাখতে নেই।

১১. কো মোহস্তত্র কঃ শোকঃ একত্বমনুপশ্যতঃ। (পঞ্চম অঙ্ক)
যিনি সর্বজীবের মধ্যেই সেই পরম একক বিরাজিত দেখতে পান তার কোনো মোহ বা শোক থাকে না।

কুশীলব

পুরুষ-চরিত্র

আত্মা	বিবেকের পিতামহ
মন	আত্মার পুত্র
কামদেব	মনের প্রবৃত্তিপক্ষের পুত্র মহামোহের অনুচর
অলঙ্কার	মনের প্রবৃত্তিপক্ষের পুত্র, মহামোহের অনুচর
ক্রোধ	মনের প্রবৃত্তিপক্ষের পুত্র, মহামোহের অনুচর
মহামোহ	মনের প্রবৃত্তিপক্ষের পুত্র ও প্রবৃত্তিপক্ষের রাজা
বিবেক	মনের নিবৃত্তিপক্ষের পুত্র, নিবৃত্তিপক্ষের রাজা
বৈরাগ্য	মনের নিবৃত্তিপক্ষের দ্বিতীয় পুত্র
লোভ	অহঙ্কারের পুত্র
দম্ভ	লোভের পুত্র
বটু	দম্ভের পরিচারক
চার্বাক	মহামোহের অনুচর (নাস্তিক্যবাদী)
দিগম্বর জৈন বৌদ্ধভিক্ষু কাপালিক সোমসিদ্ধান্ত	মহামোহের অনুচর
বস্তুবিচার ও সন্তোষ	বিবেকের অনুচর
সঙ্কল্প	মনের মন্ত্রী
নিদিধ্যাসন	বিষ্ণুভক্তির আত্মীয়
প্রবোধচন্দ্র	বিবেকের পুত্র

স্ত্রী-চরিত্র

রতি	কামের স্ত্রী
মতি	বিবেকের স্ত্রী
উপনিষদ	বিবেকের দ্বিতীয়া স্ত্রী
তৃষ্ণা	লোভের স্ত্রী
হিংসা	ক্রোধের স্ত্রী
বিভ্রমবতী	মিথ্যাদৃষ্টির সহচরী
মিথ্যাদৃষ্টি	মহামোহের উপপত্নী
শান্তি	শ্রদ্ধার কন্যা
করুণা	শান্তির সখী
শ্রদ্ধা—সাত্ত্বিকী ব্যাস—সরস্বতী	বিষ্ণুভক্তির সহচরী
দিগম্বরের মতানুসারিণী শ্রদ্ধা সোমসিদ্ধান্তের মতানুসারিণী শ্রদ্ধা বৌদ্ধভিক্ষুর মতানুসারিণী শ্রদ্ধা	তামসী শ্রদ্ধা
বিষ্ণুভক্তি	উপনিষৎ সখী
মৈত্রী ক্ষমা	বিষ্ণুভক্তির দাসী

প্রবোধচন্দ্রোদয়

প্রথম অংক

নিবিড় আনন্দময় সেই বিশুদ্ধ জ্যোতিকে আমি বন্দনা করি—যাকে নিজের আত্মস্বরূপেই জানতে হয়! যাকে না জানতে পারলে এই ত্রিভুবন কেবলমাত্র ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম রূপেই প্রতিভাত হতে থাকে—যেন মধ্যাহ্ন সূর্যের আলোকে দীপ্ত জলপ্রবাহ। যাকে জানলে ত্রিভুবনের অস্তিত্ব জ্ঞানীর দৃষ্টিতে মাল্যে সর্পভ্রমের মতোই লুপ্ত হয়ে যায়। ১ ॥

তাছাড়া, যিনি সমস্ত ইন্দ্রিয় নিয়মিত করেছেন অর্ধচন্দ্র শোভিতং সেই সংযমী দেবতার অন্তরজ্যোতির জয় হোউক। অন্তঃস্থিত নাড়িতে বায়ুবেগ রুদ্ধ হওয়ায় যে জ্যোতি তাঁর ব্রহ্মরন্ধ্রে প্রবিষ্ট, নিবিড় আনন্দের সঙ্গে যে জ্যোতি একীভূত, আত্মসন্ধানের শান্তিতে যা প্রকাশিত, যা জগদ্ব্যাপী—যেন ললাটস্থ প্রত্যক্ষ নেত্র থেকেই তা অভিব্যক্ত হয়েছে।

(নান্দীর শেষে সূত্রধারের প্রবেশ)

সূত্রধার—অধিক বাগ্‌বিস্তারে প্রয়োজন নেই। বিখ্যাত রাজা গোপাল—তাঁর চরণকমল প্রণত সামন্ত রাজগণের চূড়ামণিনিঃসৃত কিরণে আলোকিত: প্রবল প্রতিদ্বন্দ্বীদের বক্ষদ্বার উৎপাটন করে তিনি নৃসিংহরূপে[২] প্রকাশিত; প্রবল নরপতিসমুদ্রের প্রবাহে নিমগ্ন পৃথিবীকে উদ্ধার করে তিনি মহাবরাহ রূপে[৩] আবির্ভূত; তাঁর কীর্তি সকল দিকেই প্রকাশিত—দিগ্‌বিলাসিনীগণের কর্ণশোভী লতা-পল্লবের মতো। সকল দিগ্‌হস্তীদের কর্ণ আন্দোলিত হচ্ছে—ফলে যে বায়ুর উদ্গম হচ্ছে তাতে তাঁর প্রতাপের অনল জ্বলে উঠছে। এই গোপাল আমাকে নির্দেশ দিয়েছেন—'অকৃত্রিম বন্ধু কীর্তিবর্মার দিগ্বিজয়-ব্যাপারে লিপ্ত থাকায় আমাদের ব্রহ্মরসাস্বাদনে বিঘ্ন ঘটেছে, আমাদের দিনগুলি বিষয়রসের আস্বাদনে কলুষিত, কিন্তু এখন আমাদের উদ্দেশ্য সফল হয়েছে—কারণ, রাজার শত্রুগণ পরাজিত, পৃথিবী বিখ্যাত মন্ত্রীদের দ্বারা সুরক্ষিত, সমুদ্রমেখলা পৃথিবীর উপরে তাঁর প্রভুত্ব সামন্ত রাজগণের শিরোমাল্যের দ্বারা অভিনন্দিত। ৩ ॥

এখন, আমরা শান্তরসপ্রধান কোনো নাটকের অভিনয়ে আত্মবিনোদন করতে ইচ্ছুক। সুতরাং আমাদের গুরু শ্রীকৃষ্ণ মিশ্র 'প্রবোধচন্দ্রোদয়' নামক যে নাটকটি রচনা করে পূর্বেই তোমাকে দিয়েছেন তা আজ নৃপতি কীর্তিবর্মার সম্মুখে অভিনয়ের ব্যবস্থা করো। রাজা তার পরিষদ্‌বর্গ নিয়ে সেই অভিনয় দর্শনে কৌতূহলী হয়ে আছেন। তাই হোক্, আমি বাড়ি গিয়ে গৃহিণীকে ডেকে সঙ্গীতের ব্যবস্থা করি। (পরিক্রমণ করে তারপর নেপথ্যের দিকে তাকিয়ে) আর্যে, এইদিকে।

(নটীর প্রবেশ)

নটী—এই আমি এসেছি। আর্যপুত্র, আপনি আদেশ করুন আপনার কোন্ নির্দেশ পালন করব।

সূত্রধার—আর্যে তুমি তো জানোই—

রাজা গোপালের প্রতাপ আলোকের শিখার মতো ত্রিভুবনের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে, শত্রুনৃপতিসেনারূপ মহারণ্যে তা শিখার মতো জ্বলে উঠেছে, বিশ্বে তার যশ সর্বত্র পসারিত; তিনি তাঁর তরবারির সাহায্যে একা রাজগণকে পরাজিত করে শ্রেষ্ঠ নরপতি কীর্তিবর্মাকে সাম্রাজ্যে প্রতিষ্ঠিত করেছেন। ৪ ॥

তাছাড়া, যে সব যুদ্ধক্ষেত্রে পিশাচরমণীরা রাক্ষসরমণীদের সুন্দর হস্তে নিনাদিত নরকপালে নির্মিত করতালের শব্দে নৃত্য করছে—তারা যুদ্ধে নিহত হস্তীকুম্ভের মধ্য দিয়ে প্রবাহিত প্রবল বায়ুর শব্দে তারই কীর্তি ঘোষণা করছে। ৫ ॥

তিনি সম্প্রতি শান্তি পথের পথিক। নিজের আনন্দের জন্যে তিনিই আমাকে আদেশ করেছেন—'প্ররোধচন্দ্রোদয়' নাটক অভিনয় করাও। তাহলে নাটকের পাত্রপাত্রীদের সাজসজ্জা করতে বলো।

নটী—আর্যপুত্র, আশ্চর্য! আশ্চর্য! যিনি কেবলমাত্র বাহুশক্তিতে রাজগণকে পরাজিত করেছেন, কৃষ্ণের মতো যেন কর্ণসেনা সাগর মন্থন করে সমরবিজয়লক্ষ্মীকে ক্ষীরসমুদ্র পাইয়ে দিয়েছেন (অর্থাৎ, স্বস্থানে প্রতিষ্ঠাপিত করেছেন); সেখানে অশ্ববাহিনী ছিল তরঙ্গমালার মতো, আকর্ণ আকৃষ্ট ধনু থেকে নিক্ষিপ্ত শর সেই বাহিনী বিধ্বস্ত করেছিল; সেখানে উন্নতদেহ হস্তিদল ছিল পর্বতমালার মতো, তাদের বধ করা হয়েছিল অবিরাম নিক্ষিপ্ত তীক্ষ্ণ অস্ত্রে; সেখানে পদাতিক বাহিনী ছিল জনরাশির মতো—তা মন্থন করা হয়েছিল তার বাহুরূপ মন্থর দণ্ডে[৪]। তিনি এমন শমগুণের অধিকারী হলেন কীভাবে—যা মুনিগণের পক্ষেও শ্লাঘনীয়?

সূত্রধার—আর্যে, ব্রহ্মজ্যোতির স্বভাবই শান্ত, কোনো কারণে হলেও আবার স্বভাবধর্মেই ফিরে আসে। চেদিরাজ ছিলেন পার্থিব নরপতিদের পক্ষে বন্যাস্বরূপ, প্রলয়ের অগ্নির মতো নিষ্ঠুর; তাঁর দ্বারা উন্মূলিত চন্দ্রবংশীয় নৃপতিদের পৃথিবীর আধিপত্য পুনরায় প্রতিষ্ঠিত করার জন্যেই এই শক্তির জাগরণ। দেখো, প্রলয়কালীন বায়ুতে বিক্ষুব্ধ মহাসমুদ্র সমগ্র পর্বতগুলিকে ডুবিয়ে দেয়—এখন তারও শান্ত ও প্রসাদগুণ ফিরে এসেছে, আর সে মর্যাদা লঙ্ঘন করে না। ৬ ॥

তাছাড়া, ভগবান নারায়ণের অংশজাত যে সকল মহামানব প্রাণীর কল্যাণের জন্যে পৃথিবীতে অবতীর্ণ হয়েছিলেন—বীর্যই ছিল তাঁদের অলঙ্কার; তাঁরা এসেছিলেন লক্ষ্য সাধনের জন্যে, আবার তাঁরা প্রশান্ত হয়ে যান। পরশুরামের কথাই ভেবে দেখো না—একুশবার তিনি রক্তের নদীতে স্নান করেছিলেন[৫], নিহত ক্ষত্রিয় রাজাদের পঙ্কে পরিণত মজ্জা, মাংস ও মস্তিষ্কে পূর্ণ সেই রক্তধারা! ৭ ॥

সকলের কাছেই এ-কথা বিদিত যে তাঁর নির্দয় কুঠার নারী, শিশু ও বৃদ্ধদের বাদ দিয়ে ভীষণ শব্দে রাজন্যবর্গের উন্নত স্কন্ধ খণ্ডিত করতে সুদক্ষ! জমদগ্নিপুত্র সেই পরশুরামও রাজন্যবংশ ধ্বংস করে ভূ-ভার লাঘব করেছেন; কঠোর তপস্যায় তাঁর ক্রোধাগ্নি প্রশমিত হয়েছে। ৮ ॥

রাজা গোপালও এখন সঙ্কল্প সাধন করে পূর্ণ প্রশান্তি ভোগ করছেন। বিবেক যেমন মোহকে জয় করে জ্ঞানকে প্রতিষ্ঠিত করছেন।

(নেপথ্যে)

ওরে দুর্বৃত্ত নটাধম ! আমরা বেঁচে থাকতে বিবেকের হস্তে আমাদের রাজা মোহের পরাজয়ের কথা বলিস্ কোন্ সাহসে ?

সূত্রধার—(সন্ত্রস্ত দৃষ্টিতে তাকিয়ে) আর্যে, তুমি এই দিকে এসো। এই যে সুন্দর কামদেব রতির সঙ্গে এই দিকেই আসছেন ; মদ্যপানে তার দৃষ্টি চঞ্চল, সেই নয়নেই তিনি সকলকে মুগ্ধ করেছেন। তার দেহ রতির পূর্ণবিকশিত কুচভারে নিপীড়িত—তার ফলে রোমাঞ্চিত হয়েছে তার বাহু। ১০ ॥

মনে হচ্ছে, আমার কথায় তিনি ক্রুদ্ধ হয়েছেন। সুতরাং এই স্থান আমাদের বর্জন করাই ভালো। (উভয়ের প্রস্থান)

প্রস্তাবনা

(তারপর প্রবেশ করলেন যথানির্দিষ্ট কাম ও রতি)

কাম—('ওরে দুর্বৃত্ত নটাধম' ইত্যাদি পুনরায় পাঠ করে সক্রোধে)

ওরে নটাধম, শাস্ত্রপাঠজাত বিবেক কেবলমাত্র বিদ্বান ব্যক্তিদের মনেই বাস করে ; ততক্ষণই বাস করে যতক্ষণ পদ্মনয়না রমণীর চক্ষু থেকে দৃষ্টিশর তাদের উপর বর্ষিত না হয়। ১১ ॥

তাছাড়া, সুন্দর গৃহ, সুনয়না তরুণী, গুঞ্জনরত ভ্রমরশোভিত লতা, নব বিকশিত মল্লিকা, সুগন্ধ বায়ু আর চন্দ্রালোকিত রাত্রি—চারপাশে বর্তমান আমার এই সফল অস্ত্রগুলিই যদি জয়ী হয় তবে এই বিবেকের সাফল্য কোথায় ? প্রবোধের জন্মই বা কী করে সম্ভব ? ১২ ॥

রতি—আর্যপুত্র, আমার মনে হয় আমাদের মহারাজ মহামোহের শত্রু এই বিবেক নিশ্চয়ই খুব শক্তিমান।

কাম—প্রিয়ে, বিবেক থেকে তোমার এই স্ত্রীজাতি সুলভ ভয় জাগল কী করে ? দেখো, ওগো শোভনোরু, আমার ধনু ও শর পুষ্পনির্মিত হলেও দেবদানবে পূর্ণ এই নিখিল বিশ্ব আমার আদেশ লঙ্ঘন করে মুহূর্তকালও ধৈর্য রাখতে পারে না। ১৩ ॥

কারণ, অহল্যার কাছে উপপতিরূপে এসেছিলেন ইন্দ্র ; প্রজাস্রষ্টা ব্রহ্মা নিজের কন্যায় আসক্ত হয়েছিলেন, চন্দ্র তার গুরুস্ত্রীর প্রতি অনুরক্ত হয়েছিলেন ; এইভাবে প্রায় সকলকেই আমি নিষিদ্ধ পথে বিচরণ করতে বাধ্য করেছি। লোককে বিভ্রান্ত করতে আমার অস্ত্রসমূহের কোনো আয়াসের দরকার হয় না। ১৪ ॥

রতি—আর্যপুত্র ! হয়তো তাই। তবু শত্রু যদি মহা সহায়যুক্ত হয়, তাকে ভয় করা উচিত। কেননা শোনা যায়—সংযম, নিয়ম প্রভৃতি এর অমাত্যগণ খুব শক্তিশালী

কাম—প্রিয়ে, রাজা বিবেকের সংযম প্রভৃতি যে আটজন মন্ত্রীকে শক্তিমান ভাবছ—আমরা আক্রমণ করার আগেই তাদের বিবেকের কাছ থেকে বিচ্ছিন্ন করা হবে। কারণ, ক্রোধের সামনে অহিংসা কতক্ষণ থাকবে ? আমার সামনে ব্রহ্মচর্য প্রভৃতির অস্তিত্ব কতক্ষণ ? লোভের সামনে সত্য, অস্তেয় (চৌর্যহীনতা), অপরিগ্রহ (অনধিকার) প্রভৃতি কতক্ষণ যুঝবে ? ১৫ ॥

আসল কথা—সংযম, নিয়ম, আসন, প্রাণায়াম, ইন্দ্রিয়সংহরণ, ধ্যান, ধারণা,

সমাধি প্রভৃতি আট শক্তি একমাত্র নির্বিকার চিত্তের দ্বারা লভ্য—তাই তাদের ধ্বংস সহজ। একমাত্র নারীশক্তিই তাদের সর্বনাশ সাধনে সক্ষম। সুতরাং তারা আছে আমারই শাসনে।

নারীদের দৃষ্টি, আলাপ, বিলাস, পরিহাস, কামলীলা এবং আলিঙ্গন প্রভৃতির স্মৃতিও মনের বিকার ঘটাবার পক্ষে যথেষ্ট ॥ ১৬ ॥

তাছাড়া এই মন্ত্রিগণ আমার প্রভুর প্রিয় মত্ততা, মাৎসর্য, দম্ভ, লোভ প্রভৃতির সঙ্গে যুদ্ধে নিযুক্ত হয়ে অধর্মকেই আশ্রয় করবে।

রতি—আর্যপুত্র, আমি শুনেছি, আপনি এবং বিবেক, শম, সংযম প্রভৃতির একই উৎস!

কাম—আঃ, তুমি কি বলতে চাও আমাদের একই উৎস? তবে আমাদের পিতা একই, একথা সত্য। কারণ—প্রথম পুরুষের সঙ্গে মায়ার মিলনে যে পুত্রের জন্ম হল তার নাম মন—তিনি এই ত্রিলোক সৃষ্টি করার পর আমাদের দুটি বংশও সৃষ্টি করলেন ॥ ১৭ ॥

প্রবৃত্তি ও নিবৃত্তি তার ধর্মপত্নী; প্রবৃত্তির গর্ভজাত মহামোহ একটি বংশের প্রধান—নিবৃত্তি দ্বিতীয় বংশের জননী, বিবেক তার প্রধান।

রতি—আর্যপুত্র, তাই যদি হবে, তবে ভ্রাতাদের মধ্যে এমন শত্রুতা কেন?

কাম—প্রিয়ে! একই বস্তুর জন্যে ভ্রাতাদের মধ্যে শত্রুতার সৃষ্টি হয়—একথা তো পৃথিবীর লোক ভালোভাবেই জানে। কেবলমাত্র ভূমির জন্যে কুরু ও পাণ্ডবদের মধ্যে তীব্র বিরোধ সৃষ্টি হয়েছিল যা পরিণামে হয়েছিল লোকক্ষয়কারী ॥ ১৮ ॥

এই সমগ্র জগৎ আমাদের পিতার অর্জিত—আমরা তা অধিকার করেছি, কারণ পিতার কাছে আমরাই প্রিয়। তাদের কে-ই বা জানে? তাই ঐ পাপীর দল এখন আমাদের এবং সেই সঙ্গে পিতাকেও উন্মূলিত করতে উদ্যত হয়েছে।

রতি—আর্যপুত্র, পাপ শান্ত হোক। কিন্তু শুধু ঈর্ষাবশতই কি ওরা এইভাবে পাপানুষ্ঠান করে যাচ্ছে? তারা কি কোনো উপায়ের কথা ভেবেছে?

কাম—প্রিয়ে! (আখ্যানভাগের) একটি নিগূঢ় বীজ রয়েছে।

রতি—তাহলে আপনি তো আমার কাছে প্রকাশ করছেন না কেন?

কাম—প্রিয়ে, তুমি স্ত্রীলোক, স্বভাবতই ভীরু। তাই ঐ পাপীদের নিদারুণ কর্মকথা তোমাকে বলা হয় নি।

রতি—কী ধরনের কাজ, আর্যপুত্র?

কাম—প্রিয়ে, তুমি ভয় পেয়ো না, ভয় পেয়ো না। যারা নিরাশ, এটা তাদেরই পক্ষে আশাজনক। কিংবদন্তী শোনা যাচ্ছে—আমাদের বংশে কালরাত্রিস্বরূপা বিদ্যা নামে এক দানবী জন্মগ্রহণ করবেন।

রতি—(সভয়ে) কী ভয়ানক! আমাদের বংশে দানবী? ভাবতে গিয়ে আমার বুক কেঁপে উঠছে!

কাম—ভয় পেয়ো না প্রিয়ে, ভয় পেয়ো না। এটা কিংবদন্তী মাত্র!

রতি—তাহলে এই দানবী কী করতে যাচ্ছে?

কাম—প্রিয়ে, এবিষয়ে প্রজাপতির এই বাণী শোনো—

যে পুরুষ সমস্ত আসঙ্গ ত্যাগ করেছে তার এক স্ত্রী—নাম মায়া; পুরুষের স্পৃষ্ট না হয়েও সে 'মন' নামক এক পুত্রসন্তান প্রসব করেছে—তারপর সে

যথাক্রমে ত্রিলোকের জন্ম দিয়েছে ॥ ১৯ ॥

সেই মন থেকেই আবার এক কন্যার জন্ম হবে—তার নাম বিদ্যা ; সে তোমার পিতা, ভ্রাতা মাতা—এবং সমস্ত বংশকেই গ্রাস করবে[৭]।

রতি—(সভয়ে, কাঁপতে কাঁপতে) আর্যপুত্র, রক্ষা করুন, রক্ষা করুন।

(স্বামীকে আলিঙ্গন করল)

কাম—(স্পর্শসুখের অভিনয় করে, আত্মগতভাবে) চঞ্চল নয়নতারকাযুক্তা রমণীর আলিঙ্গন, যে আলিঙ্গন দেহে রোমাঞ্চ সৃষ্টি করে, যে আলিঙ্গন ভয়ে কম্পমান উন্নত বক্ষের সংস্পর্শে আসার জন্যে পরম সুখকর—সেই আলিঙ্গনে ওর লতাসদৃশ বাহু আমাকে জড়িয়ে রেখেছে—বাহুতে মূল্যবান রত্নের মধুর শব্দ আমার আনন্দ এবং মোহ দুই-ই সৃষ্টি করছে। (দৃঢ়ভাবে আলিঙ্গন করে, প্রকাশ্যে) ভয় পেয়ো না প্রিয়ে, ভয় পেয়ো না। আমরা জীবিত থাকতে বিদ্যার জন্ম কীভাবে সম্ভব ?

রতি—আচ্ছা, এই দানবীর আবির্ভাব কি আপনার প্রতিপক্ষীয়গণ মেনে নিয়েছেন ?

কাম—হ্যাঁ, তিনি ও তাঁর ভ্রাতা প্রবোধচন্দ্র, উপনিষদ্ দেবীর গর্ভে জন্মগ্রহণ করবেন—জনয়িতা হবেন বিবেক ; শম দম প্রভৃতি সকলেই এই ব্যাপারে উদ্যোগী হয়েছেন।

রতি—আর্যপুত্র ! এরা সব নিজেদের সংহারকারিণী বিদ্যার আবির্ভাবের কথা জেনে আনন্দ করছে কেন ?

কাম—প্রিয়ে, যারা বংশনাশে উদ্যত তাদের মনে—'এটা নিজের অথবা ওটা পরের এই ভাবনা কেন জাগবে ?

দেখো, যারা স্বভাবতই কলঙ্কিত এবং কুটিল তাদের জন্ম আবার তাদেরই সৃষ্টিকর্তার এবং নিজেদেরও ধ্বংসের হেতু হয়ে থাকে। ধূম মেঘে পরিণত হয়ে অগ্নিকে বিনাশ করে নিজেই ধ্বংসপ্রাপ্ত হয় ॥ ২১ ॥

নেপথ্যে

আঃ পাপী, দুরাত্মা ! আমাদেরই পাপকারী বলে নিন্দিত করছ ?

যে ব্যক্তি গর্বিত, ন্যায় ও অন্যায়ের মধ্যে পার্থক্য করতে জানেন না এবং যিনি অসৎ পথ অবলম্বন করেন তিনি গুরু হলেও পরিত্যাজ্য ॥ ২২ ॥

পুরাণবিদগণ পুরাণের এই বার্তা উল্লেখ করে থাকেন। যিনি জগতের পতি তাকেও আমাদের পিতা অহঙ্কারের দ্বারা পরিচালিত হয়ে বন্দী করেছেন—সেই বন্ধনকেই দৃঢ় করে তুলেছে মোহ আর অন্যেরা।

কাম—(দেখে) প্রিয়ে, আমাদের বংশে যিনি জ্যেষ্ঠ সেই বিবেক দেবী মতির সঙ্গে এই দিকেই আসছেন। ঘন তুষারে আচ্ছন্ন চন্দ্রের মতো তার দেহকান্তি অত্যন্ত নিষ্প্রভ ; যারা নিজেদের মনোবৃত্তি অনুসরণ করে সেই রাগ প্রভৃতির দ্বারা যেন তিনি তিরস্কৃত ; তার দেহ কৃশ, মানই তার ঐশ্বর্য ! ২৩ ॥

আমাদের পক্ষে এখানে থাকা আর সঙ্গত নয় ! (উভয়ের প্রস্থান)

বিষ্কম্ভক[৮]

(তারপর রাজা বিবেক ও মতি প্রবেশ করলেন)

রাজা—(চিন্তা করে) প্রিয়ে, তুমি কি এই দর্পী কামের স্পর্ধিত বচন শুনেছ—সে আমাদেরই পাপকারী বলে নিন্দিত করছে ?

মতি—আর্যপুত্র! কেউ কি নিজের দোষ বুঝতে পারে ?

রাজা—দেখো, আজ কতদিন হয়ে গেল, অহঙ্কারের অনুচর পাপী ও ধূর্ত মদ প্রভৃতিরা আমায় নিষ্কলঙ্ক, চিদানন্দময় জগৎপ্রভুকে বন্দী করে রেখেছে—ফলে তিনি অত্যন্ত দীনদশা প্রাপ্ত হয়েছেন! ২৪॥

আজ ওরা-ই হল ধার্মিক আর আমরা তাঁর মুক্তিসাধনে উদ্যোগী হয়েছি, আমরাই হলাম পাপী! হায়, দুর্বৃত্তগণ এইভাবেই জয়লাভ করে থাকে!

মতি—আর্যপুত্র, আমি শুনেছি সেই পরমপুরুষ স্বভাবতই আনন্দময় ও সুন্দর, তিনি নিত্য জ্যোতির্ময় এবং ত্রিভুবন ব্যাপ্ত করে বর্তমান। তাহলে কী করে এই দুর্বৃত্তেরা তাকে বেঁধে মহামোহের সাগরে নিক্ষেপ করল ?

রাজা—প্রিয়ে, যিনি অবিচ্ছিন্ন ধৃতি ও অক্ষয় শান্তির অধিকারী, যিনি সর্বসাফল্যের আশ্রয়, যিনি নীতিমান ও স্বচ্ছহৃদয়, যার বুদ্ধি সর্বত্র উচ্চ প্রশংসিত—তিনিও রমণীর দ্বারা প্রতারিত হয়ে স্বাভাবিক সাহস ত্যাগ করেন। পুরুষ নিজেও মায়ার সংসর্গে তাই করেছিলেন—এতো সবাই জানে! ২৫॥

মতি—আর্যপুত্র, দীপ্তিমান মহাসাগরের তুল্য যার প্রকাশ সেই পুরুষকে যে মায়া অভিভূত করে রেখেছে—এ যেন সহস্ররশ্মি-সূর্যকে এক খণ্ড অন্ধকার দিয়ে ঢেকে রাখা!

রাজা—প্রিয়ে, বিচারহীন মূর্খতায় মায়া সিদ্ধিলাভ করেছে, বিলাসিনী বারাঙ্গনার মতোই সে মিথ্যা মনোভাবের অভিনয় করে পরমপুরুষকে প্রতারিত করেছে। দেখো, স্ফটিকের মতোই যিনি দীপ্তিমান ও দুর্ভেদ্য, মায়ার লীলায় তাঁর মধ্যে একটু বিকৃতি হয়তো আসবে—কিন্তু মায়ার আলিঙ্গন তাঁর দীপ্তিকে আচ্ছন্ন করতে পারবে না, সামান্য অধীর করে তুলবে, এইমাত্র। ২৬॥

মতি—আর্যপুত্র! দুর্বিনীতা মায়া সেই উদারচরিত্র পুরুষকে প্রতারিত করছে—তার কারণ কী ?

রাজা—কোনো উদ্দেশ্য বা কারণেই কথা ভেবে মায়া কাজ করে না। এটা হল স্ত্রী-পিশাচীদের স্বভাব। দেখ, তারা মানুষের কোমলহৃদয়ে প্রবেশ করে, তাদের মুগ্ধ করে, মোহগ্রস্ত করে—তাদের তিরস্কার করে তারপর আবার প্রসন্ন করে—পরিণামে তাদের বিষাদগ্রস্ত করে। এমন কি কিছু আছে যা স্ত্রী-লোকেরা করতে পারে না ? অবশ্য এতে অন্য একটি কারণও আছে। ২৭॥

মতি—আর্যপুত্র, সেই কারণটি কী ?

রাজা—এই দুশ্চরিত্রা রমণী এইরকম ভেবেছিল, 'আমি বিগতযৌবনা, বর্ষীয়সী। এই পুরাণপুরুষ স্বভাবতই বিষয়ভোগে বিমুখ। সুতরাং আমার পুত্রকেই পরমেশ্বরের পদে প্রতিষ্ঠিত করব।' তার মন নামক পুত্র তার খুব কাছে ছিল বলেই মাতার ইচ্ছা অনুযায়ী নবদ্বার পুরী (দেহ) নির্মাণ করল যেন সে পিতৃরূপই পেয়েছে এইভাবে। সে একা হলেও বহুরূপে নিজেকে বিভক্ত করে তাদের মধ্যে প্রবেশ করেছে। তারপর সে নিজেকে কাজের জন্যে দায়ী করছে পুরুষকে যেমন বর্ণ প্রভৃতি প্রতিফলনের জন্য দায়ী করা হয় মণিকে। ২৮॥

মতি—আর্যপুত্র, মাতা যেমন পুত্রও তেমনি হয়েছে।

রাজা—তারপর তার পৌত্র, মনের পুত্র অহঙ্কার এসে তাকে আলিঙ্গন করল, তখন

ঈশ্বরভাবে পুরুষ ভাবলেন—আমি জন্মগ্রহণ করেছি, এই আমার পিতা, মাতা, দেহ, স্ত্রী, পরিবার, পুত্র, মিত্র, শত্রু ধন, বল, বিদ্যা, সুহৃদ,-আত্মীয়—এইভাবে বিচিত্র স্বপ্ন দেখতে দেখতে তিনি ভুলেই গেলেই নিজের স্বভাবধর্ম, তারপর অজ্ঞানের নিদ্রায় অভিভূত হয়ে পড়লেন।

মতি—আর্যপুত্র, পুরুষের চিত্তে প্রবোধের উদয় কেমন করে হবে—দীর্ঘ নিদ্রায় জাগরণের আশা যেখানে দূরীভূত ?

রাজা—(লজ্জায় মুখ নত করলেন)

মতি—আপনি আমার কথার উত্তর না দিয়ে লজ্জায় মাথা নত করে নীরবে দাঁড়িয়ে আছেন কেন ?

রাজা—প্রিয়ে, রমণীদের হৃদয় প্রায়ই ঈর্ষাকলুষিত হয়ে থাকে। তাই নিজেকে অপরাধী মনে করছি।

মতি—আর্যপুত্র, যে-সব রমণী প্রেমে অনুপ্রেরিত স্বামীদের ঈপ্সিত কর্মে অথবা স্বামীদের ধর্মকর্মে বিঘ্ন ঘটায় তারা তো স্বতন্ত্র প্রকৃতির।

রাজা—প্রিয়ে, দীর্ঘ বিরহের ফলে মানিনী ও ঈর্ষান্বিতা উপনিষদ্-দেবীর সঙ্গে আমার মিলন হবে, এ মিলন সম্ভব হবে শান্তি প্রভৃতির অনুকূল সাহায্যে। তুমি যদি কিছুকালের জন্যে বিষয়ভোগে নিবৃত্ত হয়ে নীরবে থাক, যখন জাগরণ, স্বপ্ন ও সুষুপ্তির সঙ্গে বিচ্ছেদ ঘটবে তখনই হবে প্রবোধের জন্ম। ৩০ ॥

মতি—আর্যপুত্র, যদি দৃঢ়বদ্ধ বংশপ্রভুর বন্ধনমোচন ঘটে তাহলে আপনি নিত্য তাঁর সঙ্গে (উপনিষদ্-দেবীর) মিলিত থাকুন। এটি আমার কাছে নিশ্চয়ই প্রিয়।

রাজা—প্রিয়ে, তুমি যদি এভাবে প্রসন্ন থাক তবে বলতে হবে, আমার মনোরথ সিদ্ধ হয়েছে। কারণ—জগতের আদি ও অনন্ত প্রভু যিনি ত্রিভুবনের উৎস—তাকে মানুষ বহুখণ্ডে ভাগ করে নগরে নগরে ছড়িয়ে দিয়েছে। আমি বিদ্যার সাহায্যে ব্রহ্ম-হন্তা তাদের ধ্বংস যথা বিধি করে ব্রহ্মের সঙ্গে তাদের ঐক্য প্রতিষ্ঠিত করব। এই হবে আমার পাপের প্রায়শ্চিত্ত। ৩১ ॥

তবে তাই হোক। পরিকল্পনাকে কাজে রূপ দেবার জন্যে শম ও দম প্রভৃতিদের নিযুক্ত করি।

(মতি ও বিবেকের প্রস্থান)

॥ শ্রীকৃষ্ণ মিশ্রবিরচিত প্রবোধচন্দ্রোদয় নাটকের সংসারাবতার নামক প্রথম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × দ্বিতীয় অঙ্ক × × × × × × × × × × × ×

(তারপর প্রবেশ করলেন দম্ভ)

দম্ভ—মহারাজ মহামোহ আমাকে এইভাবে আদেশ করেছেন—'বৎস দম্ভ, বিবেক তার অমাত্যদের সঙ্গে শপথপূর্বক ঘোষণা করেছেন—প্রবোধচন্দ্রের উদয় হবে। শম, দম প্রভৃতির বিভিন্ন তীর্থক্ষেত্রে পাঠানো হয়েছে। আমার বংশনাশ অদূরবর্তী—তোমারা অবহিত থেকে এর প্রতিবিধান করো। পৃথিবীতে মুক্তি-লাভের জন্য শ্রেষ্ঠ তীর্থ বারাণসী— তুমি সেখানে গিয়ে চারিবর্ণের মুক্তিপথে বাধা সৃষ্টি করতে তৎপর হও।'

এখন বারাণসী অনেকটা আমার অধিকারেই এসেছে; প্রভুর যথানির্দিষ্ট আদেশও পালন করেছি। এখন আমার বশীভূত লোকেরা চন্দ্রালোকিত রাত্রিগুলি বারাঙ্গনাগৃহে মদের গন্ধে ভরা রমণীমুখ এবং অধরপানে আমোদিত থেকে গাঢ় মদনোৎসবের আনন্দে কাটায়, আর দিনে ভাণ করছে তারা যেন সর্বজ্ঞ, যেন তারা দীক্ষিত, যেন তারা দীর্ঘকাল যাবৎ অগ্নিহোত্র যজ্ঞে সুনিপুণ—যেন তারা ব্রহ্মজ্ঞ এবং তাপস। এইভাবে এইসব ধূর্ত ব্যক্তি জগৎকে প্রতারিত করছে। (দেখে) কে এই পথিক ভাগীরথী পার হয়ে এখন এইদিকেই আসছেন? ॥ ১ ॥

তাঁকে দেখে মনে হচ্ছে যেন তিনি অভিমানের দহনে জ্বলছেন, যেন তিনি ত্রিলোকগ্রাসে উদ্যত; যেন তিনি বাক্যের দ্বারা তাদের তিরস্কার করছেন এবং জ্ঞানের দ্বারা উপহাস করছেন। মনে হচ্ছে ইনি দক্ষিণ রাঢ়া-দেশ থেকে আগত। যাই হোক মাননীয় অহঙ্কারের এই বৃত্তান্ত অনুসরণ করব।

(যথাবর্ণিত অহঙ্কারের প্রবেশ)

অহঙ্কার—হায়, জগৎ মূর্খে পূর্ণ[৩]। কারণ এরা গুরু প্রভাকরের[৪] বক্তব্য শোনে নি, কুমারিল ভট্টের[৫] দর্শনের কথা জানে না, শালিকের তত্ত্ব[৬] জানে না, বৃহস্পতির[৭] আর কথা কী? এরা মহোদধির[৮] সুন্দর উক্তিগুলির অর্থ বোঝে না, মহাব্রতের[৯] সূক্ষ্ম বস্তুবিচারের সঙ্গেও পরিচিত নয়। তাহলে এই নরপশুগণ কীভাবে নিশ্চিত হয়ে আছে? ॥ ৩ ॥

(দেখে) এরা সেই সমস্ত লোক যারা অর্থ না বুঝে বেদ অধ্যয়ন করে এবং এইভাবে বেদের অর্থ কলুষিত করে দেয়। (অন্যদিকে গিয়ে) এরা ভিক্ষালাভের সুবিধার জন্যেই মুনিবর অবলম্বন করেছে; মুণ্ডিতমস্তক এইসব লোক মনে করে যে এরাই পণ্ডিত—এইভাবে এরা বেদান্তশাস্ত্রকে বিপন্ন করছে। (হেসে) বেদান্তশাস্ত্র প্রত্যক্ষাদিলব্ধ অভিজ্ঞতার বিরোধী শিক্ষাই দিয়ে থাকে, এই বেদান্ত যদি শাস্ত্র হয় তবে বৌদ্ধেরা কী অপরাধ করছে[১০]? সুতরাং এদের বাক্যশ্রবণই অনিষ্টকর ॥ ৪ ॥

(পুনরায় অন্যদিকে গিয়ে) এই যে এখানে আছে শৈব এবং পাশুপতগণ; এরা অনেক কষ্টে অক্ষপাদের[১১] মতো আয়ত্ত করেছে—এরা পশুতুল্য, পাষণ্ড। এদের সঙ্গে বাক্যালাপ করলেও লোকে নরকে গমন করে। সুতরাং এদের দর্শনপথের বাইরে দূরে রাখাই উচিত। (পুনরায় অন্য দিকে গিয়ে) এই যে এরা গঙ্গাতীরে বিন্যস্ত শিলায় উজ্জ্বল কুশাসনে বসে আছে, গঙ্গাতরঙ্গের সংস্পর্শে শিলাগুলি শীতল; এদের হাতে কুশতৃণ আর কমণ্ডলুশোভিত এক বৃহৎ দম্ভ; অঙ্গুলির অগ্রভাব রত রয়েছে (ভগবানের নামোচ্চারণের সঙ্গে সঙ্গে) রুদ্রাক্ষমালার অক্ষগণনায়। এরা প্রতারকের দল, ধনীর অর্থ আত্মসাৎ করাব এদের কাজ! (পুনরায় অন্যদিকে গিয়ে) এরা ত্রিদণ্ডীর[১২] বেশে জীবিকা নির্বাহ করছে—এরা দ্বৈতবাদ বা অদ্বৈতবাদ, কোনো মতই অনুসরণ করে না। (অন্যদিকে তাকিয়ে) তাইতো, এই আশ্রমটি কার? দিব্যনদী গঙ্গার খুব কাছেই এখানে সহস্র ধৌত শ্বেতবস্ত্র—দরজার খুব কাছেই প্রোথিত উচ্চ বংশদণ্ডের উপরে উড়ছে; এখানে মাটিতে সাজানো রয়েছে দৃষদ-উপল[১৩],

সমিধ[১৪], চাষাল[১৫], উলূখল[১৬] আর মুসল[১৭]! সব কিছুই যোগসাধনের উপকরণ), এখানকার আকাশ অবিরাম ধোঁয়ায় আচ্ছন্ন—সেই ধোঁয়া নিরন্তর আহুতির ফলে সুগন্ধি! নিশ্চয়ই এটি কোনো গৃহস্থের আবাস! আচ্ছা এটি তো অতি পবিত্র তীর্থস্থান, এখানে আমরা দু' তিন দিন থাকতে পারি। (প্রবেশ অভিনয়) (তারপরে চেয়ে দেখে)—আরে ললাট, বাহু, উদর, বক্ষ, কণ্ঠ, ওষ্ঠ, পৃষ্ঠ, চিবুক, উরু, কপোল, জানু- মাটির ফোঁটায় চিহ্নিত, চূড়াগ্র, কর্ণ, কটি, পাণি দর্ভাঙ্কুর-বিরাজিত,—মূর্তিমান্ দম্ভের মতো দেখতে লাগছে। (কাছে গিয়ে) আপনার কল্যাণ হোক।

(দম্ভ 'হুম্'—এই শব্দ উচ্চারণ করে তাকে বাধা দিল।
এর পর বটুর[১৮] প্রবেশ)

বটু—(ব্যস্ততার সঙ্গে) ওগো ব্রাহ্মণ, দূরেই থাকো। এই আশ্রমে পাদপ্রক্ষালন করে প্রবেশ করতে হবে।

অহঙ্কার—(সক্রোধে) ওরে দুরাত্মন্! আমি তো এসেছি তুরুস্কদেশে[১৯]; এখানে তো গৃহীরা পাদ্য-আসন দিয়েও বেদজ্ঞ ব্রাহ্মণ অতিথিদের অভ্যর্থনা করে না।

(দম্ভ হস্তের ইঙ্গিতে তাকে শান্ত করলেন)

বটু—পূজ্যপাদ আচার্য বলছেন—আপনি বহু দূরদেশ থেকে এসেছেন, আপনারা রা আপনার কুলশীল সম্পর্কে নিশ্চিতভাবে কিছুই জানি না।

অহঙ্কার—আঃ! আমাদের কুলশীল বিষয়ে পরীক্ষা দিতে হবে নাকি? শোনো—
গৌড় একটি অনুপম দেশ—সেই দেশের অন্তর্গত 'রাঢ়াপুরী' এক অনুপম নগরী; সেখানে 'ভূরিশ্রেষ্ঠক' নামে এক শ্রেষ্ঠ নিবাস—নিবাসের শ্রেষ্ঠ হলেন আমার পিতা। তাঁর উচ্চবংশীয় পুত্রদের কথা কে না শুনেছে? জ্ঞানে চরিত্রে বিবেক-বুদ্ধিতে, সাহসে, বিনয়ে এবং কর্তব্যপালনে আমি আবার তাদের মধ্যে শ্রেষ্ঠ! ॥ ৭ ॥

(দম্ভ বটুর দিকে তাকালেন)

বটু—(তাম্রপাত্র নিয়ে) ভদ্র! পাদপ্রক্ষালন করুন।

অহঙ্কার—তাই হোক! এতে আর আপত্তির কী থাকতে পারে? আমি তাই করি।

(পা ধুয়ে সামনে এগিয়ে গেলেন)

(দম্ভ ওষ্ঠ দংশন করে বটুর দিকে তাকালেন)

বটু—দূরে থাকুন। বাতাসে আপনার স্বেদবিন্দু সর্বত্র ছড়িয়ে পড়ছে!

অহঙ্কার—আঃ ব্রাহ্মণত্বের এ এক নতুন প্রকাশ বটে!

বটু—হে ব্রাহ্মণ, তাই ঠিক। কারণ,
পাদস্পর্শ না করেই পৃথিবীর নরপতিগণ তাদের চূড়ামণির দীপ্তিতে এঁর পাদপীঠের সম্মুখস্থ ভূমি আলোকিত করে তোলেন ॥ ৮ ॥

অহংকার—(স্বগত) ও, এই দেশ দম্ভের দ্বারা অধিকৃত (প্রকাশ্যে) বেশ, আমি এই আসনেই বসি! (বসতে উদ্যত হলেন)

বটু—না—না, পূজ্যপাদ আচার্যের আসনে অন্য কেউ বসতে পারে না।

অহঙ্কার—আঃ দুরাত্মন্! দক্ষিণ রাঢ়প্রদেশে আমাদের শুচিতা প্রসিদ্ধ—আমরাও এই আসনে বসতে পারব না? মূর্খ। তবে শোনু—

আমার মাতা সদ্‌বংশসম্ভূতা নন, কিন্তু আমি এক বিখ্যাত বংশের কন্যাকে বিবাহ করেছি।৯ এ বিষয়ে আমি পিতা অপেক্ষাও বড়ো। আমার শ্যালকের ভাগিনেয়ের এক কন্যা মিথ্যা অপরাধে অভিযুক্ত হয়েছিল—কিন্তু আমার স্ত্রীর সঙ্গে এর সম্পর্ক থাকায় প্রেয়সী হলেও আমার স্ত্রীকে আমি ত্যাগ করেছি।[২০]

দম্ভ—ওহে ব্রাহ্মণ, তা সত্য হলেও আপনি আমাদের বিষয়ে কিছুই জানেন না। কারণ, আমি একবার পদ্মযোনি ব্রহ্মার গৃহে উপস্থিত হয়েছিলাম—তখন সমবেত মুনিগণ সকলেই আসন ছেড়ে উঠে দাঁড়ালেন। ১০ ॥ আমাকে সবিনয়ে অভ্যর্থনা জানালেন ব্রহ্মা; তারপর সঙ্গে সঙ্গে তাঁর গোময়-সলিলের দ্বারা শুচিকৃত নিজের উরুস্থলে আমাকে বসালেন।[২১]

অহঙ্কার—(স্বগত) অহো, দাম্ভিক ব্রাহ্মণের কী অত্যুক্তি! (চিন্তা করে) হয়তো ইনি স্বয়ং দম্ভ! তাই হোক! (প্রকাশ্যে) এত গর্বের কী কারণ? (সক্রোধে) ওরে, কে-ই বা ইন্দ্র, কে-ই বা ব্রহ্মা, কোথায় বা এই জগতে মুনিদের উৎসভূমি! আমার তপস্যার শক্তি জেনে রাখো, সেই শক্তিতে শত ইন্দ্র, শত ব্রহ্মা এবং শত মুনিরও পতন ঘটে! ১১ ॥

দম্ভ—(দেখে সানন্দে) তাই তো এ যে আমাদের পূজনীয় পিতামহ—অহঙ্কার। আর্য, আমি লোভের পুত্র দম্ভ, আপানাকে অভিনন্দন জানাচ্ছি।

অহঙ্কার—বৎস, আয়ুষ্মান হও। দ্বাপরযুগের অবসানে আমি তোমাকে শিশু অবস্থায় দেখেছিলাম। তারপর দীর্ঘকাল অতীত হয়েছে, আমি এখন বর্ধক্যগ্রস্ত, তাই তোমাকে ঠিক চিনতে পারি নি। তোমার পুত্র অনৃতের কুশল তো?

দম্ভ—হ্যাঁ। মহামোহের আদেশে সে এখন এখানেই আছে, আমি তাঁকে ছাড়া মুহূর্তকালও থাকতে পারি না।[২২]

অহঙ্কার—তোমার মাতা পিতা, তৃষ্ণা এবং লোভ—তারা ভালো আছে তো?

দম্ভ—তাঁরাও রাজা মহামোহের আদেশে এইখানেই আছেন। তাদের ছাড়া আমি মুহূর্তকালও থাকতে পারি না। কোন্ প্রায়াজনে আপনি এখানে এসে আমাদের অনুগৃহীত করেছেন?

অহঙ্কার বৎস, আমি শুনেছি বিবেক মহামোহের গুরুতর ক্ষতিসাধন করেছে। আমি এই সংবাদটি জানবার জন্যেই এখানে এসেছি।

দম্ভ—আপনাকে স্বাগত জানাই। শোনা যাচ্ছে, মহারাজও ইন্দ্রলোক থেকে আজ এখানে আসছেন—তিনি নাকি বারাণসীতেই রাজধানী স্থাপন করতে চান।

অহঙ্কার—মোহ যে সর্বাত্মকভাবে বারাণসীতেই অবস্থানের সঙ্কল্প করেছেন—তার কারণ?

দম্ভ—আর্য, বিবেককে বাধা দেওয়াই এর উদ্দেশ্য। কারণ—ব্রহ্মার অমর পুরী বারাণসী বিদ্যা ও আধ্যাত্মিক চেতনার (প্রবোধের) জন্মস্থান, বিবেক চায় আমাদের বংশ ধ্বংস করতে—তাই এখানে তার স্থায়িভাবে অবস্থানের সঙ্কল্প।১২ ॥

অহঙ্কার—(সভয়ে) তাই যদি হয় তবে তার এই সঙ্কল্পের বিরুদ্ধে সংগ্রাম ব্যর্থ। কারণ এখানে ত্রিপুরজয়ী শিব যারা পরম সত্য কী তা জানে না সেইসব অজ্ঞান ব্যক্তিদের প্রতি করুণার্দ্রচিত্ত হয়ে—তাদের শেষ জীবনে এই আধ্যাত্মিক জাগরণের উদ্বোধন করেন যার বলে তারা ভবভয় দূর করতে সমর্থ হয়।১৩ ॥

দম্ভ—সে কথা সত্য, কিন্তু কাম ও ক্রোধ যাদের অভিভূত করেছে তাদের পক্ষে এটি

সম্ভব নয়। তীর্থযাত্রী সাধু ব্যক্তিগণ বলে থাকেন—যাদের হস্ত, পদ, মন, জ্ঞান, তপস্যা এবং জননেন্দ্রিয় সংযত তারাই এই তীর্থস্থানের ফল লাভ করে থাকেন। ১৪॥

নেপথ্যে

শোনো পুরবাসিগণ, রাজা মহামোহ এখানে উপস্থিত! তাই স্ফটিক ও মণিখচিত শিলাবেদীগুলি চন্দনের ধারায় সুসংস্কৃত করা হোক. ফোয়ারাগুলি খুলে দাও, তাদের জলধারা গৃহের চারিধারে প্রসারিত হোক, বৃহৎ মণিখচিত উজ্জ্বল তোরণগুলি ঊর্ধ্বে উত্তোলিত হোক এবং প্রাসাদশীর্ষে নানাবর্ণের বিচিত্র পতাকা শোভা বিস্তার করুক। ১৫॥

দম্ভ—আর্য, মহারাজ নিকটবর্তী হয়েছেন, আপনি এগিয়ে গিয়ে সাক্ষাৎ করুন—তাতে অভ্যর্থনা জানানো হবে।

অহঙ্কার—তাই হোক।

(উভয়েই প্রস্থান)

(প্রবেশক)

(মহামোহ প্রবেশ করলেন—উপযুক্ত মহিমায় ভূষিত হয়ে, সঙ্গে অনুচরবর্গ)

মহামোহ—(হেসে) অহো, মূর্খের কোন শাসন নেই! দেহের অতিরিক্ত এক আত্মা আছে, সে পরলোকে গিয়ে ফলভোগ করে—এই যে মত, এটা হল আকাশস্থ বৃক্ষের কুসুম থেকে স্বাদু ফলের আশা পোষণ করা। ১৬॥

যা তাদের কল্পনারই সৃষ্টি তার অস্তিত্ব মেনে নিয়ে দুষ্টবুদ্ধি ব্যক্তিগণ জগৎকে প্রতারিত করছে। যে বস্তু নেই তা আছে এই মিথ্যা প্রচার করে বহু বাচাল আস্তিক সত্যবাদী নাস্তিকদের নিন্দা করে বেড়ায়। বাস্তব দৃষ্টিকোণ থেকে চিন্তা করা যাক। যখন দেহ ধ্বংস হয়ে তখন কি কেউ দেখেছে দেহাতিরিক্ত কোনো আত্মা নূতন পরিণামে চেতনায় সঞ্জীবিত হচ্ছে? ১৭॥

তারা কেবল জগৎকেই নয়, নিজেদেরও প্রত্যারিত করে। কারণ মুখ প্রভৃতি অবয়বের সাদৃশ্য থাকা সত্ত্বেও জাতিবর্ণভেদ কোথা থেকে আসে? আমাদের বা অপরের কোনো সম্পদ এবং স্ত্রীলোক—এই দুই-এর মধ্যে কোনো পার্থক্যই আমরা স্বীকার করি না। ১৮॥ প্রাণিহিংসা, স্ত্রীলোকদের স্বৈরিণীতা, পরের সম্পদ গ্রহণ—এই সব বিষয়ে কার্যাকার্য বিচার যা কিছু তা পৌরুষহীন ব্যক্তিরাই করে থাকে।

(চিন্তা করে, সগর্বে) সব দিক দিয়ে বিচার করলে দেখা যায় লোকায়তই একমাত্র শাস্ত্র। এই শাস্ত্রমতে প্রত্যক্ষই একমাত্র প্রমাণ, পৃথিবী, জল, তেজ তেজ ও বায়ু এরাই হল তত্ত্ব, ভৌতিক পদার্থগুলি অর্থ ও কাম মানুষের একমাত্র লক্ষ্য। ভৌতিকপদার্থগুলি নিজস্ব চেতনাতেই সক্রিয় হয়ে উঠে। পরলোক নেই, মৃত্যুই মোক্ষ। বাচস্পতি আমাদের ভাবনার অনুসরণ করে এই শাস্ত্র প্রণয়ন ক'রে চার্বাককে দান করেন—তিনি শিষ্যানুক্রমে এই শাস্ত্র ভূতলে প্রচারিত করেছেন।

(শিষ্যের সঙ্গে চার্বাকের প্রবেশ)

চার্বাক—বৎস, জেনে রাখো, দন্ডনীতিই বিদ্যা—কৃষিবিদ্যা ও বাণিজ্য এরই অন্তর্ভুক্ত। তিন বেদ কতকগুলি প্রতারকের প্রলাপোক্তি। তারা স্বর্গের কথা বললেও তাতে বিশেষত্ব কিছু নেই। দেখো—

পুরোহিত যজ্ঞে কতকগুলো যজ্ঞীয় বস্তুর ধ্বংস করেন—

তার ফলেই যদি স্বর্গলাভ সম্ভব হয় তবে দাবাগ্নি-দগ্ধ বৃক্ষ থেকেও যথেষ্ট ফল আশা করা যেতে পারে।

আরও দেখো, যজ্ঞে পশু নিহত হলে সেই পশু স্বর্গে যাবে এই যদি মনে করা হয় তবে যজমান নিজের পিতাকে বধ করেন না কেন ? ২০ ॥

তাছাড়া—যদি শ্রাদ্ধে প্রদত্ত অন্নপিণ্ড মৃতব্যক্তিদের তৃপ্তিবর্ধন করতে পারে তবে তৈল নির্বাপিত দীপশিখাকে বর্ধিত করতে পারে না কেন ? ২১ ॥

শিষ্য—আচার্য, যদি খাওয়া এবং পান করা-ই পুরুষের পরমার্থ হয় তাহলে এই সকল মুনি সংসারসুখ ত্যাগ করে পরাক, সান্তপন ষষ্ঠক[২৪] প্রভৃতি তপস্যায় নিজেদের পীড়িত করছে কেন ?

চার্বাক—শঠ রচিত বেদের আশা-মোদকের আশ্বাসে এই মূর্খেরা প্রতারিত। দেখ—আয়তলোচনা রমণীদের সেই আলিঙ্গনই বা কোথায়—যে আলিঙ্গনে বাহুদ্বয় স্কন্ধদেশকে নিপীড়িত করে, আর যে আলিঙ্গন উন্নত কুচযুগলের পীড়নে সুখকর এবং কোথায়ই বা ভিক্ষাবৃত্তি, উপবাস, তপস্যা, আর সূর্যের খরতাপের শোষণ—যে তাপে এই সব মূর্খের দেহ জীর্ণ হতে থাকে ! ২২ ॥

শিষ্য—আচার্য ! এই তপস্বিগণ বলে থাকেন দুঃখের সঙ্গে মিশ্রিত বলেই সাংসারিক সুখ ত্যাগ করা উচিত।

চার্বাক—(হেসে) আঃ ! এই সবই হল নরপশুদের মূর্খতার প্রকাশ ॥ ২৩ ॥

দুঃখের সঙ্গে মিশ্রিত বলেই বিষয়সুখ ত্যাগ করতে হবে—এটি হল মূর্খদের বিচার। নিজের কল্যাণ যে চায় এমন কোনো পুরুষ তুষ ও ধূলায় আচ্ছন্ন বলেই ধানকে পরিত্যাগ করে ?

মহামোহ—তাইতো, দীর্ঘকাল পরে প্রমাণবাক্য শুনে আমার কর্ণযুগল তৃপ্ত হল। (দেখে, সানন্দে) এ যে প্রিয় বন্ধু চার্বাক ![২৫]

চার্বাক—(দেখে) স্বয়ং মহারাজ মহামোহ ! (কাছে গিয়ে) মহারাজের জয় হোক ! চার্বাক আপনাকে প্রণাম করছে !

মহামোহ—চার্বাক, তোমাকে স্বাগত জানাই। এইখানে বসো।

চার্বাক—(বসে) কলির সাষ্টাঙ্গ প্রণাম গ্রহণ করুন।

মহামোহ—ওহে কলি, তোমার অব্যাহত কল্যাণ হোক।

চার্বাক—আপনার আশীর্বাদে সর্বত্রই কুশল। আপনার আদিষ্ট কাজ সবই শেষ করে আপনার চরণে নিবেদন করতে এসেছি।

কারণ—আপনার মহান আদেশলাভের পর শত্রুর নিপাত করে সে তা পালন করেছে। সে এখন সুখী—গভীর আনন্দে তার মুখমণ্ডল প্রসন্ন—সে আজ ধন্য। তাই সে এখন আপনার চরণকমলে প্রণত। ২৪ ॥

মহামোহ—কিন্তু কলি কতটুকু কাজ করেছে ?

চার্বাক—দেব ! ধার্মিক ব্যক্তিরা যাতে বেদ-প্রদর্শিত পথ ত্যাগ করে ইচ্ছামত বিচরণ করে, সে তাই করেছে। এ কৃতিত্বে কলির গৌরব নেই, আমারও নেই—আপনার পৌরুষই এখানে প্রভাব বিস্তার করেছে। ২৫ ॥

উত্তর-পশ্চিমাংশের ব্যক্তিগণ বেদত্রয় ত্যাগ করেছেন—প্রশান্তি বা সংযমের কথা ছেড়েই দিলাম। অন্যান্য স্থানেও তিন বেদ এখন জীবিকার উপায় মাত্র।

আচার্য বৃহস্পতি বলেছেন—

অগ্নিতে আহুতি, বেদত্রয়, ত্রিদণ্ডবহন এবং দেহে ভস্মানুলেপন—তাদেরই জীবিকার উপায় যাদের প্রজ্ঞা নেই, পৌরুষও নেই। কুরুক্ষেত্র এবং অন্যান্য স্থানে জ্ঞানের জন্ম হবে বা আধ্যাত্মিক জাগরণ ঘটবে আপনি স্বপ্নেও এমন কিছুতেই আশঙ্কা করবেন না। ২৬ ॥

মহামোহ—সুন্দর কাজ করেছে—এই মহৎ তীর্থক্ষেত্র তাহলে ব্যর্থ করা হয়েছে।

চার্বাক—দেব. আর, আর-একটি সংবাদও নিবেদন করতে চাই!

মহামোহ—কী সেই সংবাদ?

চার্বাক—বিষ্ণুভক্তি[২৬] নামে এক যোগিনী আছে, তার অসামান্য প্রভাব। কলি অবশ্য তার প্রচার কমিয়ে এনেছে। কিন্তু যারা আশীর্বাদে ধন্য হয়েছে—তাদের দিকে তাকাতেও সাহস পাই না। আপনি তার সম্পর্কে একটু অবহিত থাকবেন।

মহামোহ—(সভয়ে স্বগত) তার মহাপ্রভাবের কথা সর্বত্র প্রচারিত—সে স্বভাবতই আমাদের প্রতি বিদ্বেষভাবাপন্ন—তাকে ধ্বংস করা কঠিন। যাই হোক (আত্মগতভাবে) অত্যন্ত অমঙ্গলজনক কিছু হলেও ভবিষ্যতে একটা ব্যবস্থা নিতেই হবে। (প্রকাশ্যে) এই ব্যাপারে কোনো শঙ্কা না করাই কর্তব্য। কাম এবং ক্রোধ যেখানে রয়েছে তখন বিষ্ণুভক্তি কোথায় আবির্ভূত হবে?

চার্বাক—তবু শত্রু ক্ষুদ্র হলেও জয়াভিলাষী ব্যক্তির পক্ষে তার সম্পর্কে নিশ্চেষ্ট থাকা অনুচিত। কারণ কণ্টকের অংকুর সূক্ষ্ম হলেও পায়ে যেমন যন্ত্রণাদায়ক হয়ে ওঠে তেমনি ক্ষুদ্র শত্রুও রাজাদের পক্ষে মারাত্মক হয়ে উঠতে পারে। ২৭ ॥

মহামোহ—(নেপথ্যের দিকে তাকিয়ে) ওহে, এখানে কে আছে?

(দৌবারিকের প্রবেশ)

দৌবারিক—আপনার জয় হোক। আদেশ করুন, প্রভু!

মহামোহ—ওহে অসৎসঙ্গ! তুমি গিয়ে কাম, ক্রোধ, লোভ, মদ ও মাৎসর্য প্রভৃতিদের এই নির্দেশ দাও তারা যেন অবহিত থেকে যোগিনী বিষ্ণুভক্তিকে হত্যা করে।

দৌবারিক—প্রভুর যেমন আদেশ! (প্রস্থান)

(তারপর পত্র হাতে নিয়ে জনৈক পুরুষের প্রবেশ)

পুরুষ—আমি উৎকল থেকে আসছি। সেখানে সাগরের তীরে পুরুষোত্তমের মন্দির আছে। সেখান থেকে আমার প্রভু, দম্ভ আর মান আমাকে রাজার কাছে পাঠিয়েছেন। এই তো বারাণসী, এই যে রাজার প্রাসাদ। প্রবেশ করা যাক, (প্রবেশ করে) মহারাজ চার্বাকের সংগে কী যেন কথা বলছেন। এঁর কাছেই যাই। প্রভুর জয় হোক! এই পত্রটি দেখুন; এটি প্রয়োজনীয়।

(পত্র হাতে দিল)

মহামোহ—(পত্র হাতে নিয়ে) কোথা থেকে আসছ তুমি?

পুরুষ—আমি পুরুষোত্তম মন্দির থেকে আসছি।

মহামোহ—(স্বগত) নিশ্চয়ই ঘোরতর অমঙ্গল কিছু ঘটেছে। (প্রকাশ্যে) চার্বাক, তুমি যাও। কর্তব্য বিষয়ে সতর্ক থেকো।

চার্বাক—প্রভুর যেমন আদেশ! (প্রস্থান)

মহামোহ—(পত্র পাঠ করলেন) 'পুরুষোত্তম থেকে দম্ভ এবং মান বারাণসীবাসী

রাজাধিরাজ পরমেশ্বর মহামোহকে প্রণিপাতপূর্বক জানাচ্ছেন যে—এখানকার মঙ্গল; কিন্তু শান্তিদেবী তার মা শ্রদ্ধার সঙ্গে বিবেকের দূত হয়ে দেবী উপনিষদকে তাঁর সঙ্গে মিলিত হবার জন্যে দিনরাত বোঝাচ্ছেন[২৭]। এদিকে কামের সহচর হয়েও ধর্মের চরিত্রে কিছু বৈরাগ্যের প্রভাব দেখা যাচ্ছে। কাম থেকে বিচ্ছিন্ন হয়ে তিনি কোথায় যেন প্রচ্ছন্ন থেকে বিচরণ করছেন। এখন, এসব সংবাদ জানবার পর আপনি যা করেন।' (সক্রোধে) কী আশ্চর্য! এই দুই মূর্খ শান্তিকেও ভয় পাচ্ছে? কাম প্রভৃতি যখন প্রতিপক্ষ তখন এটা কী করে সম্ভব? কেননা, ব্রহ্মা কেবলমাত্র বিশ্বসৃষ্টি ব্যাপারেই নিরত। দক্ষ-যজ্ঞবিনাশী শিবের নয়ন গৌরীর বাহুর আলিঙ্গনে সানন্দে চঞ্চল; দৈত্যশত্রু বিষ্ণু সমুদ্রে শয়ান, তাঁর বক্ষ লক্ষ্মীদেবীর কপোলস্থিত অঙ্গরাগে রঞ্জিত; অন্য সাধারণ প্রাণী শান্তিলাভ করবে তার সম্ভাবনা কোথায়? ২৮॥ (পুরুষকে বললেন) চলে যাও মূর্খ! যথাসম্ভব দ্রুত গিয়ে এই সংবাদ দাও—'আমরা জানতে পেরেছি ধর্ম অত্যন্ত নীচমনা—তাকে এক মুহূর্তের জন্যে বিশ্বাস করা সঙ্গত হবে না। তাকে অবিলম্বে বন্দী করতে হবে।'

পুরুষ—আপনার যেমন আদেশ। (প্রস্থান)

মহামোহ—(চিন্তা করে, স্বগত) শান্তির বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করব? অথবা অন্য কোনো ব্যবস্থার প্রয়োজন নেই! ক্রোধ আর লোভ যথেষ্ট! (উচ্চকণ্ঠে) কে এখানে?

(দৌবারিকের প্রবেশ)

দৌবারিক—আদেশ করুন প্রভু!

মযামোহ—ক্রোধ ও লোভকে ডেকে আনো।

দৌবারিক—প্রভুর যেমন আদেশ! (প্রস্থান)

(ক্রোধ ও লোভের প্রবেশ)

ক্রোধ—আমি শুনেছি, শান্তি, শ্রদ্ধা ও বিষ্ণুভক্তি মহারাজের বিরুদ্ধাচরণ করছে। আশ্চর্য! আমি বেঁচে থাকতে নিজেদের সম্পর্কে এদের এই অবহেলা কিসের জন্যে? কারণ আমি এই বিশ্বকে অন্ধ ও বধির করব, সচেতনকে অচেতন করব; ফলে কর্তব্য নির্ধারণে তারা অক্ষম হবে, হিতোপদেশ শুনবে না—জ্ঞানী ব্যক্তিও যা শিখেছেন, মনে করতে পারবেন না॥ ২৯॥

লোভ—আর আমি যাদের ধরে রেখেছি, কামনার নদী পরম্পরা তারা অতিক্রম করে আসতে পারে না, তবে তারা শান্তির কথা চিন্তা করবে কখন? দেখো সখা, 'এই যে যাদের গণ্ডস্থলে মদধারা গড়িয়ে পড়ছে, এই হাতিগুলি আমার', 'বায়ু অপেক্ষা দ্রুতগামী এই অশ্বগুলি আমার', আমার আরও বেশি চাই,' 'এইটুকু আমার আয়ত্ত হয়েছে', 'আরও এইটুকু লাভ করব'—এইভাবে এই লোকগুলি যা পেয়েছে তার চেয়েও অধিক কিছু পাবার জন্যে অধীর হয়ে উঠছে—যাদের মন এইভাবে নানা চিন্তায় জর্জরিত, তাদের শান্তি লাভের আশা কোথায়? ৩০॥

ক্রোধ—সখে, তুমি আমার প্রভাব জান। দেবরাজ ইন্দ্র ত্বষ্টার পুত্র বৃত্রকে বধ করেছিলেন; চন্দ্রশেখর শিব ব্রহ্মার মস্তক ছিন্ন করেছিলেন এবং বিশ্বামিত্র বশিষ্ঠের পুত্রদের নিধন করেছিলেন[২৮]। তাছাড়া, আমিও বিদ্যাযুক্ত, খ্যাতি-

যুক্ত, সদাচারমণ্ডিত, মহাশক্তিভূষিত বংশগুলিকে মুহূর্তের মধ্যে চিহ্নিচহ্ন করে দিতে পারি। ৩১ ॥

লোভ—তৃষ্ণা, এদিকে এসো।

(তৃষ্ণার প্রবেশ)

তৃষ্ণা—আর্যপুত্রের কী আদেশ ?

লোভ—প্রিয়ে, শোনো। দেবী তৃষ্ণে! তুমি যদি প্রসন্ন হও; যাদের মন দীর্ঘ আশা-রজ্জুতে বন্ধ—যারা প্রথমে ক্ষেত্র; পরে গ্রাম, বনভূমি, নগর, জনপদ, দ্বীপ,—অবশেষে পৃথিবী পর্যন্ত অধিকারের আশা পোষণ করে, আরও অধিক চাই—এই যাদের কামনা, তুমি যদি তাদের মনে ব্যাপ্ত হয়ে থাকতে পার তবে লক্ষ ভুবন লাভের পরেও প্রাণীদের জীবনে আর কোথায় থাকবে শান্তির আশা ? ৩২ ॥

তৃষ্ণা—আর্যপুত্র! আমি আমার স্বধর্ম অনুসারেই তো এই কর্মে নিযুক্ত আছি। এখন, আর্যপুত্রের যখন আদেশ, তখন কোটি কোটি ব্রহ্মাণ্ডেও আমার উদর-পূর্তি হবে না।

ক্রোধ—হিংসা, এখানে এসো।

(হিংসার প্রবেশ)

হিংসা—আমি এসেছি। আদেশ করুন আর্যপুত্র!

ক্রোধ—প্রিয়ে, তুমি যখন আমার সহধর্মিণী, তখন মাতাপিতার বধও আমার কাছে তুচ্ছ ব্যাপার। কারণ, এই পিশাচী মাতাই বা কে ? কে-ই বা আমার পিতা, কারা-ই বা এই কীটতুল্য ভ্রাতৃগণ ? বধ্য এই আত্মীয়-স্বজন, এবং কুটিল ও ধূর্ত বন্ধুদের দ্বারা পরিচালিত এদের জ্ঞাতিগণও বধ্য! ৩৩ ॥ (হস্ত মুষ্টিবন্ধ করে) এদের বংশের এই আবির্ভাবকে যতদিন না সমগ্রভাবে নিঃশেষ করতে পারি ততদিন আমার এই দীপ্যমান ক্রোধবহ্নির স্ফুলিঙ্গ নির্বাপিত হবে না।

(সকলেই সমীপবর্তী হল)

সকলে—প্রভুর জয় হোক।

মহামোহ—শ্রদ্ধার কন্যা শান্তি আমাদের শত্রু। খুব সতর্ক থেকে তাকে হত্যা করতে হবে।

সকলে—প্রভুর যেমন আদেশ!

(সকলের প্রস্থান)

মহামোহ—'শ্রদ্ধার কন্যা'—এই কথা বলার সঙ্গে সঙ্গে আর একটি কৌশলের কথা মনে পড়ছে। ব্যাপারটা এই—শান্তির মাতা শ্রদ্ধা, শ্রদ্ধা তো পরনির্ভর। সুতরাং যে-কোনো উপায়ে হোক আমরা উপনিষদের কাছ থেকে শ্রদ্ধাকে দূরে সরিয়ে রাখব। শান্তি অত্যন্ত কোমল, মাতৃবিচ্ছেদ সে সইতে পারবে না—এই বিচ্ছেদেই তার মৃত্যু ঘটবে। শ্রদ্ধাকে ধরে আনতে বিলাসিনী মিথ্যাদৃষ্টিই পারবে। এই কাজে তাকে নিযুক্ত করা যাক। (পাশে তাকিয়ে) বিভ্রমাবতি, অবিলম্বে বিলাসিনী মিথ্যাদৃষ্টিকে ডেকে আনো।

বিভ্রমাবতী—প্রভুর যেমন আদেশ!

(প্রস্থান ও পরে মিথ্যাদৃষ্টির সঙ্গে প্রবেশ)

মিথ্যাদৃষ্টি—সখি, দীর্ঘকাল মহারাজের সঙ্গে দেখা নেই, কেমন করে ওর মুখের দিকে

তাকাব ? তিনি আমাকে তিরস্কার করবেন না তো ?

বিভ্রমাবতী—সখি, তোমার মুখ দেখে মহারাজ নিজেকেই ভুলে যাবেন। তোমাকে কী করে তিরস্কার করবেন ?

মিথ্যাদৃষ্টি—সখি, আমাকে মিথ্যে ভাগ্যবতী বলে ঠাট্টা করছ কেন ?

বিভ্রমাবতী—এখুনি দেখতে পাবে সৌভাগ্যের অলীকত্ব ! কিন্তু নিদ্রালু দেখতে পাচ্ছি প্রিয়সখীর চোখ দুটি। তা প্রিয় সখীর লোচনের নিদ্রাহীনতার কারণ কী ?

মিথ্যাদৃষ্টি—সখি, একজনের যিনি প্রিয়া তারই তো চোখে ঘুম নেই, আমাদের মতো যারা 'সর্ববল্লভা',[২৯] তাদের তো কথাই নেই !

বিভ্রমাবতী—কে কে প্রিয়সখীর বল্লভ ?

মিথ্যাদৃষ্টি—সখি, প্রথমে রাজা, তারপর কাম, ক্রোম, লোভ, অহঙ্কার। অথবা সবিস্তারে বলার কোনো প্রয়োজন নেই। এই বংশে যে-ই জন্মগ্রহণ করেছে—বালক, যুবক, বা বৃদ্ধ—কেউ আমাকে ছাড়া দিনরাত্রি উপভোগ করতে পারে না ; আমি তাদের হৃদয়ে নিহিত থাকি।

বিভ্রমাবতী—কিন্তু আমি শুনেছি কামের প্রিয়া রতি, ক্রোধের প্রিয়া হিংসা, লোভের প্রিয়া তৃষ্ণা, তুমি তাদের স্বামীর সঙ্গে প্রতিদিন রমণ করেও তাদের ঈর্ষা সৃষ্টি করছ না—এ কেমন করে সম্ভব ?

মিথ্যাদৃষ্টি—ঈর্ষার কথা তুলছ কেন, সখি ; তারাও তো আমাকে ছাড়া মুহূর্তকালও উপভোগ করতে পারে না।

বিভ্রমাবতী—সখি, সেই জন্যেই আমি বলেছি, তোমার মতো ভাগ্যবতী পৃথিবীতে আর নেই। যে সপত্নীগণ এই ভাগ্যের অধিকারিণী নয় তারাও তোমাকে প্রসন্ন করতে চায়। সখি, আমি তোমাকে অন্য কিছু বলব। তোমার চোখে নিদ্রালুতা, শ্লথবিন্যস্ত চরণে নূপুরের ঝঙ্কার অনুরণিত হচ্ছে—এ অবস্থায় রাজার কাছে গেলে রাজার মনে সন্দেহ হতে পারে।

মিথ্যাদৃষ্টি—এতে সন্দেহের কী আছে ? আমাদের এই 'অবিনয়' তো মহারাজের নিয়োগের জন্যেই। তাছাড়া, আমার দর্শনমাত্রে যারা প্রসন্ন হয়—তাদের কাছে যেতে আবার ভয় কী ?

মহামোহ—(দেখে) তাই তো ! প্রিয়া মিথ্যাদৃষ্টি এসে পড়েছে। সুন্দর গতিতে সে আসছে ; চলতে গিয়ে বাহু উত্তোলনের জন্যে কঙ্কণের ঝঙ্কার শোনা যাচ্ছে, শ্রোণিভারে সে ক্লান্ত, কিঞ্চিৎ স্থানভ্রষ্ট মালাটিকে যথাস্থানে নিবেশিত করার ছলে যখন সে লীলায় বাহু উত্তোলন করছে তখনই তাঁর বক্ষঃস্থলে। নখক্ষতগুলি ব্যক্ত হয়ে পড়েছে। নীলপদ্মমালার ন্যায় দীর্ঘ নয়নের দৃষ্টিতে সে মনকে আকর্ষণ করছে। ৩৪॥

বিভ্রমাবতী—এই যে মহারাজ। প্রিয় সখি, কাছে যাও।

মিথ্যাদৃষ্টি (কাছে গিয়ে) মহারাজের জয় হোক।

মহামোহ—প্রিয়ে ! তোমার সুপুষ্ট উরু নিয়ে আমার জানুতে উপবেশন করো—তোমার বক্ষের নখক্ষত উন্মুক্ত করে আমাকে আলিঙ্গন করো। ওগো মৃগনয়না, হিমালয়কন্যা পার্বতী শঙ্করের ক্রোড়ে বসে যে শোভা বিস্তার করেছিলেন তারই অনুকরণ করো। ৩৫॥

(মিথ্যাদৃষ্টি মৃদু হেসে তা-ই করলেন)

মহামোহ—(আলিঙ্গনের সুখ অনুভব ক'রে) প্রিয়ার আলিঙ্গনে আমার যৌবন যেন ফিরে এসেছে। কেননা, প্রেমের এক প্রবল এবং নূতন অনুভূতি আমার মনকে ব্যাকুল করে তুলেছে; চঞ্চল মনে অতীতে সেসব ভাবের সঞ্চার ঘটত, বিচিত্র বিষয়ের সমাবেশে যে গভীর আনন্দের আবির্ভাব হত—তা-ই যেন অনুভব করছি। ৩৬ ॥

মিথ্যাদৃষ্টি—মহারাজ! নবযৌবন আমারও ফিরে এসেছে; ভাবের ঐক্যজাত প্রেমকে কাল নষ্ট করতে পারে পারে না। মহারাজ আদেশ করুন, কেন আমাকে স্মরণ করেছেন বলুন।

মহামোহ—প্রিয়ে! যে হৃদয়ের বাইরে থাকে তাকেই লোকে স্মরণ করে; কিন্তু তুমি আছ আমার মনের প্রাচীরে শোভিতা এক চিত্রিতা মূর্তি'র মতো। ৩৭ ॥

মিথ্যাদৃষ্টি—আপনার বিশেষ অনুগ্রহ!

মহামোহ—তোমার ছলা-কলা সম্পূর্ণ উন্মোচিত করেই তুমি সর্বত্র বিচরণ করো। আর-একটি কথা। 'দাসীপুত্রী' [৩০] শ্রদ্ধা বিবেকের সঙ্গে উপনিষদের মিলন ঘটাবার আয়োজনে উদ্যোগী হয়েছে—সুতরাং তুমি আমার বিরুদ্ধচারিণী সেই পাপীয়সীকে, সেই বারাঙ্গনাকে কেশে আকর্ষণ করে নিয়ে এসে পাষণ্ডদের মধ্যে ছেড়ে দাও। ৩৮ ॥

মিথ্যাদৃষ্টি—প্রভু যা চান তার'সব কিছু যদি এ-ই হয়ে থাকে তবে দুশ্চিন্তার কারণ নেই। বলামাত্র আপনার দাসী শ্রদ্ধা আজ্ঞা পালন করবে। আমি যখন তাকে বলব, ধর্ম মিথ্যা, মুক্তি মিথ্যা, বেদের পথ মিথ্যা, সুখের পথে বিঘ্ন সৃষ্টি করে ব'লে শাস্ত্রের বাণীও মিথ্যা, স্বর্গফলও মিথ্যা—তখন উপনিষদ্ তো দূরের কথা সে বেদের পথই ত্যাগ করবে। তাছাড়া, আমি শ্রদ্ধাকে উপনিষদ থেকে, বিচ্ছিন্ন করে নিয়ে আসব। আমি শুধু তাকে বলব বেদমার্গে'র বিচ্যুতির কথা, মোক্ষ পরিকল্পনার দুর্বলতার কথা, যেখানে কোনো সুখের আশ্বাস নেই।

মহামোহ—যদি তাই হয়, আমি ভাবব, আমার প্রিয়া আমার জন্যে একটি প্রিয় কাজ করলেন। (পুনরায় আলিঙ্গনপূর্বক চুম্বন করলেন)

মিথ্যা দৃষ্টি—প্রভু যখন ওভাবে প্রকাশ্যে ব্যবহার করেন—আমাদের লজ্জা হয়।

মহামোহ—তাই হোক, চলো ঘরে যাই। (সকলের প্রস্থান)

॥ শ্রীকৃষ্ণ মিশ্রবিরচিত 'প্রবোধচন্দ্রোদয়' নাটকের 'মহামোহ প্রধান' নামক দ্বিতীয় অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × তৃতীয় অংক × × × × × × × × × × × × ×

(শান্তি ও করুণার প্রবেশ)

শান্তি—মা, মা, কোথায় তুমি? আমাকে তোমার প্রীতিজনক দর্শন দাও! যার আনন্দ ছিল বনভূমি, যেখানে হরিণের ভয় থেকে মুক্ত, পর্বতশ্রেণীতে যেখানে জলধারা প্রবহমান , যার আনন্দ ছিল পুণ্যভূমিতে, সতত তপোনিরত তপস্বিজনে—তিনি এখন বধ্যভূমিতে উপস্থিত কপিল গাভীর মতো পাষণ্ডহস্তে নিপীড়িত হয়ে কেমন করে প্রাণ ধারণ করবেন? ১ ॥

অথবা, তাঁর জীবনের আশা করে কোনো লাভ নেই। কারণ—আমাকে না দেখে শ্রদ্ধা স্নান করেন না, ভোজন করেন না, জলপানও করেন না। আমাকে ছেড়ে তিনি এক মুহূর্তও জীবন ধারণ করেন না। ২॥

তাহলে শ্রদ্ধা ছাড়া শান্তির মুহূর্তকালের জীবনও বিড়ম্বনামাত্র। সখী করুণা, আমার জন্যে চিতা প্রস্তুত করো। অবিলম্বে অগ্নিতে প্রবেশ করে তাঁর সহচরী হব।

করুণা—(অশ্রুপূর্ণ নয়নে) সখি, ভীষণ অগ্নিশিখার মতো দুঃসহ এই কথাগুলো বলে আমাকে মৃত্যুর মুখে নিয়ে যাচ্ছ। তুমি প্রসন্ন হও, কিছুকালের জন্যে জীবন রক্ষা করো। এর মধ্যে আমি নিপুণভাবে সন্ধান নিয়ে দেখব—মুনিজনে ভরা পুণ্যাশ্রমযুক্ত ভাগীরথী তীরগুলির কোথাও তিনি মহামোহের ভয়ে কোনো-রকমে লুকিয়ে বাস করছেন কিনা।

শান্তি—সখি, তুমি আর কী খুঁজবে? আমি তো কত খুঁজে দেখলাম! নদীর কূলে কূলে যে মুনিগণ বাস করছেন, যেখানে বালুকাময় তীরভূমি নীবার ধান্যের দ্বার বিচিত্র, আমি যজমানদের গৃহে গৃহে খুঁজেছি, যেখানে যজ্ঞীয় কাষ্ঠ, চষাল এবং চমসে যথারীতি শোভিত[১]; আমি তাকে খুঁজেছি চার আশ্রমের[২] মানুষদের মধ্যে—কিন্তু কোথাও শ্রদ্ধার কথা শুনি নি। ৩॥

করুণা—সখি. আমি এই কথাই বলি। শ্রদ্ধা সাত্ত্বিকস্বভাবাপন্না; যদি তাই হয়ে থাকে তবে তাঁর এই দুর্গতি সম্ভব মনে হয় না; তাঁর মতো পুণ্যবতী রমণী এরকম অসম্ভাবনীয় দুর্দশার অধীন হতে পারেন না।

শান্তি—সখি, দৈব যদি বিরোধী হয় তবে কী-না সম্ভব? কারণ—জনকদুহিতা শ্রীরূপা সীতা দশানন রাবণের গৃহে বাস করেছিলেন; দেবীত্রয়ীকে (তিন বেদ) দানবেরা পাতালে নিয়ে গিয়েছিল[৩]; গন্ধর্বকন্যা মদালসাকে দৈত্যরাজ পাতালকেতু ছলে অপহরণ করেছিলেন[৪]। হায়, দৈবের ক্রিয়াকলাপ বিরোধী এবং নিষ্ঠুর। তাই, এই সব বিধাতারই লীলা, এইভাবেই গ্রহণ করতে হবে। তাই হোক, এই অধার্মিক নাস্তিকদের গৃহে খুঁজে দেখব। ৪॥

করুণা—সখি, তাই হোক। (সম্মুখে অগ্রসর হয়ে, সভয়ে) সখি, রাক্ষস! রাক্ষস!

শান্তি—কে এই রাক্ষস?

করুণা—দেখো সখি, দেখো! ওর দেহ থেকে মল গলে পড়ছে, ফলে দেখতে এত বীভৎস হয়েছে যে দেখা যায় না। মাথার কেশপাশ উন্মূলিত, বসনহীন, কুদর্শন। হাতে একটি ময়ূরের পালক নিয়ে সে এইদিকেই আসছে।

শান্তি—সখি, লোকটা রাক্ষস নয়; এ নির্বীর্য!

করুণা—তাহলে এ কে?

শান্তি—মনে হয় কোনো পিশাচ।

করুণা—উজ্জ্বল সূর্য আকাশে প্রকাশিত—তার দীপ্ত কিরণমালায় ভুবনপ্রদেশগুলি আলোকিত—এ অবস্থায় পিশাচের অবকাশ কোথায়?

শান্তি—তাহলে হয়তো এ কোনো দুর্বৃত্ত নারকী—সম্প্রতি নরক থেকে মুক্ত হয়ে এসেছে। (দেখো চিন্তা করে) ও, এইবার বুঝতে পেরেছি; এ হল দিগম্বর

জৈন—মহামোহ একে পাঠিয়েছেন। সুতরাং সর্বথা দূরে থেকেই এর দর্শন বর্জন করতে হবে। (মুখ ফেরালেন)

করুণা—সখি, একটু দাঁড়াও—শ্রদ্ধাকে খুঁজে দেখি।

(দু'জনে অপেক্ষা করতে লাগল ; তারপর প্রবেশ করল)

দিগম্বর—অর্হৎকে প্রণাম ! নবদ্বারশোভিত[৫] পুরীর মধ্যে (অর্থাৎ দেহের মধ্যে) আত্মা দীপের মতো দীপ্যমান ; এই সত্য মহাজিন উচ্চারণ করেছেন—এই পরম সত্য মুক্তিরূপ সুখ দান করতে সমর্থ। (অগ্রসর হল, পরে আকাশের দিকে তাকিয়ে) শিষ্যগণ ! তোমরা শোনো ! অবিশুদ্ধ মলপিণ্ড এই দেহ সমস্ত জলরাশিতে কীভাবে শোধন করা যায় ? বিশুদ্ধ স্বভাব আত্মাকে মুনিসেবার মাধ্যমেই জানতে হয়। কী বললে ? কী জাতীয় মুনিসেবা ? তাহলে শোনো : দূরে থেকে তাদের চরণে প্রণাম করতে হবে ; তাদের সৎকার করে মিষ্ট খাবার দিতে হবে ; তারা যখন স্ত্রীদের সঙ্গে রমণ করবেন তখন তাদের ঈর্ষা করবে না। ৫, ৬ ॥

(নেপথ্যের দিকে তাকিয়ে) শ্রদ্ধে, এদিকে এস।

(দুজনে সভয় দৃষ্টিতে তাকাল ; অনুরূপ বেশে শ্রদ্ধার প্রবেশ)

শ্রদ্ধা—আপনি রাজবংশীয়—কী আদেশ আপনার ?

দিগম্বর—এক মুহূর্তের জন্যেও শিষ্যসম্প্রদায়কে ত্যাগ কোরো না।

শ্রদ্ধা—রাজপুরুষের যেমন আদেশ। (প্রস্থান)

করুণা—সখি, আশ্বস্ত হও ! সখীর (শ্রদ্ধা) নাম শুনেই তুমি ভয় পেয়ো না। আমি হিংসার কাছে শুনেছি নাস্তিকদেরও শ্রদ্ধা আছে, তবে সে অন্ধকারের কন্যা, এ বোধহয় তামসী শ্রদ্ধাই হবে।

শান্তি—(আশ্বস্ত হয়ে) সখি, তাই বটে ! কারণ এই দুরাচারা, কুদর্শনা, দুরাশা কোনো রকমেই সদাচারা, সুদর্শনা আমার মাকে অনুকরণ করতে পারে না। ৭ ॥

যাই হোক। বৌদ্ধদের আবাসে তাকে খুঁজব।

(শান্তি ও করুণা পদচারণা করতে লাগল : তারপর পুস্তক হস্তে এক বৌদ্ধ ভিক্ষুর প্রবেশ)

ভিক্ষু—(চিন্তা করে) হে উপাসকবৃন্দ ! বিশ্বপ্রকৃতিতে সব কিছু বস্তুই ক্ষণস্থায়ী এবং আত্মাবিহীন ; কোনো কিছুরই আত্মা নেই। তাদের দেখে মনে হয়—তারা বাইরে বর্তমান, কিন্তু প্রকৃতপক্ষে এরা চেতনায় প্রতিফলিত হয় সত্তাহীন ছায়ার মতো—যখন বাসনার বিলুপ্তি ঘটে। ৮ ॥

(পরিক্রমা করতে করতে সগর্বে) বুদ্ধের ধর্ম সুন্দর ! এই ধর্মেই আছে ইন্দ্রিয়ভোগ এবং মুক্তি ! কারণ সুন্দর গৃহে বাস, খুশিমত বারাঙ্গনার উপর অধিকার, ইচ্ছেমতো পছন্দ অনুযায়ী খাদ্য, কোমল শয্যায় শয়ন প্রভৃতির অধিকারী হয়ে যারা শ্রদ্ধাসহকারে বুদ্ধের আরাধনা করে তারা চন্দ্রালোকিত রাত্রি যুবতীগণের পর্যাপ্ত অঙ্গদানের আনন্দে বিহ্বল হয়ে সুখে কাটায়। ৯ ॥

করুণা—সখি, তরুণ তালতরুর মতো উন্নত, কষায় ও ধূসরবর্ণের লম্বা কেশযুক্ত এবং মুণ্ডিতমস্তক এই লোকটি কে ?

শান্তি—ইনি একজন বৌদ্ধ।

ভিক্ষু—হে ভিক্ষুগণ, উপাসকগণ! ভগবান সুগতের অমৃততুল্য বাণী শ্রবণ করো। (পুস্তক থেকে পাঠ করলেন) আমি দিব্যদৃষ্টিতে লোকের সুগতি এবং দুর্গতি দেখতে পাচ্ছি। সমস্ত সংস্কার ক্ষণিকের—স্থায়ী কোনো আত্মা নেই। সুতরাং ভিক্ষুগণ তোমাদের স্ত্রীদের যখন অধিকার করে তখন তাদের ঈর্ষা কোরো না। ঈর্ষা চিত্তের মলস্বরূপ। (নেপথ্যের দিকে তাকিয়ে) শ্রদ্ধে, এদিকে এসো—

(শ্রদ্ধার প্রবেশ)

শ্রদ্ধা—আদেশ করুন রাজপুরুষ!

ভিক্ষু—সকল সময় ভিক্ষু ও উপাসকদের আলিঙ্গন করে থাকো।

শ্রদ্ধা—রাজপুরুষের যেমন আদেশ। (প্রস্থান)

শান্তি—একটিও তামসী শ্রদ্ধা।[৬]

করুণা—তাই বটে!

দিগম্বর—(ভিক্ষুকে দেখে উচ্চকণ্ঠে) ওহে ভিক্ষু এদিকে এসো, আমি তোমাকে কিছু প্রশ্ন করব।

ভিক্ষু—(সক্রোধে) আঃ পিশাচাকৃতি! এভাবে প্রলাপ বকছ কেন?

দিগম্বর—ওহে ক্রোধ সংবরণ করো; আমি তোমাকে শাস্ত্রবিষয়ে কিছু প্রশ্ন করব।

ভিক্ষু—ওহে জৈন, শাস্ত্রকথাও জান নাকি? আচ্ছা, দেখা যাক, (কাছে গিয়ে) কী তোমার প্রশ্ন বলো!

দিগম্বর—তুমি তো ক্ষণস্থায়ী, তবে কার জন্যে এই ব্রত পালন করছ?

ভিক্ষু—শোনো, এতে আমার দেহে অনুপ্রবিষ্ট শুদ্ধজ্ঞান সম্বলিত অন্য কেউ যখন বাসনারহিত হবে তখন মুক্তি পাবে।

দিগম্বর—মূর্খ! কবে কখন কোনো একজন লোক মুক্তি পাবে—এতে তোমার কী উপকার হবে, তুমি তো এখনই নষ্ট হয়ে যাচ্ছ? আর-একটি প্রশ্ন—কে তোমাকে এই ধর্মে উপদেশ দিয়েছেন?

ভিক্ষু—সর্বজ্ঞ বুদ্ধ এই ধর্মের কথা বলেছেন।

দিগম্বর—বুদ্ধ যে সর্বজ্ঞ একথা কী করে জানলে?

ভিক্ষু—বুদ্ধ যে শিক্ষা প্রচার করেছেন তাতেই প্রমাণিত যে তিনি সর্বজ্ঞ।

দিগম্বর—তুমি বুদ্ধিহীন! যদি তাঁর উক্তি শুনেই ধরে নাও তিনি সর্বজ্ঞ—তাহলে আমিও বলছি, আমি সব জানি; তুমি, তোমার পিতামহ প্রভৃতি সাতপুরুষ আমার ক্রীতদাস!

ভিক্ষু—(সক্রোধে) আঃ পাপী, পিশাচ! নোংরা কোথাকার! আমি তোমার দাস হতে গেলাম কেন?

দিগম্বর—ওরে বারাঙ্গনা-বিহারী দুষ্ট পরিব্রাজক! আমি একটি দৃষ্টান্ত দিলাম, এইমাত্র। নিভৃতে তোমাকে তোমার প্রিয় একটি উপদেশ দিতে চাই। বুদ্ধের মতবাদ ছেড়ে দিয়ে, অর্হতের মত আশ্রয় করে দিগম্বরের ধর্মে দীক্ষিত হও।

ভিক্ষু—আঃ দুরাত্মা, তুমি নিজে নষ্ট, পরকেও নষ্ট করতে চাও? নিজের শ্রেষ্ঠ স্বাধীনতা ত্যাগ করে সংসারে কোন্ অভিজাত ব্যক্তি চাইবে তোমার মতো ঘৃণ্য পিশাচত্ব বরণ করতে? তাছাড়া, অর্হতের প্রচারিত দর্শনে কার শ্রদ্ধা আছে? ১০ ॥

দিগম্বর—গ্রহনক্ষত্রের গতি, চন্দ্রসূর্যের গ্রহণ, নষ্ট বিষয়ের পুনঃপ্রাপ্তি প্রভৃতি সম্পর্কে, ভগবান্ অর্হৎ যে সত্যজ্ঞানের সন্ধান দিয়েছেন তাতেই তাঁর সর্বজ্ঞতা প্রতিষ্ঠিত হয়েছে।

ভিক্ষু—জ্যোতিষের অতীন্দ্রিয় বিধিবিধান অনাদি কাল থেকেই চলে আসছে, এই জ্ঞানের দ্বারা প্রতারিত হয়েই তুমি দুঃখজনক ব্রত আশ্রয় করেছ। কারণ—দেহের দ্বারা সীমিত আত্মা অন্য সঙ্গতি ছাড়া কিরূপে ত্রিলোকের জ্ঞান অর্জন করতে পারে, আমাকে বলো! প্রদীপের যত উজ্জ্বল শিখাই থাকুক, কলসীর মধ্যে রক্ষিত হয়ে কিরূপে সে গৃহের মধ্যস্থিত অন্য বস্তুগুলোকে আলোকিত করতে পারে? ১১॥

সুতরাং দেখা যাচ্ছে—বুদ্ধের মত সাক্ষাৎ সুখকর এবং পরম রমণীয়; অর্হতের মত লোকদ্বয় বিরোধী—বুদ্ধের মতই গ্রহণীয়।

শান্তি—সখি, চল আমরা অন্যত্র যাই।

করুণা—তাই হোক।

(উভয়ে পদচারণা করতে লাগলেন)

শান্তি—(সামনের দিকে তাকিয়ে) এই যে আমাদের সামনে সোমসিদ্ধান্ত। এসো, এখানেও আমরা অনুসরণ করি।

(তরপর কাপালিকবেশী সোমসিদ্ধান্তের প্রবেশ)

কাপালিক—(পরিক্রমণ করে) আমি সুন্দরভাবে নরাস্থিমালায় ভূষিত, শ্মশানে বাস করি, নরকপালের পাত্র থেকে ভোজন করি। যোগাস্থানে আমার নয়ন বিশুদ্ধ—সেই দৃষ্টিতে আমি পৃথিবীকে দেখছি, এখানে মানুষেরা মতবাদ বিষয়ে পরস্পর ভিন্ন, কিন্তু ঈশ্বর থেকে অভিন্ন। ১২॥

দিগম্বর—কাপালিকের ব্রত ধারণ করেছে—কে এই পুরুষ? তাহলে, একেও জিজ্ঞাসা করি। (কাছে গিয়ে) ওরে নরাস্থি-মুণ্ডমালাধারী কাপালিক, তোমার মোক্ষপথই বা কী?

কাপালিক—ওহে জৈন সন্ন্যাসী, আমাদের ধর্ম কী তা জেনে নাও—আমরা অগ্নিতে নরমাংসের আহুতি দিয়ে থাকি—মস্তিষ্ক, অন্ত্র ও মজ্জায় পরিপূরিত সেই আহুতি। ব্রাহ্মণের মাথার খুলিতে রক্ষিত মদ্য পান করে আমরা ভোজন সমাধা করি। পুরুষোপহারের আহুতি নিবেদন করে আমাদের দেবতা মহাভৈরবের অর্চনা করতে হয়—সদ্যশ্ছিন্ন সুদৃঢ় কণ্ঠ থেকে উৎসারিত রক্তধারায় সেই আহুতি উজ্জ্বল। ১৩॥

ভিক্ষু—(দুই কান ঢেকে) বুদ্ধ, হায় বুদ্ধ! কী নিষ্ঠুর ধর্মচর্চা!

দিগম্বর—অর্হৎ! অর্হৎ! ঘোরতর পাপী কেউ এই হতভাগ্যকে প্রতারিত করেছে!

কাপালিক—(সক্রোধে)

আঃ অমঙ্গল নেড়ামাথা টিকিওয়ালা চুলছেঁড়া নাস্তিক, ওহে! তুমি বলছ, যে ভবানীপতি শিবের মহিমা বেদান্তে প্রতিষ্ঠিত, যিনি চতুর্দশ ভুবনের সৃষ্টি, স্থিতি, ও ধ্বংসের অধিনায়ক—তিনি প্রতারক? আমি তোমাকে এই ধর্মের মহিমা বুঝিয়ে দিচ্ছি!

দেবগণের মধ্যে জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ বিষ্ণু ও শিবকে এবং অন্যান্য দেবতাকেও

আমি এখানে নিয়ে আসতে পারি, আমি আকাশের নক্ষত্রদের গতিপথ রুদ্ধ করতে পারি। পর্বত ও নগরীসহ এই পৃথিবীকে জলপ্লাবিত করতে পারি আর একথাও জেনে রাখো—সেই প্লাবিত পৃথিবীর সমস্ত জলরাশি এক মুহূর্তে পান করে ফেলতেও পারি। ১৪॥

দিগম্বর—ওরে কাপালিক! তাই আমি বলছিলাম—কোনো ইন্দ্রজালিক মায়া দেখিতে তোমাকে প্রতারিত করেছেন।

কাপালিক—আঃ দুরাত্মা! আবার সেই পরমেশ্বরকে 'ইন্দ্রজালিক' আখ্যা দিয়ে নিন্দিত করছ? এর দৌরাত্ম্য আর সহ্য করা যায় না! (খড়্গ তুলে) যথেষ্ট হয়েছে! এই ভীষণ খড়্গে এর কণ্ঠ ছিন্ন করে যে ঘন ফেনিল বুদ্বুদের মতো রক্তধারা উৎসারিত হবে তার দ্বারা আমি ভর্গের (শিবের) স্ত্রীকে তৃপ্ত করব—এরই সঙ্গে তৃপ্ত হবে ডমরুনিনাদে আহূত ভৃত্যের দল। ১৫॥

(খড়্গ উত্তোলন করলেন)

দিগম্বর—(সভয়ে) হে মহাভাগ! অহিংসা পরম ধর্ম।

(এই বলে ভিক্ষুর ক্রোড়ে উঠলেন)

ভিক্ষু—(কাপালিককে নিষিদ্ধ করে) হে মহাভাগ! কৌতুকবশত বাক্‌কলহে প্রবৃত্ত হয়েছিল এই তপস্বী—একে প্রহার করা অনুচিত।

(কাপালিক খড়্গ রেখে দিলেন)

দিগম্বর—(আশ্বস্ত হয়ে) হে মহাভাগ! যদি আপনার ভীষণ ক্রোধ প্রশমিত হয়ে থাকে, তবে আপনাকে একটি প্রশ্ন করব।

কাপালিক—কী প্রশ্ন করবে, করো।

দিগম্বর—আমি আপনাদের মহান ধর্মের কথা শুনেছি। কিন্তু আপনার মতে সুখ বা মুক্তির প্রকৃতি কী?

কাপালিক—শোনো। বিষয়ভোগ ছাড়া সুখের অস্তিত্ব দেখা যায় না কোথাও। মুক্তিকে যদি বলা হয় আত্মার আনন্দবোধহীন এক অবস্থা তবে সেই পাথরের অবস্থা কীভাবে প্রার্থনার বিষয় হতে পারে? পার্বতীরূপা নিজের প্রিয়া দ্বারা আলিঙ্গিত থেকে মুক্তপুরুষ সানন্দে ক্রীড়া করেন—একথা বলেছেন মৃড়ানীপতি শিব[৯]। ১৬॥

ভিক্ষু—হে মহাভাগ! যে ব্যক্তি ইন্দ্রিয়জয় করে নি সে মুক্তি পেতে পারে একথা অশ্রদ্ধেয়।

জৈন—ওহে কাপালিক! যদি ক্রুদ্ধ না হও তাহলে বলি। যে দেহধারী ইন্দ্রিয়ের বশীভূত, সে মুক্তিলাভ করবে—এটি বিরুদ্ধ কথা।

কাপালিক—(স্বগত) এদের শ্রদ্ধা নেই—তাই অন্তর কলুষিত। তাই হোক। (প্রকাশ্যে) শ্রদ্ধে, এখানে এসো।

(কাপালিনীরূপিণী শ্রদ্ধার প্রবেশ)

করুণা—সখি, দেখো, দেখো। রজস্-এর কন্যা শ্রদ্ধা! এই লাস্যময়ী রমণীর নিদ্রালু নয়নদুটি নীলপদ্মের মতো চঞ্চল, নরাস্থিমালায় সুচারুভাবে ইনি সজ্জিতা, শ্রোণি ও পীনস্তনভারে আনতা—পূর্ণ চন্দ্রের মতোই এর মুখ। ১৭॥

শ্রদ্ধা—(পরিক্রমণ করে) আমি এসেছি। আদেশ করুন প্রভু।

কাপালিক—প্রিয়ে, নিদারুণ অভিমানী এই ভিক্ষুকে গ্রহণ করো।

(শ্রদ্ধা ভিক্ষুকে আলিঙ্গন করে)

ভিক্ষু—(সানন্দে আলিঙ্গন করে রোমাঞ্চের অভিনয় করলেন—তারপর জনান্তিকে) অহো, কাপালিনীর স্পর্শ কী সুখকর! কারণ—কতবার আমি পীনপয়োধরা বিধবা রমণীদের গাঢ়ভাবে এবং প্রচণ্ড অনুরাগে দুই বাহু জড়িয়ে আলিঙ্গন করেছি। কিন্তু বুদ্ধের নামে শপথ করে বলছি—আজ এই কাপালিনীর সুপুষ্ট স্তনযুগলের পীড়নে যে আনন্দ পেলাম, তেমন আর কোথাও পাই নি। ১৮॥

অহো, কাপালিকদের আচার কী মধুর—এই ধর্ম বিস্ময়কর! সোমসিদ্ধান্তও প্রশংসার যোগ্য। হে মহাভাগ, বুদ্ধের অনুশাসন আমরা সম্পূর্ণভাবেই ত্যাগ করেছি। পরমেশ্বরের এই ধর্মনীতিই আমরা গ্রহণ করেছি। সুতরাং আপনি আমার গুরু, আমি আপনার শিষ্য—পরমেশ্বরের ধর্মে[১০] আমাকে দীক্ষা দিন।

দিগম্বর—ওহে ভিক্ষুক, কাপালিনীর স্পর্শে তুমি দূষিত। তুমি দূরে সরে যাও।

ভিক্ষু—ওরে মূর্খ! কাপালিনীর আলিঙ্গনের মহোৎসব থেকে তুমি বঞ্চিত।

কাপালিক—প্রিয়ে, এই দিগম্বরকে গ্রহণ করো।

(কাপালিনী দিগম্বরকে আলিঙ্গন করলেন)

দিগম্বর—(রামাঞ্চের অভিনয় করে) হায় অর্হৎ! হায় অর্হৎ! কাপালিনীর স্পর্শ কী আনন্দময়! ওগো সুন্দরি, আমাকে অবার আলিঙ্গন করো (স্বগত) আমার ইন্দ্রিয়বিকার উপস্থিত হয়েছে। এর কি কোনো প্রতিকার আছে? আমি কী করব? এই ময়ূরপুচ্ছের গুচ্ছ দিয়ে দেহ আচ্ছাদন করি। ওগো পীনোন্নতস্তনযুগলে তুমি সুন্দরী, ভীরু হরিণের নয়নের মতো তোমার নয়ন—কাপালিনীরীতিতে অনুরাগ ব্যক্ত করে তুমি যদি আমাকে নিয়ে উপভোগ কর, তবে দিগম্বরের দল কী করবে? ১৯॥

নিশ্চয়ই কাপালিকের দর্শনই সুখ ও মুক্তিলাভের একমাত্র উপায়। ওগো কাপালিক, আমি এখন তোমার দাস, মহাভৈরবের ধর্মে আমাকে দীক্ষা দাও।

কাপালিক—এখানে উপবেশন করো।

(দু'জনে বসল, কাপালিক পাত্র হাতে নিয়ে ধ্যান করতে লাগল)

শ্রদ্ধা – ভগবন্, পাত্র সুরায় পূর্ণ করেছি।

কাপালিক—(পান করে অবশিষ্ট ভিক্ষু ও দিগম্বরকে দিলেন।) মর্তজীবনের পরম ভেষজ এই পবিত্র সুরা পান করো। ভৈরব বলেছেন—পশু বন্ধন মুক্ত করার উপায় এই সুরা। ২০॥

(দু'জনে চিন্তা করতে লাগলেন)

দিগম্বর আমাদের অর্হতের অনুশাসনে সুরাপানের অনুমোদন নেই।

ভিক্ষু—কাপালিকের উচ্ছিষ্ট এই সুরা কেমন করে পান করি?

কাপালিক—(চিন্তা করে জনান্তিকে) শ্রদ্ধে, কী ভবেছো? এই দুটি লোকের পশুত্ব এখনও দূরীভূত হয় নি—তাই আমার মুখস্পৃষ্ট এই সুরাকে ভাবছে অপবিত্র। তাহলে তুমি তোমার মুখমদিরায় একে পবিত্র করে দাও, তারপর

এদের নিবেদন করো। সাধু ব্যক্তিরা তো বলেই থাকেন—'রমণীর মুখ সর্বদাই শুচি।'

শ্রদ্ধা—প্রভুর যেমন আদেশ !

(পানপাত্র নিয়ে পীতাবশিষ্ট সুরা ওদের হাতে তুলে দিলেন)

ভিক্ষু—এ তো মহাপ্রসাদ ! (পাত্র নিয়ে তা থেকে পান করলেন)

আহা সুরার কী সৌন্দর্য ! কতবার বারাঙ্গনাদের সঙ্গে সুরাপান করেছি—সেই সুরা পূর্ণ বিকশিত বকুলের গন্ধে মধুর এবং সুন্দরীদের মুখের স্পর্শে স্নিগ্ধ ! আমার মনে হয়, কাপালিনীর মুখমদিরার সংস্পর্শে সুরভি এই সুরা না পেয়েই দেবগণ অমৃতের জন্যে আগ্রহী হন[১১] ॥ ২১

দিগম্বর—ওরে ভিক্ষু, সবটুকু পান করে ফেলো না। কাপালিনীর মুখোচ্ছিষ্ট মদিরা আমার জন্যেও রেখো। (ভিক্ষু দিগম্বরকে পাত্র দিলেন)

দিগম্বর—(পান করে) অহো সুরার কী মাধুর্য, কী স্বাদ, কী গন্ধ, কী সুগন্ধ ! অর্হতের অনুশাসনের পাল্লায় পড়ে আমি এই সুরাসারে বঞ্চিত ছিলাম ! ওহে ভিক্ষু আমার অঙ্গ টলছে, আমি ঘুমাব !

ভিক্ষু—চলো, তাই করি। (দু'জনে নিদ্রার উদ্যোগ করল)

কাপালিক—প্রিয়ে, বিনা মূল্যে এই দুটো দাসকে কিনেছি। এসো নৃত্য করি।

(দুজনেই নৃত্য শুরু করল)

দিগম্বর—ওরে ভিক্ষু, এই কাপালিক অথবা আচার্য কাপালিনীর সঙ্গে সুন্দর নৃত্য করছে। আমরাও নৃত্য করব।

ভিক্ষু—প্রভু, এই দর্শন বড় অদ্ভুত—এখানে কষ্ট ছাড়াই মানুষের প্রার্থনা পূরণ হয়।

(মত্ততা হেতু দু'জনে শিথিলভাবে নৃত্য করতে লাগল)

দিগম্বর—(১৯নং শ্লোক আবৃত্তি করল)।

কাপালিক—এর মধ্যে বিস্ময়ের কী আছে ? আমাদের দর্শনে ইন্দ্রিয়বিষয় ত্যাগ না করেও অষ্টসিদ্ধি[১২] লাভ করা চলে এবং তাদের উৎকৃষ্ট ফলগুলিও করায়ত্ত হয়। বশীকরণ, আকর্ষণ, প্রশমন, প্রক্ষোভন, উদ্ঘাটন প্রভৃতি প্রাচীন সিদ্ধিগুলি জ্ঞানীর পক্ষে যোগের বাধা। ২২ ॥

দিগম্বর—ওহে কাপালিক ! (চিন্তা করে) অথবা আচার্য, আচার্যরাজ, কুলাচার্য !

ভিক্ষু—(হেসে) অনভ্যাস হেতু অতিমাত্রায় সুরা পান করে লোকটা জ্ঞান হারিয়েছে। এর মত্ততা দূর করার চেষ্টা করা হোক।

কাপালিক—তাই হোক। (নিজের মুখের উচ্ছিষ্ট তাম্বুল দিগম্বরের মুখে দিল)

দিগম্বর—(সুস্থ হয়ে) আচার্য ? আমি আপনাকে একটি প্রশ্ন করি। আপনার এই সুরার যে আকর্ষণশক্তি তা কি নারী এবং পুরুষে বর্তমান ?

কাপালিক—বিশেষভাবে এই প্রশ্ন করার কী অর্থ ? বিদ্যাধরী হোক, নাগ বা দেবতার স্ত্রী হোক বা কোনো যক্ষকন্যা হোক, ত্রিলোকে আমি যা-ই কামনা করি, তাকেই আমি আমার জ্ঞানের বলে এখানে উপস্থিত করতে পারি। ২৩ ॥

দিগম্বর—গণনায় আমি জেনেছি যে আমরা সবাই মহামোহের ভৃত্য।

উভয়ে—আপনি যথার্থ জেনেছেন, তাই বটে !

দিগম্বর—রাজার কোনো সেবা আমাদের ভেবে দেখা দরকার।

কাপালিক—কী সেই সেবা ?

দিগম্বর—রাজার আদেশ, সত্ত্বকন্যা শ্রদ্ধাকে খ‍ুঁজে আনতে হবে।

কাপালিক—বলো, কোথায় এই দাসীপুত্রী ? আমার জ্ঞানের বলে এক্ষুণি তাকে এখানে উপস্থিত করছি।

(দিগম্বর খাঁড় দিয়ে গুণতে লাগল)

শান্তি—সখি, মনে হচ্ছে, এই হতভাগ্যরা আমার মাকে নিয়েই কথা বলছে ; মন দিয়ে শোনা যাক্।

করুণা—সখি, তাই করি। (দুজনে শুনতে লাগল)

দিগম্বর—(একটি শ্লোক উচ্চারণ করে) জলে নেই, স্থলেও নেই। বিষ্ণুভক্তির সঙ্গে সে মহাপুরুষদের হৃদয়ে অবস্থান করছে। ২৪ ॥

করুণা—(সহর্ষে) সখি, তুমি ভাগ্যবতী। শ্রদ্ধা আছেন বিষ্ণুভক্তির সঙ্গে।

(শান্তি আনন্দের অভিনয় করলেন)

ভিক্ষু—তাহলে কাম থেকে বিচ্ছিন্ন হয়ে ধর্ম এখন কোথায় আছেন ?

দিগম্বর—(আবার গণনা করে) জলে নেই, বনেও নেই, গিরিগহ্বরে নেই, পাতালেও নেই—মহাত্মাদের হৃদয়ে বিষ্ণুভক্তির সঙ্গে তিনি আছেন। ২৫ ॥

কাপালিক—(সবিষাদে) হায় মহারাজের এখন গভীর সংকট ! কারণ, বিষ্ণুভক্তি একাই ফলপ্রাপ্তির পক্ষে যথেষ্ট—সেখানে আছেন সত্ত্বকন্যা শ্রদ্ধা[১৩] ; কামমুক্ত ধর্মও সেখানে ! তাহলে আমার দৃঢ় বিশ্বাস বিবেক তার সিদ্ধির পথে।

তাহলে, প্রাণের বিনিময়ে প্রভুর কাজ আমাদের করতে হবে। আমি ধর্ম ও শ্রদ্ধাকে আনবার জন্যে মহাভৈরবী বিদ্যাকে পাঠাচ্ছি। ২৬ ॥ (সকলের প্রস্থান)

শান্তি—এই হতভাগ্যদের প্রচেষ্টার কথা আমরাও দেবী বিষ্ণুভক্তির কাছে নিবেদন করি।

(উভয়ের প্রস্থান)

॥ শ্রীকৃষ্ণ মিশ্র বিরচিত 'প্রবোধচন্দ্রোদয়' নামক নাটকের 'পাষণ্ড বিড়ম্বননামক তৃতীয় অংক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × চতুর্থ অংক × × × × × × × × × × × × ×

(মৈত্রীর প্রবেশ)

মৈত্রী—সখি মুদিতার কাছে আমি শুনেছি যে মহাভৈরবী কর্তৃক গ্রাসের ভয় থেকে প্রিয়সখী শ্রদ্ধাকে দেবী বিষ্ণুভক্তি রক্ষা করেছেন। আমার হৃদয় বড়ো উৎকণ্ঠিত, কখন আমি তার দেখা পাব ?

(শ্রদ্ধার প্রবেশ)

শ্রদ্ধা—(ভয়ে কাঁপতে কাঁপতে) হায় ! সেই ভীষণদর্শনা মহাভৈরবীকে যেন এখনও দেখতে পাচ্ছি—কানে নরপালের কুণ্ডল, দুই চোখ থেকে যেন বিদ্যুতের ছটা বেরিয়ে আসছে, অগ্নিশিখার মতোই রক্তাভ তার কেশপাশ, চন্দ্রকলাঙ্কুর মতো দন্তপঙ্‌ক্তির মধ্যে লোল জিহ্বা দীপ্তিমান ! আমি যেন ভয়ে কদলীপত্রের মতো কাঁপছি।[১] ১ ॥

মৈত্রী – হায়, এই আমার সখী শ্রদ্ধা—হৃদয় ভয়ে বিহ্বল, এইজন্যে অঙ্গ কাঁপছে। আপন

মনেই কী যেন বলছে : আমি সামনে আছি, তবু আমাকে দেখতে পাচ্ছে না। সুতরাং আমিই তার সঙ্গে কথা বলি। প্রিয় সখি শ্রদ্ধে ! কী ব্যাপার ! তোমার মন এত ব্যাকুল যে আমাকেও দেখতে পাচ্ছ না ?

শ্রদ্ধা—(দেখে, নিঃশ্বাস ফেলে) হায়, এ যে আমার প্রিয় সখী মৈত্রী ! কালরাত্রির করাল মুখে দন্তপঙ্‌ক্তির মধ্যে আমি নিষ্পিষ্ট হতে যাচ্ছিলাম। আমি কি এ জন্মেই তোমার দেখা পেলাম ? তবে এসো, গাঢ়ভাবে আমাকে আলিঙ্গন কর।২ ॥

মৈত্রী—(আলিঙ্গন করে) সখি, বিষ্ণুভক্তির প্রভাবে তো মহাভৈরবীর শক্তি ক্ষীণ হয়েছে, তবে আজও তোমার দেহ কাঁপছে কেন ?

(শ্রদ্ধা প্রথম শ্লোকটি আবৃত্তি করলেন)

মৈত্রী—(সভয়ে) হতাশার রূপই ভীষণ ! তারপর সে এসে কী করল ?

শ্রদ্ধা—সেই ভীষণরূপিণী রমণী বাজপাখির মতো আমার উপর ঝাঁপিয়ে পড়ল, একহাতে দু' পায়ে টেনে আমাকে তুলে নিল, অন্য হাতে ধর্মকে নিয়ে হঠাৎ যে আকাশে উঠে গেল—যেমন শকুনি একখণ্ড মাংস তুলে নেয় আর সেই মাংসখণ্ড তার নখের আগায় জ্বলতে থাকে ! ৩ ॥

মৈত্রী—হায় ধিক ! হায় ধিক ! (মূর্ছিত হলেন)

শ্রদ্ধা—সখি আশ্বস্ত হও, আশ্বস্ত হও !

মৈত্রী—(আশ্বস্ত হয়ে) তারপর তারপর ?

শ্রদ্ধা—তারপর আমাদের অসহায় আর্তস্বর শুনে দেবী বিষ্ণুভক্তির হৃদয় করুণায় বিগলিত হল ; তিনি ক্রুদ্ধদৃষ্টিতে তার দিকে তাকালেন—তার চক্ষু রক্তিম, ভীষণ ও ভ্রূভঙ্গ কুটিল ! তখন মহাভৈরবী ভূমিতে ছিটকে এসে পড়ল, তার মস্তকের অস্থি চূর্ণ হয়ে গেল, মনে হল বজ্রাহত কোনো পর্বতের শিলাখণ্ড ছড়িয়ে আছে। ৪ ॥

মৈত্রী—নিরাপদে তোমাকে উদ্ধার করা হয়েছে, তুমি যেন ক্রুদ্ধ ব্যাঘ্রের মুখ থেকে ভ্রষ্ট এক মৃগী। আমার ভাগ্য, তোমাকে জীবিত অবস্থায় দেখতে পেলাম।

শ্রদ্ধা—তারপর দেবী সাগ্রহে বললেন—'আমাকে পর্যন্ত তুচ্ছ করে হতভাগ্য মহামোহ কপট কল্পনায় প্রবৃত্ত হয়েছে, আমি একে সমূলে ধ্বংস করব। দেবী আমাকে আদেশ করলেন—শ্রদ্ধা তুমি যাও, বিবেককে গিয়ে বলো—কাম ক্রোধ প্রভৃতিকে জয় করবার জন্যে যেন উদ্যোগী হয়। এই জয়ের পরে হবে বৈরাগ্যের উদয়। আমিও নির্দিষ্টকালে প্রাণায়াম, নামকীর্তন প্রভৃতির সাহায্যে তোমাদের সৈন্যদলকে অনুপ্রাণিত করব।'

ঋতম্ভরা প্রভৃতি দেবীগণ ও শান্তি প্রভৃতি কৌশল প্রয়োগ করে উপনিষৎ দেবীর সঙ্গে মহারাজের মিলনে যাতে প্রবোধ-এর জন্ম হয়—সেই ব্যবস্থা করবেন। তাই এখন বিবেকের কাছে যাচ্ছি। কিন্তু তুমি কী করে দিন কাটাচ্ছ ?

মৈত্রী—আমরা চার ভগিনী বিবেকের কার্যসিদ্ধির জন্যেই মনস্বীদের হৃদয়ে অবস্থান করছি (সংস্কৃত ভাষা আশ্রয় করে) আমি মৈত্রী, তারা সুখী প্রাণে আমাকে ধ্যান করবেন, দুঃখিজনে চিন্তা করবেন অনুকম্পাকে, পুণ্যকর্মে ধ্যান করবেন মুদিতাকে (সন্তুষ্টিকে), আর উপেক্ষাকে চিন্তা করবেন কুবুদ্ধির উদয়ে। ৫ ॥ এইভাবে রাগলোভদ্বেষাদিদোষকলুষ অন্তরাত্মাও নির্মল হয়ে উঠবে। এইভাবে

আমরা চার ভগিনী তার কার্যসিদ্ধির ব্যাপারে নিযুক্ত থেকে দিন কাটাচ্ছি। প্রিয় সখি, এখন মহারাজকে কোথায় পাবে ?

শ্রদ্ধা—দেবী বিষ্ণুভক্তি এবিষয়ে বলেছেন—রাঢ়[৩] নামে এক দেশ আছে—সেখানে আছে 'চক্রতীর্থ', ভাগীরথীর নিকটবর্তী প্রদেশগুলির মধ্যে এই চক্রতীর্থ অলঙ্কার স্বরূপ। সেখানে কোনোরূপে প্রাণ ধারণ করে বিচারপূর্বক ব্যাকুল হৃদয়ে উপনিষৎ দেবীর সঙ্গে মিলনের জন্যে রাজা তপস্যা করছেন।

মৈত্রী—তাহলে প্রিয় সখি, তুমি যাও, আমিও কর্তব্য পালন করি।

শ্রদ্ধা—তাই হোক।

বিষ্কম্ভক

(তারপর প্রবেশ করলেন রাজা ও প্রতিহারী)

রাজা—আঃ দুরাত্মা পাপী মহামোহ ! সকল রকমে তুমি লোকসমাজের সর্বনাশ করেছ শান্ত, অনন্ত মহিমান্বিত, নির্মল নিস্তরঙ্গ জ্ঞানস্বরূপ ব্রহ্মানন্দসমুদ্রে মগ্ন থেকেও সে অল্পমাত্র জলপান করতে পারছে না—এদিকে শ্রান্ত হয়েও তুচ্ছ মৃগতৃষ্ণিকা-রূপী সমুদ্রের জল নিজের স্বরূপ বুঝতে না পেরে সে পান করছে, আচমন করছে, সেই জলে অবগাহন করছে, আমোদ করছে, ডুবছে আবার উঠছে ! ৬ ॥

অথবা সংসারচক্রের পরিচালক মহামোহের অবোধই এর মূলে। কারও নিবৃত্তি হয় তত্ত্বাবরোধ থেকে। কারণ এই সংসারতরুর মূল অজ্ঞান—মূলের সঙ্গে একে বিনাশ করতে হলে বিশ্বেশ্বরের আরাধনার বীজ থেকে জাত তত্ত্বজ্ঞান ছাড়া অন্য উপায় নেই। ৭ ॥

পুণ্যবানদের ঈপ্সিত অর্থে দেবগণ সাহায্য করে থাকেন বিপথগামীকে সহোদরও পরিত্যাগ করে—তত্ত্ববিদগণ এই রকম বলেন। দেবী বিষ্ণুভক্তি নির্দেশ দিয়েছেন—কামাদির বিজয় ব্যাপারে উদ্যোগ করুন, আমিও আপনার পক্ষ হয়ে সাহায্য করব। ও-পক্ষে কাম প্রথম বীর, বস্তুবিচারই তাকে জয় করতে পারবে। তাই হোক, বিজয়লাভের জন্যে তাকেই আদেশ করি। বেত্রবতি ! বস্তুবিচারকে ডেকে পাঠাও।

প্রতিহারী—মহারাজের যেমন আদেশ।

(প্রস্থান এবং বস্তুবিচারকে নিয়ে প্রবেশ)

বস্তুবিচার—অহো ! বিচারশূন্য যে সৌন্দর্যাভিমান তাতেই পুষ্ট হতভাগ্য কাম এই জগৎকে প্রতারিত করেছে ; কিংবা মহামোহ নিজেই এই প্রতারণার মূলে ! কারণ, পণ্ডিত হয়েও মানুষ অপবিত্র মাংসাদি গঠিত স্ত্রীলোক দেখে অভ্যর্থনা করে—সুন্দরি ! সুভ্রূ ! কমলনয়নে ! বিপুলনিতম্বভারে ! পুষ্টোন্নতস্তনে !—প্রভৃতি বিশেষণে তার স্তব করে ; শুধু স্তব করে না, মত্ত হয়, আনন্দলাভ করে, কেলি করে এবং তার গুণকীর্তন করে। মোহের কী কুকীর্তি ! ৮ ॥

যারা বস্তুর স্বরূপ বিচার করতে জানেন সেই সব তীক্ষ্ণ বুদ্ধিশালী ব্যক্তিগণও মাংসকর্দমে সন্নিবদ্ধ অস্থিপঞ্জরময়ী, স্বভাবতই দুর্গন্ধি এবং বীভৎসবেশা নারীকে দেখেন—তবু তাদের বৈরাগ্য হয় না। স্পষ্টই বোঝা যাচ্ছে, এখানে অন্যের গুণ আরোপ করা হচ্ছে। কারণ, মুক্তাহার, ঝঙ্কারমুখর মণিময় স্বর্ণনূপুর, সুগন্ধ-

যুক্ত কুঙ্কুমের অঙ্গরাগ, বিচিত্র ও সুগন্ধি পুষ্পমালা, পরিধানে নানাবর্ণের পট্টবস্ত্র ! এই সব সৌন্দর্যই মন্দবুদ্ধিদের দ্বারা কল্পিত ! যারা বাইরে ও অন্তরে বস্তুর বিশ্লেষণ করতে পারেন তাদের দৃষ্টিতে এ তো নারী নামে এক নরক সৃষ্টি ! ৯ ॥

(আকাশের দিকে তাকিয়ে) আঃ পাপী কামচণ্ডাল ! কেন এই নারীকে উপলক্ষ্য করেই মানুষকে এমনভাবে তুমি ব্যাকুল করে তুলেছ যে তার কোনো অবলম্বনই নেই ! এই রকম সব মনে করা হয়—এই চন্দ্রমুখী বালিকা আমাকে কামনা করে সানন্দে আমার দিকে তাকিয়ে আছে, এই নীলকমলনয়না নারী তার সুপুষ্ট স্তন যাতে পীড়িত হয় এমনভাবে আমাকে আলিঙ্গন করছে ! ওরে মূঢ় পশু, কে ইচ্ছে করছে, কে তোমাকে দেখছে ? মাংস এবং অস্থি দিয়ে নির্মিত এই নারী কিছুই জানে না, কিছুই দেখে না—দেখে শুধু অমূর্ত এক পুরুষ ![৪] ১০ ॥

প্রতিহারী—হে মহাভাগ, এইদিকে আসুন। (দুজনে পরিক্রমা করলেন)

প্রতিহারী—এই যে মহারাজ বসে আছেন—আপনি কাছে এগিয়ে যান।

বস্তুবিচার—(কাছে গিয়ে) মহারাজের জয় হোক। বস্তুবিচার আপনাকে প্রণাম জানাচ্ছে।

রাজা—এইখানে উপবেশন করো।

বস্তুবিচার—(উপবেশন করে) দেব ! আপনার ভৃত্য উপস্থিত, আদেশ করে আমাকে অনুগৃহীত করুন।

রাজা—মহামোহের সঙ্গে আমাদের সংগ্রাম বেধেছে। এই যুদ্ধে কাম তার প্রধান বীর—প্রতিস্পর্ধী বীররূপে আমরা আপনাকে নির্বাচিত করেছি।

বস্তুবিচার—কৃতার্থ হলাম, কেননা প্রভু আমাকেই সম্মানিত করেছেন।

রাজা—কিন্তু কোন্ শাস্ত্রবিদ্যায় আপনি কামকে জয় করবেন ?

বস্তুবিচার—আঃ কাম তো পঞ্চশর - পুষ্পধনু ; অর্থাৎ পাঁচটি মাত্র শর তা-ও ফুলের তৈরি ; ওকে জয় করতে হলে আবার শাস্ত্রের প্রশ্ন ? আমি অল্প কয়েকদিনের মধ্যেই অনুপস্থিতিতে স্ত্রীলোকের স্মরণ, অথবা উপস্থিতিতে দর্শন—অন্তরে কামপ্রবেশের এই দু'টি দ্বার যে-কোনো উপায়ে রুদ্ধ করব। কী করে করব ? আমি প্রতি মুহূর্তে চিন্তা করব বার্ধক্যে দেহের বর্ণহীনতার কথা কিংবা অস্থিপঞ্জরময় দেহের বীভৎসতার কথা। এইভাবে আমি কামকে নির্মূল করব। ১১ ॥

রাজা—ভালো কথা ! সাধু প্রস্তাব !

বস্তুবিচার—তাছাড়া প্রশস্ত তীরযুক্ত নদীসমূহ তীব্রবেগে নির্ঝরের ধারা এসে শিলাস্তর মসৃণ করে দিচ্ছে এমনি সব পর্বত, নিবিড় বনভূমি—আর সেখানে মিলিত হয়েছেন পণ্ডিতগণ ; তাদের কণ্ঠে ধ্বনিত হচ্ছে ব্যাসরচিত শান্তিবচন ! আপনি বলুন, সেখানে মারীই বা কোথায়—কোথায় বা কামের প্রভাব ! ১২ ॥

নারীই কামের প্রধান অস্ত্র—নারী পরাজিত হলে তার সহায়গণ ব্যর্থ হয়ে রণে ভঙ্গ দিয়ে পালাবে। কারণ চন্দনতুল্য সুশীতল চন্দ্র, চন্দ্রের আলোকে শুভ রাত্রি, গুঞ্জনমুখর ভ্রমরমাল্য, বিলাস-কাননের নিকটেই বসন্তোদয়, বর্ষায় মেঘাচ্ছন্ন

দিন, কদম্বপুষ্পের স্পর্শে সুগন্ধি বায়ু এবং শৃঙ্গার প্রভৃতি কামের বন্ধুগণ—সকলেই পরাজিত হবে নারীর জয়ে। তাহলে আর অধিক বিলম্বে দরকার নেই; আদেশ করুন প্রভু! ১৩ ॥

সেই আমি বেদ-পুরাণ-ইতিহাসের যুক্তিবিচারের দ্বারা চারদিক থেকে শরতুল্য যুক্তির সাহায্যে শত্রুদের বলনাশ করে কামকে নির্মূল করব—যেমন গাণ্ডীবধারী অর্জুন শরজালে কুরুসৈন্য নাশ করে সিন্ধুরাজ জয়দ্রথকে বধ করেছিলেন[৫]। ১৪ ॥

রাজা – তবে আপনি শত্রুজয়ের উপযুক্ত সজ্জা গ্রহণ করুন।

বস্তুবিচার—প্রভুর যেমন আদেশ। (প্রণামপূর্বক প্রস্থান)

রাজা—বেত্রবতি, ক্রোধকে জয় করতে ক্ষমাকে ডেকে পাঠাও।

প্রতিহারী—প্রভুর যেমন আদেশ। (প্রস্থান ও ক্ষমাকে সঙ্গে করে প্রবেশ)

ক্ষমা—ক্রোধের অন্ধকার বিস্তৃত করে, তাতে ভ্রূকুটির ভীষণ তরঙ্গ আর সেই সঙ্গে সন্ধ্যার কিরণতুল্য রক্তিমদৃষ্টি নিক্ষেপ করে এইরকম শত্রুরা যে পরনিন্দা উচ্চারণ করে—ধৈর্যশালী ব্যক্তিগণ নিষ্কম্প, নির্মল ও গভীর সাগরের মতো তা অবিরাম সহ্য করে থাকেন। (সগৌরবে নিজের প্রতি দৃষ্টিপাত করে) আমি! ১৫ ॥

আমি! ক্রোধের জয়ে আমিই একমাত্র শ্লাঘনীয়—আমার বাক্যে অবসাদ নেই, মাথার পীড়া নেই, মনের সন্তাপ নেই, দেহের পরস্পর সংঘর্ষ নেই, হিংসার প্রাণিহনন প্রভৃতি অনর্থযোগও নেই। ১৬ ॥ (উভয়ে পরিক্রমণ করলেন)

প্রতিহারী—এই যে প্রভু! প্রিয়সখি, আপনি এগিয়ে যান।

ক্ষমা—(এগিয়ে এসে) মহারাজের জয় হোক্। প্রভুর দাসী ক্ষমা সাষ্টাঙ্গে প্রণাম জানাচ্ছে।

রাজা—ক্ষমা, তুমি এইখানে বসো।

ক্ষমা—(উপবেশন করে) আদেশ করুন প্রভু। এই দাসীকে কেন ডেকেছেন?

রাজা—বর্তমান যুদ্ধে দুরাত্মা ক্রোধকে তোমায় জয় করতে হবে।

ক্ষমা—প্রভু আদেশ করলে আমি মহামোহকে পর্যন্ত জয় করবার শক্তি রাখি—ক্রোধ তো তার অনুচর মাত্র! আমি অচিরেই জয় করব। যে অকারণে বেদপাঠে, দেবযজ্ঞ ও পিতৃযজ্ঞের অনুষ্ঠানে বাধা দেয়, যার নয়ন থেকে অবিরাম ক্রোধ স্ফুলিঙ্গের মতো জ্বলে উঠছে, তাকে আমি ধ্বংস করব—কাত্যায়নী যেমন মহিষকে বধ করেছিলেন[৬]। ১৭ ॥

রাজা—ক্ষমা, কী উপায়ে তুমি ক্রোধকে জয় করবে তা শুনতে চাই।

ক্ষমা—বলছি মহারাজ! কেউ ক্রুদ্ধ হলে হাসিমুখে তা উপেক্ষা করব, আবেগাবিষ্টের প্রতি প্রসন্ন ভাব দেখাব, নিন্দা করলে তার কুশল প্রশ্ন করব, প্রহার করলে বলব, আমার আজ পাপনাশ হল—এই ব'লে আনন্দ নিবেদন করব। ইন্দ্রিয়পরবশ এই ব্যক্তি দৈবাৎ এইভাবে বিপন্ন হয়েছে—এই ভেবে যদি হৃদয় করুণায় সিক্ত হয় তবে ক্রোধের আবির্ভাব কীভাবে হবে? ১৮ ॥

রাজা – সাধু! সাধু!

ক্ষমা—মহারাজ ক্রোধকে জয় করতে পারলেই হিংসা কঠোরতা, মান, মাৎসর্য প্রভৃতিও অনায়াসে পরাজিত হবে।

রাজা—তবে বিজয়লাভের উদ্দেশ্যে তুমি যাত্রা করো।

ক্ষমা—যে আজ্ঞে মহারাজ। (প্রস্থান)

রাজা—বেত্রবতি, এখন লোভকে জয় করার জন্যে সন্তোষকে ডেকে পাঠাও।

প্রতিহারী—যে আজ্ঞে মহারাজ! (প্রস্থান, সন্তোষের সঙ্গে পুনঃ প্রবেশ)

সন্তোষ—(চিন্তা করে, অনুকম্পার সঙ্গে) বনে বনে কতো বিচিত্রতরুর ফল ইচ্ছানুযায়ী অনায়াসে পাওয়া যায়; স্থানে স্থানে পুণ্য নদী, সেখানে মধুর ও সুশীতল জল মেলে, কোমল লতা-পাতায় রচিত সুখস্পর্শযুক্ত শয্যাও বিছানো রয়েছে—তবু দীনু ব্যক্তিরা ধনীর দুয়ারে দুঃখের তাপ সহ্য করে। ১৯॥ (আকাশের দিকে তাকিয়ে) ওরে মূর্খ, ওরে লুব্ধ, এই মোহ নিশ্চয়ই নির্মূল করা কঠিন। কারণ, তোর প্রচেষ্টা কতবার না ব্যর্থ হয়েছে! মৃগতৃষ্ণিকার সাগরের মতো' তোর এই তুচ্ছ ধনতৃষ্ণা; তবু প্রত্যাশার বিরাম নেই, হৃদয়ও শতধা বিদীর্ণ হয় না। নিশ্চয়ই তোর হৃদয় বজ্রপ্রস্তরে গঠিত! ২০॥

তাছাড়া, লোভান্ধ তোর এই প্রয়াস ভাবতে অদ্ভুত লাগে। কারণ, এই লভ্য ধন লাভ করেছি, একে মূলধন করে আবার তা বাড়াব। এইভাবে তোরা দিনরাত লব্ধ ধনের চিন্তায় মত্ত। তোরা বুঝতে পারিস না, পিশাচী আশা তোদের মহালোভের অন্ধকারে রেখে সবলে গ্রাস করবে। ২১॥

তাছাড়া, যদি কোনরূপে ধন লব্ধ হয় তবু সেই ধনের ব্যয় বা নাশ অবশ্যম্ভাবী, উভয়তঃ তোর ধন-বিয়োগ আছে। (তাহলে) ধনার্জন না করাই কি শ্রেয় নয় বল তো? নাকি ধননাশই উপাদেয়? (ওরে) লব্ধের বিনাশ অনেক বেশি কষ্ট দেয়, ধনের অভাব তা করে না। ২২॥ আরোও শোন্ মাথার উপরে মৃত্যু নৃত্য করছে, জরারূপী ভীষণ সর্প তোকে গ্রাস করছে, পুত্রমিত্রকলত্রাদিরূপী গৃধ্র তোর অর্জিত যা কিছু সব আত্মসাৎ করছে। সুতরাং লোভজনিত ধূলিজাল বোধজলে ধৌত করে সন্তোষামৃতসাগরে ক্ষণমাত্র মগ্ন হলে সুখে জীবন ধারণ করতে পারবি। ২৩॥

প্রতিহারী—এই যে মহারাজ, আপনি এগিয়ে যান।

সন্তোষ—(কাছে এসে) মহারাজের জয় হোক। আমি সন্তোষ, আপনাকে প্রণাম করছি।

রাজা—এইখানে বসো। (নিজের কাছে বসালেন।)

সন্তোষ—(সবিনয়ে উপবেশন করে) আপনার ভৃত্য উপস্থিত, আপনি আদেশ করুন।

রাজা—তোমার প্রভাব আমি জানি। এখানে বিলম্ব করার প্রয়োজন নেই। তুমি লোভকে জয় করার জন্যে বারাণসী যাত্রা করো।

সন্তোষ—আপনার যেমন আদেশ। লোভ নানামুখী, সে ত্রিলোক জয় করেছে, কিন্তু আমি তাকে নিশ্চয়ই জয় করে বিকল অবস্থায় তাকে চূর্ণ করব যেমন ব্রাহ্মণও দেবতার বধ এবং বন্ধনে লুব্ধ রাক্ষসরাজ রাবণকে বধ করেছিলেন রাম। ২৪॥ (প্রস্থান)

(তারপর প্রবেশ করল বিনীতবেশী এক পুরুষ)

পুরুষ—মহারাজ! যুদ্ধে বিজয় যাত্রার মঙ্গলদ্রব্য আহরণ করা হয়েছে, গণক যাত্রার

শুভ সময় স্থির করে দিয়েছেন।

রাজা—যদি তাই হয় তবে সেনাপতিদের সেনা পাঠাবার আদেশ দিতে বলো।

পুরুষ—যে আজ্ঞে মহারাজ। (প্রস্থান)

নেপথ্যে—ওহে সৈনিকগণ, শোনো। যাদের গণ্ডফলক থেকে চ্যুত মদিরাধারায় ভৃঙ্গগণ মদে মত্ত হয়ে ওঠে, সেই-সব শ্রেষ্ঠ হস্তী সজ্জিত করো, যাদের বেগে বায়ু পরাভূত সেই সব প্রচন্ডগতি অশ্ব রথে যুক্ত করো; বর্শার ফলকে ফলকে দিগন্তে নীলপদ্মের বন সৃষ্টি করতে করতে পদাতিকগণ সবেগে যাত্রা করুক—এবং হস্তে তরবারি ধারণ করে অশ্বারোহীরাও পড়ে থাকুক। ২৫ ॥

রাজা—এখন মঙ্গলাচরণ করে যাত্রা করি। (পার্শ্বচরের প্রতি) ওহে, আমার সংগ্রামের জন্যে নির্দিষ্ট রথ সজ্জিত করে আনতে বলো।

পারিপার্শ্বক—যে আজ্ঞে মহারাজ। (প্রস্থান)

(তারপর সারথি সজ্জীকৃত রথ নিয়ে প্রবেশ করলেন)

সারথি—জীব[৮]! রথ সুসজ্জিত, আপনি আরোহণ করুন।

(রাজা মাঙ্গলিকবিধি অনুযায়ী রথে আরোহণের অভিনয় করলেন)

সারথি—(রথের গতি লক্ষ্য করে) আয়ুষ্মন্, দেখুন! দেখুন! খুরের অগ্রভাগে ভূমি চুম্বন করে অশ্বগণ রথখানিকে গগনসীমায় নিয়ে যাচ্ছে। অশ্বের এমনি প্রচণ্ড বেগ—সেই গতিবেগ অনুমিত হচ্ছে শুধু খুরোত্থিত পথের ধূলায়। ২৬ ॥

রথের কী ভীষণ ঘর্ঘর শব্দ, মনে হয় সাগর মন্থনের শব্দ হচ্ছে!

এই যে অল্প দূরেই আপনার দৃষ্টিপথে ত্রিলোকপাবনী বারাণসী নগরী! চন্দ্রকিরণের মতো এই সব সৌধশিখর শুভ্রবর্ণ—ধারাযন্ত্রের[৯] জলে সৌধশিখরগুলি মুখর—সেখানে বিচিত্র পতাকাগুলি ঊর্ধ্বে শোভিত—দেখে মনে হচ্ছে নির্মল শরতের মেঘপ্রান্তে বিলসিত বিদ্যুতের লেখা! ২৭ ॥

প্রত্যেকটি মুকুলে লগ্ন হয়ে ভ্রমর গুঞ্জন করছে, পূর্ণ প্রস্ফুটিত পুষ্প থেকে রস ঝরে পড়ছে—মনে হচ্ছে বর্ষা এসেছে! পুষ্পগন্ধে দিক সুরভিত! নিবিড় শ্যামায়মান এবং ঘনচ্ছায়াযুক্ত তরুশ্রেণী নগরের উদ্যানভূমি পর্যন্ত প্রসারিত; সমীরণও যেন পাশুপত ব্রতধারী তাপসের মতো গঙ্গাজলে অভিষিক্ত। তাই সমীরণ গঙ্গাজলে সিক্ত হয়ে, শুভ্রপুষ্পের রেণুকণা অঙ্গে মেখে খসে পড়া ফুলগুলি দিয়ে যেন চন্দ্রশেখরের অর্চনা করছে, ভ্রমরগুঞ্জনের ছলে বন্দনাপাঠ করছে—লতাবাহুর আন্দোলন থেকে মনে হয় যেন নৃত্য করছে। ২৮ ॥

রাজা—(সানন্দে লক্ষ্য করলেন) চন্দ্রশেখর শিবের বাসভূমি এই বারাণসীপুরী আমার অন্তরে আত্মানন্দের উদ্বোধন করে চিত্ত আকর্ষণ করছে। আত্মজ্ঞানরূপী বিদ্যা যেন অন্ধকার দূর করে মুক্তির স্বাদ এনে দিচ্ছে। এখানে ধারার কণ্ঠবিলম্বিনী কুটিল মুক্তাবলীর মতো শোভিতা এই গঙ্গা ফেনহাস্যে চন্দ্রকলাকে উপহাস করছে। ২৯ ॥

সারথি—(পরিক্রমণ করে) মহারাজ, দেখুন, দেখুন! এই সেই ভাগীরথীতীরের অলঙ্কারস্বরূপ ভগবান আদিকেশব নামক বিষ্ণুর পবিত্র মন্দির!

রাজা—(দেখে সহর্ষে) একী! ইনি সেই দেবতা যাকে পুরাবিদ্‌গণ এই পুণ্যক্ষেত্রের

আত্মরূপে বর্ণনা করে থাকেন ! এখানে পুণ্যবান ব্যক্তিরা দেহ ত্যাগ করে এই দেবতার মধ্যেই বিলীন হন। ৩০ ॥

সারথি—মহারাজ, দেখুন, দেখুন ! এই কাম, ক্রোধ লোভ প্রভৃতি আমাদের দেখেই এই স্থান থেকে দূরে পালিয়ে যাচ্ছে।

রাজা—তাই বটে ! এখন এসো আমরা প্রভুর অভীষ্টসিদ্ধির জন্যে ভগবান আদি কেশবকে প্রণাম করি। (রথ থেকে নেমে প্রবেশ করলেন, তারপর চারদিক দেখে) ভগবন্, তোমার জয় হোক ! দেবসেনা চূড়ামণিশ্রেণী তোমার পাদপীঠে লুণ্ঠিত ; তাদের নখপ্রভা খদ্যোতের দীপ্তিতে প্রকাশমান, তোমার পাদপদ্ম যে স্বর্ণপীঠে বিরাজিত—নখশোভায় সেই পাদপীঠ বিচিত্রিত ! তুমি দ্বৈত-ভ্রান্তিসন্তপ্ত ত্রিলোকের ভ্রমনিদ্রা হরণে একমাত্র সুদক্ষ দেবতা !

বরাহ মূর্তিধারণ করে জলমগ্ন পৃথিবীকে তুমি উদ্ধার করেছিলে—তাতে তোমার দংষ্ট্রাগ্রভাগ খিন্ন হয়েছিল—তবু তাতেই তুমি কত মহাগিরি বিদীর্ণ করেছিল ! পাদবিক্ষেপে তুমি ত্রিলোক অধিকার করেছিল ! প্রবল ভুজবলে গোবর্ধনগিরি উত্তোলন করে—ছত্ররূপে তা ধারণ করে ইন্দ্রের প্রেরিত আকস্মিক ও প্রচণ্ড অতিবৃষ্টি থেকে গোকুলবাসীদের রক্ষা করেছিলে—তাতে বিস্মিত হয়েছিল সমগ্র বিশ্ব !

প্রভু, অসুরবধূদের বিধবা করে তাদের সীমন্তে সিন্দূরে তুমি সূর্যদেহ লেপন করেছিল, তাই সূর্য লোহিতবর্ণ, আবার তুমি নরসিংহরূপে ত্রস্ত হিরণ্য-কশিপুর বক্ষ বিদীর্ণ করেছিলে, তোমার অপ্রতিহত এবং দীপ্ত নখশ্রেণী থেকে বিগলিত রক্তধারায় ত্রিভুবন মগ্ন হয়েছিল ; যখন ত্রিলোকের শত্রু কৈটভ-অসুরের কঠিন কণ্ঠাস্থি তুমি ছেদন করেছিল তখন তোমার সুদর্শনচক্র থেকে উল্কাছটার মতো জ্যোতি নির্গত হয়ে তোমার শক্তি জগতে প্রকটিত করেছিল। সমুদ্র-মন্থন কালে বাহুবলে তুমি মন্দরপর্বতকে মন্থনদণ্ডে পরিণত করে ক্ষীরোদ-সাগরকে আলোড়িত করেছিলে। সেই সাগর থেকে লক্ষ্মী উঠে এসে তোমাকে ভুজপাশে আলিঙ্গন করলেন, সেই আলিঙ্গনে তার পীনস্তনের পত্রাবলীচিহ্ন তোমার বক্ষঃস্থলে পড়েছিল। এখন সেখানে মুক্তামালা শোভিত।

হে বৈকুণ্ঠদেব ! তোমাকে আমি প্রণাম করি। সংসারের বন্ধন ছিন্ন করে এই ভক্তকে তুমি জ্ঞান দাও।

(মন্দির থেকে নির্গত হয়ে চারদিক দেখলেন—তারপর) সারথি ! এই উৎকৃষ্ট স্থান বারাণসীই আমাদের বাসযোগ্য। এইখানে শিবিরসন্নিবেশ করব। (প্রস্থান)

॥ শ্রীকৃষ্ণমিশ্রবিরচিত প্রবোধচন্দ্রোদয় নাটকের 'বিবেকোদ্যোগ' নামক চতুর্থ অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × × পঞ্চম অংক × × × × × × × × × × × × × ×

(শ্রদ্ধার প্রবেশ)

শ্রদ্ধা—(চিন্তা করে) এই তো প্রসিদ্ধ পথ। কেননা, জ্ঞাতিদের মধ্যে শত্রুতাজনিত ক্রোধ সমস্ত বংশ দগ্ধ করে, যেমন প্রচণ্ড বায়ুতাড়নে বড়ো বড়ো বৃক্ষের সংঘর্ষজাত অগ্নি বনকে দহন করে। (অশ্রুসিক্ত নয়নে) জ্ঞাতিবিনাশজনিত নিদারুণ শোকাগ্নি নির্বাপিত করা কঠিন। ১ ॥

শত শত বিচারবুদ্ধিরূপ মেঘও তা নেভাতে পারে না। তাই—সমুদ্র, পৃথিবী, পর্বত নদী—এদেরও ধ্বংস যখন নিশ্চয় ঘটবে তখন শীর্ণ তৃণবৎ লঘু প্রাণীদের বিনাশের আর কথা কী? তাহলেও জ্ঞাতির বিনাশজনিত এক তীব্র শোকাগ্নি সকলবিবেক বুদ্ধি উন্মথিত করে হৃদয় দগ্ধ করছে। ২ ॥

তাই বংশের মূলস্বরূপ কামক্রোধ প্রভৃতি ভ্রাতৃগণের বিনাশে জ্বলন্ত এ শোকাগ্নি আমার পক্ষে মর্মচ্ছেদী—আমার দেহ তা শোষণ করছে, আমার অন্তরাত্মাও দহন করছে। ৩ ॥

(চিন্তা করে) দেবী বিষ্ণুভক্তি আমাকে আদেশ করেছেন—বৎসে, আমি এখানে থেকে হিংসা-প্রধান সংগ্রাম দেখতে পারব না, আমি এখন বারাণসী ছেড়ে শালগ্রাম নামক ভাগবত ক্ষেত্রে গিয়ে কিছুকাল বাস করব, তুমি সেখানে গিয়ে যথাযথ যুদ্ধের বৃত্তান্ত আমাকে জানাবে। তাই আমি এখন দেবীর নিকটে গিয়ে সমরবৃত্তান্ত তাকে জানাই। (পরিক্রমা করে এবং দেখে) এই যে চক্রতীর্থ! এখানে স্বয়ং সংসারসাগর-পার-করানো তরণীর কর্ণধার শ্রীহরি বাস করেন (প্রণাম করে), এই যে ভগবতী বিষ্ণুভক্তি সাধুজনবেষ্টিত হয়ে শান্তির সঙ্গে কী যেন কথা বলছেন। এইবার তবে কাছে যাই। (পরিক্রমা)

(বিষ্ণুভক্তি ও শান্তির প্রবেশ)

শান্তি—দেবি, আপনাকে গভীরভাবে চিন্তাব্যাকুল মনে হচ্ছে।

বিষ্ণুভক্তি—বৎসে, এই বীরক্ষয়ী মহাযুদ্ধে, শক্তিমান মহামোহের আক্রমণে না জানি বৎস বিবেকের কী ঘটেছে, তাই আমার মন অত্যন্ত ব্যাকুল।

শান্তি—এ বিষয়ে আর চিন্তার কী আছে? আপনার অনুগ্রহ থাকলে মহারাজ বিবেকের নিশ্চয়ই জয় হবে।

বিষ্ণুভক্তি—বৎসে আত্মীয়জনের অভ্যুদয় প্রমাণিত হলেও তাদের অনিষ্টশঙ্কা মনকে ব্যাকুল করে তোলে। ৪ ॥

বিশেষত, শ্রদ্ধা বহুকাল আসে না, তাই আমার মনে সন্দেহ হচ্ছে।

শ্রদ্ধা—(কাছে এসে) দেবি, প্রণাম!

বিষ্ণুভক্তি—এসো এসো এস শ্রদ্ধা। মঙ্গল তো?

শান্তি—মা, আমি প্রণাম করছি।

শ্রদ্ধা—বৎসে, এসো আমাকে আলিঙ্গন করো। (শান্তি আলিঙ্গন করল) দেবি, বিষ্ণুভক্তির অনুগ্রহে মুনিচিত্তের অধিকারিণী হও!

বিষ্ণুভক্তি—এখন সেখানকার ঘটনা বলো।

শ্রদ্ধা—দেবীর বিরুদ্ধাচারীদের যা হওয়া উচিত তা-ই হয়েছে।

বিষ্ণুভক্তি—সবিস্তারে বলো।

শ্রদ্ধা—দেবি, শুনুন। আদি কেশবের মন্দির থেকে আপনি ফিরে আসবার পর ভগবান ভাস্কর কিঞ্চিৎ রক্তবর্ণ কিরণ বিকীর্ণ করতে লাগলেন—সেই সময়ে বিজয়ঘোষণায় আহূয়মান শ্রেষ্ঠ বীরবর্গের সিংহনাদে দিগ্‌দিগন্ত বধির হয়ে গেল, রথাশ্বের খুরোত্থিত ধূলিজালে সূর্যমণ্ডল আচ্ছন্ন হল, মদমত্ত হস্তিগণের কুম্ভস্থিত সিঁদুরে দশদিক সন্ধ্যার মতো মনে হতে লাগল, তাদের ও আমাদের সৈন্যসাগরের মধ্যে প্রলয় মেঘগর্জনের মতো ভীষণ শব্দ উত্থিত হল! সেই সময়ে মহারাজ বিবেক ন্যায়দর্শনকে দূত করে মহামোহের কাছে

পাঠিয়ে দিলেন। ন্যায়দর্শন সেখানে গিয়ে মহামোহকে এইরকম বললেন—বিষ্ণুর মন্দির, নদীকুল, পুণ্যবন আর পুণ্যবানদের মন ত্যাগ করে তুমি অনুচরসহ ম্লেচ্ছদেশে চলে যাও—নতুবা খড়্গাঘাতে তোমার প্রতি অঙ্গ খণ্ডিত হবে—সেই খণ্ডিত অঙ্গ থেকে বিগলিত রক্তধারা পান করে ফেরুগণ (শৃগালগণ) ফেউ ফেউ শব্দ করে আনন্দোৎসবে মত্ত হবে। ৫ ॥

বিষ্ণুভক্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—তারপর দেবি! মহামোহ ললাটে ভীষণ ভ্রূকুটি বিস্তার করে বলল—'হতভাগা বিবেক এই দুর্নীতির ফল ভোগ করুক!' এই বলে পাষণ্ড তর্কশাস্ত্রের সঙ্গে পাষণ্ডদের[১] (বৌদ্ধ চার্বাকযোগকারী জৈনকাপালিকাদি) যুদ্ধে পাঠাল। ইতিমধ্যে আমাদেরও সৈন্যগণের সামনে—বেদ-উপবেদষড়ঙ্গ[২] পুরাণ, ধর্মশাস্ত্র, ইতিহাস প্রভৃতিতে বিভূষিত হওয়া শ্রীসম্পন্না এবং পদ্মহস্তা, চন্দ্রের তুল্য কান্তিযুক্ত সরস্বতী সহসা আবির্ভূত হলেন। ৬ ॥

বিষ্ণুভক্তি—তারপর? তাপর?

শ্রদ্ধা—তারপর বৈষ্ণব, শৈব, সৌর প্রভৃতি শাস্ত্র দেবীর নিকটে উপস্থিত হলেন।

বিষ্ণুভক্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—তারপর—সাংখ্য (কপিল) ন্যায় (অক্ষপাদ) বৈশেষিক (কণাদ) মহাভাষ্য (পতঞ্জলি) শাস্ত্রাদিতে পরিবৃত হয়ে এবং ন্যায়শাস্ত্রের শতবাহু বিস্তারে দশদিক উদ্ভাসিত করে ধর্মেন্দুকান্তিমুখী[৩] মীমাংসা—যেন অপর এক ত্রয়ী (বেদবিদ্যা) বা ত্রিনয়নী (দুর্গা) বা কাত্যায়নী—সমরে উৎসুক হয়ে বাগ্‌দেবীর সামনে আবির্ভূতা হলেন। ৭ ॥

শান্তি—(সবিস্ময়ে) কী আশ্চর্য! স্বভাব-প্রতিদ্বন্দ্বী পরস্পরবিরুদ্ধ শাস্ত্রগুলির মধ্যে কিরূপে মিলন ঘটল?

শ্রদ্ধা—বৎসে, শত্রুর আক্রমণে সমান বংশজাত জনগণ পরস্পরবিরোধী হলেও একত্র মিলিত হয় এবং সেই মিলনে লক্ষ্মীলাভ ঘটে। এইহেতু, বেদপ্রসূত এই সকল শাস্ত্রের মধ্যে তত্ত্ববিচারে অবান্তর বিরোধ থাকলেও বেদরক্ষা ও নাস্তিক পক্ষের খণ্ডন বিষয়ে তাদের মধ্যে ঐক্য সহজেই হয়। ৮ ॥

কারণ, সেই এক অনন্ত, শান্ত, অদ্বিতীয় জন্মরহিত পরম জ্যোতিকেই সত্ত্ব, রজঃ ও তমোগুণের উন্মীলনে কেউ ব্রহ্মা বলে আরাধনা করেন, কেউ বিষ্ণু বলে পূজা করেন, কেউ বা অর্চনা করেন শিব বলে। জলের প্রবাহগুলি যেমন নানাপথে এসে সাগরে পতিত হয়, তেমনি নানা শাস্ত্র বিভিন্ন পথে বেদমূল জগদীশ্বরকেই প্রাপ্ত হয়। ৯ ॥

বিষ্ণুভক্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—তারপর দেবি, উভয় পক্ষের চতুরঙ্গিনী সেনা (হস্তী অশ্ব, রথ পদাতিক) পরস্পর অজস্র প্রহার বর্ষণ করে তুমুল যুদ্ধে প্রবৃত্ত হল। বহু রক্তনদী সেখানে খরবেগে প্রবাহিত হল, মাংসপঙ্কে দীন কঙ্ক[৪] পক্ষীরা ক্ষুধিত হয়ে এসে বসল। বাণে জর্জরিত হয়ে যেসব বিশাল হস্তী ভূপতিত হল—তাদের দেহে আহত হয়ে রাজছত্রগুলি ভেঙে চূর্ণ হয়ে গেল। ১০ ॥

সেই ভীষণ যুদ্ধে বৌদ্ধশাস্ত্র পাষন্ড শাস্ত্রগুলির অগ্রবর্তী ছিল; ওদের পরস্পরের সংঘাতে বৌদ্ধশাস্ত্রের বিনাশ হল। এইভাবে মূল বিনষ্ট হওয়ায় অন্য পাষণ্ড শাস্ত্রগুলি বেদান্তাদি শাস্ত্রসাগরে ভেসে গেল। এই দেখে বৌদ্ধেরা

সিন্ধু, গান্ধার, পারসিক, মগধ, কলিঙ্গ প্রভৃতি ম্লেচ্ছপ্রধান দেশে প্রবেশ করল। পাষণ্ড দিগম্বর, কাপালিক সোমসিদ্ধান্ত প্রভৃতিরা পামর (অতি নীচ) জাতিপূর্ণ পাঞ্চাল, মালভ, আভীর দেশে গিয়ে সাগরোপান্তে গুপ্তভাবে বিচরণ করতে লাগল—নাস্তিকদের তর্কশাস্ত্রগুলিও ন্যায় ও মীমাংসার দারুণ প্রহারে জর্জরিত হয়ে বৌদ্ধশাস্ত্রের অনুগামী হল।

বিষ্ণুভক্তি—তারপর ? তারপর ?

শ্রদ্ধা—তারপর বস্তুবিচার কামকে বধ করলেন, ক্ষমা সংহার করলেন ক্রোধ, হিংসা ও নিষ্ঠুরতাকে; লোভ, তৃষ্ণা দৈন্য মিথ্যা, চৌর্য ও প্রতিগ্রহকে দমন করলেন সন্তোষ; আর অনসূয়া জয় করলেন মাৎসর্যকে, পরোৎকর্ষকামনা জয় করলেন মদনকে, মানকে দমন করলেন পরগুণাধিক্য।

বিষ্ণুভক্তি—(সহর্ষে) সবকিছুই সুন্দরভাবে সম্পন্ন হয়েছে। এখন মনোহর সংবাদ কী ?

শ্রদ্ধা—দেবি! মহামোহ যোগবিঘ্নের সঙ্গে কোথায় যে লুকিয়ে আছে তা জানা যাচ্ছে না।

বিষ্ণুভক্তি—তবে তো দেখছি মহা-অনর্থের এখনও কিছু অবশিষ্ট আছে। একে নাশ করা কর্তব্য। কেননা স্থায়ী সম্পদকামী বিজ্ঞ ব্যক্তি উপেক্ষা প্রদর্শন করে অগ্নির শেষ, ঋণের শেষ আর শত্রুর শেষ রেখে দেন না। আচ্ছা, মনের সংবাদ কী ? ১১ ॥

শ্রদ্ধা—দেবি তিনিও পুত্রপৌত্রাদির বিনাশজনিত শোকে বিহ্বল হয়ে প্রাণ বিসর্জনে উদ্যত হয়েছিলেন।

বিষ্ণুভক্তি—(ঈষৎ হেসে) যদি তাই হয়, তবে তো আমরা সবাই কৃতার্থ হই, আত্ম-পুরুষও পরম শান্তি লাভ করেন। কিন্তু সেই দুরাত্মার মৃত্যু কোথায় ?

শ্রদ্ধা—দেবি! আপনি যে প্রবোধের জন্মদানে সঙ্কল্প করেছেন সেই প্রবোধের উদয় হলেই মন আর দেহের সঙ্গে থাকতে পারবে না।

বিষ্ণুভক্তি—তাই হোক। আমি বৈরাগ্য উৎপাদনের জন্যে ব্যাসকৃত সরস্বতীকে (বেদান্ত দর্শন) পাঠাচ্ছি।

প্রবেশক

(মন ও সঙ্কল্পের প্রবেশ)

মন—(সাশ্রুলোচনে) হায় পুত্রগণ! তোমরা কোথায় গেলে, আমাকে প্রিয়দর্শন দাও! ওগো রাগ-দ্বেষ-মদ-মাৎসর্য—তোমরা আমাকে আলিঙ্গন করো। আমার দেহ অবসন্ন হয়ে আসছে। (চারদিকে চেয়ে বিহ্বল ভাবে) কই, এই অনাথ বৃদ্ধের সঙ্গে কেউ যে কথা বলছে না। অসূয়া প্রভৃতি আমার সেই কন্যারা কোথায় ? কোথায় আশা তৃষ্ণা হিংসা প্রভৃতি পুত্রবধূগণ ? তারাও কি দুর্ভাগ্যক্রমে একই সময়ে দৈবকর্তৃক অপহৃত হল ? হায় হায়!

এই শোকজ্বর বিষানলের মতো আমার সমস্ত অঙ্গে সঞ্চারিত হচ্ছে, আমার মর্মস্থল দহন করছে। আমার সর্বদেহে বিষম বেদনা। আমার চেতনা বিলুপ্ত হচ্ছে, হৃদয়ের চেতনা যেন নির্বাপিত হচ্ছে—এই শোকানল আমার সমস্ত জীবন গ্রাস করছে ॥ ১২ ॥ (মূর্ছিত হয়ে পড়লেন)

সঙ্কল্প—(অশ্রুপাতসহকারে) মহারাজ, আশ্বস্ত হোন।

মন—(আশ্বস্ত হয়ে) কী ! আমাকে এই অবস্থায় দেখে দেবী প্রবৃত্তিও আমাকে সান্ত্বনা দিচ্ছেন না !

সঙ্কল্প—(সাশ্রুলোচনে) মহারাজ ! দেবী প্রবৃত্তি এখন আর কোথায়—পুত্রশোকানলে দগ্ধ হয়ে বিদীর্ণ হৃদয়ে তিনি প্রাণত্যাগ করেছেন।[৬]

মন—হায় প্রিয়ে, কোথায় তুমি, উত্তর দাও ! তুমি তো আমাকে ছাড়া স্বপ্নেও সুখ-ভোগ কর নি—তোমাকে ছাড়া আমিও তো নিদ্রায়, শয়নে মৃতবৎ পড়ে থাকতাম । নিষ্ঠুর বিধাতা তোমাকে আমার কাছ থেকে দূরে সরিয়ে নিয়েছেন—তবু মন বেঁচে আছে ! নিশ্চয়ই প্রযত্ন ছাড়া জীবনের অবসান ঘটে না ॥ ১৩ ॥

(পুনরায় মূর্ছা)

সঙ্কল্প—মহারাজ ! আশ্বস্ত হোন, আশ্বস্ত হোন ।

মন—(আশ্বস্ত হয়ে) আর আমার জীবনধারণের প্রয়োজন নেই । সংকল্প তুমি আমার চিতা রচনা করো । আমি চিতানলে প্রবেশ করে শোকানল নির্বাপিত করি ।

(ব্যাস সরস্বতীর প্রবেশ)

সরস্বতী—ভগবতী বিষ্ণুভক্তি আমাকে পাঠিয়ে দিলেন । তিনি বললেন—'সখি সরস্বতি ! মন সন্তানশোকে অত্যন্ত ব্যাকুল হয়েছে, তুমি গিয়ে তাকে সান্ত্বনা দাও, যাতে তার বৈরাগ্য জাগে সেই চেষ্টা করো ।' তাই হোক ; এইবার আমি তার কাছে যাই । (কাছে গিয়ে) বৎস, তুমি শোকে এত অধীর হয়েছ কেন ? তুমি তো জান, সংসারে সমস্ত বস্তুই অনিত্য ; আর তাছাড়া, তুমি তো ইতিহাসের উপাখ্যানও পড়েছ । দেখ শতকল্পজীবী ব্রহ্মা, ইন্দ্র, দেবাসুর, মনু প্রভৃতি মুনি আর কোটি কোটি সাগর, ভুবন—সবই তো কালে নষ্ট হয় । তবে এই পাঞ্চভৌতিক দেহ যখন সমুদ্রের ফেনার মতো পঞ্চভুতে মিলিয়ে যায় তখন মানুষ শোক করে—হায় হায়, এ কী মোহ ! ॥ ১৪ ॥

সুতরাং বস্তুর অনিত্যতা সম্পর্কে চিন্তা করো । যিনি নিত্যই অনিত্যবস্তু দর্শন করেন, শোকাবেগ তাকে স্পর্শ করতে পারে না । কেননা, এক ব্রহ্ম—অদ্বিতীয়, তিনিই কেবল নিত্য সত্য—অন্য যা দেখ সব কিছুই অসত্য ॥ ১৫ ॥

সমস্ত বস্তুর মধ্যে সেই এককে যে দেখতে পায় তার কাছে কোথায় শোক, কোথায় মোহ ?[৭]

মন—ভগবতি, শোককলুষিত মনে বিবেকই স্থান পায় না, অনিত্যতার চিন্তা কী করে করবে ?

সরস্বতী—বৎস, স্নেহদোষেই এই সব হয়ে থাকে । স্নেহ যে সকল অনর্থের বীজ একথা তো প্রসিদ্ধ । দেখ, প্রিয়া-নামে ক্লেশরাশি—সেই তো বিষবহ্নির বীজ , এই বীজ প্রথমে মানুষ বপন করে ; শীঘ্রই তা থেকে হয় অংকুরের উদ্গম—সেই অঙ্কুর স্নেহময় কিন্তু বজ্রাগ্নিগর্ভ । তা থেকে একদিন জন্মে শতদীপ্ত শাখাযুক্ত শোক-বৃক্ষ । এই শোকবৃক্ষই তুষানলের মতো মানবদেহ দগ্ধ করে ॥ ১৬ ॥

মন—তা সত্য, কিন্তু তবু শোকাগ্নিদগ্ধ প্রাণ আমি আর ধারণ করতে পারছি না ; আমার পরম সৌভাগ্য যে অন্তিমকালে আপনার দেখা পেলাম ।

সরস্বতী—তোমার এই আত্মহত্যার চেষ্টাও মহাপাপ ! তাছাড়া, অপকারীদের জন্যে তোমার এত আদিখ্যেতা কেন ? দেখো, এই পুত্রকলত্র প্রভৃতি কখনও তোমার

উপকার করে নি, করে না, কোনোকালেই করবে না। এরা মানুষের সুখের কারণ নয়—শুধু এদের বিচ্ছেদে মানুষের মর্মচ্ছেদ হয়—এইমাত্র। তথাপি মানুষ তাদের জন্যে কত ক্লেশ বহন করে! ১৭ ॥

আরও দেখো—তাদের জন্যে তুমি কত ভরা নদী পার না হয়েছ, কত না পাহাড়-পর্বত লঙ্ঘন করেছ, কত-না হিংস্র জন্তুপূর্ণ ভীষণ বনভূমিতে প্রবেশ করেছ! এই পাপিষ্ঠেরা কত না কঠিন ব্রত তোমাকে দিয়ে পালন করিয়েছে। তোমাকে হয়তো তাদের সম্মুখীন হতে হয়েছে—যারা ধনমত্ততার কালিমায় মলিন এবং কুটিল তথা দুর্দর্শন ॥ ১৮ ॥

মন—দেবি, সে কথা সত্য। তবু, দীর্ঘকাল যত্নে লালিত হয়ে যারা হৃদয়ের মধ্যে অবস্থান করে সেই-সব আত্মজের বিচ্ছেদ-দুঃখ মর্মচ্ছেদ অপেক্ষাও অধিক ক্লেশকর। ১৯ ॥

সরস্বতী—বৎস, 'এটি আমার'—এই মমতা এবং চিরকাল আমার এটি থাকুক'—এই বাসনা, মোহের কারণ। কথায় বলে—গৃহপালিত মুরগীকে বেড়ালে খেলে যেমন দুঃখ হয়, তেমনটা হয় না মমতাশূন্য চড়ুই বা ইঁদুর খেলে ॥ ২০ ॥

সুতরাং সমস্ত অনর্থের মূল এই মমত্ববোধকে উচ্ছেদ করতেই যত্ন করা প্রয়োজন। দেখো, দেহ থেকে কতই-না কীট উৎপন্ন হয়—লোকে সেই সব কত যত্ন করে হাত দিয়ে দূর করে দেয়—তাদের 'অপত্য' নাম দিয়ে তাদের শোকেই এই দেহকে ক্লিষ্ট করা পৃথিবীর মানুষের মোহ ছাড়া আর কী! ২১ ॥

মন—দেবি, সে কথা সত্য; তবু মমতার গ্রন্থি দুশ্ছেদ্য। (চিন্তা করে, দীর্ঘনিঃশ্বাস ত্যাগ করে) আপনি আমাকে সব দিক থেকেই রক্ষা করেছেন। (সরস্বতী-দেবীর চরণে পতিত হলেন।)

সরস্বতী—বৎস, তোমার মন এখন উপদেশ গ্রহণে সক্ষম। সুতরাং আরও কিছু বলি, শোনো। পিতা, পুত্র অথবা বন্ধু মৃত্যুমুখে পতিত হলে মূর্খেরাই শোকের বশে উদরতাড়ন করতে থাকে। জ্ঞানীদের মনে এই অসার ও পরিণামে দুঃখকর সংসারে বিচ্ছেদ বৈরাগ্যকেই দৃঢ় করে এবং শান্তিসুখ এনে দেয়। ২২ ॥

(বৈরাগ্যের প্রবেশ)

বৈরাগ্য—(চিন্তা করে) নীল পদ্মের প্রান্তের সূক্ষ্ম এবং আয়ত চর্ম দিয়ে যদি বিধাতা এই দেহকে আচ্ছাদন করে না দিতেন তাহলে তো গৃধ্র, কাক, ব্যাঘ্র দেহের উপর পড়ে কাঁচা মাংস ও দেহচ্যুত রক্ত ভোজন করত—কে কোন্ উপায়ে তাদের বাধা দিতে পারত? ২৩ ॥

তাছাড়া বিষয়জনিত রস অগ্নিশিখার মতোই চঞ্চল, তার আনন্দ পরিণামে দুঃখজনক, এই দেহ সঙ্কটের আশ্রয়, ধনের প্রাচুর্যও দুঃখময়, এই সংসার বিষাদে পূর্ণ নারী অনন্ত অনর্থের মূল—তবু মানুষ এই ভয়ংকর পথেই বিচরণ করে, আত্মজ্ঞানে কেউ উৎসাহিত হয় না। ২৪ ॥

সরস্বতী—বৎস, বৈরাগ্য তোমার কাছে উপস্থিত, একে সম্ভাষণ করো।

মন—বৎস, তুমি কোথায়?

বৈরাগ্য—(কাছে এসে) এই যে আমি প্রণাম করছি।

মন—বৎস, জন্মগ্রহণ করেই তুমি আমাকে ত্যাগ করে গিয়েছিলে, এখন আমাকে

আলিঙ্গন করো। (বৈরাগ্য মনকে আলিঙ্গন করলেন)

বৎস, তোমাকে দেখে আমার শোকের উপশম হল।

বৈরাগ্য—পিতঃ, এতে আর শোক কিসের? পথে যেতে যেতে পান্থের সঙ্গে পান্থের মিলন ঘটে; নদীস্রোতে পড়ে যাওয়া তরুতে তরুতে সঙ্গম হয়, আকাশে (বিরুদ্ধ বায়ুবেগে) মেঘে মেঘে স্পর্শ হয়, সাগরের বুকে বণিকের দল পরস্পর মিলিত হয়—সেইরূপ পিতামাতা ভ্রাতা, পুত্র, বন্ধু ও প্রিয়জনের বিচ্ছেদের জন্যেই মিলন ঘটে—একথা জেনে বিজ্ঞজনেরা কেন শোক করবেন? ২৫ ॥

মন—(সানন্দে) দেবি, পুত্রের কথাই সত্য! তাহলে আপনি এবার বুঝে দেখুন। মমতার পাশে আবদ্ধ এক প্রাণী—সেই মমতার পাশও অভ্যাসবশে দৃঢ়, এমন প্রাণীকে মায়াপাশ থেকে মুক্ত করার কোনো উপায় আপনি জানেন কি? ২৬ ॥

সরস্বতী—বৎস, মমত্ববন্ধন থেকে মুক্ত হবার প্রথম উপায় বস্তুর অনিত্যতা সম্পর্কে ভাবনা। কারণ এই ব্যায়ত বিশাল বিশ্বে তোমার কত কোটি পিতা, ভার্যা, পুত্র, পিতৃব্য, পিতামহ চলে গেছেন। সুতরাং হৃদয়ে এই কথাই বার বার ধ্যান করো যে বন্ধুমিলন বিদ্যুৎপ্রকাশের মতোই ক্ষণস্থায়ী—এই ধ্যানের ফলে সুখী হবে। ২৭ ॥

মন—ভগবতী! আপনার অনুগ্রহে আমার মোহ দূরীভূত হয়েছে। আমার হৃদয় যদিও আপনার মুখচন্দ্র থেকে বিগলিত সুধাধারায় স্নাত—তবু তা দুঃখের তরঙ্গে কলুষিত হচ্ছে। এই অশ্রুসিক্ত শোকগ্রস্ততা থেকে যাতে মুক্তি পাই—দেবি, এমন কোনো প্রতিকারের চেষ্টা করুন। ২৮ ॥

সরস্বতী—বৎস, এই বিষয়ে মুনিগণই ব্যবস্থা দিয়ে গেছেন—যে-সব মর্মচ্ছেদী দুঃখ অপ্রার্থিত, হঠাৎ উপস্থিত হয়—তাদের প্রবল আক্রমণ থেকে মুক্তির উপায় 'অচিন্তা'। ২৯ ॥

মন—তা সত্য দেবি! এই মনটিকে শাসন করা অত্যন্ত কঠিন। শাসন করলেও কত বিচিত্র চিন্তাতরঙ্গে মন বিপর্যস্ত হতে থাকে যেমন বার বার বায়ু দ্বারা চালিত মেঘের খন্ডে চাঁদ আচ্ছন্ন হয়। ৩০ ॥

সরস্বতী—বৎস শোনো, এ হল চিত্তের বিকার! সুতরাং কোনো একটি শান্ত বিষয়ে মন স্থির করো!

মন—আমাকে অনুগ্রহ করুন, ভগবতি! সেই শান্ত বিষয়টি কী?

সরস্বতী—বৎস, বিষয়টি গোপনীয়। তা হলেও যারা সতাই আর্ত—তাদের উপদেশ-দানে কোনো দোষ নেই। অবিরাম শ্রীহরির ধ্যান করো—যাঁর দেহবর্ণ মেঘের মতোই শ্যাম, কণ্ঠে অনুপম মুক্তাহার, হস্তে কেয়ূর, মস্তকশীর্ষে কিরীট। অথবা ব্রহ্মের সঙ্গে একীভূত হও—যিনি গ্রীষ্মের সুশীতল হ্রদের মতো। এইভাবে নিজের পক্ষে কল্যাণকর শান্তি উপভোগ করো। ৩১ ॥

মন—তাই বটে! এখন সেই নবীনযৌবনা নারী, সেই ভ্রমরগুঞ্জন-মুখরিত বৃক্ষ, সেই মৃদু সমীরণ—নবপ্রস্ফুটিত মল্লিকার গন্ধে সুরভিত; কিন্তু আমার মন আজ উদাত্ত বিবেকের বলে অন্ধকার থেকে মুক্ত—সে দেখছে এইসব যেন মৃগতৃষ্ণিকার বারিরাশি! ৩২ ॥

সরস্বতী—বৎস, তাহলেও গৃহী ব্যক্তির ক্ষণকালও অনাশ্রমী হয়ে থাকতে নেই।

সুতরাং আজ থেকে নিবৃত্তিই হবেন তোমার সহধর্মিণী ![১]

মন—(সলজ্জে) আপনার যেমন আদেশ।

সরস্বতী—শম দম সন্তোষ প্রভৃতি তোমার পুত্রগণ তোমার সেবা করুক—যমনিয়মাদি হবেন অমাত্যবর্গ। তোমার জ্যেষ্ঠপুত্র বিবেক তোমার অনুগ্রহে উপনিষৎদেবীর সঙ্গে যৌবরাজ্যে অভিষিক্ত হোক। আর মৈত্রী, দয়া, ক্ষমা তিতিক্ষা—এই যে চারভগিনীকে ভগবতী বিষ্ণুভক্তি পরিচারিকা করে তোমার কাছে পাঠিয়েছেন—এদের উপর প্রসন্ন থেকো।

মন—ভগবতী! আপনার সমস্ত আদেশই শিরোধার্য। (সহর্ষে পদতলে পতিত হলেন)

সরস্বতী—এখন সাম্রাজ্য উপভোগ করো। যম, নিয়ম, আসন, প্রাণায়াম—এদের প্রতি সাদর দৃষ্টি রেখো। এদের সহচর্যেই একদিন তুমি স্বাভাবিক স্বাস্থ্য লাভ করে যৌবরাজ্যে অধিষ্ঠিত হবে—তোমার স্বাস্থ্য ফিরে এলে তোমার জীবাত্মাও প্রকৃতিস্থ হবেন। কারণ, এক এবং নিত্য হয়েও তোমার সঙ্গবশে আত্মা জন্মমৃত্যু-জরাযুক্ত ভিন্ন ভিন্ন বুদ্ধিবৃত্তি লাভ করে বিচিত্র মূর্তি ধারণ করছেন। তিনি মায়ামেঘে অভিভূত—সাগরের তরঙ্গে সূর্যের মতো বহুরূপধারী। কোনোরূপে বহুর্মুখী মনকে সংহত করে তুমি যদি শান্ত হয়ে থাকতে পার, তাহলে আত্মা তার সহজ এবং স্বকীয় শান্তরূপে প্রতিভাত হবেন—স্বচ্ছ দর্পণে প্রতিফলিত সূর্যের মতো। ৩৩ ॥

তাই হোক। এখন জ্ঞাতিদের তর্পণের জন্যে ভাগীরথীর জলে অবতরণ করো।

মন—যথা আজ্ঞা দেবী।

(সকলে প্রস্থান)

॥ শ্রীকৃষ্ণমিশ্রবিরচিত প্রবোধচন্দ্রোদয় নাটকের 'বৈরাগ্যোৎপত্তি' নামক পঞ্চম অঙ্ক সমাপ্ত ॥

× × × × × × × × × × × × × ষষ্ঠ অংক × × × × × × × × × × × × ×

(শান্তির প্রবেশ)

শান্তি—মহারাজ বিবেক আমাকে এইভাবে আদেশ করলেন—বৎসে, তুমি তো জান, মনের পুত্রগণ নিহত হয়েছে, মোহ নিরুদ্দেশ[১]—বৈরাগ্য লাভ করে মনও প্রশান্তি লাভ করেছে, পঞ্চক্লেশও[২] বিলীন হয়েছে, আত্মপুরুষ তত্ত্বজ্ঞানের উদয় (প্রবোধের জন্ম) সম্পর্কে আগ্রহী হয়ে উঠেছেন। ১

সুতরাং তুমি উপনিষৎদেবীকে অনুনয় করে শীঘ্র আমার কাছে নিয়ে এসো। (দেখে) এই যে, আমার মা কী একটা কথা বলতে বলতে একদিকেই আসছেন।

(শ্রদ্ধার প্রবেশ)

শ্রদ্ধা—আজ দীর্ঘকাল পরে রাজবংশ সঙ্কটমুক্ত দেখে আমার নয়ন যেন অমৃতরসে পূর্ণ হল—অসাধুর যেখানে দণ্ড, যম প্রভৃতি সাধুজনেরা যেখানে পূজ্য, আর যেখানে দেবানুজীবী বশ্যগণ জগৎপতির আরাধনা করে থাকে। ২ ॥

শান্তি—(কাছে গিয়ে) মা কী বকতে বকতে যাচ্ছ ?

(শ্রদ্ধা দ্বিতীয় শ্লোকটি পাঠ করলেন)

শান্তি—এখন মনের প্রতি জগৎপতি আত্মার কী মনোভাব বলো তো ?

শ্রদ্ধা—বধ্য বন্দীর প্রতি যে ভাব হয়ে থাকে।

শান্তি—তাহলে প্রভু আত্মাই স্বরাজ্য অলঙ্কৃত করবেন ?

শ্রদ্ধা—তাই বটে। যখন তিনি (আত্মানুসন্ধানে রত থেকে) নিজের মধ্যেই দীপ্তি পান তখন তিনি স্বারাট[৩]—তিনিই আবার সমস্ত সৃষ্টিতে দীপ্তিমান হন, তখন তিনি সম্রাট[৪]।

শান্তি—তাহলে মায়ার প্রতি তাঁর কিরূপ অনুগ্রহ ?

শ্রদ্ধা—মায়ার প্রতি নিগ্রহের কথা না বলে অনুগ্রহের কথা কেন বলছ! আত্মা মায়াকে সকল অনর্থের বীজ জেনে তাকে নিগ্রহের যোগ্য মনে করেন।

শান্তি—তাই যদি হয় তবে এখন রাজকুলের অবস্থা কী ?

শ্রদ্ধা—শোনো। 'নিত্য এবং অনিত্য বস্তুর সন্ধান'ই তাঁর প্রিয়, বৈরাগ্যই একমাত্র বন্ধু, যমাদি তাঁর প্রকৃত সঙ্গী ; শম, দম প্রভৃতি তাঁর অনুচর, মৈত্রী প্রভৃতি তাঁর পরিচারিকা, মুক্তিকামনা তাঁর একমাত্র নিত্যসঙ্গিনী, তাঁর শত্রু মোহ, মমতা, সঙ্কল্প ও আসঙ্গ প্রভৃতিই তাঁর কাছে এখন উচ্ছেদযোগ্য ॥ ৩ ॥

শান্তি—এখন ধর্মের সঙ্গে আত্মার কেমন প্রণয় ?

শ্রদ্ধা—বৈরাগ্যের সংসর্গে আসার পর থেকে তিনি ঐহিক ও পারত্রিক—সকল ভোগবিলাসেই বিরত হয়েছেন।

তার ফলে তিনি ক্ষয়শীল পুণ্যফলকে তেমনি ভয় করেন—যেমন ভয় করেন পাপের ফল নরককে। এইভাবে কামনার বিষয় সম্পর্কে সমস্ত চিন্তা ত্যাগ করে তিনি কোনোরকমে পুণ্যকর্ম করে যাচ্ছেন ॥ ৪ ॥

কিন্তু অন্তরাত্মা সম্পর্কে তাঁর প্রবণতা লক্ষ্য করে ধর্ম ভাবছেন—তাঁর কার্যসিদ্ধি হয়েছে, সুতরাং তাঁরও আর কিছু করণীয় নেই।

শান্তি—আচ্ছা, মহামোহ যেসব মোহধর্মীদের সঙ্গে নিয়ে আত্মগোপন করেছিল তাদের সংবাদ কী ?

শ্রদ্ধা—বৎসে, সেই হতভাগ্য মহামোহ দুর্দশাগ্রস্ত হয়ে আত্মাকে প্রলুব্ধ করবার জন্যে মোহধর্মীদের সঙ্গে মধুমতী বিদ্যাকে পাঠিয়েছিল ; উদ্দেশ্য এদের প্রতি অনুরক্ত হলে স্বামী বিবেক-উপনিষদের কথা চিন্তা করবেন না।

শান্তি—তারপর ? তারপর ?

শ্রদ্ধা—তারপর তারা আত্মার নিকটে গিয়ে একরকম ইন্দ্রজাল মায়া বিস্তার করল। যেমন আত্মা শতেক যোজন দূর থেকে শব্দ শুনতে পেলেন। বেদ, পুরাণ, ভারতকথা, তর্কবিদ্যা প্রভৃতির বাঙ্ময় রূপ আবির্ভূত হল তার সামনে। তিনি ইচ্ছা অনুসারে বিশুদ্ধ পদ যোজনা করে কত শাস্ত্র, কত কাব্য রচনা করলেন, তারপর তিনি সকল লোকে ভ্রমণ করতে লাগলেন—শেষে দেখতে পেলেন দীপ্তিময়ী মেরুস্থিত রত্নস্থলী ॥ ৫ ॥

আত্মা যখন মধুমতীসিদ্ধির[৫] অধিকারে তখন সেই স্থানের অধিষ্ঠাত্রী দেবতাগণ তাঁকে অনুরোধ করতে লাগল—ওগো তুমি এখানে এসো, এখানে জন্ম নেই, মৃত্যু নেই—এই স্থান সহজ! এই দেখো কত বিচিত্র-বেশ-বিলাসিনী রূপ-

লাবণ্যময়ী প্রণয়কোমলা বিদ্যাধর রমণী মঙ্গলার্ঘ্য নিয়ে তোমার অভ্যর্থনার জন্যে উপস্থিত। তুমি এসো, কারণ এখানে নদীর তীরভূমি স্বর্ণবালুকাময়ী; নারী কমলাননা এবং বিশালজঘনা। এখানকার বনশ্রেণী মরকতদলের মতোই কোমলা। নিজপুণ্যে অর্জিত সর্বভোগ এইখানেই ভোগ করো ॥ ৬ ॥

শান্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—বৎসে, সেই কথা শুনে মায়া বলল—আত্মার পক্ষে এ তো শ্লাঘনীয়! মন অনুমোদন করল, সংকল্প উৎসাহ দিল, মনে হল—আত্মা যেন সদ্বন্ধুদের মধ্যেই আছেন।

শান্তি—(সখেদে হায় ধিক! আত্মা আবার সেই সংসারজালে পতিত হলেন?

শ্রদ্ধা—না, না তা নয়!

শান্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—এই সময়ে আত্মার পার্শ্ববর্তী তর্ক তাদের সকলের প্রতি ক্রোধকষায়িত নেত্রে দৃষ্টিপাত করে বললেন—স্বামিন্, এটা কী করে সম্ভব যে আপনি বুঝতে পাচ্ছেন না, এই সব বিষয়ামিষলুব্ধ বঞ্চকদের কথায় আবার সেই বিষয়রূপ অঙ্গাররাশির মধ্যে পতিত হচ্ছেন? আপনি মায়াময় ভবসাগর পার হবার জন্যে যে যোগতরীতে সম্প্রতি আরোহণ করেছেন সেই তরী ত্যাগ করে মত্ততাহেতু অঙ্গারের নদীতে ঝাঁপ দেবেন? ॥ ৭ ॥

শান্তি—তারপর? তারপর?

শ্রদ্ধা—তারপর সেই কথা শুনে—আত্মা মধুমতীকে উপেক্ষা করলেন, বললেন, 'বিষয়ের মঙ্গল হোক, আমার তাতে প্রয়োজন নেই।'

শান্তি—ঠিক হয়েছে! মা! এখন তুমি কোথায় যাচ্ছ?

শ্রদ্ধা—আত্মা আমাকে আদেশ করেছেন—আমি বিবেকের সঙ্গে সাক্ষাৎ করতে চাই।

শান্তি—তাহলে তুমি দ্রুত তার কাছে যাও।

শ্রদ্ধা—তাই আমি মহারাজের কাছে যাচ্ছি।

শ্রদ্ধা—মহারাজাও আমাকে উপনিষৎকে আনতে বলেছেন। এখন আমরা আদিষ্ট সম্পন্ন করি। (উভয়ের প্রস্থান)

॥ প্রবেশক ॥

(আত্মা-পুরুষের প্রবেশ)

পুরুষ—আহা, দেবী বিষ্ণুভক্তির কী মহিমা! তাঁর প্রসাদেই আমি ক্লেশের ভীষণ তরঙ্গ উত্তীর্ণ হয়েছি, মমতার ভ্রমগুলিকে বর্জন করেছি; মিত্র, কলত্র, বন্ধুরূপী মকরের গ্রাস শিথিল করেছি, ক্রোধের বাড়বানল নির্বাপিত করেছি; তৃষার লতা-পাশও আজ ছিন্ন, ঘোর সংসারসাগর পার হতে আর অল্পই বাকী ॥ ৮ ॥

(উপনিষৎ ও শান্তির প্রবেশ)

উপনিষৎ—সখি, 'আমি যেন অন্যের স্ত্রী'—এইভাবে উপেক্ষা করে যে নিষ্ঠুর স্বামী আমাকে এতকাল একাকিনী অবস্থায় ত্যাগ করেছেন তার মুখের দিকে আমি কেমন করে তাকাব?

শান্তি—দেবি, যিনি ভীষণ সঙ্কটে পড়েছিলেন তাকে কেন আপনি তিরস্কার করছেন?

উপনিষৎ—সখি, আমার দুর্দশা তুমি দেখ নি তাই একথা বলতে পারলে! শোনো তবে—

আমার বাহুর কঙ্কণমণি ভগ্ন ও দলিত করেছে, চূড়ার রত্ন লুণ্ঠন করে কেশপাশ দূষিত করছে, বিবেক বর্জন করে কোন্ দুরাত্মা না আমাকে দাবি করতে চেষ্টা করছে ! ৯ ॥

শান্তি—এ সবই মহামোহের অপচেষ্টা, মহারাজ বিবেকের এতে কোনো অপরাধ নেই। কেননা, এর আগে মহামোহই ক্রোধাদির দ্বারা মনকে বুঝিয়ে বিবেককে তোমার কাছ থেকে বিতাড়িত করে। স্বামী বিপন্ন হলে তার জন্যে প্রতীক্ষা করে থাকাই কুলবধূদের স্বাভাবিক ধর্ম। এখন তবে আপনি দর্শন দিয়ে, প্রিয়ভাষণ করে স্বামীর তুষ্টিসাধন করুন। এখন শত্রু বিনষ্ট হয়েছে—আপনার সমস্ত মনোরথ পূর্ণ হয়েছে।

উপনিষৎ—সখি, আমি যখন এখানে ফিরে এলাম তখন আমার কন্যা গীতা আমাকে গোপনে বলেছিল—'তোমার স্বামী ও আত্ম-পুরুষের প্রশ্নের যথাযোগ্য উত্তর দিয়ে তুষ্টি বিধান করো—তাহলেই 'প্রবোধের উৎপত্তি হবে।' কিন্তু এখন আমি গুরুজনদের সামনে কেমন করে ধৃষ্টতা প্রকাশ করব ?

শান্তি—দেবি, ভগবতী গীতার বাক্য বিচারের ঊর্ধ্বে। ভগবতী বিষ্ণুভক্তিও এই কথা বিবেকের কাছে বলেছেন। এখন স্বামী ও আদিপুরুষকে দর্শন দিয়ে তুষ্ট করুন।

উপনিষৎ—আচ্ছা, তুমি যেমন বলছ। (উভয়ে পরিক্রমা করলেন)

(রাজা, বিবেক ও শ্রদ্ধার প্রবেশ)

রাজা—বৎসে শান্তি কি আমার প্রিয়া উপনিষৎকে দেখতে পাবে ?

শ্রদ্ধা—মহারাজ, নির্দেশ নিয়েই শান্তি তার কাছে গেছে—তাকে দেখতে পাবে না কেন ?

রাজা—কী রকম ?

শ্রদ্ধা—মহারাজ ! দেবী বিষ্ণুভক্তি তো আগেই বলেছেন যে দেবী উপনিষৎ তর্কবিদ্যার ভয়ে মন্দর পর্বতে বিষ্ণুর মন্দিরে গীতার সঙ্গে বাস করছেন।

রাজা—তর্কবিদ্যার কাছ থেকে আবার ভয় কিসের ?

শ্রদ্ধা—এ কথা তিনিই ব্যাখ্যা করবেন। এখন আসুন মহারাজ ! ঐ দেখুন আত্ম-পুরুষ আপনার আগমন প্রতীক্ষায় নির্জনে বসে আছেন।

রাজা—(কাছে গিয়ে) প্রভো, অভিবাদন করি।

পুরুষ—রীতিবিরুদ্ধ এই আনুষ্ঠানিকতা। তুমি জ্ঞানবৃদ্ধ, উপদেশদানে তুমি আমার পিতৃস্থানীয় হয়েছ। কারণ, প্রাচীনকালে দেবগণ ধর্মের পথ ভুলে গিয়ে পুত্রদের সেই কথা জিজ্ঞেস করতেন। পুত্রগণও ধর্মের উপদেশ দিতে গিয়ে জ্ঞানের দ্বারা সব কিছু আয়ত্ত করে বলতেন—হে পুত্রগণ, মন দিয়ে শোনো। ১০ ॥

—তুমিও এখন সর্বপ্রকারে পিতার মতো আমার সঙ্গে ব্যবহার করো, এইটেই বিধিসঙ্গত।

শান্তি—দেবি, ঐ দেখুন প্রভু আত্মাপুরুষ বিবেকের সঙ্গে নির্জনে বসে আছেন। আপনি কাছে এগিয়ে যান।

(উপনিষৎ অগ্রসর হলেন)

শান্তি—প্রভো, ইনি দেবী উপনিষৎ, আপনাকে প্রণাম করতে এসেছেন।

পুরুষ—না—না, ইনি আমাকে তত্ত্বজ্ঞান দিয়েছেন, ইনি আমার মাতৃতুল্য পূজনীয়া ।
অথবা অনুগ্রহদানের ব্যাপারে দেবী ও মাতার মধ্যে অনেক পার্থক্য। ১১ ॥
মাতা মমতার বন্ধন দৃঢ় করেন, আর দেবী সেই বন্ধন ছেদন করেন।
(উপনিষৎ বিবেককে দেখে নমস্কার করে দূরে উপবেশন করলেন)

পুরুষ—মাতা! এতকাল কোথায় কাটালে তা আমাদের বলো।

উপনিষৎ—প্রভো, এতদিন মাঠের চত্বরে ও শূন্য দেবালয়ে মুখর মূর্খের সঙ্গে দিন কাটিয়েছি। ১২ ॥

পুরুষ—তোমার দর্শন সম্পর্কে কিছু কি তারা জানে?

উপনিষৎ—না। কিন্তু (১২ নং শ্লোকের দ্বিতীয়াংশে) তারা কৃত্রিম অনুমানের সাহায্যে অর্থ না বুঝে তার ব্যাখ্যা করে যাচ্ছিল—দ্রাবিড়-অঙ্গনার[৬] মতো অস্পষ্ট ভাষায়। নিজেদের সুবিধা অনুযায়ী পরের অর্থ গ্রহণ করাই এই আলোচনার উদ্দেশ্য।

পুরুষ—তারপর? তারপর?

উপনিষৎ—তারপর একদিন পথে যজ্ঞবিদ্যার দেখা পেলাম, মৃগচর্ম অগ্নি, যজ্ঞীয় কাষ্ঠ, ঘৃত, যজ্ঞপাত্র, যজ্ঞপণ্ড, অগ্নিষ্টোম প্রভৃতি যজ্ঞের দ্বারা পূর্ণভাবে যার পদ্ধতির উপদেশ দেওয়া হয়েছে। ১৩ ॥

পুরুষ—তারপর? তারপর?

উপনিষৎ—তারপর আমি ভাবলাম—এই শাস্ত্রভারবাহিনী যজ্ঞবিদ্যা কি আমার তত্ত্ব জানতে পারবে? আচ্ছা এর সঙ্গেই না হয় কিছুদিন কাটানো যাক।

পুরুষ—তারপর?

উপনিষৎ—তারপর আমি তার কাছে গেলাম। তিনি বললেন—'ভদ্রে, তুমি কি মনে করে এসেছ?' আমি বললাম—আর্যে, আমি অনাথা আপনার সঙ্গে বাস করতে ইচ্ছা করি।'

পুরুষ—তারপর?

উপনিষৎ—তারপর আমি বললাম যাঁর থেকে এই বিশ্বের উদয় হয়েছে, যার মধ্যে বিশ্ব আনন্দে ক্রীড়া করে এবং যার মধ্যে লীন হয়ে যায়; যাঁর প্রভায় এই বিশ্ব প্রদীপ্ত; যিনি সহজানন্দ তেজের আধার, যিনি ক্রিয়ারহিত, শান্ত চিরন্তন এবং সর্বভূতেশ্বর—দ্বৈতবোধের অন্ধকার অতিক্রম করে, পুনর্জন্ম এড়াতে পুণ্যবান্ ব্যক্তিরা যাঁর মধ্যে মগ্ন হয়ে থাকেন, আমি সেই পুরুষের মহিমা কীর্তন করব। ১৪ ॥

তখন যজ্ঞবিদ্যা চিন্তা করে বললেন—যিনি অকর্তা পুরুষ তিনি ঈশ্বর হবেন কেমন করে? ক্রিয়া সংসারপাশ ছেদন করতে পারে, তত্ত্বজ্ঞানের সে-শক্তি নেই। ক্রিয়ানুষ্ঠান করেই মানুষ সংসারবন্ধন ছিন্ন করে, শান্ত মনে শতবৎসর বাঁচতে চায়। ১৫ ॥

সুতরাং তোমাকে গ্রহণ করে আমার কোনো প্রয়োজন সিদ্ধ হবে না। তবে যদি পাপপুণ্যের কর্তা ও ভোক্তা জীবাত্মার স্তবস্তুতির জন্যে এখানে কিছুকাল থাকতে ইচ্ছে কর তাতে আর দোষ কোথায়?

রাজা (উপহাসের কণ্ঠে) কী আশ্চর্য ! যজ্ঞকুণ্ডের ধোঁয়ায় তার দৃষ্টি আচ্ছন্ন হওয়ায় তার বুদ্ধিও লুপ্ত হয়েছে তাই এমন কুতর্কের দ্বারা পরিচালিতা ! লৌহ স্বভাবতই অচল ও অচেতন—কিন্তু চুম্বকের কাছে এলে তার বলেই সঞ্চালিত হয় ; তেমনি বিশ্বদ্রষ্টার দৃষ্টিমাত্রে প্রেরিত হয়ে মায়া সমস্ত জগতে প্রসারিত হয়। ঈশ্বরের ঐশীশক্তি মায়াতেই অধিষ্ঠিত।১৬ ॥ সুতরাং যারা অজ্ঞানের অন্ধকারে আচ্ছন্ন তাঁরা ভাবেন, 'ঈশ্বব নেই'। যে কর্ম অজ্ঞানেরই ফল তার সাহায্যেই যজ্ঞবিদ্যা চান সংসার লোপ করতে—এ যেন অন্ধকার দিয়েই অন্ধকার নাশের কামনা ! স্বভাবতই ক্ষয়শীল এই অন্ধকার—সপ্তভুবন যাঁর আলোকে দীপ্যমান, তাকে জেনেই জ্ঞানিগণ মৃত্যু অতিক্রম করেন। সংসার থেকে মুক্তির অন্য কোনো পথ নেই। ১৭ ॥

পুরুষ—তারপর ?

উপনিষৎ—তখন যজ্ঞবিদ্যা একটু চিন্তা করে বললেন—সখি, তোমার সংসর্গে থাকলে আমার ছাত্রগণ বাসনা ত্যাগ করে কর্মকাণ্ডে উদাসীন হয়ে উঠবে। সুতরাং তুমি অনুগ্রহ করে অন্য কোনো ঈপ্সিত স্থানে যাও।

পুরুষ—তারপর ?

উপনিষৎ – তারপর আমি তাকে ছেড়ে চলে এলাম।

পুরুষ—তারপর ?

উপনিষৎ—তারপর কর্মকাণ্ডের সহচরী মীমাংসার সঙ্গে দেখা হল। শ্রুতি, স্মৃতি প্রমাণ প্রভৃতি তাঁর অনুগত থেকে নির্দেশ দিচ্ছেন—কর্মভেদে কীভাবে অধিকার ভেদ হয় সেই দিকে লক্ষ্য রেখে। তিনিও সেইসব কর্মে বিচিত্র অঙ্গ যোজনা করেছেন—এইসব অঙ্গের মধ্যে আছে কিছু সাক্ষাৎ উপদেশে প্রাপ্ত, কিছু বা অন্যত্র প্রমাণের বলে প্রাপ্ত। ১৮ ॥

পুরুষ—তারপর ?

উপনিষৎ—তারপর তাঁকেও আশ্রয়ের কথা বলায় তিনি বললেন—এখানে থেকে তুমি কী করবে ? আমি আগের মতোই বললাম, 'যার থেকে এই বিশ্বের উদয় হয়েছে' ইত্যাদি কথাও (১৪ নং) আবৃত্তি করলাম।

পুরুষ—তারপর ?

উপনিষৎ—তখন মীমাংসা পার্শ্ববর্তী শিষ্যদের মুখের দিকে তাকিয়ে বললেন—'যে পুরুষ দেহ থেকে পৃথক এবং অন্যলোকে উপভোগের যোগ্য সেই পুরুষের প্রতিপাদন আমাদের প্রয়োজন—এই প্রতিপাদন যাতে মীমাংসা মতানুযায়ী এবং বিচার সহিষ্ণু হয় তাই করো। শিষ্যদের মধ্যে কেউ এই কথায় অনুমোদন জানালো ; কিন্তু মীমাংসার হৃদয়দেবতাস্বরূপ 'কুমারিল স্বামী' নামক লব্ধ-প্রতিষ্ঠ এক শিষ্য বললেন—'দেবি ! উপনিষৎ কর্মফলভোক্তা জীবাত্মার উপাসনা করেন না—ইনি উপাসনা করেন অকর্তা, অভোক্তা ঈশ্বরকে। এই ঈশ্বর কর্মের যোগ্য নন। তখন অন্য এক শিষ্য প্রশ্ন করলেন—'এই লৌকিক পুরুষ জীবাত্মা ছাড়া ঈশ্বর নামে আর কেউ আছেন কি ? তখন কুমারিল স্বামী হেসে বললেন—আছেন বই কি ! একজন আছেন তিনি প্রাণীদের কর্ম প্রত্যক্ষ করেন, অন্যজনের বুদ্ধি মোহগ্রস্ত , একজন ভোগ করতে ইচ্ছুক

অন্যে প্রার্থীকে ফলদান করেন, একজন কর্মফলের দ্বারা শাসিত, অন্যে দেহধারীদের শাসক। যিনি নিঃসঙ্গ, কর্মে অলিপ্ত তাকে কর্তারূপে গ্রহণ কিরূপে করা যায়। ১৯

রাজা—(সহর্ষে) সাধু কুমারিল স্বামী সাধু! আয়ুষ্মন, তুমিও যথার্থ জ্ঞানী!
দুই পক্ষী সহচর, পরস্পর সখা—নিরন্তর এক বৃক্ষ আলিঙ্গন ক'রে আছে। তাদের মধ্যে একজন সুপক্ক পিপ্পল ফল ভক্ষণ করেন; অন্যে অনশনে থেকে কেবলমাত্র তা দর্শন করেন। ২০ ॥

পুরুষ—তারপর?

উপনিষৎ—তখন আমি মীমাংসার কাছ থেকে বিদায় নিয়ে চলে এলাম।

পুরুষ—তারপর?

উপনিষৎ—তারপর তর্কবিদ্যার সঙ্গে আমার দেখা হল, দেখলাম, বহু শিষ্য তার সেবায় নিযুক্ত। কোনও এক তর্কবিদ্যা—'জীবাত্মা ও ঈশ্বর ভিন্ন' এই বিশেষ দ্বৈতবাদ প্রচার করছে (বৈশেষিক), কোনো এক তর্কবিদ্যা (ন্যায়) ছল, জাতি ও নিগ্রহ প্রভৃতি যুক্তিপরম্পরায় জল্প, বাদ ও বিতণ্ডা প্রভৃতিতে মত্ত। অন্য আর এক সম্প্রদায় (সাংখ্য) প্রকৃতি ও পুরুষের ভেদ প্রচার করেছে—সৃষ্টিতত্ত্বের আলোচনায় তারা মহৎ, অহঙ্কার প্রভৃতি তত্ত্বগণনায় ব্যস্ত[৮]। ২১ ॥

পুরুষ—তারপর? তারপর?

উপনিষৎ—আমি তাদের কাছে গেলাম। তারা প্রশ্ন করায়—'যার থেকে এই বিশ্বের উদয়' (শ্লোক ১৪) এইসব কথা বললাম। তখন তারা প্রকাশ্যেই উপহাস করে আমাকে বললেন—আঃ বাচাল! পরমাণু থেকে তো বিশ্ব উৎপন্ন হয়েছে, ঈশ্বর কেবল নিমিত্তকারণমাত্র। অন্য এক তর্কবিদ্যা সক্রোধে বললেন—ওরে পাপীয়সি! ঈশ্বর বিকারধর্মী এই কথা বলে কেন তাঁর উপর আরোপ করছ বিনাশধর্মিতা! শোনো, প্রকৃতি থেকেই বিশ্বের উৎপত্তি!

রাজা—হায়, তর্কপরায়ণ তর্কবিদ্যার সম্প্রদায়গুলি একথাও জানে না যে ঘটাদির ন্যায় সকল কার্যই প্রমেয়[৯] কারণ থেকে উৎপন্ন। সুতরাং পরমাণু প্রাধান্যবাদও বর্জনীয়। তাছাড়া জলে প্রতিবিম্বিত চন্দ্র, অন্তরীক্ষগত পুরী, স্বপ্ন ও ইন্দ্রজাল প্রভৃতি যেমন মিথ্যা তেমনি এই জগৎ কার্য, জ্ঞানগম্য, অসত্য, উৎপত্তিও ধ্বংসযুক্ত—তাই মিথ্যা। এই মিথ্যাবোধ উৎপন্ন হয় যখন স্বপ্রকাশ বিষ্ণুর তত্ত্ব অজ্ঞাত থাকে—তত্ত্ববোধ উদিত হলে শুক্তিতে রজতবোধের মতো, মাল্যে সর্পবোধের মতোই ভ্রম দূরীভূত হয়। ২২ ॥
ঈশ্বরে যে বিকারের শঙ্কা করা হচ্ছে তা হল মুগ্ধবধূর বাক্‌চাপল্যের মতো।[১০] কারণ সেই নিত্য-ব্যক্ত, নির্মল, নির্বিকার, নিরবয়ব শান্ত জ্যোতি যিনি আনন্দস্বরূপ, বিশ্বসৃষ্টির কার্যে তাঁর স্বরূপে বিকৃতি ঘটে কিরূপে সম্ভব? নীলোৎপলবলবর্ণ মেঘমালা যে আকাশে উদিত হয়, তাতে আকাশের কি বিকৃতি ঘটে? ২৩ ॥

পুরুষ—সাধু! সাধু! বুদ্ধিমান বিবেকের এই কথায় আমি প্রীত হলাম। (উপনিষদের প্রতি) তারপর?

উপনিষৎ—তখন সেই তর্কবিদ্যারা সকলেই ক্রুদ্ধ হয়ে বললেন—'অহো, নাস্তিক্য পথ অনুসরণ করে এ বলছে, বিশ্বের লয়ে মুক্তি হয়—সুতরাং হয়—সুতরাং একে শাসন করা দরকার।' এই বলে তারা হৈ হৈ করে ছুটে এলেন। আমার নিগ্রহ করবার জন্যে।

যান্যাত্মতঃ খলু তনোরপসারয়ন্তি।
মোহঃ স এষ জগতো যদপত্যসংজ্ঞাং
তেষাং বিধায় পরিশোষয়তি স্বদেহম্ ॥ ২১ ॥

মনঃ—দেবি, ভবত্বেবম্। তথাপি দুরুচ্ছেদ্যস্তু মমত্বগ্রন্থিঃ। (বিচিন্ত্য সোচ্ছ্বাসম্
সর্বথা ত্রাতোঽস্মি ভবত্যা। (ইতি পাদয়োঃ পততি।)

সরস্বতী—বৎস, উপদেশসহিষ্ণু তে হৃদয়ং জাতম্। অত এতদপরমুচ্যতে—

বশং প্রাপ্তে মৃত্যোঃ পিতরি তনয়ে বা সুহৃদি বা
শুচা সন্তপ্যন্তে ভৃশমুদরতাড়ং জড়ধিয়ঃ।
অসারে সংসারে বিরসপরিণামে তু বিদুষাং
বিয়োগো বৈরাগ্যং দ্রঢ়য়তি বিতন্বঞ্শমসুখম্ ॥ ২২ ॥

(ততঃ প্রবিশতি বৈরাগ্যম্)।

বৈরাগ্যম্— বিচিন্ত্য)।

অস্রাক্ষীন্নবনীলনীরদজলোপান্তাতিসূক্ষ্মায়ত-
ত্বঙ্মাত্রান্তরিতামিষং যদি বপুর্নৈতৎ প্রজানাং পতিঃ।
প্রত্যগ্রক্ষরদস্রবিস্রপিশিতগ্রাসগ্রহং গৃধ্নতো
গৃধ্রধ্বাঙ্ক্ষবৃকা স্তনৌ নিপতিতাঃ কো বা কথং বারয়েৎ ॥ ২৩ ॥

অপি চ,

শ্রিয়ো জ্বালালোলা বিষয়জড়সাঃ প্রান্তবিরসা
বিপদ্গেহং দেহং মহদপি ধনং ভূরি নিধনম্।
বৃহচ্ছোকো লোকঃ সততমবলানর্থবহুলা
তথাপ্যস্মিন্ ঘোরে পথি বত রতা নাত্মনি রতাঃ ॥ ২৪ ॥

সরস্বতী—বৎস, এতদ্বৈরাগ্যং ত্বামুপস্থিতম্। তদেৎ সম্ভাবয়।
মনঃ—ক্বাসি পুত্রক ?
বৈরাগ্যম্—(উপসৃত্য) অহং ভো অভিবাদয়ে।
মনঃ—বৎস, জাতমাত্রেণ ত্বয়া ত্যক্তোঽস্মি। পরিষ্বজস্ব মাম্।
বৈরাগ্যম্—(তথা করোতি)।
মনঃ—বৎস, ত্বদ্দর্শনাৎ প্রশান্তো মে শোকাবেশঃ।
বৈরাগ্যম্—তাত, কোঽত্র শোকাবেশঃ ? যতঃ—

পান্থানামিব বর্ত্মনি ক্ষিতিরুহাং নদ্যামিব ভ্রশ্যতাং
মেঘানামিব পুষ্করে জলনিধৌ সাংযাত্রিকাণামিব।
সংযোগঃ পিতৃমাতৃবন্ধুতনয়ভ্রাতৃপ্রিয়াণাং যদা
সিন্ধোঽদূরবিয়োগ এব বিদুষাং শোকোদয়ঃ কস্তদা ॥ ২৫ ॥

মনঃ—(সানন্দম্)। দেবি, এবমেতদ্ যদাহ বৎসঃ। তথাহি তাবদবধারয়তু ভবতী।

নিরন্তরাভ্যাসদৃঢ়ীকৃতস্য
সস্নেহসূত্রগ্রথিতস্য জন্তোঃ।
জানাসি কিঞ্চিদ্ভগবত্যুপায়ং
মমত্বপাশস্য যতো বিমোক্ষঃ ॥ ২৬ ॥

সরস্বতী—বৎস, ভাবানামনিত্যতাভাবনমেব তাবন্মমতোচ্ছেদস্য প্রথমোঽভ্যুপায়ঃ। তথাহি—

ন কতি পিতরো দারাঃ পুত্রাঃ পিতৃব্যপিতামহা
মহতি বিততে সংসারেঽস্মিন্ গতাস্তব কোটয়ঃ।
তদিহ সুহৃদাং বিদ্যুৎপাতোজ্জ্বলান্ ক্ষণসঙ্গমান্
সপদি হৃদয়ে ভূয়ো ভূয়ো নিবেশ্য সুখী ভব ॥ ২৭ ॥

মনঃ—ভগবতি, তব প্রসাদাদপাস্ত এব ব্যামোহঃ। কিন্তু—

ভগবতি তব মুখশশধরগলিতৈর্বিমলোপদেশপীযূষৈঃ।
ক্ষালিতমপি মে হৃদয়ং মলিনং শোকোর্মিভিঃ ক্রিয়তে ॥ ২৮ ॥

তদস্যার্দ্রস্য শোকপ্রহারস্য ভেষজমাজ্ঞাপয়তু ভগবতী।
সরস্বতী—বৎস, ননূপদিষ্টমেবাত্র মুনিভিঃ।

অকাণ্ডপাতজাতানামার্দ্রাণাং মর্মভেদিনাম্।
গাঢ়শোকপ্রহারাণামচিন্তৈব মহৌষধম্ ॥ ২৯ ॥

মনঃ—এবমেব ভগবত্যেতদ্দুর্বারং নু চেতঃ। যতঃ

অপ্যেতদ্বারিতং চিন্তাসন্তানৈরভিভূয়তে।
মুহুর্বাতাহতৈর্বিম্বভ্রমচ্ছেদৈরিবৈন্দবম্ ॥ ৩০ ॥

সরস্বতী—বৎস, শ্রূয়তাম্। চিত্তস্যায়ং বিকারঃ। ' ততঃ কস্মিংশ্চিচ্ছান্তে বিষয়ে চিত্তং নিবেশ্যতাম্।
মনঃ—তৎ প্রসীদতু ভগবতী। কোঽসৌ শান্তো বিষয়ঃ ?
সরস্বতী—বৎসে, গুহ্যমেতৎ তথাপ্যার্তানামুপদেশে ন দোষঃ।

নিত্যং স্মরঞ্জলদনীলমুদারহার-
কেয়ূরকুণ্ডলকিরীটধরং হরিং বা।

গ্রীষ্মে সুশীতমিব বা হ্রদমস্তশোকং
ব্রহ্ম প্রবিশ্য ভ ? নিবৃ`তিমাত্মনীনাম্ ॥ ৩১ ॥

মনঃ—এবমেতৎ। সম্প্রতি হি—

নার্যস্তা নবযৌবনা মধুকরব্যাহারিণস্তে দ্রুমাঃ
প্রোন্মীলন্নবমল্লিকাসুরভয়ো মন্দাস্ত এবানিলাঃ
অদ্যোদার্ত্তবিবেকমার্জিততমঃ স্তোমব্যলীকান্ পুন—
স্তানেতান্ মৃগতৃষ্ণিকার্ণবপয়ঃপ্রায়াম্মনঃ পশ্যতি ॥ ৩২ ॥

সরস্বতী—বৎস, যদ্যপ্যেবং তথাপি গৃহিণা মুহূর্তমপ্যনাশ্রমধর্মিণা ন ভবিতব্যম্। তদদ্যপ্রভৃতি নিবৃত্তিরেব তে সধর্মচারিণী।

মনঃ—(সলজ্জম্)। যদাদিশতি দেবী।

সরস্বতী—শমদমসন্তোষাদয়শ্চ পুত্রাস্ত্বামনুচরন্তু। যমনিয়মাদয়শ্চামাত্যাঃ। বিবেকোঽপি ত্বদনুগ্রহাদুপনিষদ্দেব্যা সহ যৌবরাজ্যমনুভবতু। এতাশ্চ মৈত্র্যাদয়শ্চতস্রো ভগিন্যো ভগবত্যা বিষ্ণুভক্ত্যা তব প্রসাদনায় প্রহিতাস্তাঃ সপ্রসাদমনুমানয়।

মনঃ—যদাদিশতি দেবী। মূর্ধ্নি নিবেশিতাঃ সর্বা এবাজ্ঞাঃ।

(ইতি সহর্ষং পাদয়োঃ পততি)।

সরস্বতী—সাম্রাজ্যমনুতিষ্ঠস্ব। এতে চ যমনিয়মাদয়ঃ সাদরমায়ুষ্মতা দ্রষ্টব্যাঃ। এতৈরেব সহায়ুষ্মান্ যৌবরাজ্যমধিতিষ্ঠতু। ত্বয়ি চ স্বাস্থ্যমাপন্নে ক্ষেত্রজ্ঞোঽপি স্বাং প্রকৃতিমাপৎস্যতে। যতঃ—

ত্বৎসঙ্গাচ্ছাশ্বতোঽপি প্রণয়জলধরোপপ্লুতো বুদ্ধিবৃত্তি-
স্বেকো নানেব দেবো রবিরিব জলধেবীচিষু ব্যক্তমূর্তিঃ।
তূষ্ণীমালম্বসে চেৎ কথমপি বিততা বৎস সংহৃত্য বৃত্তী-
র্ভাত্যাদর্শে প্রসন্নে রবিরিব সহজানন্দসান্দ্রস্তদাত্মা ॥ ৩৩ ॥

তদ্ ভবতু। জ্ঞাতীনামুদকদানায় নদীমবতরামঃ।

মনঃ যদাজ্ঞাপতি দেবী।

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্বে)

॥ ইতি প্রবোধচন্দ্রোদয়ে 'বৈরাগ্যোৎপত্তি' নাম পঞ্চমোঽঙ্কঃ ॥

× × × × × × × × × × × × × × ষষ্ঠোঽঙ্কঃ × × × × × × × × × × × × ×

(ততঃ প্রবিশতি শান্তিঃ)

শান্তিঃ—আদিষ্টাস্মি মহারাজবিবেকেন। তথা বৎসে, বিদিতমেব ভবত্যা কিল।

অস্তং গতেষু তনয়েষু বিলীনমোহে
বৈরাগ্যভাজি মনসি প্রশমং প্রপন্নে।
ক্লেশেষু পঞ্চসু গতেষু সমং সমীহাং
তত্ত্বাববোধমভিতঃ পুরুষস্তনোতি। ১ ॥

তদ্ ভবতী ত্বরিততরং দেবীমুপনিষদমনুনীয় মৎসকাশমানয়ত্বিতি।

শান্তিঃ—(বিলোক্য) মমাম্বা সহর্ষং কিমপি মন্ত্রয়ন্তী ইত এবাগচ্ছতি।

(ততঃ প্রবিশতি শ্রদ্ধা)

শ্রদ্ধা—অয়ে, অদ্য খলু রাজকুলমারোগ্যযুক্তমালোক্য চিরেণ মে পীযূষেণেব লোচনে পূর্ণে।

অসতাং নিগ্রহো যত্র সন্তঃ পূজ্যা যমাদয়ঃ।
আরাধ্যতে জগৎস্বামী বশ্যৈর্দেবানুজীবিভিঃ ॥ ২ ॥

শান্তিঃ—(উপসৃত্য) অম্ব, কিং মন্ত্রয়ন্তী প্রস্থিতা ?

শ্রদ্ধা—(অয়ে, অদ্যেত্যাদি পঠতি)।

শান্তিঃ—অথ মনসি কীদৃশী স্বামিনঃ পুরুষস্য প্রবৃত্তিঃ।

শ্রদ্ধা—যাদৃশী বধ্যস্য গ্রাহ্যস্য ভবতি।

শান্তিঃ—তৎ কিং স্বাম্যেব সাম্রাজ্যমলংকরিষ্যতি ?

শ্রদ্ধা—এবমেতৎ যথাত্মানমনুসন্ধত্তে ততো দেব এব স্বারাট্ সম্রাট্ চ ভবতি।

শান্তিঃ—অথ দেবস্য মায়ায়াং কীদৃশোঽনুগ্রহঃ ?

শ্রদ্ধা—ননু নিগ্রহ ইতি বক্তব্যে কথমনুগ্রহঃ শক্যতে বক্তুম্ ? দেবোঽপি হি সর্বানর্থ-বীজমিয়ং মায়া সর্বথা নিগ্রাহ্যেতি মন্যতে।

শান্তিঃ—যদ্যেবং কা তর্হীদানীং রাজকুলস্য স্থিতিঃ ?

শ্রদ্ধা—শৃণু,

নিত্যানিত্যবিচারণাপ্রণয়িনী বৈরাগ্যমেকং সুহৃ-
ৎসচিত্রাণি যমাদয়ঃ শমদমপ্রায়াঃ সহায়া মতাঃ।
মৈত্র্যাদ্যাঃ পরিচারিকাঃ সহচরী নিত্যং মুমুক্ষা বলা-
দুচ্ছেদ্যা রিপবশ্চ মোহমমতাসঙ্কল্পসঙ্গাদয়ঃ ॥ ৩ ॥

শান্তিঃ—অথ ধর্মে স্বামিনঃ কীদৃশঃ প্রণয়ঃ ?

শ্রদ্ধা—পুত্রি, বৈরাগ্যসন্নিকর্ষাৎ প্রভৃতি নিতান্তমিহামুত্রফলভোগবিরস এব স্বামী। তেন,

স নরকাদিব পাপফলাদ্ভয়ং ভজতি পুণ্যফলাদপি নাশিনঃ।
ইতি সমুজ্ঝিতকামসমন্বয়ং সুকৃতকর্ম কথঞ্চন মন্যতে ॥ ৪ ॥

কিংত্বসৌ প্রত্যক্প্রবণতাং স্বামিনো বিচিন্ত্য কৃতকর্তব্যমিবাত্মানং মত্বা স্বয়মেব ধর্মঃ শূন্যব্যাপারোঽভূৎ।

শান্তিঃ—অথ যানুপসর্গান্ গৃহীত্বা মহামোহো নিলীয় স্থিতস্তেষাং কো বৃত্তান্তঃ ?

শ্রদ্ধা—পুত্রি, তথা দূরবস্থাগতেনাপি মহামোহহতকেন স্বামিনঃ প্ররোচনায় মধুমত্যা বিদ্যয়া সহোপসর্গাঃ প্রেষিতাঃ। অয়মভিপ্রায়ঃ। যদ্যেতত্বাসক্তঃ স্বামী বিবেক উপনিষচ্চিন্তামপি ন করিষ্যতীতি।

শান্তিঃ—ততস্ততঃ ?

শ্রদ্ধা—ততস্তৈর্গত্বা কাপি স্বামিন্যৈন্দ্রজালিকী বিদ্যোপদর্শিতা। তথা হি,

শব্দানেষ শৃণোতি যোজনশতাদাবির্ভবন্তি স্বত-
স্তাস্তা বেদপুরাণভারতকথাস্তর্কাদয়ো বাঙ্ময়াঃ।
গ্রথ্নাতি স্বয়মিচ্ছয়া শুচিপদৈঃ শাস্ত্রাণি কাব্যানি বা
লোকান্ ভ্রাম্যতি পশ্যতি স্ফুটরুচো রত্নস্থলীর্মৈরবীঃ ॥ ৫ ॥

মধুমতীং চ ভূমিমাপন্নঃ স্থানাভিমানিনীভির্দেবতাভিরুপচ্ছন্দ্যতে ভো ইহোপ-বিশ্যতাম্। নাত্র জন্মমৃত্যু। অনুপাধিরমণীয়ো দেশঃ। এষ স্বামুপস্থিতো

বিবিধবিলাসলাবণ্যপুণ্যময়ো মঙ্গলার্থব্যগ্রপাণিঃ প্রণয়পেশলো বিদ্যাধরীজনঃ।
তদেহি, যতোঽত্র—

কনককসিকতিলস্থলাঃ স্রবন্তীঃ পৃথুজঘনাঃ কমলাননা বরোরূঃ।
মরকতদলকোমলা বনালীর্ভজ নিজপুণ্যচিতাংশ্চ সর্বভোগান্ ॥ ৬ ॥

শান্তিঃ—ততস্ততঃ ?

শ্রদ্ধা—পুত্রি, তদাকর্ণ্য মায়য়া শ্লাঘ্যমেতদিত্যুক্তম্। মনসা চানুমোদিতম্। সঙ্কল্পেন প্রোৎসাহিতম্। স্বামী সম্প্রতি সম্মিত্রপথমিবাপন্নঃ।

শান্তিঃ—(সখেদম্) হা ধিক্, হা ধিক্ পুনরপি তামেব সংসারবাগুরামপি পতিতঃ স্বামী।

শ্রদ্ধা—ন খলু ন খলু।

শান্তিঃ—ততস্ততঃ ?

শ্রদ্ধা—ততঃ পরিপার্শ্ববর্তিনা তর্কেণ তান্ সর্বান্ ক্রোধাবেশকষায়িতনয়নমালোক্যাভিহিতঃ। স্বামিন্, কিমেবমেভির্বিষয়ামিষগ্রাসগৃধ্নুভিরাস্থানিকৈঃ পুনরপি তেষ্বেব তথৈব বিষমবিষয়াঙ্গারেষু নিপাত্যমানমাত্মানং নাববুধ্যসে। ননু ভোঃ,

ভবসাগরতারণায় যাসৌ নচিরাদ্যোগতরিস্ত্বয়াশ্রিতা।
অধুনা পরিমুচ্য তাং মদাৎ কথমঙ্গারনদীং বিগাহসে ॥ ৭ ॥

শান্তিঃ—ততস্ততঃ ?

শ্রদ্ধা—ততস্তদ্বচনমাকর্ণ্য স্বস্তি বিষয়েভ্য ইত্যভিধায়াবধীরিতা মধুমতী।

শান্তিঃ—সাধু সাধু। অথ ক্ব প্রস্থিতাসি ভবতী।

শ্রদ্ধা—আদিষ্টাহং স্বামিনা যথা বিবেকং দ্রষ্টুমিচ্ছামি।

শান্তিঃ—তত্ত্বরতাং ভগবতীতি।

শ্রদ্ধা—তদহং রাজসন্নিধিং প্রস্থিতা।

শান্তিঃ—অহমপি মহারাজেনোপনিষদমানেতুমাদিষ্টা। তদ্ভবতু স্বনিয়োগং সম্পাদয়াবঃ।
(ইতি নিষ্ক্রান্তে)

প্রবেশকঃ

(ততঃ প্রবিশতি পুরুষঃ)

পুরুষঃ—(বিচিন্ত্য। সহর্ষম্) অহো মাহাত্ম্যং দেব্যা বিষ্ণুভক্তেঃ। যৎপ্রসাদান্ময়া,

তীর্ণা ক্লেশমহোর্ময়ঃ পরিহৃতা ভীমা মমত্বভ্রমাঃ
শান্তা মিত্রকলত্রবন্ধুমকরগ্রহগ্রস্থয়ঃ।
ক্রোধৌর্বাগ্নিরপাকৃতো বিঘটিতাস্তৃষ্ণালতাবিস্তরাঃ
পারেতীরমবাপ্তকল্পমধুনা সংসারবারাং নিধেঃ ॥ ৮।

(ততঃ প্রবিশত্যুপনিষচ্ছান্তিশ্চ)

উপনিষৎ—সখি, কথং তথা নিরনুক্রোশস্য স্বামিনো মুখমালোকয়িষ্যামি। যেনাহমিতরজনযোষেব সুচিরমেকাকিনী পরিত্যক্তা ?

শান্তিঃ—দেবি, কথং তথাবিধবিপৎপাতিতো দেব উপালভ্যতে ?

উপনিষৎ—সখি, ন দৃষ্টা ত্বয়া মে তাদৃশী দশা। যেনৈবং ব্রবীষি। শৃণু—

বাহ্বোর্ভগ্না দলিতমনয়ঃ শ্রেণয়ঃ কঙ্কণানাং
চূড়ারত্নগ্রহনিকৃতিভিদূষিতঃ কেশপাশঃ।

কৈঃ কৈর্নাহং হতবিধিবলাদাহিতা দুর্বিদগ্ধৈ-
দাসীকর্তুং সপদি দুরিতৈর্দূরসংস্থেহবিবেকে ॥ ৯ ॥

শান্তিঃ—সর্বমেতন্মহামোহস্য দুর্বিলসিতম্। নাত্র দেবস্যাপরাধঃ। তেন মোহেন মনঃ কামাদিদ্বারেণ প্রবোধতয়া ত্বত্তো দূরীকৃতো বিবেকঃ। এতদেব কুলস্ত্রীণাং নৈসর্গিকং শীলং যদ্বিপন্মগ্নস্য স্বামিনঃ সময়প্রতীক্ষণমিতি। তদেহি দর্শন-প্রিয়াপলাপেন সম্ভাবয় দেবম্। সাম্প্রত্যপহতা বিদ্বিষঃ। সম্পূর্ণাস্তে মনোরথাঃ।

উপনিষৎ—সখি, সাম্প্রত্যাগচ্ছন্তী বৎসয়া গীতয়াহহং রহস্যুক্তা যথা ভর্তা স্বামী চ পুরুষস্ত্বয়া যথাপ্রশ্নমুত্তরেণ সম্ভাবয়িতব্যঃ! তথা প্রবোধোৎপত্তির্ভবিষ্যতীতি তৎ কথং গুরুণামধ্যক্ষং ধার্ষ্ট্যমবলম্বিষ্যে।

শান্তিঃ—দেবি, অবিচারণীয়মেতদ্বাক্যং ভগবত্যা গীতায়াঃ, অয়মেব চার্থো ভগবত্যা। বিষ্ণুভক্ত্যা বিবেকস্বামিনো নিরুক্তঃ। তদেহি। সম্ভাবয় দর্শনেন ভর্তারমাদি-পুরুষং চ।

উপনিষৎ—যথা বদতি প্রিয়সখী। (ইতি পরিক্রামতি)

(ততঃ প্রবিশতি রাজা শ্রদ্ধা চ)

রাজা—অয়ি বৎসে, দ্রক্ষ্যতি শান্তিঃ প্রিয়ামুপনিষদম্।

শ্রদ্ধা—দেব, গৃহীতোপদেশৈব শান্তির্গতা কথং তাং ন দ্রক্ষ্যতি?

রাজা—কথমিব।

শ্রদ্ধা—দেব, প্রাগেব কথিতমেতদ্দেব্যা বিষ্ণুভক্ত্যাসীৎ, যথা মন্দারাভিধানে শৈলে বিষ্ণোরায়তনে দেব্যাং গীতায়াং তর্কবিদ্যাভরাদনুপ্রবিষ্টেতি।

রাজা—কথং পুনস্তর্কবিদ্যায়া ভয়ম্?

শ্রদ্ধা—দেব, ইমমর্থং সৈব প্রস্তোষ্যতি। তদাগচ্ছতু দেবঃ। এষ স্বামী ত্বদাগমনমেষ ধ্যায়ন্বিবিক্তে বর্ততে।

রাজা—(উপসৃত্য) স্বামিন্ অভিবাদয়ে।

পুরুষঃ বৎস, প্রক্রমাবরুদ্ধোহহং সমুদাচারঃ। যতো জ্ঞানবৃদ্ধতয়া ভবানেবাস্মাক-মুপদেশদানেন পিতৃভাবমাপন্নঃ। কুতঃ—

পুরা হি ধর্মাধ্বান নষ্টসংজ্ঞা
দেবাস্তমর্থং তনয়ানপৃচ্ছন্।
জ্ঞানেন সম্যক্ পরিগৃহ্য চৈতান্
হে পুত্রকাঃ সংশৃণুতেত্যবোচন্ ॥ ১০ ॥

তদ্ ভবান্ পিতৃত্বেনাস্মাসু বর্ততামিত্যেষ এব ধর্মঃ।

শান্তিঃ—এষ দেবি, দেবেন সহ স্বামী বিবিক্তো বর্ততে। তদুপসর্পতু দেবী।

উপনিষৎ—(উপসর্পতি)।

শান্তিঃ—স্বামিন্, এষোপনিষদ্দেবী পাদবন্দনায়াগতা।

পুরুষঃ—ন খলু ন খলু। মতো মাতেয়মস্মাকং তত্ত্বাববোধোদয়েন। তদেষৈবাস্মাকং নমস্যা। অথবা

অনুগ্রহবিধৌ দেব্যা মাতুশ্চ মহদন্তরম্।
মাতা গাঢ়ং নিবধ্নাতি বন্ধং দেবী নিকৃন্ততি ॥ ১১ ॥

উপনিষৎ—(বিবেকমালোক্য মনস্কৃত্য দূরে সমুপবিশতি)।

পুরুষঃ—অম্ব, কথ্যতাম্। ক্ব ভবত্যা নীতা এতে দিবসাঃ।
উপনিষৎ—স্বামিন্,

নীতান্যমূনি মঠচত্বরশূন্যদেবা—
গারেষু মূর্খমুখরৈঃ সহ বাসরাণি।

পুরুষঃ—অথ তে জানন্তি কিমপি ভবত্যাস্তত্ত্বম্ ?
উপনিষৎ—ন খলু। কিন্তু

তে স্বেচ্ছয়া মম গিরাং দ্রবিড়াঙ্গনোক্ত-
বাচামিবার্থমবিচার্য বিকল্পয়ন্তি ॥ ১২ ॥

তেন কেবলং তেষাং পরার্থগ্রহণপ্রয়োজনমেব মদ্বিচারণম্।

পুরুষঃ—ততস্ততঃ ?
উপনিষৎ—ততঃ কদাচিৎ

কৃষ্ণাজিনাগ্নিসমিদাজ্যজুহূস্রুবাদি-
পাত্রৈস্তথেষ্টিপশুসোমমুখৈর্মখৈশ্চ।
দৃষ্টা ময়া পরিবৃতাখিলকর্মকাণ্ড-
ব্যাদিষ্টপদ্ধতিরথাধ্বনি যজ্ঞবিদ্যা ॥ ১৩ ॥

পুরুষঃ—ততস্ততঃ ?
উপনিষৎ—ততো ময়া চিন্তিতম্। অপি নামৈষা পুস্তকভারবাহিনী মে জ্ঞাস্যতি তত্ত্বম্ ? অত এবাস্যাঃ সন্নিধৌ কানিচিদ্বাসরাণি নয়ামি।
পুরুষঃ—ততস্ততঃ ?
উপনিষৎ—ততস্তামহমুপস্থিতা। তয়া চাহমুক্তাস্মি। ভদ্রে, কিং তে সমীহিতমিতি ॥ ততো ময়োক্তম্। আর্যে অনাথাস্মি ত্বয়ি বস্তুমিচ্ছামীতি।
পুরুষঃ—ততস্ততঃ ?
উপনিষৎ—যস্মাদ্বিশ্বমুদেতি যত্র রমতে যস্মিন্ পুনর্লীয়তে

ভাসা যস্য জগদ্বিভাতি সহজানন্দোজ্জ্বলং যন্মহঃ।
শান্তং শাশ্বতমক্রিয়ং যমপুনর্ভাবায় ভূতেশ্বরং
দ্বৈতধ্বান্তমপাস্য যান্তি কৃতিনঃ প্রস্তৌমি তং পুরুষম্ ॥ ১৪ ॥

ততস্তয়োক্তম্—

পুমানকর্তা কথমীশ্বরো ভবেৎ
ক্রিয়া ভবোচ্ছেদকরী ন বস্তুধীঃ।
কুর্বন্ ক্রিয়া এব নরো ভবচ্ছিদঃ
শতং সমাঃ শান্তমনা জিজীবিষেৎ ॥ ১৫ ॥

তন্মে নাতিপ্রয়োজনং ভবত্যাঃ পরিগ্রহেণ তথাপি যদি কর্তারং ভোক্তারং পুরুষং স্তুবন্তী ভবতী কিয়ন্তং কালমত্র বস্তুমিচ্ছতি কো দোষঃ ?

রাজা—(সোপহাসম্) অহো ধূমান্ধকারশ্যামলিদৃশো দুষ্প্রজ্ঞত্বং যজ্ঞবিদ্যায়া যেনৈবং কুতর্কোপহতা।

অয়ঃ স্বভাবাদচলং বলাচ্চল-
ত্যচেতনং চুম্বকসন্নিধাবিব।

তনোতি বিশ্বেক্ষিতুরীক্ষিতেরিতা
জগন্তি মায়েশ্বরতেয়মীশিতুঃ ॥ ১৬ ॥

তস্মাত্তমোন্ধানামিয়মনীশ্বরদৃষ্টিঃ। অবোধপ্রভবং সংসারং কর্মভিঃ শময়ন্তী যজ্ঞবিদ্যা নূনমন্ধতমসমন্ধকারেণাপি নিনীষতি।

স্বভাবলীনানি তমোময়ানি
প্রকাশয়েদ্‌যো ভুবনানি সপ্ত।
তমেব বিদ্বানতিমৃত্যুমেতি
নান্যোঽস্তি পন্থা ভবমুক্তিহেতুঃ ॥ ১৭ ॥

পুরুষঃ—ততস্ততঃ।

উপনিষৎ—ততো যজ্ঞবিদ্যায়া বিমৃশ্যোক্তম্‌। সখি, ত্বৎসন্নিকর্ষাৎ দুর্বাসনোপহতৈরস্মদন্তেবাসিভিঃ কর্মসু শ্লথাদরৈর্ভবিতব্যম্‌। তৎ প্রসীদতু ভবতী স্বাভিলষিত‌ দেশগমনায়।

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততোঽহং তামতিক্রম্য প্রস্থিতা।

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততঃ কর্মকাণ্ডসহচরী মীমাংসা ময়া দৃষ্টা—

বিভিদ্য কর্মাণ্যধিকারভাঞ্জি
শ্রুত্যাদিভিস্তানুগতা প্রমাণৈঃ।
অঙ্গৈর্বিচিত্রৈরভিযোজয়ন্তী
প্রাপ্তোপদেশৈরতিদেশকৈশ্চ ॥ ১৮ ॥

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততোঽহং তামপি তথৈবাশ্রয়মভ্যর্থিতবতী। অথ তয়াপ্যুক্তাস্মি ভদ্রে, কিং কর্মাসীতি॥ ততো ময়া তদেবোক্তম্‌। যস্মাদ্বিশ্বমিত্যাদি পঠিতম্‌।

পুরুষ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততো মীমাংসয়া পার্শ্ববর্তিনাং মুখমালোক্যাভিহিতম্‌। অস্ত্যেবাস্মাকমস্যাঃ লোকান্তরফলোপভোগযোগ্যপুরুষোপনয়নেনোপযোগঃ। তৎক্রিয়তামেষাং কর্মোপযুক্তম্‌। তত্র তেষামন্তেবাসিনাং মধ্যে কেনাপ্যন্তেবাসিনৈতদনুমোদিতমেব। অপরেণ তু প্রসিদ্ধপ্রতিষ্ঠেন মীমাংসাহৃদয়াধিদৈবতেন কুমারিলস্বামিনৈবং প্রোক্তম্‌—দেবি, নেয়ং কর্মোপযুক্তং পুরুষমুপনয়তি, কিন্তু অকর্তারমভোক্তারমীশ্বরম্‌। ন চাসাবীশ্বরঃ কর্মসূপযুজ্যতে। ততোঽপরেণোক্তম্‌। অথ কিং লৌকিকাৎ পুরুষাদন্য ঈশ্বরো নামাস্তি ? ততস্তেন বিহস্য পুনরুক্তম্‌। অস্তি। তথা হি—

একঃ পশ্যতি চেষ্টিতানি জগতামন্যস্তু মোহান্ধধী‌
রেকঃ কর্মফলানি বাঞ্ছতি দদাত্যন্যস্তু তান্যর্থিনে।
একঃ কর্মসু শিষ্যতে তনুভৃতাং শাস্তেব দেবোঽপরো
নিঃসঙ্গঃ পুরুষঃ ক্রিয়াসু স কথং কর্তেতি সম্ভাব্যতে ॥ ১৯ ॥

রাজা—(সহর্ষম্‌) সাধু কুমারিলস্বামিন্‌ সাধু প্রজ্ঞোঽস্যায়ুষ্মন্‌,

দ্বৌ তৌ সুপর্ণৌ সযুজৌ সখায়ৌ
সমানবৃক্ষং পরিষস্বজাতে।
একস্তয়োঃ পিপ্পলমত্তি পক্ক-
মন্যস্ত্বনশ্নন্নভিচাকশীতি ॥ ২০ ॥

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততোঽহং মীমাংসামভিমন্ত্র্য প্রস্থিতা।

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—ততো ময়া বহুভিঃ শিষ্যৈরুপাস্যমানাস্তর্কবিদ্যা অবলোকিতাঃ

কাশ্চিদ্বিশ্ববিশেষকল্পনপরা ন্যায়ৈঃ পরা তত্ত্বতী
বাদং সচ্ছলজাতিনিগ্রহময়ৈর্জল্পং বিতণ্ডামপি।
অন্যা তু প্রকৃতের্বিভজ্য পুরুষস্যোদাহরন্তী ভিদাং
তত্ত্বানাং গণনাপরা মহদহংকারাদিসর্গক্রমৈঃ ॥ ২১ ॥

পুরুষ—ততস্ততঃ ?

উপনিষৎ—তথৈবাহং তাঃ সমুপস্থিতাঃ। তাভিশ্চানুযুক্তয়া ময়া তদেব কর্মোদাহৃতম্। যস্মাদ্বিশ্বমিত্যাদি। ততস্তাভিঃ সপ্রকাশোপহাসমুক্তম্—আঃ বাচালে, পরমাণুভ্যো বিশ্বমুৎপদ্যতে। নিমিত্তকারণমীশ্বরঃ। অন্যয়া তু সক্রোধমুক্তম্—আঃ পাপে, কথমীশ্বরমেব বিকারিণং কৃত্বা বিনাশধর্মিণমুপপাদয়তি। ননু রে প্রধানাদ্বিশ্বোৎপত্তিঃ।

রাজা—অহো তর্কমতয়স্তর্কবিদ্যা এতদপি ন জানন্তি। সর্বং প্রমেয়জাতং ঘটাদিবং কার্যমিতি পরমাণু-প্রধানোপাদানকারণমপ্যপেক্ষণীয়মেবেতি।
তথাহি—

অম্ভঃশীতকরান্তরিক্ষনগরস্বপ্নেন্দ্রজালাদিবৎ
কার্যং মেয়মসত্যমেতদুদয়ধ্বংসাদিযুক্তং জগৎ।
শুক্তৌ রূপ্যমিব স্রজীব ভুজগঃ স্বাত্মাববোধে হরা-
বজ্ঞাতে প্রভবত্যথাস্তময়তে তত্ত্বাববোধোদয়াৎ ॥ ২২ ॥

বিকারশঙ্কা তু মুগ্ধবধূবিকল্পাবলসিতমিব।

তথাহি—

শান্তং জ্যোতিঃ কথমনুদিতানন্দ নিত্যপ্রকাশং
বিশ্বোৎপত্তৌ ব্রজতি বিকৃতিং নিষ্কলং নির্মলং চ।
তদ্বন্নীলোৎপলদলরুচামম্বুবাহাবলীনাং
প্রাদুর্ভাবে ভবতি নভসঃ কীদৃশো বা বিকারঃ ॥ ২৩ ॥

পুরুষঃ—সাধু সাধু, প্রীণয়তি মানসং মমায়ং প্রজ্ঞাবতো বিমর্শঃ। (উপনিষদং প্রতি) ততস্ততঃ ?

উপনিষৎ—ততস্তাভিঃ সর্বাভিরেব ক্রুদ্ধাভিরুক্তম্-অহো, বিশ্বাবলয়েন মুক্তিমেষাং বদন্তী নাস্তিকপথং প্রস্থিতা নিগৃহ্যতামিতি। ততঃ সসংরম্ভং মাং নিগ্রহীতুং প্রধাবিতাঃ সর্বাঃ।

পুরুষঃ—(সত্রাসম্) ততস্ততঃ ?

উপনিষৎ—ততোঽহং সত্বরতরং পরিক্রম্য দণ্ডকারণ্যং প্রবিষ্টা। ততো মন্দর, শৈলোপকল্পিতস্য মধুসূদনায়তনস্য নাতিদূরে—

বাহ্বোর্ভগ্না দলিতমণয়ঃ শ্রেণয়ঃ কঙ্কণানাং
চূড়ারত্নগ্রহনিকৃতিভির্দূষিতঃ কেশপাশঃ।

ইত্যাদ্যবস্থা মম সঞ্জাতা।

পুরুষঃ - ততস্ততঃ ?

উপনিষৎ—যতো দেবায়তনান্নির্গত্য গদাপাণিভিঃ পুরুষৈরতিনির্দয়ং তাড্যমানাস্তা দিগন্তমতিক্রান্তাঃ সর্বাঃ।

রাজা—(সহর্ষম।) ন খলু ভবতীমতিক্রামতোভগবান্ বিশ্বসাক্ষী ক্ষমতে।

পুরুষঃ—ততস্ততঃ ?

উপনিষৎ—

ছিন্না মুক্তাবলিরপহৃতং স্রস্তমঙ্গাদ্দুকূলং
ভীতা গীতাশ্রমমথ গলন্নূপুরাহং প্রবিষ্টা ॥ ২৪ ॥

তত্র বৎসয়া গীতয়া মাং তত্রাগতামালোক্য সসম্ভ্রমং মাতর্মাতরিতি পরিরভ্যোপবেশিতাস্মি। বিদিতবৃত্তান্তয়া তয়া চোক্তম্। অম্ব, নাত্র খেদয়িতব্যং মনঃ। যে খলু ত্বামপ্রমাণীকৃত্য যথেষ্টমসুরসত্ত্বাঃ প্রচরিষ্যন্তি তেষামীশ্বর এব শাস্তা। উক্তঞ্চ তেন ভগবতা তানধিকৃত্য। তথা চ গীতয়াম্—'তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্ ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু' ইতি।

পুরুষঃ—(সকৌতুকম্)। দেবি, ত্বৎপ্রসাদাজ্জ্ঞাতু-মিচ্ছামি কোঽয়মীশ্বরো নামেতি।

উপনিষৎ—(সকোপমিব।) কো নামাত্মানমজানন্ত-মন্ধমিব প্রত্যুত্তরং দাস্যতি।

পুরুষঃ—(সহর্ষম্।) কথমহমাত্মা পুরুষঃ পরমেশ্বরঃ।

উপনিষৎ—এবমেবতৎ।

তথাহি—

অসৌ ত্বদন্যো ন সনাতনঃ পুমান্
ভবান্ন দেবাৎ পুরুষোত্তমাৎ পরঃ।
স এষ ভিন্নস্ত্বদনাদিমায়য়া
দ্বিধেব বিম্বং সলিলে বিবস্বতঃ ॥ ২৫ ॥

পুরুষঃ—(বিবেকং প্রতি।) ভগবন্ নক্তমপ্যর্থং ভগবত্যা ন সম্যগবধারয়ামি।

অবচ্ছিন্নস্য ভিন্নস্য জরামরণধর্মিণঃ।
মম ব্রবীতি দেবীয়ং সত্যানন্দচিদাত্মতাম্ ॥ ২৬ ॥

বিবেকঃ—পদার্থানবজ্ঞানাদ্বাক্যার্থো নাবগম্যতে। আর্যেণোক্তং যৎ সত্যমেব।

পুরুষঃ—তদববোধায় ভগবানুপায়মাজ্ঞাপয়ত।

বিবেকঃ—অয়মুচ্যতে—

এষোঽস্মীতি বিবিচ্য নেতিপদতশ্চিত্তেন সার্ধং কৃতে
তত্ত্বানাং বিলয়ে চিদাত্মনি পরিজ্ঞাতে ত্বমর্থে পুনঃ।
শ্রুত্বা তত্ত্বমসীতি বাধিতভবধ্বান্তং তদাত্মপ্রভং
শান্তং জ্যোতিরনন্তমন্তরুদিতানন্দঃ সমুদ্যোততে ॥ ২৭ ॥

পুরুষঃ—(সানন্দম্।) শ্রুতমর্থং পরিভাবয়তি।

(ততঃ প্রবিশতি নিদিধ্যাসনম্ ।)

নিদিধ্যাসনম্ঃ—আদিষ্টোঽস্মি ভগবত্যা বিষ্ণুভক্ত্যা। যথা নিগূঢ়মস্মদভিপ্রায়মুপনিষদ্বিবেকেন সহ বোধয়িতব্যা। ত্বয়া চ পুরুষে বক্তব্যমিতি। (বিলোক্য।) এষা দেবী বিবেকপুরুষাভ্যাং নাতিদূরে বর্ততে। যাবদুপসর্পামি (উপসৃত্য উপনিষদং প্রতি জনান্তিকম্। দেব্যা বিষ্ণুভক্ত্যা সমাদিষ্টং যথা সঙ্কল্পযোনয়ো দেবতা ভবন্তি। ময়া চ সমাধানেন বিদিতং তথা আপন্নসত্ত্বা ভবতীতি। তত্র চ ক্রূরসত্ত্বা বিদ্যা নাম কন্যা ত্বদুদরে বর্ততে প্রবোধোদয়শ্চ। তত্র বিদ্যাং সঙ্কর্ষবিদ্যয়া মনসি সংক্রাময়িষ্যতি। প্রবোধচন্দ্রং পুরুষে সমর্প্য বৎসবিবেকেন সহ মৎসমীপমাগমিষ্যসীতি।

উপনিষৎ—যদাদিশতি দেবী। ইতি বিবেকমাদায় নিষ্ক্রান্তা।)

(নিদিধ্যাসনং পুরুষো বিশতি।)

পুরুষঃ—(ধ্যানং নাটয়তি।)

(নেপথ্যে আশ্চর্যমাশ্চর্যম্—

উদ্দামদ্যুতিদামভিস্তড়িদিব প্রদ্যোতয়ন্তী দিশঃ
প্রত্যগ্রস্ফুটদুৎকটাস্থি মনসো নির্ভিদ্য বক্ষঃস্থলম্।
কন্যেয়ং সহসা সমং পরিকরৈর্মোহং গ্রসন্তী ভজ-
ত্যন্তর্ধানমুপৈতি চৈকপুরুষং শ্রীমানুপ্রবোধোদয়ঃ ॥ ২৮ ॥)

(ততঃ প্রবিশতি প্রবোধোদয়ঃ।)

প্রবোধোদয়ঃ—

কিং ব্যাপ্তং কিমপোহিতং কিমুদিতং কিং বা সমুৎসারিতং
স্যূতং কিং নু বিসর্পিতং নু কিমিদং কিং চিন্ন বা কিঞ্চন।
যস্মিন্নভ্যুদিতে বিতর্কপদবীং নৈবং সমারোহতি
ত্রৈলোক্যং সহজপ্রকাশদলিতং সোঽহং প্রবোধোদয়ঃ ॥ ২৯ ॥

(পরিক্রম্য।) এষ পুরুষঃ। যাবদুপসর্পামি। (উপসৃত্য।) ভগবন্ প্রবোধোচন্দ্রোদয়োঽহমভিবাদয়ে।

পুরুষঃ—(সাহ্লাদম্) এহি পুত্র, পরিষ্বজস্ব মাম্।

(প্রবোধোদয়স্তথা করোতি।)

পুরুষঃ—(সানন্দম্।) অহো, বিঘটিততিমিরপটলং প্রভাতং সঞ্জাতম্ !

তথাহি—

মোহান্ধকারমবধূয় বিকল্পনিদ্রা-
মুন্মথ্য কোঽপ্যজনি বোধতুষারশ্মিঃ।
শ্রদ্ধাবিবেকমতিশান্তিযমাদিকেন
বিশ্বাত্মকঃ স্ফুরতি বিষ্ণুরহং স এষঃ ॥ ৩০ ॥

সর্বথা কৃতকৃত্যোঽস্মি ভগবত্যা বিষ্ণুভক্তেঃ প্রসাদাৎ। সোঽহমিদানীম্—

সঙ্গং ন কেনচিদুপেত্য কিমপ্যপৃচ্ছন্
গচ্ছন্নতর্কিতফলং বিদিশং দিশং বা।
শান্তো ব্যাহতভয়শোককষায়মোহঃ
স্বায়ম্ভুবো মুনিরহং ভবিতাস্মি সদ্যঃ ॥ ৩১ ॥

(ততঃ প্রবিশতি বিষ্ণুভক্তিঃ ।)

বিষ্ণুভক্তিঃ—(সহর্ষমুপসৃত্য ।) চিরেণ খল্বস্মাকং সম্পন্নাঃ সর্বে মনোরথা যেন প্রশান্তারাতিং ভবন্তমবলোকয়ামি ।

পুরুষঃ—দেব্যা বিষ্ণুভক্তেঃ প্রসাদাৎ কিং নাম দুষ্করম্ ? (ইতি পাদয়োঃ পততি ।)

বিষ্ণুভক্তিঃ—(পুরুষমুত্থাপয়তি ।) উত্তিষ্ঠ বৎস, কিং তে ভূয়ঃ প্রিয়মুপকরোমি ।

পুরুষঃ—অতঃ পরমপি কিং প্রিয়মস্তি ? যতঃ—

প্রশান্তারাতিরগমদ্বিবেকঃ কৃতকৃত্যতাম্ ।
নীরজস্কে সদানন্দে পদে চাহং নিবেশিতঃ ॥ ৩২ ॥

তথাপ্যেতদস্তু (ভরতবাক্যম্) ।

পর্জন্যোঽস্মিন্ জগতি মহতীং বৃষ্টিমিষ্টাং বিধত্তাং
রাজানঃ ক্ষমাং গলিতবিবিধোপপ্লবাঃ পালয়ন্তু ।
হৃত্তোন্মেষোপহততমসস্ত্বৎপ্রসাদান্ মহান্তঃ
সংসারাব্ধিং বিষয়মমতাতঙ্কপঙ্কং তরন্তু ॥ ৩৩ ॥

(ইতি নিষ্ক্রান্তাঃ সর্বে) ।

॥ ইতি শ্রীকৃষ্ণমিশ্রবিরচিতে প্রবোধচন্দ্রোদয়ে নাটকে জীবন্মুক্তির্নাম ষষ্ঠোঽঙ্কঃ ॥

। প্রবোধচন্দ্রোদয়নাটকং সমাপ্তম্ ।

অতীতের পৃষ্ঠা থেকে

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

বলেন্দ্রনাথ ঠাকুর

রসময় দাস

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

উত্তরচরিত

এক

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

['উত্তরচরিত' বঙ্কিমচন্দ্রের (১৮৩৮—৯৪) অন্যতম শ্রেষ্ঠ সাহিত্য-সমালোচনামূলক প্রবন্ধ। সমালোচনায় তাঁর সাহিত্যসূত্র ছিল সামগ্রিক দৃষ্টিভঙ্গী। সাহিত্যবিচারে খণ্ড অংশ অপেক্ষা একত্র সমগ্র অংশের বিচারবিশ্লেষণের উপরই তিনি অধিক গুরুত্ব আরোপ করেছেন। তাঁর বক্তব্য—'একখানি প্রস্তর পৃথক পৃথক করে দেখলে তাজমহলের গৌরব বুঝতে পারা যায় না—কোটিকলস জলের আলোচনায় সাগরমাহাত্ম্য অনুভব করা কঠিন।

বঙ্কিমচন্দ্রের উত্তরচরিত সমালোচনার কিছু অংশ এখানে উদ্ধৃত করা হয়েছে। এই প্রবন্ধটি (বঙ্গদর্শন) পত্রে জ্যৈষ্ঠ-আশ্বিন ১২৭৯ সালে প্রথম প্রকাশিত হয়।]

উত্তরচরিতের চিত্রদর্শন নামে প্রথমাঙ্ক বঙ্গীয় পাঠকসমীপে বিলক্ষণ পরিচিত; কেন না, শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় এই অঙ্ক অবলম্বন করিয়া, স্বপ্রণীত সীতার বনবাসের প্রথম অধ্যায় লিখিয়াছেন। এই চিত্রদর্শন কবিসুলভকৌশলময়। ইহাতে চিত্রদর্শনোপলক্ষে রামসীতার পূর্ববৃত্তান্ত বর্ণিত আছে। ইহার উদ্দেশ্য এমত নহে যে, কবি সংক্ষেপে পূর্বঘটনার সকল বর্ণন করেন। রামসীতার অলৌকিক, অসীম, প্রগাঢ় প্রণয় বর্ণন করাই ইহার উদ্দেশ্য। এই প্রণয়ের স্বরূপ অনুভব করিতে না পারিলে, সীতানির্বাসন যে কি ভয়ানক ব্যাপার, তাহা হৃদয়ঙ্গম হয় না।···

এই 'চিত্রদর্শন' কেবল প্রেমপরিপূর্ণ—স্নেহ যেন আর ধরে না, কথায় কথায় এই প্রেম! যখন অগ্নিশুদ্ধির কথার প্রসঙ্গমাত্রে রাম সীতাবমাননা ও সীতার পীড়ন জন্য আত্মতিরস্কার করিতেছিলেন তখন সীতার—'হোদু অজ্জউত্ত হোদু, এহি পেক্খম্হ দাব দে চরিদং' - এই কথাতেই কত প্রেম!···

কালিদাসের বর্ণনাশক্তি অতি প্রসিদ্ধ, কিন্তু ভবভূতির বর্ণনাশক্তিও উত্তম। কালিদাসের বর্ণনা তাঁহার অতুল উপমা প্রয়োগের দ্বারা অত্যন্ত মনোহারিরী হয়। ভবভূতির উপমাপ্রয়োগ অতি বিরল; কিন্তু বর্ণনীয় বস্তু তাঁহার লেখনীমুখে স্বাভাবিক শোভার অধিক শোভা ধারণ করিয়া বসে। কালিদাস একটি একটি করিয়া বাছিয়া বাছিয়া সুন্দর সামগ্রীগুলি একত্রিত করেন; সুন্দর সামগ্রীগুলির সঙ্গে তদীয় মধুর ক্রিয়াসকল সূচিত করেন, তাহার উপর আবার উপমাচ্ছলে আরও কতকগুলি সুন্দর সামগ্রী আনিয়া চাপাইয়া দেন। এজন্য তাঁহার কৃত বর্ণনা, যেমন স্বভাবের অবিকল অনুরূপ, তেমনি মাধুর্যপরিপূর্ণ হয়; বীভৎসাদি রসে কালিদাস সেইজন্য সফল হয়েন না। ভবভূতি বাছিয়া বাছিয়া মধুর সামগ্রী সকল একত্রিত করেন না; যাহা বর্ণনীয় বস্তুর প্রধানাংশ বলিয়া বোধ করেন, তাহাই অঙ্কিত করেন। দুই চারিটা স্থূল কথায় একটা চিত্র সমাপ্ত করেন— কালিদাসের ন্যায় কেবল বসিয়া বসিয়া তুলি ঘষেন না। কিন্তু সেই দুই চারিটা কথায় এমন একটু রস ঢালিয়া দেন যে, তাহাতে চিত্র অত্যন্ত সমুজ্জ্বল, কখন মধুর, কখন ভয়ঙ্কর, কখন বীভৎস হইয়া পড়ে। মধুরে কালিদাস অদ্বিতীয়—উৎকটে ভবভূতি।···

ভবভূতির বর্ণনাশক্তির বিশেষ পরিচয়—দ্বিতীয় ও তৃতীয়াঙ্কে জনস্থান এবং পঞ্চবটী এবং ষষ্ঠাঙ্কে কুমারদের যুদ্ধ।

তৃতীয়াঙ্ক অতি মনোহর তথাপি এই অঙ্কের অনেক দোষ আছে। ইহা নাটকের পক্ষে নিতান্ত অনাবশ্যক। নাটকের যাহা কার্য, বিসর্জনান্তে রামসীতার পুনর্মিলন, তাহার সঙ্গে ইহার কোনো সংস্রব নাই। এই অঙ্ক পরিত্যক্ত হইলে নাটকের কার্যের কোনো হানি হয় না। সচরাচর এরূপ একটি সুদীর্ঘ নাটকাঙ্ক নাটকমধ্যে সন্নিবেশিত হওয়া, বিশেষ রসভঙ্গের কারণ হয়। যাহা কিছু নাটকে প্রতিকৃত হইবে, তাহা উপসংহৃতির উদ্যোজক হওয়া উচিত। এই অঙ্ক কোনো অংশে তদ্রূপ নহে। বিশেষ, ইহাতে রামবিলাপের দৈর্ঘ্য এবং পৌনঃপুন্য অসহ্য। তাহাতে রচনাকৌশলের বিপর্যয় হইয়াছে। কিন্তু সকলেই মুক্তকণ্ঠে বলিবেন যে, অন্য অনেক নাটক একেবারে বিলুপ্ত হয়, বরং তাহাও স্বীকর্তব্য, তথাপি উত্তরচরিতের এই তৃতীয়াঙ্ক ত্যাগ করা যাইতে পারে না। কাব্যাংশে ইহার তুল্য রচনা অতি দুর্লভ।

যে সৌন্দর্যসৃষ্টি কবির সর্বপ্রধান গুণ—সেই অভিনব, স্বভাবানুকারী স্বভাবাতিরিক্ত সৌন্দর্যসৃষ্টিগুণে, ভারতবর্ষীয় কবিদিগের মধ্যে বাল্মীকি এবং মহাভারতকার প্রধান। এক এক কাব্যে ঈদৃশ সৃষ্টিবৈচিত্র্য প্রায় জগতে দুর্লভ।

এ সম্বন্ধে ভবভূতির স্থান কোথায়? তাহা তাঁহার তিনখানি নাটক পর্যালোচিত না করিলে অবধারিত করা যায় না। তাহা আমাদিগের উদ্দেশ্য নহে। কেবল উত্তরচরিত দেখিয়া তাঁহাকে অতি উচ্চাসন দেওয়া যায় না। উত্তরচরিতে ভবভূতি অনেক দূর পর্যন্ত বাল্মীকির অনুবর্তী হইতে বাধ্য হইয়াছেন, সুতরাং তাঁহার সৃষ্টিমধ্যে নবীনত্বের অভাব এবং সৃষ্টিচাতুর্যের প্রচার করিবার পথও পান নাই। চরিত্র সৃজন সম্বন্ধে ইহা বলা যাইতে পারে যে, রাম ও সীতা ভিন্ন কোনো নায়ক-নায়িকার প্রাধান্য নাই। সীতা, রামায়ণের সীতার প্রতিকৃতি মাত্র। রামের চরিত্র, রামায়ণের রামের চরিত্রের উৎকৃষ্ট প্রতিকৃতিও নহে। তাই বলিয়া এমত বলা যায় না যে উত্তরচরিতে চরিত্র-সৃষ্টিচাতুর্য কিছুই লক্ষিত হয় না। বাসন্তী ভবভূতির অভিনব সৃষ্টি বটে এবং এ চরিত্র অতি মনোহর। তদ্ভিন্ন চন্দ্রকেতু ও লবের চিত্রও প্রশংসনীয়। প্রাচীন কবিদের ন্যায় ভবভূতিও জড়পদার্থকে রূপবান করণে বিলক্ষণ সুচতুর। তমসা, মুরলা গঙ্গা এবং পৃথিবী এই নাটকে মানবীরূপিণী।

ভবভূতির চরিত্রসৃজনের ক্ষমতার পরিচয় দিয়াছি। অন্যান্য বিষয়ে তাঁহার সৃজন-কৌশলের পরিচয় 'ছায়া' নামে উত্তরচরিতের তৃতীয়াঙ্ক। পাঠক সেই ছায়ার মোহিনী শক্তি অনুভূত করিয়াছেন! ঈদৃশ রমণীয়া সৃষ্টি অতি দুর্লভ।

রসোদ্ভাবনে ভবভূতির ক্ষমতা অপরিসীম। যখন যে রস উদ্ভাবনের ইচ্ছা করিয়াছেন তখনই তাহা চরম দেখাইয়াছেন। তাঁহার লেখনীমুখে স্নেহ উচ্ছলিত থাকে—শোক দহিতে থাকে, দম্ভ ফুলিতে থাকে। ভবভূতির মোহিনীশক্তি প্রভাবে আমরা দেখিতে পাই যে রামের শরীর ভাঙ্গিতেছে, মর্ম ছিঁড়িতেছে, মস্তক ঘুরিতেছে, চেতনা লুপ্ত হইতেছে—দেখিতে পাই সীতা কখন বিস্ময়স্তিমিতা, কখন আনন্দোত্থিতা, কখন প্রেমাভিভূতা, কখন অভিমানকুণ্ঠিতা, কখন আত্মাবমাননাসংকুচিতা, কখন অনুতাপ-বিবশা, কখন মহাশোকে ব্যাকুলা। কবি যখন যাহা দেখাইয়াছেন, একেবারে নায়ক-নায়িকার হৃদয় যেন বাহির করিয়া দেখাইয়াছেন। ···একটি মাত্র কথা বলিয়া মানব-মনোবৃত্তির সমুদ্রবৎ সীমাশূন্যতা চিত্রিত করা মহাকবির লক্ষণ। ভবভূতির রচনা সেই লক্ষণাক্রান্ত।···

বাহ্য প্রকৃতির শোভার প্রতি অনুরাগ ভবভূতির আর একটি গুণ। সংসারে যেখানে যাহা সুদৃশ্য, সুগন্ধ বা সুখকর, ভবভূতি অনবরত তাহার সন্ধানে ফিরেন। মালাকার যেমন পুষ্পোদ্যান হইতে সুন্দর সুন্দর কুসুমগুলি তুলিয়া সভামণ্ডপ রঞ্জিত করে, ভবভূতি সেইরূপ সুন্দর বস্তু অবকীর্ণ করিয়া এই নাটকখানি শোভিত করিয়াছেন। যেখানে সুদৃশ্য বৃক্ষ, প্রফুল্ল কুসুম, সুশীতল সুবাসিত বারি,—যেখানে নীল মেঘ, উত্তুঙ্গ পর্বত, মৃদু নিনাদিনী নির্ঝরিণী, শ্যামল কানন, তরঙ্গসঙ্কুলা নদী—যেখানে সুন্দর বিহঙ্গ, ক্রীড়াশীল করিশাবক, সরলস্বভাব কুরঙ্গ সেইখানে কবি দাঁড়াইয়া একবার তাহার সৌন্দর্য দেখাইয়াছেন। কবিদিগের মধ্যে এই গুণটি সেক্সপীয়র ও কালিদাসের বিশেষ লক্ষণীয়! ভবভূতিরও সেই গুণ বিশেষ প্রকাশমান।

ভবভূতির ভাষা অতি চমৎকারিণী। তাঁহার রচনা সমাসবহুলতা ও দুর্বোধ্যতাদোষে কলঙ্কিতা বলিয়া বিদ্যাসাগরমহাশয় কর্তৃক নিন্দিত হইয়াছে। সে নিন্দা সমূলক হইলেও সাধারণতঃ যে ভবভূতির ব্যবহৃত সংস্কৃত ও প্রাকৃত অতি মনোহর, তদ্বিষয়ে সংশয় নাই। উইলসন বলিয়াছেন যে, কালিদাস ভবভূতির ভাষার ন্যায় মহতী ভাষা কোন দেশের লেখকেই দৃষ্ট হয় না।···

('বিবিধ প্রবন্ধ'—সংক্ষেপিত, প্রথম প্রকাশ ১২৯৪)

দুই

বলেন্দ্রনাথ ঠাকুর

[প্রবন্ধকার বলেন্দ্রনাথ ঠাকুর (১৮৭০—৯৯) বাংলাসাহিত্যের একজন সুনিপুণ ভাবমুগ্ধ ভাষা শিল্পী। তাঁর স্বল্প পরিসর সাহিত্যজীবনে তিনি বিবিধ প্রসঙ্গ অবলম্বন করে বহুসংখ্যক প্রবন্ধ রচনা করেছেন—প্রায় সব রচনাই সেই যুগের 'বাসব', 'ভারতী', 'সাধনা' প্রভৃতি মাসিক পত্রিকায় প্রকাশিন হয়েছিল।

সমালোচনামূলক রচনাতেও তিনি আবেগচঞ্চল কবি, যুক্তিবাদ বা তত্ত্ব নির্দেশক নন , 'উত্তরচরিত' প্রবন্ধে বলেন্দ্রনাথের এই রসসাহিত্যিক প্রকৃতির পরিচয় ব্যক্ত হয়েছে। ভবভূতির কবিপ্রকৃতির রহস্য এবং কালিদাসের সঙ্গে তাঁর পার্থক্য বলেন্দ্রনাথ তাঁর 'উত্তরচরিত' প্রবন্ধে মনোজ্ঞ ভাষায় ব্যক্ত করেছেন।]

কালিদাসের চিত্রশালা হইতে বাহির হইয়া আসিয়া ভবভূতির কাব্যজগৎ যেন এক সম্পূর্ণ নূতন দেশ - এখানেও সৌন্দর্যের পর সৌন্দর্য সুবিন্যস্ত এবং মানবহৃদয় বহিঃপ্রকৃতির সহিত নানা অদৃশ্য সূত্রে গ্রথিত হইয়া আপনাকে নানা ভাবে বিকশিত করিয়া তুলিয়াছে কিন্তু কালিদাসের চিত্রশালায় মন যেরূপ ভ্রমরবৎ চিত্র হইতে চিত্রান্তরে, সৌন্দর্য হইতে সৌন্দর্যান্তরে, উপমা হইতে উপমান্তরে নীত হয় এবং নানা ফুল হইতে কেবল মধুর সৌন্দর্যটুকু সঞ্চয় করিতে করিতে অগ্রসর হইতে থাকে, ভবভূতির দৃশ্যকাব্যে মনে সেরূপ হিল্লোল সঞ্চারিত হয় না - চক্ষের সম্মুখে ঘন নিবিড় অরণ্যানীর নীরন্ধ্রনিচুল-নীলিম একটি গভীর দৃশ্যপট উদ্‌ঘাটিত হয় এবং দূর দিগন্তপটে মুদ্রিত মেঘমালাবৎ নীল শৈলশ্রেণী গদ্‌গদভাষিণী নদী গোদাবরী, নিরন্তরধ্বনিত নিবিড় নির্জনতা, সমস্ত মিলিয়া সেই নিবিড়তা আরও নিবিড়তর করিয়া তুলে, একটি সমগ্র সংহত দৃশ্য-গাম্ভীর্যে মন অভিভূত হইয়া পড়ে। কালিদাস যেখানে ফুলটি মালাটি, মদরাগ, চুম্বন-

বিলাস এবং তদানুষঙ্গিক সুন্দর জ্যোৎস্না, মধুর মলয় ও উদ্ভিন্নযৌবনা প্রকৃতি দিয়া খণ্ড খণ্ড সৌন্দর্য উদ্রেকে প্রিয়জনকে স্মরণ করাইয়া দেন, ভবভূতি সেখানে অন্তরের অন্তরে ডুবিয়া মানবহৃদয়ের গভীর বেদনা অনুভব করেন এবং তাহার সেই বেদনার মধ্য হইতে প্রিয়জনকে যেন মন্থন করিয়া তুলেন ; সেইজন্য প্রিয়জন তাঁহার নিকট এমন কি-জানি-কি এবং প্রিয়স্পর্শে তিনি একেবারে আকুল হইয়া উঠেন—নিশ্চয় করিতে পারেন না—সুখ না দুঃখ, প্রবোধ না নিদ্রা, শরীরে বিষসঞ্চার হইয়াছে অথবা মদিরা পান করিয়াছেন, চৈতন্য লুপ্ত কি উন্মীলিত।

সর্বাঙ্গ দিয়া এবং সকল হৃদয় দিয়া ভবভূতি প্রিয়জনকে অন্তরের অন্তরদেশে যতই চাপিয়া ধরেন, সে কি-জানি-কিকে সম্যক্ অনুভব করিয়া উঠা যায় না, অঙ্গ অবশ হইয়া আসে, চিত্ত বিহ্বল হইয়া পড়ে, ভবভূতি আত্মহারা হইয়া যান, কিন্তু প্রিয়জন ততই কি-জানি-কি ! উত্তরচরিত নাটকের সপ্ত অঙ্কের মধ্য দিয়া বরাবর এই একটি করুণ বেদনা সঞ্চারিত হইয়া উঠিয়াছে। নাটকের প্রথম হইতে শেষ পর্যন্ত যেন কোন্ প্রিয়াকুল করুণ হৃদয় আপন গোপন মর্মস্থলে প্রিয়জনকে বিন্ধ করিয়া বিন্দু বিন্দু করিয়া আপনাকে তাহাতে ক্ষীণ করিতেছে এবং সেই নিবিড় মর্মনিপীড়িত বেদনা কোথাও দেহ অবলম্বনে, কোথাও হৃদয় অবলম্বনে, কোথাও চিত্র অবলম্বনে, কোথাও বা ছায়া অবলম্বনে, অন্তরে বাহিরে ব্যাপ্ত হইয়া পড়িয়াছে।

উত্তরচরিতে তবে কি সুখ নাই ? কেবলি একটি ধারাবাহিক করুণ ব্যাকুলতা ? কেবলি হা হতোস্মি, হা রাম, হা সীতে, কিংবা কোথা প্রিয়ে, প্রাণনাথ এবং অন্তর্বাষ্পাবস্থা ও সাশ্রু নয়ন ? লক্ষ্মণ যখন পিতৃবিচ্ছেদে দুর্মনায়মানা সীতাদেবীকে তাঁহাদের পূর্ব বৃত্তান্তের চিত্রগুলি দেখাইতেছেন, তখন কি সকলের মনে সুখসঞ্চার হয় নাই ? নিদ্রালসে শিথিলাঙ্গী আলিঙ্গনবদ্ধা সীতার স্পর্শে রামচন্দ্রের সর্বাঙ্গে যে পুলক সঞ্চারিত হইয়াছিল, সেকি সুখ নহে ? দীর্ঘ বিরহ নিশাবসানে সীতার সহিত রামের যখন মিলন সম্পাদিত হইল, তখন কি সুখের সীমা ছিল ? —কিন্তু ভবভূতির কাব্যে সুখও যেন অত্যন্ত প্রগাঢ় হইয়া অনেকটা দুঃখেরই মতো হইয়া আসে। হয়, তাহার সহিত কতকগুলি দুঃখের কাহিনী বিজড়িত, নয়, তাহার মধ্যে একটা আনির্দেশ্য বিবশ ব্যাকুলতা—সুখ কি দুঃখ নির্ণয় করিয়া উঠা কঠিন ; যদি বা মিলন হয়, মিলনের মাঝখানে যেন শতবর্ষের বিরহ জাগিয়া থাকে এবং মিলনান্ত উপসংহারেও পুরাতন বিরহ পরিতৃপ্ত হয় না। কালিদসের কাব্যে যেমন দুঃখও বিলাস-অলসিত মোহন মধুরবেশে কতকগুলি সুন্দর চিত্রবন্ধ হইয়া মোহ উদ্রেক করিয়া দেয়, ভবভূতির কাব্যে সুখ সেইরূপ মর্মস্থলে বেদনাবিদ্ধ হইয়া অত্যন্ত করুণ ও নিবিড় হইয়া উঠে ;…

উত্তরচরিতের তৃতীয় অঙ্কটিই এই করুণাবিগলিত বেদনা দিয়া রচিত। একদিকে পূর্বস্মৃতি সীতাকে বিহ্বল করিয়া তুলিয়াছে—কবে কোন্ করিশাবককে তিনি শল্লকীপত্র খাওয়াইয়া পুত্রনির্বিশেষে পালন করিয়াছিলেন, তাহার বিপদ হইয়াছে শুনিয়া তাড়াতাড়ি আর্যপুত্রকে আহ্বান করিয়া বসেন এবং পরক্ষণেই দ্বাদশ বৎসরের ব্যবধান স্মরণ করিয়া একেবারে যেন ধূলিসাৎ হইয়া যান ; অন্যদিকে রামও সেই পঞ্চবটীর তরু লতা, মৃগ মৃগী, ময়ূর, ময়ূরী, সর্বত্র সীতার স্নেহ অনুভব করিয়া অত্যন্ত ব্যাকুল হইয়া উঠেন এবং সীতা সীতা করিতে করিতে মোহপ্রাপ্ত হয়েন।

তখন সীতার স্পর্শ ভিন্ন কিছুই আর তাঁহার চেতনা সম্পাদন করিতে পারে না। সেই ছায়ারূপিণীর সঞ্জীবন স্পর্শে তাঁহার মূর্ছা অপনোদিত হইয়া আনন্দে একটা অবশ

অলস বিহ্বলতা জন্মে। সেই ছায়াহস্তকে তিনি চাপিয়া ধরেন—করে করস্পর্শে উভয়েরই অঙ্গে অঙ্গে যেন পুলক সঞ্চারিত হইয়া উঠে—কিন্তু ধরিয়া রাখা যায় না, অঙ্গ শিথিল হইয়া আসে, হাত ছাড়িয়া যায়। যেন সফল হইতে আসিয়া আশা সহসা বৃন্তচ্যুত হইয়া পড়ে।

চেতনা সম্পাদিত হইলেও জীবন অত্যন্ত দুর্বহ। একে সেই পঞ্চবটী বন—এইখানে বসিয়া সীতা মৃগদম্পতিকে তৃণভক্ষণ করাইতেন, ঐ তাঁহার স্বহস্তরোপিত কদম্বতরু, সম্মুখে সেই উল্লাসচঞ্চলা ময়ূরবধূ—চতুর্দিক সীতাময়; তাহার উপর বাসন্তীর সেই মর্মবেধী বজ্রকঠিন বিদ্রূপাচারণ। মহারাজ, অঙ্গের অমৃত, নয়নের কৌমুদী, দ্বিতীয় হৃদয় বলিয়া যাহাকে ভুলাইতে লোকাপবাদ মিথ্যা জানিয়াও তাহাকে বিসর্জন দিলে কোন্ হৃদয়ে? প্রেয়সী তবে কি শুধু কথার কথা, যশই তোমাদের একমাত্র প্রিয়! রামচন্দ্রের হৃদয় বিদীর্ণ হইতেছে। কিন্তু তাহাই বা হয় কৈ?

দলতি হৃদয়ং গাঢ়োদ্বেগং দ্বিধা তু ন ভিদ্যতে
বহতি বিকলঃ কায়ো মোহং ন মুঞ্চতি চেতনাম্।
জ্বলয়তি তনুমন্তর্দাহঃ করোতি ন ভস্মসাৎ
প্রহরতি বিধির্মর্মচ্ছেদী ন কৃন্ততি জীবিতম্॥

এ শুধু অনন্ত দহন, ভস্মসাৎ করে না জ্বালা দেয় মাত্র, শুধু মর্মচ্ছেদ করিতে থাকে, জীবন শেষ করিয়া দেয় না।

হা জানকি! হা চণ্ডি! চতুর্দিকেই তোমাকেই দেখিতেছি—তবু তুমি নির্দয় হইয়া আছ কেন? হৃদয় স্ফুটিত হইতেছে, দেহবন্ধ শিথিল হইয়া আসিতেছে, জগৎ শূন্য, অন্তরে নিরন্তর জ্বালা মোহ আমাকে আচ্ছন্ন করিতেছে, আমি অতি মন্দভাগ্য! বলিতে বলিতে রাম মূর্ছিত হইয়া পড়িলেন। সীতা তাঁহার ললাট স্পর্শ করিতে চেতনা সঞ্চার হইল। সেই স্পর্শ অন্তরে বাহিরে অমৃতের প্রলেপ; চেতনা ফিরিয়া আসিল, কিন্তু আনন্দও যেন মোহ উৎপাদন করে।

ভবভূতির হৃদয় এই অশরীরী স্পর্শটুকু—এই আনন্দেও বেদনা, চৈতন্যেও মোহ, এই আবেশ আকুলতা, মায়া, রহস্য; বাসন্তী তমসা, সীতা, রাম, পঞ্চবটী, সমস্ত মিলিয়া যে একটি নিবিড় মায়ারহস্য রচনা করিয়াছে তাহা শুধু এই বেদনাবিদ্ধ কবি-হৃদয়ের বহিরুচ্ছ্বাস। সৃষ্টি যেমন মায়াও বটে, সত্যও বটে ইহাও সেইরূপ। এই ছায়াঙ্ক সম্পর্কে বোধ করি বলা খাটে "স্বপ্নো নু মায়া নু মতিভ্রমো নু"।

এই স্বপ্ন, মায়া, মতিভ্রম উত্তরচরিতের মেরুদণ্ড বলিলেও অত্যুক্তি হয় না। বাল্মীকি-আশ্রমে কৌশল্যা-জনকাদি সমাগমেই কি, লব-চন্দ্রকেতুর সুবর্ণিত সৌজন্য-পরিপূর্ণ যুদ্ধদৃশ্যেই কি এবং সপ্তম অঙ্কের নাট্যাভিনয়েই বা কি, সর্বত্রই যেন একটা ধরি-ধরি—ধরা-যায়-না, যেন কাহাকে জানি না, অথচ জানি, যেন অভিনয়, কি সত্য, ভ্রম, কি বাস্তব ঠাহরাইয়া উঠা কঠিন। সেই জন্য সুখের মধ্যেও বেদনা, জ্ঞানেও সংশয়। এবং যখন সেই রসাতলোদ্ধৃত সিংহাসনে গঙ্গা ও ধরিত্রীর মধ্যস্থলে দেবী সীতাআবির্ভূতা হইলেন, তখন সকলে নিশ্চল স্তিমিত—সত্য, না মায়া! সেই কুশলবের মুখে "হা তাত হা অম্ব হা মাতামহ", সেই রামের স্নেহার্দ্র সহর্ষ আলিঙ্গন, সেই অরুন্ধতী, সীতা, গঙ্গা, পৃথিবী, বাল্মীকি, কুশ-লব, প্রজাপুঞ্জ, স্নেহ প্রেম, ভক্তি-বিস্ময়, সুখ দুঃখ, মোহ চৈতন্যের অনির্বচনীয় মহাসংগ্রাম—সত্য, কি মায়া!

শ্রীশ্রীগীতগোবিন্দ

(৺রসময় দাস-কৃত পদাবলী)

রসময় দাস

[রসময় দাস-কৃত 'গীতগোবিন্দ' কাব্যের ব্যাখ্যামূলক অনুবাদ বৈষ্ণবসমাজ তথা কাব্যরসিকদের পরম আদৃত। ইনি মধ্যযুগীয় বৈষ্ণব কবি। এঁর তিনটি পদ বৈষ্ণব দাস সঙ্কলিত 'পদকল্পতরু'তে সন্নিবিষ্ট হয়েছে। আমরা তাঁর অনুবাদ থেকে কিছু অংশ উদ্ধৃত করলাম।]

প্রথম সর্গ

কুঞ্জবনমধ্যে প্রবেশিতে সখীগণ। কহিছে রাধায় কিছু প্রণয়-বচন ॥
কুঞ্জেতে প্রবেশ কর রাধা ঠাকুরানি। প্রিয়সখীর বচন অল্প করি মানি ॥
কুঞ্জ-সজ্জায় কুঞ্জে তুমি কর প্রবেশ। শ্রবণ করহ প্রিয়সখীর আদেশ ॥
পূর্বরাত্রে রাস হৈতে এলে মান করি। তদবধি কৃষ্ণ তোমা অতি ভয় করি ॥
কেবল আছেন মাত্র তোমার গোচরে। স্তবেতে আছেন তাহে বচন না স্ফুরে ॥
যদি বল কুঞ্জে প্রবেশিব কোন্ মতে। তাহার উপায় সব দেখহ সাক্ষাতে ॥
মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে। মেঘাবৃত চন্দ্রমা হইল এই কালে ॥
বনভূমি তমালের বর্ণ সেই স্থানে। শ্যামবর্ণ হইয়াছে কেহ নাহি জানে ॥
যদি বল মনুষ্যের গমনাগমন। কেমনে চলিব তার শুন বিবরণ ॥
অন্ধকারে অভিসার বেশ ভূষা করি। চলহ নিকুঞ্জে সব ভয় পরিহরি ॥
আনন্দে নির্দেশ পেয়ে চলে দুই জন। প্রতি কুঞ্জে কুঞ্জে লীলা করি অনুক্ষণ ॥
অধঃকুঞ্জ লক্ষ্য করি নানা লীলা করি। চলিলেন বৃন্দাবনে স্বচ্ছন্দে বিহরি ॥
প্রিয়-মিলনের ইচ্ছা জানি সেই কালে। মেঘ আসি আচ্ছাদিল গগনমণ্ডলে ॥
মেঘাবৃত চন্দ্র পুনঃ রহে সেইখানে। টীকাকার এই মত করিয়া বাখানে ॥
নন্দের আদেশ হৈল কৃষ্ণ লয়ে যেতে। চলিলেন অধঃকুল-দ্রুমে অলক্ষিত ॥
সঙ্কেতে করিয়া ইহা করিল লিখন। পূর্ব-অর্থ করিয়াছি মূল প্রয়োজন ॥
বৃন্দাবনে যমুনার কুলে নিত্য লীলা। জয়দেব নিজ গ্রন্থে সব প্রকাশিলা ॥
রাধিকা-মাধব-কেলি যমুনার কূলে। জয়যুক্ত বর্তমান কাল শাস্ত্রে বলে ॥
অতএব জয়দেব বাক্যের দেবতা! শ্রীনন্দনন্দন কৃষ্ণে জানিবে সর্বথা ॥
বক্তা কর্তা হয় গ্রন্থকরণের উক্তি। কৃষ্ণ ব্যাখ্যা হয় সব জয়দেব উক্তি ॥
তাঁহার চরিত্র যত ব্রজলীলাগণ। তাহাতে বিচিত্র জয়দেববাক্য মন ॥
সেই চিত্র চিত্তপদ্ম হৈতে প্রকাশিয়া। প্রবন্ধ করিলা সর্বলোকে বুঝাইয়া ॥
সরস্বতী শব্দ যদি করয়ে ঘটনা। তবে পূর্বাপর গ্রন্থ না হয় যোটনা ॥
অহর্নিশ লীলা-পদ্ম থাকে যার হাতে। পদ্মাবতী নামে রাধা জানিহ নিশ্চিতে ॥
তাহার চারণবর্গ আছে বৃন্দাবনে। তারা চক্রবর্তী করি আপনাকে মানে ॥
সেই নিত্য সদ্য সুখে বাড়য়ে দোঁহারে। বৃন্দাবনে লক্ষ্মী শব্দ না করি বিচারে ॥
শ্রীশব্দে শ্রীরাধিকা লিখিল গ্রন্থকার। বসু-অংশ বসুদেব নন্দ নাম তার ॥
তার পুত্র বাসুদেব শ্রীনন্দনন্দন। তার রতি-কেলি-কথা করিলা বচন ॥
এইরূপে প্রবন্ধ করিল মহাশয়। রাধাকৃষ্ণ-লীলা-গীত জানিহ নিশ্চয় ॥
আপনার উপাসনা সাধ্য জানাইল। রাধাকৃষ্ণ-বিলাস বর্ণন গ্রন্থ কৈল ॥
এইরূপে জয়দেব আত্মার যোগ্যতা। রাধাকৃষ্ণ-লীলা-গীত করিলা সর্বথা ॥

মন্দ জন গ্রন্থে না হইবে অধিকারী। শ্রবণ-অধিকারী ইথে লিখিব বিচারি ॥
শ্রীকৃষ্ণপদারবিন্দে একান্ত শরণ। অন্য অভিলাষ জ্ঞান কর্ম বিসর্জন ॥
ব্রজলীলা উপাসনা অনুরাগধারী। সেই জন গ্রন্থের হইবে অধিকারী ॥
শুন ভক্তজন সব শ্রীগুরুচরণে। রাসকেলি-কৌতুক করিয়া বৃন্দাবনে ॥
সেই রস আস্বাদন অথবা চিন্তন। ইহাতে সুস্নিগ্ধ যদি আছে যার মন ॥
বৈদগ্ধ্য চেষ্টাতে যদি আছে কুতূহলী। রাস-কুঞ্জে লীলা কৃষ্ণ করে গোপী মেলি ॥
বিলাসকলাতে যদি সরস তোমার। তবে জয়দেববাক্যে কর অঙ্গীকার ॥
মধুর কোমল কান্ত জয়দেববাণী। ইহার শ্রবণে রাধাকৃষ্ণ-লীলা জানি ॥
রাধাকৃষ্ণ-লীলা তত্ত্ব লিখন করিয়া। ভক্তে বুঝাইল আত্মা প্রকাশ করিয়া ॥
জয়দেব সরস্বতী করহ শ্রবণ। পদশ্রেণী হয় কৃষ্ণ-লীলার বর্ণন ॥
শৃঙ্গার-প্রাধান্য হেতু মধুর লক্ষণ। গান হেতু কমনীয় পদশ্রেণীগণ ॥
এই পদ্যে সম্বন্ধ অভিধেয় প্রয়োজন। টীকাকার তিন বস্তু করিলা সূচন ॥
উমাপতি নামে এক মহা কবিরাজ। পল্লবের প্রায় বাক্য এই তাঁর কাজ ॥
নব পল্লবের প্রায় শ্লোক মাত্র করে। বাক্য গুণযুক্ত কিছু বর্ণিতে না পারে ॥
শরণ নামেতে কবি দুরূহ বর্ণনে! দুর্বোধক পদ শীঘ্র করি উচ্চারণে ॥
অতি শ্লাঘ্য করি তারে কহে কবিগণ। এমন সুশ্রেণী পদ্য না শুনি কখন ॥
বসন্তের বর্ণনাতে নাহি অধিকার। গোবর্ধনাচার্যে বলি মহা খ্যাতি যার ॥
ধোয়ী নামে কবিরাজ অতি শ্রুতিধর। শ্রাবণমাত্রেতে লোক করয়ে বিস্তর ॥
শুনিলে গ্রন্থ করিবারে পারে। আপনি বর্ণিতে মাত্র নাহি অধিকারে ॥
বাক্যের সন্দর্ভ-জয়দেব জানে। রাধাকৃষ্ণ-লীলা যেই করয়ে বর্ণনে ॥
উমাপতি ধোয়ি গোবর্ধন কবিরাজ। সামান্য বর্ণন মাত্র এ সবার কাজ ॥
জয়দেব কৃষ্ণলীলা-বর্ণনাধিকারী। অতএব মহাকবি মহাকাব্যকারী ॥
প্রলয়কালেতে যত সমুদ্রের গণ। একীভূত জলে যবে হইল মিলন ॥
তাহাতে নিমগ্ন বেদ তাহা উদ্ধারিতে। মীনরূপ ধরি তাহা করিলা সাক্ষাতে ॥
জয় জয় জগদীশ মীনরূপধারী। কেশব হইল নাম কেশি দৈত্যে মারি ॥
বিহিত করিলা তাঁর চরিত্র তাহাতে। সত্যব্রত রাজার কৈবল্যলাভ যাতে ॥
জয় জয় মীনরূপশরীরী তোমার। সত্যব্রত রাজারে করিলা অঙ্গীকার ॥
রম্যক বর্ষেতে মীনরূপে অধিকারী। অধিষ্ঠাতৃদেব তুয়া পদে নমস্করি ॥
এইরূপ দশ অবতারের বর্ণন। যাহা হইতে জানি অবতার-প্রয়োজন ॥
পঞ্চাশৎ কোটি যোজন পৃথিবী-গগন। অবহেলে পৃষ্ঠে তাহা করিলা ধারণ ॥
কিরণচক্রে পৃথ্বীভার একদিকে রয়। জয় জয় জগদীশ কর্মদেব জয় ॥
ধরিলে কচ্ছপরূপ জগৎ-ঈশ্বর। বরাহ-শরীর অতি দেখিতে সুন্দর ॥
দশনে ধরিয়া ক্ষিতি তুলিলা আপনি। চন্দ্রে যেন চন্দ্রকলা শোভিছে মেদিনী ॥
বরাহ-শরীরে কৈলা পৃথিবী উদ্ধার। জয় জয় জগদীশ জগতের সার ॥
নিজ-কর-পদ-নখ-অদ্ভুত ধরিলে। হিরণ্যকশিপু তনু-ভৃঙ্গ বিদারিলে ॥
জয় জয় জগদীশ নৃসিংহরূপধারী। প্রহ্লাদে করিলা রক্ষা দৈত্যগণে মারি ॥
বলি-রাজে ছলিয়া রাখিলে ইন্দ্ররাজ। চরণেতে করিলা তিন লোকের কাজ ॥

ধরিলা বামনরূপে জগতের পতি। তোমার চরণে মোর একান্ত ভকতি॥
ভৃগুপতিরূপে কৈলা ক্ষত্রিয় নিধন। তাহার রুধিরজলে করিলা তর্পণ॥
জয় জয় ভৃগুপতিরূপ অবতার। জয় জয় জগদীশ করুণা অপার॥
দশমুখে নাশ করি দেবকার্য কৈলা। দিক্‌পালগণে তবে বলিদান দিলা॥
রামরূপধারী জগদীশ জয় জয়। যুদ্ধ করি দুষ্টে মারি রিপু কৈলা ক্ষয়॥
বিশদ শরীরে নীলবস্ত্র শোভা করে। হলভরে যমুনা মিলনে যেন তীরে॥
জয় জয় হলধররূপ ভগবান্। বুদ্ধরূপে নিন্দা কৈলে যজ্ঞের বিধান॥
যেখানে পশুর হত্যা সেই দেবগণে। নিন্দা করি দয়া প্রকাশিলে সর্বজনে॥
জয় জগদীশ বুদ্ধশরীর তোমার। কল্কিরূপ ধরি ম্লেচ্ছের গণ মহাযুদ্ধ করি॥
ধূমকেতুপ্রায় বামহাতে খড়্গ ধরি। কাটিলা ম্লেচ্ছের গণ মহাযুদ্ধ করি॥
যাবতীয় ম্লেচ্ছগণে করিলা নিধন। কল্কি অবতার হয় জগৎকারণ॥
শ্রীজয়দেবের এই মুখোদিত বাণী। সুখদ সতত সংসারের সার মানি॥
শুনহ ভক্তগণ জয়দেব-কথা। দশবিধ রূপ কৃষ্ণ ধরিলা সর্বথা॥
বেদ উদ্ধারিলে কৃষ্ণ মীনরূপ ধরি। কূর্মরূপ ধরিলা ধরিলা ধরণী পৃষ্ঠে করি।
বরাহ-শরীরে কৈল পৃথিবী উদ্ধার। নৃসিংহরূপে হিরণ্যকশিপু বিদার।
বলি ছলি রাজ্য লৈলা হইয়া বামন। ভৃগুপতিরূপ ক্ষত্রবর্গের নিধন॥
রঘুনাথরূপে কৈলা রাবণে সংহার। বলরামরূপে হল-গ্রহণ তোমার॥
বুদ্ধরূপে আপন কারণ্য বিস্তারিলা। কল্কিরূপে ম্লেচ্ছগণে বিনাশ করিলা॥
এইরূপে প্রতি কল্পে ধরি অবতার। দশাকৃতি কৃষ্ণপদে করি নমস্কার॥

প্রবোধচন্দ্রোদয়

জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

[রবীন্দ্রনাথের পঞ্চম অগ্রজ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর (১৮৪৯—১৯২৫) রবীন্দ্র-পর্বের এক অসাধারণ মনীষাসম্পন্ন প্রবন্ধকার : কিন্তু বহুমুখী প্রতিভা নিয়েই তিনি বাংলার সংস্কৃতিক্ষেত্রে আবির্ভূত হয়েছিলেন। অনুবাদসাহিত্যে তাঁর দান অসামান্য ; অভিজ্ঞান শকুন্তলা, উত্তরচরিত, রত্নাবলী, মালতীমাধব, মৃচ্ছকটিক, বিক্রমোর্বশী, প্রবোধচন্দ্রোদয় প্রভৃতি বহু সংস্কৃত নাটকের বাংলা অনুবাদ তিনি করেছিলেন। 'প্রবোধচন্দ্রোদয়' নাটকের অনুবাদ প্রকাশিত হয়েছিল ১৯০২ খ্রীষ্টাব্দে।

নাটকের প্রথম অঙ্ক থেকে কিছু অনুবাদের নিদর্শন এখানে উদ্ধৃত হল]।

প্রথম অংক

(কাম ও রতির প্রবেশ)

কাম—(সক্রোধে) আরে পাপিষ্ঠ নটাধম ইত্যাদি) দেখ নটাধম।

যাবৎ না কমলাক্ষী সুন্দরী ললনাদের
দৃষ্টিশর হয়গো পতন
তাবৎ জ্ঞানীর চিত্তে শাস্ত্রজাত বিবেকের
প্রভাব থাকয়ে অনুক্ষণ !

হা, হা হা !

রমণীর হর্ম্যতল
সুনয়না নবীনা নায়িকা,
ভ্রমর-গুঞ্জিত লতা,
বিকচ-কুল নবমালিকা,
—এসব অমোঘ অস্ত্র বরষি যখন আমি
করি বিশ্বজয়,
কোথা থাকে কখন সে বিবেক বিভব আর
প্রবোধ-উদয় ?

রতি—নাথ, আমার মনে হয়, বিবেকই মহারাজ মহামোহের বিষম শত্রু !

কাম—প্রিয়ে, বিবেকের নাম মাত্রেই কেন তোমার মনে এই স্ত্রীসুলভ ভয় উপস্থিত হলো বলো দিকি ? দেখ সুন্দরি !

থাকিতে গো মোর এই পুষ্পময় বাণ, আর
পুষ্প শরাসন,
সুরাসুর বিশ্বলোক মুহূর্ত করিতে নারে
ধৈরয ধারণ !

তুমি তো জানো—

অহল্যার উপপতি হন সুরপতি
ব্রহ্ম হন অমুরক্ত সন্ধ্যা বালা প্রতি,
গুরুর পত্নীরে ইন্দু করিল ভজনা,
আমা হতে অপথে কে, না যায় বল না ?

বিশ্বনাশে এ বাণের হয় কি গো শ্রম ?
অনায়াসে করিবে সে বিজয় সাধন !

রতি—সে কথা সত্য, তবুও এই মহাসহায় সম্পন্ন শত্রুকে ভয় করতে হয়, কেননা, শুনেতে পাই, যম-নিয়মাদি এর অমাত্য।

কাম—প্রিয়ে, এই যে সব বিবেকের প্রবল অমাত্য দেখছ, আমরা আক্রমণ করবামাত্রই এরা পলায়ন করবে। দেখ—

দাঁড়াতে পারে কি গো আমার সম্মুখে কভু
তপস্যা, সন্ন্যাস, ব্রহ্মচর্য ?
অহিংসা ক্রোধের কাছে, লোভের সম্মুখে, সত্য
অপ্রতিগ্রাহিতা অচৌর্য ?

—যাদের মানসিক বিকার নেই; তারাই যম নিয়ম, আসন প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি সাধন করতে পারে; তাছাড়া স্ত্রীলোকেরাই ওদের মারণ দেবতা, সুতরাং তারা আমাদের আয়ত্তের মধ্যে। কেননা—

সুন্দরী কামিনীদের বিলাস ও পরিহাস
দরশন, স্মরণ, ভাষণ !
কেলি-আলিঙ্গন আদি জেনো, মনোবিকারের
এইসব যথেষ্ট কারণ !

বিশেষতঃ আমাদের প্রভুর প্রিয়পাত্র মদ, মান, মাৎসর্য দম্ভ লোভাদি এই যমনিয়মাদিকে যখন আক্রমণ করবে তখন তারা নিশ্চয়ই আমাদের রাজমন্ত্রী অধর্মের শরণাগত ?

রতি—শুনেছি নাকি তোমাদেরও শমদমাদির
মায়াতে ঈশ্বরযোগে প্রথমেই মন নামে
সুবিখ্যাত পুত্র এক লভিল জনম ;
পরে সেই মন পুন ত্রিলোক করিয়া সৃষ্টি
মোদের এ কুলদ্বয়
করিল সৃজন।

তার প্রবৃত্তি ও নিবৃত্তি নামে দুই ধর্মপত্নী ; তার মধ্যে, প্রবৃত্তিতে যে কুল উৎপন্ন হয়, সেটি মহামোহপ্রধান ; আর নিবৃত্তিতে যে কুল উৎপন্ন হয়, সেটি বিবেকপ্রধান।

রতি—আচ্ছা নাথ ! যদি আমাদের জনক একই হন তবে ভ্রাতৃগণের মধ্যে পরস্পর এরূপ শত্রুতা কেন ?

কাম—প্রিয়ে !

এক দ্রব্য ভোগ কামী ভ্রাতৃগণ মাঝে
শত্রুতা তো এজগতে প্রসিদ্ধই আছে !
পৃথিবীরাজ্য তরে, দেখ কুরুপাণ্ডুগণ
লোকক্ষয়কারী যুদ্ধ করিল বিষম !

—এই সমস্ত জগৎ আমাদের পিতার উপার্জিত, আমরা পিতার প্রিয়পুত্র বলে আমরাই সমস্ত আক্রমণ করেছি ; আর, তার রাজ্য অধিকার করতে পারছে না বলে পিতাকে ও আমাদের বিনষ্ট করতে উদ্যত হয়েছে।

রতি—(কর্ণ আবরণ করিয়া) এ পাপ কথা শুনিতে নেই। তারা কি কেবল বিদ্বেষ-বশতই এই পাপ কার্যে প্রবৃত্ত হয়েছে ? সে যাই হোক, এখন এর উপায় কি ?

কাম—প্রিয়ে, এর কিঞ্চিৎ নিগূঢ় কারণ রয়েছে।

রতি—নাথ, সে কারণটা প্রকাশ করছ না কেন ?

কাম—প্রিয়ে, তুমি স্ত্রীলোক, স্বভাবতঃ ভীরু, এই জন্যই পাপিষ্ঠদের সেই দারুণ কার্যের কথা তোমার কাছে বলছিনে।

রতি—(সভয়ে) নাথ ! বলনা সে কিরূপ কাজ ?

কাম—প্রিয়ে, ভয় পেয়ো না। এরূপ জনশ্রুতি আছে, আমাদের এই বংশে কালরাত্রিরূপা বিদ্যা নামে এক রাক্ষসীর জন্ম হবে ; সেই হতাশদের এই একমাত্র আশা।

রতি—ওমা, কি হবে ! তোমাদের কুলে রাক্ষসী ? শুনে যে আমার হৃৎকম্প হচ্ছে !

কাম—প্রিয়ে, এ কেবল জনশ্রুতি !

রতি—আচ্ছা, সেই রাক্ষসী জন্মে কি করবে ?

কাম—প্রিয়ে, এইরূপ আকাশবাণী আছে—

সেই আদি পুরুষের গৃহিণী যে মায়া
—পরশ না করিয়াও পুরুষের কায়—
মন নামে পুত্র এক করে সে প্রসব,
তাহাতে জন্মিল ক্রমে এই লোক সব !

বিদ্যা নামে কন্যা পুন   তারি কুলে করিয়া গো
জনমগ্রহণ
পিতামাতা ভ্রাতৃগণে   সমস্ত আপন কুলে
করিবে ভক্ষণ !

রতি—(ভয়ে কম্পমান হইয়া) নাথ ! রক্ষা কর, রক্ষা কর !
(ভর্তাকে আলিঙ্গন)

কাম—(স্পর্শসুখে স্বগত)

তরলিত আঁখি তারা   দৃষ্টিটি আকুল পারা
অধীন নয়ন ;
উত্তুঙ্গ স্তনদ্বয়   ভয়ে বিকম্পিত হয়
—সুখ পরশন !
মণি-বলয় গুঞ্জনে   বাহু ব্রততী বন্ধনে
কিবা আলিঙ্গন—
তনু মোর রোমাঞ্চিত   আনন্দিত, সম্মোহিত
হল যে গো মন !

(প্রকাশ্যে, দৃঢ় আলিঙ্গন করিয়া) প্রিয়ে ভয় নেই, আমরা জীবিত থাকতে কি বিদ্যার উৎপত্তি হতে পারে ?

রতি—আচ্ছা নাথ ! সেই রাক্ষসীর উৎপত্তি কি তোমাদের বিপক্ষদের অভিপ্রেত ?

কাম হাঁ, তাদের অভিপ্রেত বৈ-কি। বিবেক নিজপত্নী উপনিষদ্‌দেবীতে প্রবোধচন্দ্র ও তাঁর ভগিনী বিদ্যার উৎপাদন করবেন, আর সেই বিষয়ে এ শম দম প্রভৃতি সকলেই উদ্যোগী।

রতি—নাথ! কেন সেই দুর্বিনীত লোকের আত্মবিনাশকারিণী বিদ্যার জন্মকে শ্লাঘার বিষয়ে মনে করছে বল দিকি ?

কাম—প্রিয়ে, যে পাপিষ্ঠেরা কুলক্ষয়ে প্রবৃত্ত হয়, তারা কি আপনার ইষ্টানিষ্ট গণনা করে ? দেখ—

যাহারা গো স্বভাবতঃ মলিন-হৃদয় অতি
আর ক্রুর-মন,
তাদের উৎপত্তি হয় জনক ও আপনার
বিনাশ-কারণ !
অনলে উৎপন্ন ধূম প্রথমে গো মেঘরূপে
হয় পরিণত ;
সেই মেঘ বরষিয়া অগ্নিরে করয়ে নাশ
—নিজেও নিহত !

নেপথ্যে— অরে পাপিষ্ঠ দুরাত্মা ! আমাদের দুই
পাপিষ্ঠ বলে নিন্দা করছিস্ ?
কার্যাকার্য জ্ঞানহীন কলঙ্কী বিপথগামী
গুরু যদি হয়,
তাহারেও পরিত্যাগ অবশ্য করিতে হবে
জানিও নিশ্চয়

—পুরাবিৎ পণ্ডিতগণ এইরূপ পৌরাণিকী কথা বলে থাকেন। দেখ, আমাদের পিতা মন অহঙ্কারের অনুবর্তী হয়ে, জগৎপতি পিতাকে বন্ধন করেছেন, আবার আমাদের পিতা মনও মহামোহ প্রভৃতির দ্বারা দৃঢ়রূপে বদ্ধ হয়ে আছেন।

কাম—(দেখিয়া) প্রিয়ে, ঐ দেখ আমাদের কুলশ্রেষ্ঠ বিবেক মতিদেবীর সহিত এইখানে আসছেন।

ঐ দেখ—

বশীভূত রাগাদির তিরস্কারে হৃতকান্তি
কৃশাঙ্গ-লক্ষিত গো এই মানী জন।
ম্লান মতি দেবীসহ বিরাজেন ইনি দেখ
শিশির-আচ্ছন্ন কান্তি শশাঙ্ক যেমন !

অতএব এখানে থাকা আমাদের উচিত হয় না।

(প্রস্থান)